amaj Foundation Che

দ গ্রন্থমা

ঋগ্বেদ সংহিতা

৪৩

৫

ain. Gurukul Kangri C

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ঋগ্বেদ-সংহিতা

খণ্ড—৫

প্রথম মণ্ডল : ৫৭ সূক্ত হইতে ৬৬ সূক্ত পর্যন্ত

অনুবাদ ও সম্পাদনা

পরিতোষ ঠাকুর

বেদ প্রকাশন
২৯ সদানন্দ রোড
কলিকাতা-২৬

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

गुरुकुल कांगड़ी विश्वविद्यालय
कृपया पुस्तक के ऊपर कोई निशान आदि
न लगायें।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

6935

पुस्तकालय

गुरुकुल काँगड़ी विश्वविद्यालय, हरिद्वार

वर्ग संख्या··· — ··· — ···आगत संख्या···············

पुस्तक-वितरण की तिथि नीचे अंकित है। इस तिथि सहित २० वें दिन तक यह पुस्तक पुस्तकालय में वापिस आ जानी चाहिए। अन्यथा १० पैसे के हिसाब से विलम्ब-दण्ड लगेगा।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ঋগ্বেদ-সংহিতা

DONATION

খণ্ড—৫ 6935

পুস্তকালয়

প্রথম মণ্ডল : ৫৭ সূক্ত হইতে ৬৬ সূক্ত পর্যন্ত

অনুবাদ ও সম্পাদনা

[illegible]

বেদ প্রকাশন

২৯ সদানন্দ রোড

কলিকাতা-২৬

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Rigveda Samhita—Vol-5
Edited and translated by :
Paritosh Thakur

Price : Rupees Twenty-five only

Copyright : Paritosh Thakur

প্রাপ্তিস্থান ঃ সুবর্ণরেখা, ৭৩ মহাত্মাগান্ধী রোড
কলিকাতা-৯

সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ৩৮ বিধান সরণী
কলিকাতা-৬

মহেশ লাইব্রেরী, ২/১ শ্যামাচরণ দে ষ্ট্রীট
কলিকাতা-৭৩

ফার্মা কে, এল, এম, ২৫৭বি, বি, বি, গাঙ্গুলী ষ্ট্রীট
কলিকাতা-১২

মূল্য ঃ পঁচিশ টাকা

মুদ্রণ ঃ প্যারট প্রেস, ৭৬/২, বিধান সরণী, কলিকাতা-৬
মুদ্রক ও প্রকাশক ঃ পরিতোষ ঠাকুর, ২৯ সদানন্দ রোড, কলিকাতা-২৬

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সূচীপত্র

ঋগ্বেদ-সংহিতা—প্রথম মণ্ডল

বিষয়	পৃষ্ঠা
৫৭ সূক্ত—দেবতা ইন্দ্র। ঋষি সব্য আঙ্গিরস। ছন্দ জগতী	১১৮৩-১১৯৬
৫৮ সূক্ত—দেবতা অগ্নি। ঋষি গোতম নোধা। ছন্দ জগতী, ত্রিষ্টুপ্	১১৯৭-১২০৮
৫৯ সূক্ত—দেবতা অগ্নি (বৈশ্বানরত্ব গুণবিশিষ্ট অগ্নিদেবতা)। ঋষি নোধা। ছন্দ ত্রিষ্টুপ্	১২০৯-১২১৬
৬০ সূক্ত—দেবতা অগ্নি। ঋষি নোধা। ছন্দ ত্রিষ্টুপ্	১২১৭-১২২২
৬১ সূক্ত—দেবতা ইন্দ্র। ঋষি নোধা। ছন্দ ত্রিষ্টুপ্	১-২০
৬২ সূক্ত—দেবতা ইন্দ্র। ঋষি নোধা। ছন্দ ত্রিষ্টুপ্	২১-৪২
৬৩ সূক্ত—দেবতা ইন্দ্র। ঋষি নোধা। ছন্দ ত্রিষ্টুপ্	৪৩-৫৮
৬৪ সূক্ত—দেবতা মরুদ্গণ। ঋষি নোধা। ছন্দ জগতী, ত্রিষ্টুপ্	৫৯-৭৪
৬৫ সূক্ত—দেবতা অগ্নি। ঋষি শক্তিপুত্র পরাশর। ছন্দ দ্বিপদা বিরাট্	৭৫-৮২
৬৬ সূক্ত—দেবতা অগ্নি। ঋষি পরাশর। ছন্দ বিরাট্	৮৩-৯০

দ্রষ্টব্য ঃ ৫৭ সূক্ত হইতে ৬০ সূক্ত পৃষ্ঠা সংখ্যা ১১৮৩ হইতে ১২২২ পর্যন্ত ছাপার পর ৬১ সূক্ত হইতে পুনরায় ১ হইতে পৃষ্ঠা সংখ্যা আরম্ভ করা হইয়াছে।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কৃতজ্ঞতাস্বীকার

ঋগ্বেদ-সংহিতার ৫ম খণ্ডের মুদ্রণকার্য অর্থাভাবে দীর্ঘদিন বন্ধ ছিল। পূর্বখণ্ডগুলি অপেক্ষা পঞ্চমখণ্ডের কলেবর শীর্ণ, কারণ কাগজের মূল্য ও মুদ্রণব্যয়ের অস্বাভাবিক বৃদ্ধি। সর্বশ্রী অনিলকুমার ভট্টাচার্য, অমিতা চট্টোপাধ্যায়, অরূপরতন দত্ত, গোপালচন্দ্র চন্দ্র, চঞ্চলকুমার চট্টোপাধ্যায়, জয়শ্রী দে, জহরব্রত ভট্টাচার্য, শংকর প্রসাদ রায় এবং সমরেন রায় প্রমুখ সহৃদয় সুহৃদ্‌বর্গের আর্থিক সহায়তায় পঞ্চম খণ্ড প্রকাশ করা সম্ভব হইয়াছে। ইঁহাদের সকলের নিকট কৃতজ্ঞতা জানাইতেছি।

রথদ্বিতীয়া, ১৩৯২ পরিতোষ ঠাকুর

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Forwarded Free Of Cost, and with the
Compliments of the Department of
Education, Government of India,
New Delhi

১ মণ্ডল : ১০ অনুবাক : ৫৭ সূক্ত

দেবতা—ইন্দ্র। ঋষি—সব্য আঙ্গিরস। ছন্দ—জগতী। বিনিয়োগ—বিষুবৎ যাগে নিষ্কেবল্যশস্ত্রে এবং উক্‌থ্য ক্রতুর তৃতীয় সবনে এই সূক্তের বিনিয়োগ হয়। (আ. শ্রৌ. ৮।৬; ৬।১)।

প্র মংহিষ্ঠায় বৃহতে বৃহদ্রয়ে সত্যশুষ্মায় তবসে মতিং ভরে।
অপামিব প্রবণে যস্য দুর্ধরং রাধো বিশ্বায়ু শবসে অপাবৃতম্ ॥ ১॥

পদবিভাগ। প্র মংহিষ্ঠায় বৃহতে বৃহৎ-রয়ে সত্য-শুষ্মায় তবসে মতিম্ ভরে অপাম্ ইব প্রবণে যস্য দুঃ-ধরম্ রাধঃ বিশ্ব-আয়ু শবসে অপ-বৃতম্।

অন্বয়। শবসে (বলের জন্য=স্তোতা বা মনুষ্যগণের বলের জন্য) যস্য (যাঁহার=যে ইন্দ্রের) বিশ্বায়ু (সর্বগামী) দুর্ধরম্ (দুর্ধর=অপরের দ্বারা ধারণে অক্ষম) রাধঃ (ধন=পুরুষার্থ সাধনক্ষম সর্বসম্পদ্) প্রবণে (নিম্নগামী) অপাম্ ইব (জলরাশির ন্যায়) অপাবৃতম্ (উন্মুক্তদ্বার / বিবৃতদ্বার=যাহার বেগ ধারণ করা কাহারও পক্ষে সম্ভব নহে) [সেই] মংহিষ্ঠায় (অতি দাতা) বৃহতে (মহৎ) বৃহদ্রয়ে (মহাধন) সত্যশুষ্মায় (সত্যবল/অবিতথবল=অমোঘবল) তবসে (বৃহদাকার ইন্দ্রের উদ্দেশ্যে) মতিম্ (স্তুতি / মননীয়া স্তুতি) প্র ভরে (আমি প্রকৃষ্টরূপে ধারণ করি / সম্পাদন করি)। [সায়ণ-ভাষ্য অনুযায়ী অন্বয়ে মন্ত্রার্থের বিশেষ পরিবর্তন হয় না। সায়ণভাষ্য দ্রষ্টব্য।]॥

অনুবাদ। মানুষের বলের জন্য যে ইন্দ্রের সর্বগামী দুর্বার ধনরাশি (=প্রাকৃতিক অফুরন্ত সম্পদ) নিম্নগামী জলধারার মত উন্মুক্তদ্বার, আমি সেই অতিদাতা, মহান্, মহাধন অমোঘবল, বৃহৎ ইন্দ্রের উদ্দেশ্যে মনন-যোগ্য স্তব সাধন করি।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শব্দ। **মংহিষ্ঠায়**=মংহ্ ধাতু দানার্থক (নি. ১।৭)। অতিশয় মংহিতা (-দাতা)=মংহিষ্ঠঃ (পা. ৫।৩।৫৯)। চতুর্থীর একবচন। **বৃহদ্রয়ে**=বৃহৎ+রি=বৃহদ্রি ; চতুর্থীর একবচন। রি-ধাতু গত্যর্থক বলিয়া বৃহদ্রি শব্দের অর্থ 'মহাগতিসম্পন্ন' হইতে পারে। **সত্যশুষ্মায়**—শুষ্ম=বল (নিঘ. ২।৯) চতুর্থীর একবচন। **তবসে**—তবস্=বল (নিঘ. ২।৯)। চতুর্থীর একবচন। **মতিম্**—দীপ্তি ; বুদ্ধি ; স্তুতি (নিরুক্ত দ্র)। জ্ঞানার্থক মন্ ধাতু+ক্তিন্=মতি (পা. ৩।৩।৯৬)। **প্র ভরে**—ভৃ-ধাতু ভরণার্থক (ভ্বাদি)। লট্ উত্তমপুরুষ একবচন (আত্মনেপদ)। **প্রবণে**—গত্যর্থক প্রু-ধাতু (ভ্বাদি)+ল্যুট্ (অণ)= প্রবণ=নিম্নগতি ; নিম্নপ্রদেশ (পূর্বে ১।৫২।৫ টীকা দ্র)। **দুর্ধরম্**—দুর্+ধারণার্থক ধৃ ধাতু হইতে নিষ্পন্ন। অন্যের দ্বারা ধারণে অশক্য। **রাধঃ**—রাধস্ শব্দ। রাধ্ ধাতু সংসিদ্ধি-অর্থক। যাহার দ্বারা পুরুষার্থ (=ধর্ম অর্থ কাম মোক্ষ) সাধন করা যায় তাহা রাধঃ=সর্বসিদ্ধিকর ধন বা সম্পদ্। প্রাকৃতিক সম্পদ্ সর্বার্থসিদ্ধির মূল। **বিশ্বায়ু**—বিশ্ব=সর্ব। আয়ু=গতি। সর্বত্র গতি যে বস্তুর। **শবসে**—শবস্=বল (নিঘ. ২।৯)। চতুর্থী ১ ব। **অপাবৃতম্**—অনাবৃত ; উদ্ঘাটিত। অপ-আ+বরণার্থক বৃ-ধাতু+ক্ত=অপাবৃত।

সায়ণভাষ্য। অতিদাতা গুণের দ্বারা মহৎ মহাধন অবিতথবল, আকৃতিতে প্রবৃদ্ধ, এইরূপ গুণবিশিষ্ট ইন্দ্রের উদ্দেশ্যে মননীয়া স্তুতি প্রকৃষ্টরূপে সম্পাদন করিতেছি। যে ইন্দ্রের বল নিম্নগামী জলের বেগের

সায়ণভাষ্য। মংহিষ্ঠায়। মংহতির্দানকর্মেতি যাস্কঃ (নি. ১।৭)। দাতৃতমায় বৃহতে গুণৈর্মহতে বৃহদ্রয়ে মহাধনায় সত্যশুষ্মায় অবিতথবলায় তবসে আকারতঃ প্রবৃদ্ধায় এবংগুণবিশিষ্টায়েন্দ্রায় মতিং মননীয়াং স্তুতিং প্র ভরে প্রকর্ষেণ সম্পাদয়ামি। যস্য ইন্দ্রস্য বলং দুর্ধরম্ অন্যৈর্ধর্তুমশক্যম্। তত্র দৃষ্টান্তঃ। প্রবণে নিম্নপ্রদেশে অপামিব। যথা জলানাং বেগঃ কেনাপি অবস্থাপয়িতুং ন শক্যতে তদ্বৎ। তথা রাধঃ ধনং বিশ্বায়ু সর্বেষু ব্যাপ্তং শবসে স্তোতৄণাং বলায় যেন ইন্দ্রেণ অপাবৃতম্ অপগতাবরণং ক্রিয়তে, তস্য ইন্দ্রস্য ইতি পূর্বেণ সম্বন্ধঃ ॥ ১ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ন্যায় দুর্ধর অর্থাৎ অপরের দ্বারা ধারণে অক্ষম; তথা সর্বত্র ব্যাপ্ত ধন স্তোতাগণের বলের জন্য যে ইন্দ্রের দ্বারা উন্মুক্ত।

অধ তে বিশ্বমনু হাসদিষ্টয় আপো নিম্নেব সবনা হবিষ্মতঃ।

যৎ পর্বতে ন সমশীত হর্যত ইন্দ্রস্য বজ্রঃ শ্নথিতা হিরণ্যয়ঃ ॥ ২ ॥

পদবিভাগ। অধ তে বিশ্বম্ অনু হ আসৎ ইষ্টয়ে আপঃ নিম্না ইব সবনা হবিষ্মতঃ যৎ পর্বতে ন সম্‌-অশীত হর্যতঃ ইন্দ্রস্য বজ্রঃ শ্নথিতা হিরণ্যয়ঃ।

অন্বয়। যৎ (যখন) পর্বতে (মেঘমধ্যে) হর্যতঃ ইন্দ্রস্য (পুনঃপুনঃ কামনাকারী ইন্দ্রের) শ্নথিতা (তাডনাকারী / বধকারী/হিংসাকারী/ আঘাতকারী) হিরণ্যয়ঃ বজ্রঃ (হিরণ্যবর্ণ বজ্র) ন সম্ অশীত (সুপ্ত ছিল না=মেঘ বিদারণের জন্য সর্বদাই সক্রিয় ছিল) অধ (অতঃপর/তখন) [হে ইন্দ্র] হবিষ্মতঃ তে (উদকবান্ তোমার) সবনা (প্রেরণাসমূহ= জলসৃষ্টির প্রেরণা হইতে উদ্ভূত/সৃষ্ট সোমরাশি) নিম্না ইব আপঃ (যেমন নিম্নগামী জলরাশি = মেঘ মধ্যে গভীরে অবস্থিত যে জলরাশি যাহা ভূতলে আসিতে ইচ্ছা করে এইরূপ জলরাশিকে) ইষ্টয়ে (প্রাপ্ত হইতে ইচ্ছা

বেঙ্কট। দাতৃতমায় মহতে মহাধনায় সত্যবলায় বৃদ্ধায় স্তুতিং প্র ভরামি। যেন স্তোতৄণাং প্রদীয়মানং ধনং স্তোতৃভিঃ দুর্ধর্ষম্ ভবতি, অপামিব বেগঃ প্রবণাভিমুখঃ। সর্বগামি ধনং স্তোতৄণাং বলায় বিবৃতদ্বারম্ ॥ ১ ॥

শব্দ। বিশ্বায়ু। বিশ্বস্মিন্ সর্বস্মিন্ আয়ু গমনং যস্য তৎ বিশ্বায়ু (সা.) ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

করিয়া=সেই জলরাশিকে ভূতলে প্রেরণ করিতে ইচ্ছা করিয়া) বিশ্বম্ (সকল শক্তি=ভূতলে জলপ্রেরণকারী সকল রশ্মি) অনু হ আসৎ (অবশ্যই অনুগামী হইয়াছিল=তোমার ইচ্ছাপূরণের জন্য সকলেই তোমাকে অনুসরণ করিয়াছিল)।

অনুবাদ। যখন উদককামী ইন্দ্রের আঘাতকারী হিরণ্ময় বজ্র মেঘ-বিদারণে সক্রিয় থাকে তখন, হে ইন্দ্র, উদকযুক্ত তোমার প্রেরণা হইতে উদ্ভূত মেঘের অন্তঃপুরে অবস্থিত যে জলরাশি নিম্নগামী হইতে আকাঙ্ক্ষা করে তাহাদিগকে ভূতলে প্রেরণ করিতে সকল রশ্মি তোমার ইচ্ছাপূরণে তোমারই আদেশ পালন করে।

শব্দার্থ। অধ (বৈদিক)=অথ (সংস্কৃত)। বেদে থ-স্থানে 'ধ' হয়। অধ=অনন্তর ; অতঃপর। **বিশ্বম্**=সকল। ইন্দ্র যখন মেঘ-বিদারণ করেন তখন সকল দেবগণ ও মরুদ্‌বায়ুগণ তাঁহাকে অনুসরণ করেন। এইস্থলে বিশ্বম্ শব্দে সকল দেবগণ বা রশ্মিগণ বুঝাইতেছে। ভাষ্যমতে 'বিশ্বম্'=এই সমস্ত জগৎ। **অনু হ আসৎ**—শাকল্যের পদপাঠে 'অনু হ অসৎ' এইরূপ উল্লেখ আছে। তাঁহার মতে হ+অসৎ=হাসৎ। যাস্ক অন্যত্র (নি. ৫।১৯) অসৎ শব্দের অর্থ করিয়াছেন 'ভবতি' (=হয়)। অদাদিগণীয় অস্ ধাতু বিদ্যমানার্থক (=হওয়া বা থাকা)। সায়ণ বলেন, উক্ত অস্ ধাতুর লঙ্ বিভক্তির প্রথম পুরুষের একবচনের বৈদিকরূপ=অসৎ=অভবৎ। কিন্তু ভ্বাদিগণীয় অস্ ধাতু গতি, দীপ্তি ও আদানার্থক ; এবং উক্ত ধাতুর লঙ্ বিভক্তির প্রথমপুরুষ একবচনের রূপ হয় 'আসৎ'। তাহা হইলে 'অনু হ আসৎ' অংশের অর্থ হইবে—(বিশ্বম্=সকলে) অবশ্যই অনুগামী হইয়াছিল। শাকল্যের পদপাঠ অনুসারে শব্দটি 'অসৎ' হইলে উহার অর্থ 'ভবতি' অথবা 'অভবৎ' উভয়ই হইতে পারে। **ইষ্টয়ে**—ইষ+ক্তি=ইষ্টি। চতুর্থীর একবচনের রূপ। ইষ ধাতুর অর্থ—গতি, ইচ্ছা আভীক্ষ্য=নিত্যতা। সায়ণ বলেন, ইষ্টি=যাগ। **আপঃ নিম্না**—আপঃ শব্দ স্ত্রীলিঙ্গ বলিয়া 'নিম্না' (নিম্নশব্দের স্ত্রীলিঙ্গের রূপ) হইয়াছে। সায়ণ বলেন, নিম্না=নিম্নানি। মনিয়ের উইলিয়ম্‌স্ নিম্না (স্ত্রী) শব্দের অর্থ করিয়াছেন—**deep ; low • depressed ; sunk** ইত্যাদি। মেঘের মধ্যে যে জল থাকে তাহা

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

নিম্নগামী হইয়া ভূতলে পতিত হইলেই উহার সার্থকতা। **ইব**—যেমন; অথবা ইব শব্দের কোন অর্থ নাই। পূর্বে ব্যাখ্যাত হইয়াছে। **সবনা** (বৈদিক)=সবনানি (সংস্কৃতরূপ)। সবন শব্দ অনেকার্থক। সায়ণের মতে—যজ্ঞজাত (সোমরসসমূহ)। সবন শব্দ ষু ধাতু হইতে নিষ্পন্ন (সু+অন)। স্বাদিগণীয় ষু-ধাতু অভিষবার্থক। উক্ত ধাতু হইতে নিষ্পন্ন সবন শব্দের অর্থ—অভিষব; সোমরস নিষ্কাশন। ভ্বাদিগণীয় ষু-ধাতু প্রসব ও ঐশ্বর্যার্থক। প্রসব= অভ্যনুজ্ঞা—(মাধবীয়া ধাতুবৃত্তি)। অভ্যনুজ্ঞা=অনুমতি, অনুজ্ঞা, আদেশ। সবন=instigation, order, command (M. W.)। **হবিষ্মতঃ**—'হবিঃ ইহার আছে' এই অর্থে হবিষ্মৎ শব্দ; উহার ষষ্ঠী বিভক্তির একবচনের রূপ। হবিঃ=উদক (নিঘ. ১।১২)। ইন্দ্রের হবিঃ (উদক) আছে। ইন্দ্র সর্বদাই উদকযুক্ত। এই বিচারে ইন্দ্রকে হবিষ্মৎ বলা যাইতে পারে। কিন্তু হবিঃ শব্দ অনেকার্থক বলিয়া ভাষ্যকারগণ শব্দটির অর্থ করিয়াছেন 'যজমানের' (যজমানের হবিঃ=অন্ন ঘৃত, জল প্রভৃতি আছে)। **পর্বতে**—মেঘমধ্যে। পর্বত=মেঘ (নিঘ. ১।১০)। ভাষ্যমতে—পর্বযুক্ত শিলাস্তূপে। **অশীত**—শীঙ্ ধাতু স্বপ্নার্থক। লঙ্ বিভক্তির বৈদিকরূপ। (সংস্কৃতরূপ 'অশেত')। **হর্যতঃ**—পুনঃ পুনঃ প্রেপ্সা বা কামনা করে, এই অর্থে 'হর্যৎ' শব্দ; উহার ষষ্ঠী বিভক্তির একবচনের রূপ। সায়ণ বলেন, হর্য ধাতুর উত্তর অতচ্ প্রত্যয়ে 'হর্যত' শব্দ নিষ্পন্ন; এবং উহার অর্থ 'শোভন'; উণাদিপ্রকরণে উহার অর্থ—'অশ্ব'। যাস্কের মতে হর্য ধাতু প্রেপ্সার্থক (নি. ৭।১৭); কিন্তু ধাতুপাঠে গতি ও কান্তি-অর্থক [কান্তি=ইচ্ছা (নি ২।৬)]। ইন্দ্র পুনঃ পুনঃ উদক কামনা করেন এবং তাহাদ্বারা সৃষ্টি রক্ষা করেন। **শ্নথিতা**—শ্নথ+তৃন্=শ্নথিতৃ; একবচনের রূপ শ্নথিতা। শ্নথ-ধাতু হিংসার্থক। নিঘণ্টুতে বধার্থক (নিঘ. ২।১৯)।

সায়ণভাষ্য ।[১] অনন্তর, হে ইন্দ্র এই সর্বজগৎ তোমার সম্বন্ধযুক্ত যজ্ঞের জন্য অনুসরণ করিয়াছিল, অথবা হবিঃ প্রভৃতি তোমার প্রাপ্তির নিমিত্ত অনুসরণ করিয়াছিল। যজমানের যজ্ঞজাত (সোমরসসমূহ) নিম্নগত অর্থাৎ ভূতলগত জলরাশির ন্যায় তোমাকে সন্তর্পণ করে। শত্রু-বধকামী ইন্দ্রের, অথবা, (হর্যতঃ=) শোভন হিরণ্ময় শত্রুহিংসনশীল বজ্র

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পর্বযুক্ত শিলাস্তূপে অথবা বৃত্রে যখন সুপ্ত ছিল না, কিন্তু জাগরিত থাকিয়া হনন করিয়াছিল। ইহার ভাবার্থ—যখন ইন্দ্রের দ্বারা প্রেরিত বজ্র অপ্রতিহত হইয়া বৃত্রকে হনন করিয়াছিল তখন ইন্দ্রকে পূজা করিতে সকল যজমান প্রবৃত্ত হইল।

---

১ **শব্দার্থ।** অধ। ছান্দসং ধত্বম্ ॥ অসৎ। অস্তের্লঙি 'বহুলং ছন্দসি' ইতি শপো লুগভাবঃ ॥ সমশীত। শীঙ্ স্বপ্নে। লঙি সংজ্ঞাপূর্বকস্য বিধেরনিত্যত্বাৎ 'শীঙঃ সার্বধাতুকে...' (পা. ৭।৪।২১) ইতি গুণাভাবঃ ॥ হর্যতঃ। হর্য গতিকান্ত্যোঃ। ভৃমৃদৃশি... (উ. ৩৯০) ইত্যাদিনা অতচ্-প্রত্যয়ঃ (সা) ॥ [উণাদি—হর্যতোঽশ্বঃ] ॥ শ্নথিতা। শ্নথ হিংসার্থঃ। তাচ্ছীলিকঃ তৃন্ প্রত্যয়ঃ (সা) ॥

২ **সায়ণভাষ্য।** অধ হ অনন্তরমেব হে ইন্দ্র বিশ্বং সর্বমিদং জগৎ তে তব সম্বন্ধিনে ইষ্টয়ে যাগায় অনু অসৎ অন্বভবৎ। যদ্বা ইষ্টয়ে হবিরাদিভিস্তব প্রাপ্তয়ে ইতি যোজ্যম্। হবিষ্মতঃ যজমানস্য সবনা সবনানি যজ্ঞজাতানি নিম্না ইব নিম্নানি ভূস্থলানি আপঃ ইব ত্বাং সম্ভজন্তে ইতি শেষঃ। হর্যতঃ শত্রুবধং প্রেপ্সতঃ ইন্দ্রস্য। হর্যতিঃ প্রেপ্সাকর্মা (নি. ৭।১৭) ইতি যাস্কঃ। যদ্বা। হর্যতঃ শোভনঃ। হিরণ্যয়ঃ হিরণ্ময়ঃ শ্নথিতা শত্রূণাং হিংসনশীলঃ বজ্রঃ পর্বতে পর্ববতি শিলোচ্চায়ে বৃত্রে বা যৎ যদা ন সমশীত সংসুপ্তো নাভবৎ। কিন্তু জাগরিতঃ সন্ অবধীদ্ ইত্যর্থঃ। যদা ইন্দ্রেণ প্রেরিতো বজ্রঃ অপ্রতিহতঃ সন্ বৃত্রম্ অবধীৎ তদাপ্রভৃত্যেব তং যষ্টুং সর্বে যজমানাঃ প্রাবর্তিষতেতি ভাবঃ ॥ ২ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অস্মৈ ভীমায় নমসা সমধ্বর উষো ন শুভ্র আ ভর
পনীয়সে।
যস্য ধাম শ্রবসে নামেন্দ্রিয়ং জ্যোতিরকারি হরিতো
নায়সে ॥ ৩ ॥

পদবিভাগ। অস্মৈ ভীমায় নম্‌সা সম্ অধ্বরে উষঃ ন শুভ্রে আ ভর পনীয়সে যস্য ধাম শ্রবসে নাম ইন্দ্রিয়ম্ জ্যোতিঃ অকারি হরিতঃ ন অয়সে।

অন্বয়। উষঃ ন শুভ্রে (উষার ন্যায় শুভ্র হে আপঃ=জলরাশি) ভীমায় (ভয়ঙ্কর=দুঃসাধ্য কর্মকারী) পনীয়সে (অত্যন্ত স্তুতিযোগ্য) অস্মৈ (ইঁহার জন্য=ইন্দ্রের উদ্দেশ্যসাধনের জন্য) অধ্বরে (অহিংসিত যজ্ঞে=ইন্দ্রকৃত জলসৃষ্টিরূপ যজ্ঞকর্মে) সম্ (মিলিত হইয়া) নমসা (অন্নের দ্বারা=অন্নের কারণে) আ=ভর (আনয়ন কর=উদক প্রদান কর; অথবা সর্বতোভাবে পোষক হও); যস্য (যঁাহার=যে ইন্দ্রের) ইন্দ্রিয়ম্ (ইন্দ্রিয়জনিত বিজ্ঞানরূপ সর্বশক্তি) শ্রবসে (অন্নসম্পদের জন্য) নাম (উদক) ধাম (ধাম=স্থান অর্থাৎ অন্তরিক্ষে মেঘমধ্যস্থ উদকে যিনি বাস করেন) [এবং অন্নসৃষ্টির কারণে যে ইন্দ্রের] জ্যোতিঃ (জ্যোতি/দীপ্তি) হরিতঃ ন অয়সে (অশ্বের ন্যায় গমন করিয়া=অশ্বের ন্যায় সর্বদিকে ব্যাপ্ত হইয়া) অকারি (সম্পাদিত/কৃত)।

অনুবাদ। উষার ন্যায় শুভ্র হে জলরাশি দুঃসাধ্য কর্মকারী স্তবযোগ্য ইন্দ্রের উদ্দেশ্যসাধনের জন্য উদকসৃষ্টিরূপ অহিংসিত যজ্ঞে মিলিত হইয়া অন্নের কারণে (পৃথিবীতে) উদক আনয়ন কর। অন্নসম্পদের জন্য যে ইন্দ্রের বিজ্ঞানশক্তি উদককেই বাসস্থান করিয়াছে সেই ইন্দ্রের জ্যোতি (অন্ন সৃষ্টির কারণে) অশ্বের ন্যায় সর্বব্যাপী হইয়া সম্পাদিত (=সৃষ্ট হইয়াছে)।

শব্দ। **নমসা**—নমস্ শব্দ; তৃতীয়ার একবচন। নমঃ=অন্ন

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(নিঘ. ২।৭); বজ্র (নিঘ. ২।২০); নমঃ=নমস্কার (নি. ৪।১৯)। **সম্**—সম্ উপসর্গ মিলন বা একীভাব ব্যক্ত করে (সমিত্যেকীভাবম্—নি. ১।৪)। **অধ্বরে**—অহিংসিত যজ্ঞে; অন্তরিক্ষে। পূর্বে ব্যাখ্যাত। **উষঃ ন শুভ্রে**—ভাষ্যকারগণ ইহার অর্থ করিয়াছেন হে উষাদেবী হে শোভনা। 'ন' শব্দের অর্থ করিয়াছেন 'সম্প্রতি'। বেদে 'ন' শব্দ উপমা, সম্প্রতি এবং না অর্থে ব্যবহৃত হয়, ইহা পূর্বে আলোচিত হইয়াছে। ভাষ্যমত স্বীকার করিলে এই মন্ত্রের প্রধান দেবতা উষা এবং গৌণ দেবতা ইন্দ্র প্রতিপন্ন হয়। কিন্তু এই সূক্তের সমস্ত মন্ত্রের দেবতাই ইন্দ্র তাহা বলা হইয়াছে। অতএব উষঃ ন শুভ্রে অংশের অর্থ 'উষার ন্যায় শুভ্র হে আপঃ (জলরাশি)' এইরূপ হইতে পারে তাহা হইলে মন্ত্রের দেবতা ইন্দ্রেরও প্রাধান্য থাকে। **আ ভরা**=আ ভর (পদপাঠ। বেদে দীর্ঘ হইয়াছে)। ভৃ-ধাতু লোট্ মধ্যম পুরুষের একবচন। **পনীয়সে**—পনীয়স্ শব্দের চতুর্থীর একবচন। পন ধাতু স্তুতি-অর্থক (ভ্বাদি)। ঈয়স্ প্রত্যয়ে পনীয়স্। **ধাম**—স্থান; নাম; জন্ম বা জাতি (নি. ৯।২৮)। **শ্রবসে**—শ্রবস্ শব্দের চতুর্থীর একবচন। শ্রবঃ=অন্ন; ধন (নি. ২।৭; ২।১০); যশঃ (নি. ১১।৯); শ্রবণার্থক শ্রু ধাতু+অসুন্ (কর্মবাচ্যে)=শ্রবস্। অন্ন ও ধনের কথাই শ্রুত হয়; যশও শ্রুতিমধুর। **নাম**—উদক (নিঘ. ১।১২); নাম (নি. ৫।৯)। সায়ণ অর্থ করিয়াছেন—নমনশীল। **ইন্দ্রিয়ম্**—ইন্দ্রিয় শব্দ অনেকার্থক। পূর্বে আলোচিত হইয়াছে। এইস্থানে ইন্দ্রের জলসৃষ্টিরূপ ইন্দ্রিয়জনিত বিজ্ঞানকেই বুঝাইতেছে (তু.—নি. ১২।৩৮)। এই বিশ্বজগত পরমাত্মা হইতে অভিন্ন বলিয়া জগৎ ও জীব রক্ষার জন্য তিনি সর্বপ্রকার বলযুক্ত যে বিজ্ঞান সৃষ্টি করেন তাহাই 'ইন্দ্রিয়ম্'। **জ্যোতিঃ**—দীপ্তি-অর্থক দ্যুৎ-ধাতু হইতে জ্যোতিঃ শব্দ নিষ্পন্ন। যাস্ক বলেন, আদিবর্ণের বিপর্যয় ঘটিয়া কতকগুলি শব্দের রূপান্তর হয়; জ্যোতি, ঘন, বিন্দু, বাট্য প্রভৃতি [অথাপি আদিবিপর্যয়ঃ ভবতি, জ্যোতিঃ ঘনঃ বিন্দুঃ বাট্য ইতি (নি. ২।১); —দ্যুত দীপ্তৌ তস্যাদিব্যাপত্ত্যা জ্যোতিঃ (দু)]। **অকারি**—সম্পাদিত। কৃ-ধাতু (আত্মনেপদী) লুঙ্, প্রথম পুরুষ একবচনে কর্মকর্তৃবাচ্যের রূপ কর্তার নিজগুণে কর্মটি যেন নিজে নিজেই সম্পন্ন হইতেছে, এইরূপ হইলে কর্মের কর্তৃত্ব

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বুঝাইতে যে বাচ্যের প্রয়োগ হয় তাহাকে কর্মকর্তৃবাচ্য বলে ; এবং ধাতু আত্মনেপদী হয়। [অচঃ কর্মকর্তরি (পা. ৩।১।৬২)— ৎ র=অকৃত। কর্মকর্তরি লুঙ্ (বা. ম.)। অকারি কটঃ স্বয়মেব=অকৃত কটঃ স্বয়মেব (কাশিকা)=the mat became made of itself]। **হরিতঃ—** আদিত্যরশ্মিসমূহ পৃথিবী হইতে রস হরণ করে বলিয়া হরণ বা হরিৎ। হরণার্থক হৃ-ধাতু হইতে হরিৎ শব্দ নিষ্পন্ন। অথবা সূর্যের অশ্বসমূহের নাম হরিৎ (অশ্ব=রশ্মি)। সূর্যাশ্ব বা সূর্যরশ্মি সমস্ত পৃথিবীকে ব্যাপ্ত করে। নিঘণ্টুতে বলা হইয়াছে, আদিত্যের বাহন হরিৎ নামক অশ্ব। [হরিতঃ হরণানাদিত্য রশ্মীন্ হরিতোঽশ্বানিতি বা (নি. ৪।১১)। হরণান্ রস-হরণাৎ (দু.)। হরিত আদিত্যস্য (নিঘ. ১।১৫)]। হরিৎ রশ্মি বিভিন্ন বর্ণের হইতে পারে—হলুদ, ঈষৎ হলুদ, ঈষৎ রক্ত, শ্বেতরক্ত সবুজ, সবুজাভ, পিঙ্গল ইত্যাদি। **অয়সে—**অয়স্ শব্দ (অয়+অসুন্); চতুর্থীর একবচন। গত্যর্থক ই-ধাতু হইতে অথবা অয় ধাতু হইতে অয়স্ শব্দ নিষ্পন্ন। অথবা, ই-ধাতুর উত্তর তুম্ অর্থে 'সে' প্রত্যয় হইয়াছে (বৈদিক) [তুমর্থে সেসেন্=(পা. ৩।৪।৯) ॥ M. W. দ্র.]। নিঘণ্টুতে অয় শব্দ হিরণ্যনাম (১।২)। এই প্রসঙ্গে জ্যোতিঃ হরিতঃ, অয়স্ শব্দগুলির রূপ ও বর্ণ লক্ষণীয়।

সায়ণভাষ্য।[১] হে উষাদেবি, হে শোভনা তুমি শত্রুগণের পক্ষে ভয়ঙ্কর অতিশয় স্তোতব্য ইন্দ্রের এই হিংসারহিতযজ্ঞে সম্প্রতি হবির্লক্ষণ অন্ন সম্যক্ সম্পাদন কর, সকলের ধারক, স্তোতাগণের প্রতি নমনশীল বা প্রসিদ্ধ ইন্দ্রের ইন্দ্রিয়ম্=ইন্দ্রত্বের পরমৈশ্বর্যের চিহ্ন এইরূপ যে জ্যোতিঃ (যাহা) হবির্লক্ষণযুক্ত অন্নলাভার্থ ইতস্ততঃ গমনের জন্য সম্পাদিত হয়। যেমন অশ্বগণ স্ব-অভিলষিত স্থানে গমন করে সেইরূপ ইন্দ্রও স্বাভিমত হবিঃ লাভের নিমিত্ত স্বীয় তেজ প্রেরণ করেন।

---

১ **সায়ণভাষ্য।** যে উষঃ উষোদেবতে শুভ্রে শোভনে ত্বং ভীমায় শত্রূণাং ভয়ঙ্করায় পনীয়সে, অতিশয়েন স্তোতব্যায় অস্মৈ ইন্দ্রায় অধ্বরে হিংসারহিতেঽস্মিন্ যাগে। ন ইতি সম্প্রত্যর্থে। তথা চ যাস্কঃ—"অস্ত্যপমার্থস্য সম্প্রত্যর্থে প্রয়োগ ইহেব নিধেহি" (নি. ৭।৩১) ইতি। সম্প্রতীদানীং নমসা নমো হবির্লক্ষণমন্নং সম্ আ ভর সম্যক্

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বেঙ্কট।[২] (প্রথমাংশ সায়ণভাষ্যানুরূপ)।…যে ইন্দ্রের শরীর এবং নাম শ্রবণের জন্য কৃত, বল এবং জ্যোতি গমনের জন্য কৃত, যেমন অশ্ব গমন করে সেইরূপ।

ইমে ত ইন্দ্র তে বয়ং পুরুষ্টুত যে ত্বারভ্য চরামসি প্রভূবসো।

নহি ত্বদন্যো গির্বণো গিরঃ সঘৎ ক্ষোণীরিব প্রতি নো হর্য তদ্বচঃ ॥ ৪ ॥

পদবিভাগ। ইমে তে ইন্দ্র তে বয়ম্ পুরু-স্তুত যে ত্বা আ-রভ্য চরামসি প্রভু-বসো ন হি ত্বৎ অন্যঃ গির্বণঃ গিরঃ সঘৎ ক্ষোণীঃ-ইব প্রতি নঃ হর্য তৎ বচঃ।

অন্বয়। ইন্দ্র (হে ইন্দ্র) প্রভূবসো (হে প্রভূতধনবান্) পুরুষ্টুত (হে বহুর দ্বারা স্তুত) যে বয়ম্ (যে আমরা) ত্বা (তোমাকে) আরভ্য (ধারণ করিয়া = আশ্রয় অবলম্বন করিয়া) চরামসি (বিচরণ করিতেছি = জগতে বা যোগবুদ্ধিতে বিচরণ করিতেছি/অথবা যজ্ঞকর্মে বর্তমান আছি) তে ইমে বয়ম্ (সেই এই আমরা) তে (তোমার = তোমাভিন্ন আর

সম্পাদয়। ধাম সর্বস্য ধারকং নাম স্তোতৃষু নমনশীলং প্রসিদ্ধং বা ইন্দ্রিয়ম্ ইন্দ্রত্বস্য পরমৈশ্বর্যস্য লিঙ্গং যস্য ইন্দ্রস্য এবংবিধং জ্যোতিঃ শ্রবসে অন্নায় হবির্লক্ষণান্নলাভার্থম্ অয়সে ইতস্ততো গমনায় অকারি ক্রিয়তে। হরিতো ন। যথাশ্বান্‌সাদিনঃ স্বাভিলষিতদেশং গময়ন্তি তদ্বদিন্দ্রোঽপি স্বাভিমতহবির্লাভায় স্বকীয়ং তেজো গময়তীতি ভাবঃ ॥ ৩ ॥

২ বেঙ্কট। উষঃ ন শুভ্রে। সম্প্রত্যর্থীয়ো নকারঃ। ইন্দ্রিয়ম্ ইন্দ্রস্য শরীরম্ নাম চ শ্রবণায় অকারি, বলং চ জ্যোতিঃ চ কৃতং গমনায় যথা অশ্বা গচ্ছন্তি তদ্বদিতি ॥ ৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কিছু জানি না); গির্বণঃ (হে স্তুতির দ্বারা ভজনীয়=ইন্দ্র) ত্বৎ অন্যঃ (তোমা হইতে অন্য কেহ) গিরঃ (স্তুতিসমূহকে) ন হি সঘৎ (প্রাপ্ত হয় না/লাভ করিতে বা সহ্য করিতে সমর্থ হয় না), ক্ষোণীঃইব (দ্যু ও পৃথিবীকে যেমন কামনা কর, সেইরূপ) নঃ আমাদের) তৎ বচঃ (সেই স্তুতিবাক্যের) প্রতি (প্রতি) হর্য (গমন কর=আমাদের স্তব গ্রহণ কর)।

অনুবাদ। হে বহুস্তুত প্রভূতধনশালী ইন্দ্র যে আমরা তোমাকে আশ্রয় করিয়া জগতে বিচরণ করি তাহারা সকলেই তোমার; হে স্তুতিভাজন, তোমাভিন্ন আর কেহ আমাদের স্তবধারণে সক্ষম নহে; দ্যু ও পৃথিবীকে যেমন পাইতে ইচ্ছা কর সেইরূপ তুমি আমাদের সেই স্তব গ্রহণ কর।

ভাষ্যমতে১ 'ক্ষোণীঃ' শব্দের অর্থ 'পৃথিবী' বলিয়া মন্ত্রের দ্বিতীয় অংশের অর্থ এইরূপ—পৃথিবী যেমন স্বকীয় ভূতজাতদিগকে অথবা সর্বদ্রব্যকে কামনা করে সেইরূপ তুমি আমাদের স্তুতিবাক্য কামনা কর।

শব্দ। চরামসি=চরামঃ। বেদে লট্ উত্তমপুরুষ বহুবচনে 'মস্' (=মঃ) বিভক্তিস্থানে 'মসি' বিভক্তি হয় (ইদন্তো মসি—পা. ৭।১।৪৬)। **আরভ্য**—আ-পূর্বক রভ্ ধাতুর অর্থ 'আশ্রয় করা, ধারণ করা' [আরভামহে দণ্ডম্—(নি. ৩।২০)। আরভন্তে আশ্রয়ন্তে (দে. য.)]। **ত্বৎ**—যুষ্মদ্ শব্দের পঞ্চমীর একবচনের রূপ। **প্রভূবসো**=প্রভূবসো (পদপাঠ)। প্রভূবসু শব্দের সম্বোধনের একবচনের রূপ। প্রভূতধনবান্॥ **পুরুষ্টুত**=পুরুস্তুত। পুরু=বহু। বহুর দ্বারা স্তুত যিনি। সম্বোধনপদ।

---

১ **সায়ণভাষ্য।** হে ইন্দ্র প্রভূবসো প্রভূতধনবন্ অত এব পুরুষ্টুত পুরুভির্বহুভির্যজমানৈঃ স্তুত। যে চ বয়ং ত্বা ত্বামারভ্য আশ্রয়তয়া অবলম্ব্য চরামসি চরামঃ যাগে বর্তামহে তে ইমে বয়ং তে তব স্বভূতাঃ। হে গির্বণঃ গীর্ভির্বননীয়েন্দ্র, ত্বৎ অন্যঃ ত্বত্তোঽন্যঃ কশ্চিদপি গিরঃ স্তুতীঃ ন হি সঘৎ। ন হি প্রাপ্নোতি। অতঃ ত্বং নঃ অস্মাকং

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সঘৎ—সঘ ধাতু হিংসার্থক। কিন্তু সকল ধাতুই অনেকার্থ হয় বলিয়া এইস্থলে সঘ ধাতু প্রাপ্তি-অর্থক, অথবা সহ-ধাতুর সমানার্থক, অর্থাৎ মর্ষণ সহন প্রভৃতি অর্থ ব্যক্ত করিতেছে। সঘ ধাতুর লেট্ বিভক্তির (বৈদিক) একবচনের রূপ [ষঘ=সঘ হিংসায়াম্। অত্র প্রাপ্ত্যর্থো ধাতুনামনেকার্থত্বাৎ।। লেটি অডাগমঃ। (সা)]। **ক্ষোণীঃ।** নিঘণ্টুতে ক্ষোণী=দ্যুলোক ও পৃথিবী (নিঘ. ৩।৩০)। ক্ষোণিঃ= পৃথিবী। (নিঘ. ১।১)। **হর্য**—হর্য ধাতু গতি ও কান্তি অর্থক। লোট্ মধ্যমপুরুষ একবচন। পূর্বে ব্যাখ্যাত।

ভূরি ত ইন্দ্র বীর্যং১ তব স্মসি অস্য স্তোতুর্মঘবন্

কামমা পৃণ।

অনু তে দ্যৌর্বৃহতী বীর্যং মম ইয়ং চ তে পৃথিবী নেম

ওজসে।। ৫ ।।

পদবিভাগ। ভূরি তে ইন্দ্র বীর্যম্ তব স্মসি অস্য স্তোতুঃ মঘবন্ কামম্ আ পৃণ অনু তে দ্যৌঃ বৃহতী বীর্যম্ মমে ইয়ম্ চ তে পৃথিবী নেমে ওজসে।

তৎ স্তুতিলক্ষণং বচঃ প্রতি হর্য কাময়স্ব। ক্ষোণীঃ ইব। যথা ক্ষোণী পৃথিবী স্বকীয়ানি ভূতজাতানি কাময়তে ॥ ৪ ॥

বেঙ্কট। ...নহি ত্বত্তঃ অন্যঃ গীর্ভির্বননীয়, স্তোতৄণাং স্তোত্রাণি সহতে। নহি দরিদ্রঃ স্তোত্রাণি সোঢ়ুং শক্নোতি। পৃথিবী ইব সর্বদ্রব্যাণি...কাময়।

১ **সায়ণভাষ্য।** হে ইন্দ্র তে তব বীর্যং সামর্থ্যং ভূরি বহু। ন কেনাপি অবচ্ছেত্তুং শক্যতে। তাদৃশস্য তব বয়ং স্মসি স্বভূতা ভবামঃ। হে মঘবন্ অস্য স্তোতুঃ ত্বাং স্তুবতো যজমানস্য কামম্ অভিলাষম্ আ পৃণ আপূরয়। বৃহতী দ্যৌঃ মহান্ দ্যুলোকোঽপি তে তব বীর্যম্ অনু মমে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অন্বয়।[১] ইন্দ্র (হে ইন্দ্র) তে (তোমার) বীর্যম্ (সামর্থ্য) ভূরি (প্রচুর), তব স্মসি (আমরা হই তোমার), মঘবন্ (হে মঘবা) অস্য স্তোতুঃ (এই স্তোতার) কামম্ (ইচ্ছা ; সঙ্কল্প) আ পৃণ (সর্বতোভাবে পূরণ কর)। বৃহতী দ্যৌ (মহান্ দ্যুলোক) তে বীর্যম্ (তোমার সামর্থ্যকে) অনু মমে (অনুমোদন করে), ইয়ম্ পৃথিবী চ (এই পৃথিবীও) তে ওজসে (তোমার বলের উদ্দেশে) নেমে (আপনি নমিত হয়—"বলে ভীত হইয়া নিম্নভাগে অবস্থান করে"—সায়ণ।)।

অনুবাদ। হে ইন্দ্র, তোমার সামর্থ্য প্রচুর ; আমরা তোমার। হে মঘবা, এই স্তোতার ইচ্ছা পূরণ কর। মহান্ দ্যুলোক তোমার সামর্থ্যের অনুগত ; এই পৃথিবীও তোমার বলের কাছে আপনি নত হয়।

শব্দ। **স্মসি**—বিদ্যমানার্থক অস্-ধাতুর লট্ উত্তমপুরুষের বহুবচনের বৈদিকরূপ (সংস্কৃতে 'স্মঃ')। [ইদন্তো মসি—(পা. ৭।১।৪৬)]।

অনু মমে—মানার্থক মা-ধাতু লিট্ প্রথমপুরুষ একবচন (আত্মনেপদ)। **নেমে**—আত্মনেপদী নম্ ধাতু (=নত হওয়া) লিট্ প্রথম-পুরুষ একবচন। পৃথিবী স্বয়ং ইন্দ্রের বলের নিকট নত হয়। [তু. নম্ ধাতু—নমতে দণ্ডঃ স্বয়মেব (মাধবীয়া ধাতুবৃত্তিঃ)]। **পৃণ**—পৃণ ধাতু প্রীণনার্থক। অন্যান্য শব্দ পূর্বে ব্যাখ্যাত।

ত্বং তমিন্দ্র পর্বতং মহামুরুং বজ্রেণ বজ্রিন্ পর্বশশ্চকর্তিথ।

অবাসৃজো নিবৃতাঃ সর্তবা অপঃ সত্রা বিশ্বং দধিষে কেবলং

সহঃ ॥৬॥

পদবিভাগ। ত্বম্ তম্ ইন্দ্র পর্বতম্ মহাম্ উরুম্ বজ্রেণ বজ্রিন্ পর্ব-শঃ চকর্তিথ অব অসৃজঃ নি-বৃতাঃ সর্তবৈ অপঃ সত্রা বিশ্বম্ দধিষে কেবলম্ সহঃ।

অন্বয়সংস্ত। ইন্দ্রেণ সহাবস্থানাৎ ইয়ং চ ইয়মপি পৃথিবী তে তব ওজসে বলায় নেমে প্রহ্বী বভূব। ত্বদ্বলাদ্ভীতা সতী অধ এব বর্ততে ইতি ভাবঃ ॥ ৫ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অন্বয়।[১] বজ্রিন্ (হে বজ্রধারী ইন্দ্র) ত্বম্ (তুমি) তম্ (সেই) মহাম্ (আয়তনে বিশাল) উরুম্ (বিস্তীর্ণ) পর্বতম্ (পর্বযুক্ত মেঘকে বা বৃত্রকে) বজ্রেণ (বজ্রের দ্বারা) পর্বশঃ (পর্বে পর্বে) চকর্তিথ (কর্তন করিয়াছিলে); নিবৃতাঃ (মেঘের দ্বারা আবৃত) অপঃ (জলরাশিকে) সর্তবৈ (গমনের জন্য) অব অসৃজঃ (নিম্নাভিমুখী করিয়াছিলে), সত্রা (সত্য=ইহা সত্য যে) কেবলম্ বিশ্বম্ সহঃ দধিষে (একমাত্র তুমি বিশ্বের সকল বল ধারণ করিয়া থাক)।

অনুবাদ। হে বজ্রী ইন্দ্র, আয়তনে বিপুল বহুব্যাপ্ত সেই মেঘকে তুমি বজ্রাঘাতে খণ্ডবিখণ্ড করিয়াছিলে; মেঘাবৃত জলরাশির নিম্নগমনের পথ করিয়া দিয়াছিলে; একথা সত্য যে কেবল তুমিই বিশ্বের সকল বল ধারণ করিয়া থাক।

শব্দ। **মহাম্** (বৈদিক)=মহান্তম্ (সংস্কৃতরূপ)। **পর্বতম্**—মেঘ (নিঘ. ১।১০)। **চকর্তিথ**—ছেদনার্থক কৃৎ-ধাতু লিট্ মধ্যমপুরুষ একবচনের রূপ। **সর্তবা**=সর্তবৈ=গমনযোগ্য; গমনের জন্য। বেদে তব্য, অনীয়, যৎ প্রভৃতি প্রত্যয়ের অর্থে ধাতুর উত্তর 'তবৈ' প্রত্যয় হয়। গত্যর্থক সৃ-ধাতু+তবৈ=সর্তবৈ। **সত্রা**—সত্য (নিঘ. ৩।১০)। **দধিষে**—ধারণার্থক ধা-ধাতু লিট্ মধ্যমপুরুষ একবচনের রূপ (আত্মনেপদ)। **সহঃ**—বল (নিঘ. ২।৯)।

---

১ **সায়ণভাষ্য**। হে বজ্রিন্ বজ্রবন্ ইন্দ্র ত্বং তং প্রসিদ্ধং মহাম্ আয়ামতো মহান্তম্ উরুং বিস্তীর্ণং পর্বতং পর্ববন্তং মেঘং বৃত্রাসুরং বা বজ্রেণ আয়ুধেন পর্বশঃ পর্বণি পর্বণি চকর্তিথ শকলীচকৃষে। তেন মেঘেন নিবৃতাঃ আবৃতাঃ অপঃ সর্তবৈ সরণায় গমনায় অবাসৃজঃ অবাঙ্মুখমস্রাক্ষী। অতঃ ত্বমেব কেবলং বিশ্বং ব্যাপ্তং সহঃ বলং দধিষে ধারয়সি নান্যঃ কশ্চিদিতি যদেতৎ তৎ সত্রা সত্যমেব। সত্রা ইতি সত্যনাম (নিঘ. ৩।১০)। মহাম্ মহান্তম্। নকারতকারয়োর্লোপশ্ছান্দসঃ ॥ ৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

১ মণ্ডল : ১১ অনুবাক : ৫৮ সূক্ত

দেবতা—অগ্নি। **ঋষি**—গৌতম নোধা। **ছন্দ**—১-৫ মন্ত্র জগতী; ৬-৯ মন্ত্র ত্রিষ্টুপ্। **বিনিয়োগ**—অভিপ্লব ষড়হ যাগের পঞ্চম দিনে অগ্নিমারুৎশস্ত্রে অগ্নিদেবের উদ্দেশে এই সূক্তের বিনিয়োগ হয় (জাতবেদার নিবিদের নিবিদ্ধান সূক্ত); এবং এই সূক্তের জগতীছন্দবিশিষ্ট মন্ত্রগুলি আশ্বিনশস্ত্রে আগ্নেয় ক্রতুতে বিনিয়োগ হয় (আ. শ্রৌ. ৭।৭; ৪।১৩ দ্রষ্টব্য)।

নূ চিৎ সহোজা অমৃতো নি তুন্দতে হোতা যদ্ দূতো
অভবদ্ বিবস্বতঃ।
বি সাধিষ্ঠেভিঃ পথিভী রজো মম আ দেবতাতা
হবিষা বিবাসতি ॥১॥

পদবিভাগ। নু চিৎ সহঃ-জাঃ অমৃতঃ নি তুন্দতে হোতা যৎ দূতঃ অভবৎ বিবস্বতঃ বি সাধিষ্ঠেভিঃ পথি-ভিঃ রজঃ মমে আ দেব-তাতা হবিষা বিবাসতি।

অনবয়।[১] সহোজাঃ (বলজাত=বলের দ্বারা মথ্যমান হইয়া অরণি হইতে জাত) অমৃতঃ (মরণরহিত অগ্নি) নূ চিৎ (শীঘ্রই) নি তুন্দতে (সক্রিয় হন/অথবা নিয়ত ব্যথা দান করেন=উৎপন্নমাত্র অগ্নির জ্বালা পীড়াদায়ক)। যদা (যখন) হোতা (দেবগণের আহ্বানকারী অগ্নি) বিবস্বতঃ (পরিচর্যাকারী যজমানের/আদিত্যের) দূতঃ অভবৎ (দূত হন) [তখন] সাধিষ্ঠেভিঃ পথিভিঃ (সমীচীন/সাধুতম পথসমূহের দ্বারা গমন করিয়া) রজঃ (উদক/অন্তরিক্ষলোক) বি মমে (নির্মাণ করেন/প্রকাশ করেন), দেবতাতা (যজ্ঞ/বা যজ্ঞে) হবিষা (হবি=ঘৃত, চরুপুরোডাশ প্রভৃতির দ্বারা/বা উদকের দ্বারা) [দেবগণকে] আ বিবাসতি (পরিচর্যা করে/করেন)।

---

১ **সায়ণভাষ্য।** সহোজাঃ সহসা বলেন জাতঃ। অগ্নির্হি বলেন মথ্যমানোঽরণ্যোঃ সকাশাৎ জায়তে। অমৃতঃ মরণরহিতঃ। এবম্ভূতোঽগ্নিঃ নূ চিৎ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অনুবাদ। বলের দ্বারা উৎপন্নমাত্রই মরণরহিত অগ্নি সক্রিয় হন। যখন দেবগণের আহ্বানকারী অগ্নি আদিত্যদেবের দূতরূপে নিযুক্ত হন তখন তিনি উত্তম পথে গমন করিয়া উদক সৃষ্টি করেন ; যজ্ঞ (=দেবসৃষ্ট উদকর্ম) উদকের দ্বারা দেবগণকে (=রশ্মিগণকে) পরিচর্যা করে।

দ্রষ্টব্য। অন্বয় অংশে সায়ণভাষ্য দেওয়া হইয়াছে। অনুবাদ অংশে শব্দার্থ বিচারে অর্থ দেওয়া হইয়াছে।

শব্দ। **তুন্দতে**—তুদ্ ধাতু ব্যথন অর্থে। সায়ণ বলেন, তুদ্=তুন্দ্। ন-কার বৈদিক প্রয়োগ ; অথবা তুন্দ্ (সৌত্র ধাতু) গত্যর্থক। মনিয়ের উইলিয়াম্স্ বলেন, তুন্দ্ ধাতু সক্রিয় অর্থ প্রকাশ করে (to be active)। **বিবস্বতঃ**=আদিত্যের (নি. ১২।১০—১১)। পরিচর্যাকারীর। **রজঃ**= জ্যোতি ; উদক ; তিনলোক ; রক্ত ; দিন (নি. ৪।১৯)। রাত্রি (নিঘ. ১।৭)। **দেবতাতা**=যজ্ঞ (নিঘ. ৩।১৭)। ভাষ্যমতে দেবতাতি শব্দের সপ্তমীর একবচনের রূপ দেবতাতৌ=দেবতাতা (বৈদিকরূপ)। ইহাতে অর্থ হইবে 'যজ্ঞে' (নি. ১২.৪৪)। Yaska, Durga, Sayana paraphrase it by যজ্ঞে (লক্ষণস্বরূপ)।

আ স্বমদ্ম যুবমানো অজরস্তৃষ্ববিষ্যন্নতসেষু তিষ্ঠতি।

অত্যো ন পৃষ্ঠং প্রুষিতস্য রোচতে দিবো ন সানু

স্তনয়ন্নচিক্রদৎ ॥ ২ ॥

ক্ষিপ্রমেব নি তুন্দতে নিতরাং ব্যথয়তি। উৎপন্নমাত্রস্যাগ্নেঃ স্প্রষ্টুমশক্যত্বাৎ। যদ্বা নির্গচ্ছতি। তুন্দতির্গত্যর্থঃ সৌত্রো ধাতুঃ। যৎ যদা হোতা দেবানামাহ্বাতা হোমনিষ্পাদকো বা অয়মগ্নিঃ বিবস্বতঃ পরিচরতো যজমানস্য দেবান্ প্রতি হবির্বহনায় দূতঃ অভবৎ হবির্বহনে নিযুক্তো ভবতি তদানীং সাধিষ্ঠেভিঃ সমীচীনৈঃ পথিভিঃ মার্গৈর্গচ্ছন্ রজঃ অন্তরিক্ষলোকং বি মমে নির্মমে। পূর্বং বিদ্যমানম প্যন্তরিক্ষম্ অসৎকল্পমভূৎ। ইদানীং তস্য তেজসা প্রকাশমানং সৎ উৎপন্নমিব দৃশ্যতে। কিঞ্চ। দেবতাতা ইতি যজ্ঞনাম। দেবতাতা দেবতাতৌ যজ্ঞে হবিষা চরুপুরোডাশাদিলক্ষণেন দেবান্ আ বিবাসতি পরিচরতি ॥ ১ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পদবিভাগ। আ স্বম্ অদ্ম যুবমানঃ অজরঃ তৃষু অবিষ্যন্ অতসেষু তিষ্ঠতি অত্যঃ ন পৃষ্ঠম্ প্রুষিতস্য রোচতে দিবঃ ন সানু স্তনয়ন্ অচিক্রদৎ।

অন্বয়।[২] অজরঃ (জরারহিত অগ্নি) স্বম্ (স্বীয়) অদ্ম (ভক্ষণযোগ্য তৃণগুল্মাদিকে) যুবমানঃ (স্বকীয় জ্বালাদ্বারা সম্যক্‌মিশ্রণ করিয়া) [এবং] অবিষ্যন্ (ভক্ষণ করিয়া) তৃষু (শীঘ্রই) অতসেষু (কাষ্ঠসমূহে) আ তিষ্ঠতি (আরোহণ করেন); প্রুষিতস্য (দগ্ধ করিবার জন্য ইতস্ততঃ গমনকারী অগ্নির) পৃষ্ঠম্ (পৃষ্ঠদেশ = উপরিদেশের জ্বালা) অত্যঃ ন রোচতে (সততগমনশীল অশ্বের ন্যায় শোভা পায়), দিবঃ (দ্যুলোকের সম্বন্ধি) সানু স্তনয়ন্ ন (সমুন্নত মেঘের শব্দের ন্যায়) অচিক্রদৎ (গম্ভীর শব্দ করেন)।

অনুবাদ। জরারহিত অগ্নি নিজের ভক্ষণযোগ্য তৃণগুল্মকে অগ্নিশিখার সহায়তায় মিশ্রণ ও ভক্ষণ করিয়া দ্রুত কাষ্ঠে আরোহণ করেন; দহন উদ্দেশে ইতস্ততঃ গমনকারী অগ্নির পৃষ্ঠ অশ্বের ন্যায় শোভা পায়; আকাশের উন্নত মেঘের শব্দের মত অগ্নি গম্ভীর শব্দ করেন।

শব্দ। **অদ্ম**—অন্ন।—ভক্ষিত হয় এই ব্যুৎপত্তিতে (নি. ৪।৬)। ভক্ষণার্থক অদ্ ধাতু + মনিন্ (উ. ৫৮৪)। অগ্নির অন্ন তৃণগুল্মাদি। **যুবমানঃ**—যু-ধাতু মিশ্রণার্থক। শানচ্ প্রত্যয়। **তৃষু**—ক্ষিপ্রনাম (নিঘ. ২।১৫)। **অবিষ্যন্**—ভক্ষণকর্ম (নিঘ. ২।৮)। **অতসেষু**—অতস শব্দ কাষ্ঠবাচী (নি. ৫।১২)। **অত্যঃ**—সাতত্যগমনার্থক অত্ ধাতু হইতে নিষ্পন্ন। অশ্ব অতন = সর্বদা গতিসম্পন্ন। **প্রুষিতস্য** -প্রুষ্ ধাতু দহনার্থক (ভ্বাদি)। **অচিক্রদৎ**—আহ্বান ও রোদনার্থক ক্রদি ধাতুর লুঙ্ বিভক্তি (ভ্বাদি)।

ক্রাণা রুদ্রেভির্বসুভিঃ পুরোহিতো হোতা নিষত্তো

রয়িষাডমর্ত্যঃ।

রথো ন বিক্ষ্বৃঞ্জসান আয়ুষু ব্যানুষগ্বার্যা দেব ঋণ্বতি ॥৩॥

দেবতাতা। 'সর্বদেবাত্তাতিল্' (পা. ৪।৪।১৪২) ইতি স্বার্থিকঃ তাতিল্-প্রত্যয়ঃ। তেন চ তৎসম্বন্ধী যজ্ঞো লক্ষ্যতে। যদ্বা। দেবান্ হবিষা আবিবাসতি ইতি যোজ্যম্। সুপাং সুলুগিতি বিভক্তে ডাদেশঃ ॥ (সা.)।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পদবিভাগ। ক্রাণা রুদ্রেভিঃ বসু-ভিঃ পুরঃ-হিতঃ হোতা নি-সত্তঃ রয়িষাট্ অমর্ত্যঃ রথঃ ন বিক্ষু ঋঞ্জসানঃ আয়ুষু বি আনুষক্ বার্যা দেবঃ ঋণ্বতি।

অন্বয়।[৩] ক্রাণা (হবির্বহন করিয়া বা কর্ম সম্পাদন করিয়া) রুদ্রেভিঃ বসুভিঃ (রুদ্র ও বসুগণের সহিত) পুরোহিতঃ (অগ্রে অবস্থিত) হোতা (দেবগণের আহ্বানকারী) নিষত্তঃ (দেবকার্যে দৃঢ়রূপে অবস্থিত) রয়িষাট্ (ধনজয়কারী) অমর্ত্যঃ (মরণরহিত) ঋঞ্জসানঃ (স্তূয়মান/উত্তম পাককারী) দেবঃ (দ্যোতমান অগ্নি) বিক্ষু আয়ুষু (যজ্ঞনিরত বা স্তবকারী মনুষ্যগণের মধ্যে) রথঃ ন (রথের ন্যায় গমনকরতঃ) আনুষক্ (পরস্পরযুক্ত বা অনুষক্ত) বার্যা (বরণীয় উদকধন) বি ঋণ্বতি (প্রদান করেন অথবা নিজে প্রাপ্ত হন)।

অনুবাদ। রুদ্র ও বসুগণের সঙ্গে (উদক সৃষ্টিরূপ) কর্মসম্পন্ন করিয়া সর্বকর্মে অগ্রে অবস্থানকারী, দেবগণের আহ্বানকারী, দেবকার্যে দৃঢ়মূল, ধনজয়ী, মরণরহিত, (উত্তমরূপে উদকের) পক্বতাসম্পাদনকারী অগ্নিদেব জনগণের মধ্যে রথের গতিতে গমন করিয়া পরস্পর সংলগ্ন বরণীয় উদকরাশি বিভাগ করিয়া দেন।

শব্দ। **ক্রাণা**—কৃ-শানচ্। কর্মসম্পন্ন করিয়া। **নিষত্তঃ**—নি-সদ্ ধাতু। উপবিষ্ট। সকল যজ্ঞেই অগ্নি বর্তমান থাকেন। **রয়িষাট্**—রয়ি=ধন। ষহ

---

২ **সায়ণভাষ্য।** অজরঃ জরারহিতোঽয়মগ্নিঃ স্বম্ স্বকীয়ম্ অদ্ম অদনীয়ং তৃণগুল্মাদিকং যুবমানঃ স্বকীয়জ্বালয়া সংমিশ্রয়ন্ তদনন্তরং চ অবিষ্যন্ ভক্ষয়ংশ্চ। অবিষ্যন্ ইত্যেতৎ অত্তিকর্মসু পঠিতম্ (নিঘ. ২।৮)। এবম্ভূতোঽগ্নিঃ তৃষু ক্ষিপ্রমেব অতসেষু প্রভূতেষু কাষ্ঠেষু আ তিষ্ঠতি আরোহতি। অত্র অতসশব্দঃ কাষ্ঠবাচী 'অতসং ন শুষ্কম্' (ঋ. ৪।৪।৪) ইতি দর্শনাৎ। প্রবিতস্য দগ্ধুমিতস্ততঃ প্রবৃত্তস্যাগ্নেঃ পৃষ্ঠম্ উপর্যবস্থিতং জ্বালাজালম্ অত্যো ন রোচতে। যথা সততগমনশীলঃ অশ্বঃ ইতস্ততো গচ্ছন্ শোভতে এবমগ্নের্জ্বালাপি সর্বত্র গচ্ছন্তী শোভতে ইতি ভাবঃ। তদানীং দিবঃ দ্যুলোকস্য সম্বন্ধি সানু সমুচ্ছ্রিতমভ্রং স্তনয়ন্ ন শব্দয়ন্নিব অচিক্রদৎ গম্ভীরং শব্দম্ আত্মানমচীকরৎ ॥ ২ ॥

যুবমানঃ। যু মিশ্রণে। ব্যত্যয়েন আত্মনেপদম (সা.)॥ **অত্যঃ** অশ্বনাম (নিঘ. ১।১৪)। অত সাতত্যগমনে (ভ্বাদি)। সাতত্যগমনম সন্ততগমনম্ (মাধবীয়া ধাতুবৃত্তিঃ)॥ অত্যা অতনাঃ (নি. ৪।১৩)॥

৩ **সায়ণভাষ্য।** ক্রাণা হবির্বহনং কুর্বাণঃ রুদ্রেভিঃ রুদ্রৈঃ বসুভিঃ চ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ধাতু অভিভবার্থক। ধনকে অভিভব (পরাজয়) করে যে। ধনজয়কারী। **ঋঞ্জসানঃ**—যাস্ক বলেন, ঋঞ্জ্ ধাতু প্রসাধন অর্থ প্রকাশ করে (নি. ৬।২১)। ধাতুপাঠে ঋঞ্জ্ ধাতুর অর্থ ভর্জন=পাক। সায়ণ বলেন, ইহার অর্থ 'স্তূয়মানঃ'। অন্বয় অংশে সায়ণভাষ্য দ্রষ্টব্য। **বিক্ষু** পূর্বে ১।৪৫।৬ মন্ত্রে ব্যাখ্যাত। **আনুষক্** পূর্বে ঋ. ১।১৩।৫ মন্ত্রে ব্যাখ্যাত। **আয়ুষুঃ**—আয়ু মনুষ্যনাম (নিঘ. ২।৩)।

বি বাতজূ্তো অতসেষু তিষ্ঠতে বৃথা জুহূভিঃ সৃণ্যা

তুবিষ্বণিঃ।

তৃষু যদগ্নে বনিনো বৃষায়সে কৃষ্ণং ত এম রুশদূর্মে

অজর ॥৪॥

পদবিভাগ। বি বাত-জূতঃ অতসেষু তিষ্ঠতে বৃথা জুহূভিঃ সৃণ্যা তুবিস্বনিঃ তৃষু যৎ অগ্নে বনিনঃ বৃষ-যসে কৃষ্ণম্ তে এম রুশৎ-উর্মে অজর।

অন্বয়।[১] বাতজূতঃ (বায়ুর দ্বারা প্রেরিত) তুবিষ্বণিঃ (মহাশব্দকারী) [অগ্নি] জুহূভিঃ সৃণ্যা (স্বীয় জ্বালারূপ জিহ্বা ও সরণশীল তেজঃসমূহের দ্বারা)

পুরোহিতঃ পুরস্কৃতঃ হোতা দেবানামাহ্বাতা নিষত্তঃ হবিঃস্বীকরণায় দেবযজনে নিষণ্ণঃ রয়িষাট্ রয়ীণাং শত্রুধনানামভিভবিতা অমর্ত্যঃ মরণরহিতঃ। এবম্ভূতঃ দেবঃ দ্যোতমানোঽগ্নিঃ বিক্ষু প্রজাসু লৌকিকজনেষু রথঃ ন রথ ইব আয়ুষু যজমানলক্ষণেষু মনুষ্যেষু ঋঞ্জসানঃ স্তূয়মানঃ বার্ষা বার্যাণি সম্ভজনীয়ানি ধনানি আনুষক্ আনুষক্তং যথা ভবতি তথা বি ঋণ্বতি বিশেষেণ প্রাপয়তি। যদ্বা। বার্যাণি বরণীয়ানি হবীংষি স্বয়ং প্রাপ্নোতি ॥ ৩ ॥

ক্রাণা। করোতেঃ শানচি 'বহুলং ছন্দসি' ইতি বিকরণস্য লুক্। 'সুপাং সুলুক্...,' ইতি সোঃ পূর্বসবর্ণদীর্ঘত্বম্ (সা.)। ক্রাণাঃ কুর্বাণাঃ (নি. ৪।১৯)। (ind)—willingly, readily, speedily—R. V. (M. W.)॥ **ঋঞ্জসানঃ**—ঋঞ্জতিঃ প্রসাধনকর্মা (নি. ৬।২)। ঋজি ভর্জনে। ভর্জনং পাকবিশেষঃ (মাধবীয়া ধাতুবৃত্তিঃ)॥

১ **সায়ণভাষ্য।** বাতজূতঃ বায়ুনা প্রেরিতঃ তুবিষ্বণিঃ মহাস্বনঃ এবম্ভূতোঽগ্নিঃ জুহূভিঃ স্বকীয়াভিঃ জিহ্বাভিঃ সৃণ্যা সরণশীলেন তেজঃসমূহেন চ যুক্তঃ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বৃথা (অনায়াসে) তৃষু (ক্ষিপ্রতার সহিত) অতসেষু (বৃক্ষসমূহে) বি তিষ্ঠতে (বিশেষরূপে অবস্থান করেন)। অগ্নে (হে অগ্নি) যৎ (যখন) বনিনঃ (বনবৃক্ষসমূহকে) বৃষায়সে (বৃষের ন্যায় আচরণ করিয়া দগ্ধ কর) [তখন] রুশদূর্মে (হে দীপ্তজ্বাল) অজর (হে জরারহিত অগ্নি) তে (তোমার) এম (গমনপথ) কৃষ্ণম্ (কৃষ্ণবর্ণ) [হয়]।

অনুবাদ। বায়ুতাড়িত মহাশব্দকারী অগ্নি জিহ্বা ও সরণশীল তেজের সহায়তায় শীঘ্র অনায়াসে বৃক্ষসকলকে আশ্রয় করেন। হে অগ্নি, যখন বন দগ্ধ কর তখন হে দীপ্তজ্বাল অজর অগ্নি, তোমার গমনপথ কৃষ্ণবর্ণ হয়।

শব্দ। **এম** -গত্যর্থক ইণ্ ধাতু + মনিন্। ইহা দ্বারা গমন করা যায়। পথ। **বৃথা**—অনায়াসে। **বাতজূতঃ**—বাত=বায়ু। জূ-ধাতু গত্যর্থক (সৌত্রধাতু)। বায়ুর দ্বারা প্রেরিত। **জুহুভিঃ**—জুহু জিহ্বা, অগ্নির শিখা। দান, অদান ও আদান অর্থে ব্যবহৃত হু-ধাতু হইতে জুহু শব্দ নিষ্পন্ন। **সৃণ্যা** - গত্যর্থক সৃ-ধাতু হইতে নিষ্পন্ন সৃণি শব্দের অর্থ অঙ্কুশ, চন্দ্র, সূর্য, বায়ু (উ. ৪৮৯; ৫৪৪)। সরণশীল; গমনশীল।

রুশদূর্মে=রুশৎ+উর্মে। রুশদূর্মি শব্দের সম্বোধনের রূপ (একবচন)। বেদে একবার মাত্র ব্যবহৃত শব্দ। যাস্ক বলেন, রুশৎ শব্দে বর্ণ বোঝায়। স্কন্দস্বামীর মতে শুভ্রবর্ণ, শুভ্রদীপ্তি। নিঘণ্টুতে শব্দটির উল্লেখ থাকিলেও উহার সমানার্থক শব্দ দেওয়া নাই (নিঘ. ৪৩)। রুশৎ শব্দ জ্বলনার্থক বা দীপ্তি-অর্থক রুচ্ ধাতু হইতে নিষ্পন্ন। দেবরাজ যজ্বা বলেন, রুচ্=রুশ্ (নিপাতনে) +শতৃ=রুশৎ। অথবা, অদাদিগণীয় হিংসার্থক রুশ্ ধাতু রোচনার্থে (দীপ্তি-অর্থে) ব্যবহৃত হইয়াছে। উর্মি শব্দ অনেকার্থক। এইস্থলে অগ্নির তেজোরাশি অর্থে প্রযুক্ত (নিরুক্ত ৭.১৭—স্কন্দস্বামীর ব্যাখ্যা তুলনীয়)। যাস্ক বলেন, আচ্ছাদনার্থক উর্ণুঙ্ ধাতু হইতে উর্মি শব্দ নিষ্পন্ন। অগ্নি তেজের দ্বারা সর্ববস্তু আচ্ছাদিত করে। উণাদি সূত্রানুযায়ী গত্যর্থক ঋ-ধাতুর সহিত মি-প্রত্যয়যোগে

সন্। বৃথা ইতি অনায়াসবচনঃ। বৃথা অনায়াসেনৈব অতসেষু উন্নতেষু বৃক্ষেষু বি তিষ্ঠতে বিশেষেণ তিষ্ঠতি। হে অগ্নে যৎ যদা বনিনঃ বনসম্বন্ধান্ বৃক্ষান্ দগ্ধং বৃষায়সে বৃষবদাচরসি দহসীত্যর্থঃ। হে রুশদূর্মে দীপ্তজ্বাল, অজর জরারহিতাগ্নে, তে তব এম গমনমার্গঃ কৃষ্ণং কৃষ্ণবর্ণো ভবতি ॥ ৪ ॥

এম —এত্যনেনেতি এম মার্গঃ। ইণ্ গতৌ ইত্যস্মাৎ করণে ঔণাদিক্যো মনিন্ (সা)॥ যদা…দহসী তদানীং তব গমনমার্গঃ কৃষ্ণো ভবতি (বে.)॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

উকার আদেশ হইয়া উর্মি শব্দ নিষ্পন্ন (উ. ৪৮৪)। ঋ > অর্ > উর্ + মি = উর্মি। বেঙ্কট বলেন, রুশদূর্মে = হে শ্বেতজ্বালারাশি। সায়ণ—হে দীপ্তজ্বাল॥ রুশদূর্মে—হে দীপ্তশিখাযুক্ত (অগ্নি)।

তুবিস্বণিঃ = তুবিস্বনিঃ (পদপাঠ)। তুবি = বহু (নিঘ, ৩।১)। স্বন = শব্দ। শব্দার্থক স্বন ধাতু। স্বনি = ধ্বনিযুক্ত। বায়ু সংস্পর্শে প্রজ্বলিত অগ্নি হইতে সর্বদা ধ্বনি নির্গত হয়। বহু শব্দকারী; মহাশব্দকারী।

তপুর্জম্ভো বন আ বাতচোদিতো যূথে ন সাহ্বাঁ। অব বাতি বংসগঃ।

অভিব্রজন্নক্ষিতং পাজসা রজঃ স্থাতুশ্চরথং ভয়তে পতত্রিণঃ ॥৫॥

পদবিভাগ। তপুঃ-জম্ভঃ বনে আ বাত-চোদিতঃ যূথে ন সহ্বান্ অব বাতি বংসগঃ অভি-ব্রজন্ অক্ষিতম্ পাজসা রজঃ স্থাতুঃ চরথম্ ভয়তে পতত্রিণঃ।

রুশদূর্মে—শ্বেতজ্বালাসংঘ (বে.)॥ রুশৎ ইতি বর্ণনাম রোচতেঃ জ্বলতিকর্মণঃ (নি. ২।২০)।—বর্ণ ইতি বর্ণসামান্যম্, সামর্থ্যাদ্ দীপ্তিম্ শুক্লবর্ণবিশেষবিষয়ম্ (স্ক.)॥ রুশৎ (নিঘ. ৪ ৩)।—রুচ দীপ্তৌ (ভ্বা.); সংশ্চৎ-তৃপৎ-বেহৎ (উ, ২৭২) -ইতি অতি-প্রত্যয়ো গুণাভাবশ্চ চকারস্য শকারশ্চ নিপাত্যতে। যদ্বা। রুশের্হিংসার্থাৎ তুদাদেঃ রোচত্যর্থে বর্তমানাল্লট্ শতরি। (দে. য.—নিঘ. ৪।৩)॥ উর্মিঃ উর্ণাতেঃ (নি. ৫।২৩)। উর্মিস্তেজসংঘাতঃ (স্ক.—নি. ৭।১৭)। অর্তেরুচ্চ (উ. ৪৮৪)—ঋ গতৌ ইতি—অস্মান্ মি-প্রত্যয়ো ধাতোর্ উকারশ্চ-আদেশ ইত্যর্থঃ (বালমনোরমা)। "উর্মিঃ স্ত্রীপুংসয়োর্বীচ্যাং প্রকাশে বেগভঙ্গয়োঃ। বস্ত্রসঙ্কোচ-রেখায়াং বেদনাপীড়য়োরপি" ইতি মেদিনী (তত্ত্ববোধিনী)॥ রুশৎ—brilliant, shining, bright, white (M.W.)। উর্মি—wave, billow, speed, velocity (M.W.)। রুশদূর্মি—having

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অন্বয়। তপুর্জম্ভঃ (শিখারূপ আয়ুধযুক্ত) বাতচোদিতঃ (বায়ুপ্রেরিত) [অগ্নি] যূথে ন সাহ্বান্ বংসগঃ (গোযূথমধ্যে পরাভবকারী বননীয় বৃষের ন্যায়) বনে আ (সকল বনে/বন ব্যাপ্ত করিয়া) অব বাতি (ব্যাপ্ত হন) ; পাজসা (তেজোবলের দ্বারা) অক্ষিতম্ রজঃ (বনস্থিত অক্ষীণ উদক) অভিব্রজন্ (বনে বিচরণকালে) [গ্রহণ করেন] ; স্থাতুঃ চরথম্ পতত্রিণঃ (স্থাবর, জঙ্গম ও পক্ষীসমূহ) ভয়তে (ভয় পায়)।

অনুবাদ। শিখারূপ আয়ুধযুক্ত, বায়ুপ্রেরিত অগ্নি গোযূথমধ্যে পরাভবকারী বননীয় বৃষের ন্যায় সকল কিছু পরাভবের দ্বারা বনে ব্যাপ্ত হন ; বনে বিচরণকালে তেজোবলের দ্বারা বনস্থিত অক্ষীণ উদক গ্রহণ করেন ; স্থাবর, জঙ্গম ও বিহঙ্গকুল ভীত হয়।

শব্দ। **তপুর্জম্ভঃ** পূর্বে ১।৩৬।১৬ মন্ত্রে ব্যাখ্যাত। **বাতচোদিতঃ**—বাত বায়ু। চুদ্ ধাতু প্রেরণার্থক। চোদিত প্রেরিত। বায়ুর দ্বারা প্রেরিত॥ **সাহ্বান্**=সহ্বান্ (পদপাঠ)। মর্ষণার্থক (অভিভাবর্থ) সহ-ধাতুর উত্তর ক্বসুপ্রত্যয়ে সাহ্বান্ শব্দ নিপাতনে সিদ্ধ (পা. ৬।১।২২)। পরাভবকারী॥ **স্থাতুঃ** স্থা-ধাতু+তু (উ. ১।৭১-৭২)। স্থাবর। **চরথম্**—গত্যর্থক চর-ধাতু + অথ (ঔণাদিক)=চরথ। জঙ্গম। **পতত্রিণঃ**—সায়ণের মতে ইহার অর্থ—ভ্রমণশীল অগ্নি হইতে। বেঙ্কটের মতে পক্ষীগণ। **বংসগঃ** পূর্বে ১।৭।৮ মন্ত্রে ব্যাখ্যাত। **পাজসা**—পাজঃ বল (নিঘ. ২।৯)। **অক্ষিতম্**—পূর্বে ১।৫।৯ মন্ত্রে অক্ষিতোতিঃ শব্দ দ্রষ্টব্য।

---

glistening waves (M.W.)॥ **বাতজূতঃ**। জু ইতি সৌত্রো ধাতুঃ। বাতেন জূতঃ॥ **সৃণ্যা**। সৃ গতৌ। সরতীতি সৃণিঃ। সৃবৃষিভ্যাং কিৎ (উ. ৪৮৯) ইতি নিপ্রত্যয়ঃ। (সা)॥

সায়ণভাষ্য। তপুর্জম্ভঃ। তপূংষি জ্বালা এব জম্ভা আয়ুধানি মুখানি বা যস্য স তথোক্তঃ। বাতচোদিতঃ বায়ুনা প্রেরিতঃ। এবম্ভূতোঽগ্নিঃ যূথে জ্বালাসমূহে সতি অক্ষিতম্ অক্ষীণং রজঃ আর্দ্রবৃক্ষান্তর্গতমুদকং পাজসা তেজোবলেন অভিব্রজন্ আভিমুখ্যেন গচ্ছন্ বনে অরণ্যে সাহ্বান্ সর্বমভিভবন্ আ আভিমুখ্যেন অব বাতি ব্যাপ্নোতি। তত্র দৃষ্টান্তঃ। বংসগঃ ন। যথা বননীয়গতিঃ বৃষঃ গোযূথে সর্বমভিভবন্ বর্ততে তদ্বৎ। যস্মাদেবং তস্মাৎ পতত্রিণঃ পতনবতোঽগ্নেঃ সকাশাৎ স্থাতুঃ স্থাবরং চরথং চ জঙ্গমং চ ভয়তে বিভেতি ॥ ৫ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

দধুষ্টবা ভৃগবো মানুষেষ্বা রয়িং ন চারুং সুহবং জনেভ্যঃ।

হোতারমগ্নে অতিথিং বরেণ্যং মিত্রং ন শেবং দিব্যায়

জন্মনে ॥৬॥

পদবিভাগ। দধুঃ ত্বা ভৃগবঃ মানুষেষু আ রয়িম্ ন চারুম্ সু-হবম্ জনেভ্যঃ হোতারম্ অগ্নে অতিথিম্ বরেণ্যম্ মিত্রম্ ন শেবম্ দিব্যায় জন্মনে।

অন্বয়। জনেভ্যঃ (মনুষ্যগণের জন্য) অগ্নে (হে অগ্নি) রয়িম্ ন চারুম্ (ধনের ন্যায় শোভন) সুহবম্ (সহজেই আহ্বানযোগ্য বা হবনযোগ্য) হোতারম্ (দেবগণের আহ্বাতা) অতিথিম্ (অতিথি/সততগমনশীল) বরেণ্যম্ (বরেণ্য) মিত্রম ন শেবম্ (মিত্রের ন্যায় সুখকর) ত্বা (তোমাকে) ভৃগবঃ (ভৃগুগণ) দিব্যায় জন্মনে (দিব্য জন্মের জন্য/দেবত্বপ্রাপ্তির জন্য) মানুষেষু আ (সকল মনুষ্যগণের মধ্যে) দধুঃ (ধারণ করেন)।

অনুবাদ। হে অগ্নি, মানুষের জন্য ধনের ন্যায় শোভন, সহজেই আহ্বানযোগ্য, হোতা, অতিথি, বরেণ্য, মিত্রের ন্যায় সুখকর তোমাকে ভৃগুগণ দিব্য জন্মের জন্য সকল মানুষের মধ্যে ধারণ করেন।

শব্দ। **ভৃগবঃ**—সূর্যের দিব্যজ্যোতিসমূহঃ। মধ্যমস্থান দেবতা (নি. ১১।১৯)। সায়ণের মতে ভৃগুনামক মহর্ষিগণ। **শেবম্**—সুখনাম (নিঘ. ৩।৬)।

সায়ণভাষ্য। হে অগ্নে ত্বা ত্বাং মানুষেষু মনুষ্যেষু মধ্যে ভৃগবঃ এতৎসংজ্ঞা মহর্ষয়ঃ দিব্যায় জন্মনে দেবত্বপ্রাপ্তয়ে চারুং রয়িং ন শোভনং ধনমিব আ দধুঃ আধানসম্ভারেষু মন্ত্রৈঃ স্থাপনেন সমস্কুর্বন্। কীদৃশং ত্বাম্। জনেভ্যঃ সুহবং যজমানার্থমাহ্বাতুং সুশকং হোতারং দেবানামাহ্বাতারং অতিথিম্ অতিথিবৎপূজ্যম্। যদ্বা। দেবযজনদেশেষু সততং গন্তারম্। বরেণ্যং বরণীয়ং মিত্রং ন শেবম্। যথা সখা সুখকরো ভবতি তদ্বৎ সুখকরমিত্যর্থঃ॥ ৬॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

হোতারং সপ্ত জুহ্বো ৩ যজিষ্ঠং যং বাঘতো বৃণতে অধ্বরেষু।
অগ্নিং বিশ্বেষামরতিং বসূনাং সপর্যামি প্রযসা যামি রত্নম্ ॥৭॥

পদবিভাগ। হোতারম্ সপ্ত জুহ্বঃ যজিষ্ঠম্ যম্ বাঘতঃ বৃণতে অধ্বরেষু অগ্নিম্ বিশ্বেষাম্ অরতিম্ বসূনাম্ সপর্যামি প্রযসা যামি রত্নম্।

অন্বয়।[১] সপ্ত জুহ্বঃ বাঘতঃ (সপ্ত আহ্বানকারী ঋত্বিক্/অথবা হবির্বহন-কারী সপ্ত অগ্নিজিহ্বা) অধ্বরেষু (যজ্ঞসমূহে) যজিষ্ঠম্ (পরম পূজ্য) হোতারম্ (হোতা) যম্ অগ্নিম্ (যে অগ্নিকে) বৃণতে (সম্ভজনা করে) বিশ্বেষাম্ বসূনাম্ (সকল ধনের) অরতিম্ (প্রাপয়িতা) [সেই অগ্নিকে] প্রযসা (অন্নের দ্বারা/ হবির্লক্ষণ অন্নের দ্বারা) সপর্যামি (পরিচর্যা করি) রত্নম্ (রমণীয় ধন বা কর্মফল) যামি (যাচ্‌ঞা করি)।

অনুবাদ। পরমপূজ্য হোতা যে অগ্নিকে সমস্ত যজ্ঞে হবির্বহনকারী সপ্ত অগ্নিশিখা সম্ভজনা করে, সকল ধনের প্রাপয়িতা সেই অগ্নিকে যজ্ঞান্নের দ্বারা পরিচর্যা করি, তাঁহার নিকট রমণীয় ধন যাচ্‌ঞা করি।

শব্দ। **সপ্ত জুহ্বঃ বাঘতঃ**—জুহূ ও বাঘৎ শব্দের প্রথমার বহুবচনের রূপ। জুহূ শব্দের অর্থ জিহ্বা, শিখা প্রভৃতি। বাঘৎ শব্দের অর্থ ঋত্বিক্, বহনকারী প্রভৃতি। সায়ণ অর্থ করিয়াছেন—সপ্ত আহ্বানকারী ঋত্বিক্। কিন্তু তিনি ইহার ব্যাখ্যা করেন নাই। এই স্থলে 'সপ্ত জুহ্বঃ বাঘতঃ' অংশের অর্থ=দীপ্যমান অগ্নির সাতটি জিহ্বা বা শিখা যাহা হবিঃ বহন করিয়া দেবলোকে লইয়া যায়। অগ্নিই 'হোতা' এই বিষয়ে বিস্তৃত আলোচনা পূর্বে ঋ. ১।১২।৫ ; ১।১ ; মন্ত্রের তাৎপর্য এবং ১।১২ সূক্তের সকলমন্ত্রসহ ঋ. ১।২.৫ মন্ত্রের অন্তর্গত 'বাঘতঃ' শব্দ দ্রষ্টব্য। **অরতিম্**—গতি ও প্রাপণার্থক ঋ-ধাতু + অতি (উ. ৫০০)= অরতি। অরতি শব্দের অর্থ 'ক্রোধ'। সায়ণের মতে 'প্রাপয়িতা' ॥ **সপর্যামি** - সপর্যতি পরিচরণকর্ম (নিঘ. ৩।৫)।

১ **সায়ণভাষ্য।** সপ্ত সপ্তসংখ্যাকাঃ জুহ্বঃ হোতারঃ বাঘতঃ ঋত্বিজঃ অধ্বরেষু যাগেষু যজিষ্ঠম্ যষ্টৃতমম্ হোতারম্ দেবানামাহ্বাতারম্ যম্ অগ্নিম্ বৃণতে সম্ভজন্তে, বিশ্বেষাম্ সর্বেষাম্ বসূনাম্ অরতিম্ প্রাপয়িতারং তমগ্নিম্ প্রযসা হবির্লক্ষণেনান্নেন সপর্যামি পরিচরামি, রত্নম্ রমণীয়ং কর্মফলং চ যামি যাচামি ॥ ৭ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অচ্ছিদ্রা সূনো সহসো নো অদ্য স্তোতৃভ্যো মিত্রমহঃ শর্ম যচ্ছ।

অগ্নে গৃণন্তমংহস উরুষ্যোর্জো নপাৎ পূর্ভিরায়সীভিঃ ॥৮॥

পদবিভাগ। অচ্ছিদ্রা স্থনো সহসঃ নঃ অদ্য স্তোতৃ-ভ্যঃ মিত্র-মহঃ শর্ম যচ্ছ অগ্নে গৃণন্তম্ অংহসঃ উরুষ্য উর্জঃ নপাৎ পূঃ-ভিঃ আয়সীভিঃ।

অন্বয়।[১] সহসঃ স্থনো (হে বলের পুত্র) মিত্রমহঃ (হে অনুকূল দীপ্তিযুক্ত/বা মিত্রগণের পূজ্য) নঃ স্তোতৃভ্যঃ (স্তবকারী আমাদিগকে) অদ্য (আজ/এই যজ্ঞে) অচ্ছিদ্রা শর্ম (নিরবচ্ছিন্ন সুখ) যচ্ছ (প্রদান কর); অগ্নে (হে অগ্নি) উর্জঃ নপাৎ (হে অন্নের পুত্র) গৃণন্তম্ (স্তবকারীকে) আয়সীভিঃ পূর্ভিঃ (ব্যাপ্ত অথবা দৃঢ়তর পালনের দ্বারা) অংহসঃ (পাপ হইতে) উরুষ্য (রক্ষা কর)।

অনুবাদ। হে বলপুত্র, হে অনুকূলদীপ্তি, আজ আমাদের নিরবচ্ছিন্ন সুখ দাও; হে অগ্নি, হে অন্নপুত্র, স্তবকারীকে দৃঢ়পালনের দ্বারা পাপ হতে রক্ষা কর।

শব্দ। **উরুষ্য**—উরুষ্য ধাতু রক্ষার্থক (নি. ৫।২৩)। **উর্জঃ**—পূর্বে ১।২৬।১ মন্ত্রে উর্জাম্ দ্রঃ। **নপাৎ**—পূর্বে ১।১৩।২ এবং ১।২২।৬ মন্ত্র দ্রঃ। **আয়সীভিঃ**—গত্যর্থক ইণ্ ধাতু (অদাদি) অথবা ঐশ্বর্যার্থক ইয়স্ ধাতু (কণ্ড্বাদি) হইতে অথবা প্রযত্নার্থক যস ধাতু (দিবাদি) হইতে আয়সী শব্দ নিষ্পন্ন। ইহাতে আয়সী শব্দের নানাপ্রকার অর্থ হইতে পারে। ব্যাপ্তি, দৃঢ়ীকৃত, স্বর্ণময় লৌহময় ইত্যাদি। **পূর্ভিঃ**—পালন ও পূরণার্থক পৃ ধাতু (জুহোত্যাদি) হইতে পূ শব্দ নিষ্পন্ন।

---

১ **সায়ণভাষ্য।** হে সহসঃ স্থনো বলস্য পুত্র। বলেন হি মথ্যমানোঽগ্নির্জায়তে। মিত্রমহঃ অনুকূলদীপ্তিমন্নগ্নে নঃ অস্মভ্যং স্তোতৃভ্যঃ অদ্য অস্মিন্ কর্মণি অচ্ছিদ্রা অচ্ছেদ্যানি শর্ম শর্মাণি সুখানি যচ্ছ দেহি। কিঞ্চ হে উর্জো নপাৎ অন্নস্য পুত্র। ভুক্তান্নেন জঠরাগ্নেঃ প্রবর্ধনাদগ্নেরন্নপুত্রত্বম্। এবংবিধ অগ্নে গৃণন্তং ত্বাং স্তুবন্তম্ আয়সীভিঃ ব্যাপ্তৈঃ। যদ্বা অয়োবৎ দৃঢ়তরৈঃ। পূর্ভিঃ পালনৈঃ অংহসঃ পাপাৎ উরুষ্য রক্ষ। 'উরুষ্যতী রক্ষাকর্মা' (নি. ৫,২৩) ইতি যাস্কঃ ॥ ৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ভবা বরূথং গৃণতে বিভাবো ভবা মঘবন্ মঘবদ্ভ্যঃ শর্ম।

উরুষ্যাগ্নে অংহসো গৃণন্তং প্রাতর্মক্ষূ ধিয়াবসুর্জগম্যাৎ ॥৭॥

পদবিভাগ। ভব বরূথম্ গৃণতে বিভা-বঃ ভব মঘবন্ মঘবৎ-ভ্যঃ শর্ম উরুষ্য অগ্নে অংহসঃ গৃণন্তম্ প্রাতঃ মক্ষু ধিয়া-বসুঃ জগম্যাৎ।

অন্বয়।[১] বিভাবঃ (হে বিশিষ্টপ্রকাশ অগ্নি) গৃণতে (স্তবকারীর জন্য) বরূথম্ ভব (নিরাপদ গৃহস্বরূপ হও); মঘবন্ (হে ধনবান্ অগ্নি) মঘবদ্ভ্যঃ (ধনযুক্ত যজমানের জন্য) শর্ম ভব (সুখ বা আশ্রয়স্বরূপ হও); অগ্নে (হে অগ্নি) গৃণন্তম্ (স্তবকারীকে) অংহসঃ (পাপ হইতে) উরুষ্য (রক্ষা কর); ধিয়াবসুঃ (প্রজ্ঞাধন অগ্নি) প্রাতঃ (প্রাতঃকালে) মক্ষু (শীঘ্র) জগম্যাৎ (আগমন করুন)।

অনুবাদ। হে বিশিষ্টপ্রকাশ অগ্নি, তুমি স্তবকারীর নিরাপদ গৃহস্বরূপ হও; হে ধনবান্ অগ্নি, ধনবান্ স্তোতার আশ্রয়স্বরূপ হও; হে অগ্নি, স্তবকারীকে পাপ হইতে রক্ষা কর। প্রজ্ঞাধন অগ্নি প্রাতঃকালে শীঘ্র আগমন করুন।

শব্দ। **বিভাবঃ**—বিশিষ্ট 'ভা' বা দীপ্তি=বিভা। বিভা ইহার আছে=বিভাব। **ভবা**=ভব (পদপাঠ)। **বরূথম**=গৃহনাম (নিঘ. ৩।৪)। অন্যান্য শব্দ পূর্বে ব্যাখ্যাত।

---

১ **সায়ণভাষ্য**। হে বিভাবঃ বিশিষ্টপ্রকাশাগ্নে গৃণতে ত্বাং স্তুবতে যজমানায়। বরূথম্ ইতি গৃহনাম। বরূথম্ অনিষ্টনিবারকং গৃহং ভব। হে মঘবন্ ধনবন্ অগ্নে, মঘবদ্ভ্যঃ হবির্লক্ষণধনযুক্তেভ্যো যজমানেভ্যঃ শর্ম সুখং যথা ভবতি তথা ভব। হে অগ্নে গৃণন্তং স্তুবন্তম্ অংহসঃ পাপকারিণঃ শত্রোঃ উরুষ্য রক্ষ। ধিয়াবসুঃ কর্মণা বুদ্ধ্যা বা প্রাপ্তধনোঽগ্নিঃ প্রাতঃ ইদানীমিব পরেদ্যুরপি মক্ষু শীঘ্রং জগম্যাৎ আগচ্ছতু। ৭।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

১ মণ্ডল : ১১ অনুবাক : ৫৯ সূক্ত

দেবতা—অগ্নি (বৈশ্বানরত্ব গুণবিশিষ্ট অগ্নিদেবতা)। **ঋষি**—নোধা। **ছন্দ**—ত্রিষ্টুপ্।

বিনিয়োগ—এই সূক্তের দ্বিতীয় মন্ত্রের ('মূর্দ্ধা দিবো নাভিঃ অগ্নি...') অগ্নিমারুতশস্ত্রে বিনিয়োগ হয়) আ. শ্রৌ. ৮।৬)।

বয়া ইদগ্নে অগ্নয়স্তে অন্যে ত্বে বিশ্বে অমৃতা মাদয়ন্তে।

বৈশ্বানর নাভিরসি ক্ষিতীনাং স্থূণেব জনাঁ উপমিদ্ যযন্থ ॥১॥

পদবিভাগ। বয়াঃ ইৎ অগ্নে অগ্নয়ঃ তে অন্যে ত্বে বিশ্বে অমৃতাঃ মাদয়ন্তে বৈশ্বানর নাভিঃ অসি ক্ষিতীনাম স্থূণা-ইব জানান উপ-মিৎ যযন্থ।

অন্বয়।[১] অগ্নে (হে অগ্নি) অন্যে অগ্নয়ঃ (অন্যান্য অগ্নিসমূহ) তে (তোমার) বয়াঃ ইৎ (শাখা-ই), ত্বে (তোমাতে) বিশ্বে অমৃতাঃ (সকল অমরণধর্মা দেবগণ বা রশ্মিগণ) মাদয়ন্তে (হৃষ্ট হয়); বৈশ্বানর (হে বৈশ্বানর অগ্নি) ক্ষিতীনাম্ (মনুষ্যগণের) নাভিঃ অসি (তুমি নাভিস্বরূপ বর্তমান), স্থূণা ইব (স্তম্ভের ন্যায়) উপমিৎ [সন্] (উপস্থাপয়িতা বা আশ্রয় হইয়া) জনান্ (জনগণকে) যযন্থ (নিয়মিত কর=ধারণ কর)।

---

১ **সায়ণভাষ্য।** বয়াঃ শাখা বেতের্বাতায়না ভবন্তি (নি. ১।৪) ইতি যাস্কঃ। হে অগ্নে যে অন্যে অগ্নয়ঃ সন্তি সর্বেঽপি তে তব বয়া ইৎ শাখা এব। ততস্ত্বত্তোঽন্য ন সন্তীতি ভাবঃ। কিঞ্চ ত্বে ত্বয়ি সতি বিশ্বে সর্বে অমৃতাং অমরণধর্মাণো দেবাঃ মাদয়ন্তে হৃষ্যন্তি। নহি ত্বদ্ব্যতিরেকেণ তৈজীবিতুং শক্যতে। হে বৈশ্বানর, বিশ্বেষাং নরাণাং জাঠর-রূপেণ সম্বন্ধিন্নগ্নে ক্ষিতীনাং মনুষ্যাণাং নাভিঃ সন্নদ্ধা অসি অবস্থাপকো ভবসি। অতস্ত্বম্ উপমিৎ উপস্থাপয়িতা সন্। যদ্বা। উপমিৎ ইত্যেতৎ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অনুবাদ। হে অগ্নি, অন্য সকল অগ্নি তোমার শাখামাত্র, তোমাতে সকল অমরণধর্মা দেবরশ্মিগণ হৃষ্ট হয়। হে বৈশ্বানর অগ্নি, তুমি মানুষের নাভিরূপে বর্তমান; স্তম্ভের মত আশ্রয়রূপে তুমি জনগণকে নিয়মিত (বা ধারণ) কর।

শব্দ। **উপমিৎ**—আশ্রয়। **যযন্থ**—উপরমার্থক যম্ ধাতু লিট্ মধ্যম-পুরুষ একবচন।

বৈশ্বানর—যাস্ক বৈশ্বানর শব্দের বুৎপত্তি সম্বন্ধে বলেন, সকল মানুষকে ইনি লইয়া যান—বিশ্বনরের ইনি নেতা। অগ্নি বিশ্বনরকে অর্থাৎ সকল মানুষকে অন্তলোকে লইয়া যান। অথবা, বিশ্বনর ইঁহার নেতা—সকল মানুষ বৈশ্বানর অগ্নিকে (=পার্থিব অগ্নিকে) নানাবিধ কর্মে নিযুক্ত করে। অথবা, তিনি বিশ্বানর যিনি সর্বভূতে প্রবিষ্ট তাঁহার অপত্য। বিশ্বানর=প্রাণাখ্য বায়ু। তাঁহার অপত্য=বৈশ্বানর। আত্মবিদ্‌গণের মতে বৈশ্বানর—আত্মা। ইন্দ্র, আদিত্য, বায়ু আকাশ, উদক, পৃথিবী প্রভৃতিও বৈশ্বানর নামে অভিহিত। নৈরুক্ত আচার্যগণ মনে করেন—মধ্যমাগ্নি বা বিদ্যুৎই বৈশ্বানর। বর্ষণক্রিয়ার দ্বারা ইঁহার স্তুতি করা হয়। যজ্ঞে দ্যুলোক সম্বন্ধীয় স্তোত্রপাঠে বৈশ্বানর সূক্ত পাঠ করা হয় বলিয়া যাজ্ঞিকগণ মনে করেন, দ্যুলোকদেবতা আদিত্যই বৈশ্বানর। ব্রাহ্মণগ্রন্থে আদিত্যকেই বৈশ্বানর বলা হইয়াছে। শাকপূণি বলেন, এই পার্থিব অগ্নিই বৈশ্বানর। মধ্যমাগ্নি বিদ্যুৎ ও উত্তমাগ্নি আদিত্যকেও বিশ্বানর বলা হয় যেহেতু পার্থিবাগ্নি বৈশ্বানর এই দুই হইতে উৎপন্ন। বৈশ্বানর সম্বন্ধে বিশদ বিবরণের জন্য নি. ৭.২১—৩১ দ্রষ্টব্য।

দৃষ্টান্তবিশেষণম্। জনান্ যযন্থ অধারয়ঃ। তত্র দৃষ্টান্তঃ। উপমিৎ উপনিখাতা স্থূণেব। বংশধারণার্থং নিখাতঃ স্তম্ভঃ যথা গৃহোপরিস্থং বংশং ধারয়তি তদ্বৎ ॥ ১ ॥

বৈশ্বানরঃ। বিশ্বে চেমে নরা বিশ্বানরাঃ। নরে সংজ্ঞায়াম্ (পা. ৬.৩ ১২৯) ইতি পূর্বপদস্য দীর্ঘঃ। তৎসম্বন্ধী বৈশ্বানরঃ। 'তস্যেদম্' ইতি অণ্ ॥ (সা.) ॥ বৈশ্বানরঃ কস্মাৎ। বিশ্বান্ নরান্নয়তি··· প্রত্যৃতঃ সর্বাণি ভূতানি তস্য বৈশ্বানরঃ·· তৎ কো বৈশ্বানরঃ। মধ্যমা ইত্যাচার্য্যাঃ। বর্ষকর্মণা হ্যেনং স্তৌতি।··· অথাসাবাদিত্য ইতি পূর্বে যাজ্ঞিকাঃ। ···অয়মেবাগ্নির্বৈশ্বানর ইতি শাকপূণিঃ। বিশ্বানরাবেতে উত্তরে জ্যোতিষী বৈশ্বানরোঽয়ং যত্তাভ্যাং জায়তে ॥ (নি. ৭.২৩)॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মূর্ধা দিবো নাভিরগ্নিঃ পৃথিব্যা অথাভবদরতী রোদস্যোঃ ।

তং ত্বা দেবাসোঽজনয়ন্ত দেবং বৈশ্বানর

জ্যোতিরিদার্যায় ॥২॥

পদবিভাগ। মূর্ধা দিবঃ নাভিঃ অগ্নিঃ পৃথিব্যাঃ অথ অভবৎ অরতিঃ রোদস্যোঃ তম্ ত্বা দেবাসঃ অজনয়ন্ত দেবম্ বৈশ্বানর জ্যোতিঃ ইৎ আর্যায়।

অন্বয়।[১] [অয়ম্] অগ্নিঃ (এই অগ্নি) দিবঃ (দ্যুলোকের) মূর্ধা (মস্তক); পৃথিব্যাঃ নাভিঃ (পৃথিবীর নাভি=রক্ষক); অথ (অনন্তর) রোদস্যোঃ (দ্যু ও পৃথিবীর) অরতিঃ (অধিপতি) অভবৎ (হন); বৈশ্বানর (হে বৈশ্বানর) তম্ দেবম্ ত্বা (এইরূপ গুণযুক্ত দেবতা তোমাকে) দেবাসঃ (সকল দেবতা) আর্যায় (বিদ্বান্ মনুষ্যগণের জন্য অথবা যজমানের জন্য) জ্যোতিঃ ইৎ (জ্যোতিরূপে) অজনয়ন্ত (উৎপন্ন করিয়াছেন)।

অনুবাদ। এই অগ্নি দ্যুলোকের মস্তকস্বরূপ, পৃথিবীর নাভিস্বরূপ, তারপর হন দ্যুলোক ও ভূলোকের অধিপতি। হে বৈশ্বানর, দেবতা তোমাকে, সকল দেবতা আর্য বিদ্বান্ মানুষের জন্য জ্যোতিরূপে উৎপন্ন করিয়াছেন।

---

১ **সায়ণভাষ্য।** অয়ম্ অগ্নিঃ দিবঃ দ্যুলোকস্য মূর্ধা শিরোবৎপ্রধানভূতো ভবতি। পৃথিব্যাঃ ভুমেশ্চ নাভিঃ সন্নাহকঃ রক্ষক ইত্যর্থঃ। অথ অনন্তরং রোদস্যোঃ দ্যাবাপৃথিব্যোঃ অয়ম্ অরতিঃ অধিপতিঃ অভবৎ। হে বৈশ্বানর তং তাদৃশং দেবং দানাদিগুণযুক্তং ত্বা ত্বাং দেবাসঃ সর্বে দেবাঃ আর্যায় বিদুষে মনবে যজমানায় বা জ্যোতিরিৎ জ্যোতীরূপমেব অজনয়ন্ত উদপাদয়ন্ ॥ ২ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

আ সূর্যে ন রশ্ময়ো ধ্রুবাসো বৈশ্বানরে দধিরেঽগ্না বসূনি।

যা পর্বতেষ্বোষধীষ্বপ্‌সু যা মানুষেষ্বসি তস্য রাজা ॥৩॥

পদবিভাগ। আ সূর্যে ন রশ্ময়ঃ ধ্রুবাসঃ বৈশ্বানরে দধিরে অগ্না বসূনি যা পর্বতেষু ওষধীষু অপ্‌-সু যা মানুষেষু অসি তস্য রাজা।

অন্বয়।[1] সূর্যে ন রশ্ময়ঃ ধ্রুবাসঃ (রশ্মিগণ যেমন নিশ্চিতভাবে সূর্যে আশ্রিত) [সেইরূপ] বৈশ্বানরে অগ্না (বৈশ্বানর অগ্নিতে) বসূনি আ দধিরে (সকল ধন স্থাপিত); যা (=যানি = যে ধনসমূহ) পর্বতেষু ওষধীষু অপ্‌সু (পর্বতে ওষধিতে জলরাশিতে) যা মানুষেষু (যে ধন মানুষের মধ্যে) তস্য (তাহার) রাজা (রাজা) অসি (তুমি হও)।

অনুবাদ। রশ্মিগণ যেমন নিশ্চিতরূপে সূর্যে আশ্রিত, এই বৈশ্বানর অগ্নিতেও তেমনি সকল ধন স্থাপিত। যে ধন পর্বতে, যে ধন ওষধিতে, যে ধন জলরাশিতে, যে ধন মানুষের মধ্যে, হে অগ্নি, তুমি তার রাজা।

শব্দ। অগ্না (বৈদিক) = অগ্নৌ (লৌকিক)। অগ্নিতে।

বৃহতী ইব সূনবে রোদসী গিরো হোতা মনুষ্যো৩ ন দক্ষঃ।

স্বর্বতে সত্যশুষ্মায় পূর্বীর্বৈশ্বানরায় নৃতমায় যহ্বীঃ ॥৪॥

পদবিভাগ। বৃহতী ইব সূনবে রোদসী গিরঃ হোতা মনুষ্যঃ ন দক্ষঃ স্বঃ-বতে সত্য-শুষ্মায় পূর্বীঃ বৈশ্বানরায় নৃ-তমায় যহ্বীঃ।

---

১ **সায়ণভাষ্য।** অগ্না বৈশ্বানরে অগ্নৌ যা যানি বসূনি ধনানি আ দধিরে। আহিতানি স্থাপিতানি বভূবুঃ। দৃষ্টান্তঃ। ধ্রুবাসঃ নিশ্চলাঃ রশ্ময়ঃ কিরণাঃ সূর্যে ন যথা সূর্যে আধীয়ন্তে তদ্বৎ। অতস্ত্বং পর্বতাদিষু যা যানি ধনানি বিদ্যন্তে তস্য ধনজাতস্য রাজা অসি অধিপতির্ভবসি ॥ ৩ ॥

অগ্না। 'সুপাং সুলুক্' ইতি বিভক্তেঃ ডাদেশঃ (স.)॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অন্বয়।[১] হোতা দক্ষ: (এই হোতা অগ্নি দক্ষ / সমর্থ) মনুষ্যঃ ন (মানুষ যেমন) পূর্বীঃ যহ্বীঃ গিরঃ (বহুবিধ মহতী স্তুতিসমূহ অগ্নির উদ্দেশ্যে উচ্চারণের দ্বারা অগ্নিকে বর্ধন করে) রোদসী (দ্যুলোক ও পৃথিবী) স্বর্বতে (শোভনগমনযুক্ত) সত্যশুষ্মায় (সত্যবল) নৃতমায় (শ্রেষ্ঠ নেতা) সূনবে (পুত্র) বৈশ্বানরায় (বৈশ্বানর অগ্নির জন্য) বৃহতী ইব (সেইরূপ বৃহৎ হইয়া উঠিল)।

অনুবাদ। এই হোতা অগ্নি দক্ষ। মানুষেরা যেমন বহুবিধ মহতী স্তুতির দ্বারা অগ্নিকে বৃহৎ করে, দ্যুলোক ও ভূলোক শোভনগামী সত্যবল শ্রেষ্ঠ নেতা পুত্র বিশ্বানরের জন্য সেইভাবে বৃহৎ হইয়া উঠিল।

দিবশ্চিৎ তে বৃহতো জাতবেদো বৈশ্বানর প্র রিরিচে মহিত্বম্।

রাজা কৃষ্টীনামসি মানুষীণাং যুধা দেবেভ্যো বরিবশ্চকর্থ ॥৫॥

পদবিভাগ। দিবঃ চিৎ তে বৃহতঃ জাত-বেদঃ বৈশ্বানর প্র রিরিচে মহি-ত্বম্ রাজা কৃষ্টীনাম্ অসি মানুষীণাম্ যুধা দেবেভ্যঃ বরিবঃ চকর্থ।

অন্বয়।[২] জাতবেদঃ (হে জাতবেদা) বৈশ্বানর (হে বৈশ্বানর অগ্নি) তে (তোমার) মহিত্বম্ (মাহাত্ম্য) বৃহতঃ দিবঃ চিৎ (মহান্ দ্যুলোক হইতেও) প্র রিরিচে (অধিক হয় বা বৃদ্ধিলাভ করে), মানুষীণাম্

---

১ **সায়ণভাষ্য।** রোদসী দ্যাবাপৃথিব্যৌ সূনবে স্বপুত্রায় বৈশ্বানরায় বৃহতী ইব প্রভূতে ইব অভূতাম্। বৈশ্বানরস্য দ্যাবাপৃথিব্যোঃ পুত্রত্বং মন্ত্রান্তরে স্পষ্টমবগম্যতে—'উভা পিতরা মহয়ন্নজায়তাগ্নির্দ্যাবাপৃথিবী ভূরিরেতসা' (ঋ. ৩।৩।১১) ইতি। মহতো বৈশ্বানরস্য অবস্থানায় দ্যাবাপৃথিব্যৌ বিস্তৃতে জাতে ইত্যর্থঃ। কিঞ্চায়ং হোতা দক্ষঃ সমর্থঃ পূর্বীঃ বহুবিধাঃ যহ্বীঃ মহতীঃ গিরঃ স্তুতীঃ বৈশ্বানরায় অগ্নয়ে প্রাযুঙ্‌ক্তেতি শেষঃ। কীদৃশায়। স্বর্বতে শোভনগমনযুক্তায় সত্যশুষ্মায় অবিতথবলায় নৃতমায় অতিশয়েন সর্বেষাং নেত্রে। তত্র দৃষ্টান্তঃ। মনুষ্যো ন। যথা মনুষ্যো লৌকিকো বন্দী দাতারং প্রভুং বহুবিধয়া স্তুত্যা স্তৌতি তদ্বৎ ॥ ৪ ॥

[সায়ণের মতে—মনুষ্যঃ ন = বন্দনাকারী যেমন দাতাপ্রভুকে নানাভাবে স্তব করে সেইরূপ]।

২ **সায়ণভাষ্য।** হে জাতবেদঃ জাতানাং বেদিতঃ বৈশ্বানর অগ্নে তে তব মহিত্বং মাহাত্ম্যং বৃহতঃ মহতঃ দিবশ্চিৎ দ্যুলোকাদপি প্র রিরিচে প্রববৃধে। কিঞ্চ ত্বং মানুষীণাং মনোর্জাতানাং কৃষ্টীনাং প্রজানাং রাজা

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কৃষ্টীনাম্ (মনু হইতে জাত প্রজাগণের) রাজা অসি (রাজা বা অধিপতি হও), বরিবঃ (ধন=অসুরে বা মেঘে নিহিত উদক ধন) যুধা (যুদ্ধের দ্বারা) দেবেভ্যঃ (দেবগণের জন্য=দেবরশ্মিগণের জন্য) চকর্থ (আহরণ করিয়াছ=দেবগণের অধীন করিয়াছ)।

অনুবাদ। হে জাতবেদা, বৈশ্বানর অগ্নি, তোমার মাহাত্ম্য দ্যুলোক হইতেও অধিক, মনুজাত প্রজাগণের তুমি রাজা; দেবরশ্মিগণের জন্য মেঘে নিহিত উদক ধন যুদ্ধের দ্বারা আহরণ করিয়াছ।

শব্দ। **বরিবঃ**—ধননাম (নিঘ ২।১০)। **কৃষ্টি**=মনুষ্য (নিঘ. ২।৩)।

দ্রষ্টব্য। এই সূক্তের প্রথম মন্ত্রে বলা হইয়াছে, 'হে অগ্নি, অন্য সকল অগ্নি তোমার শাখা মাত্র।' বৈশ্বানর শব্দের যে ব্যাখ্যা পূর্বাচার্যগণ দিয়াছেন, তাহাতে ইহার অর্থ এইরূপ হইতে পারে—(১) অগ্নি পরমাত্মা, সকল জীবাত্মারূপ অগ্নি পরমাত্মা হইতে উদ্ভূত। (২) পার্থিবাগ্নিকে একটি একক সত্তা ধরিয়া অন্য সমস্ত পার্থিব তৈজস পদার্থ পার্থিবাগ্নির শাখাপ্রশাখা মাত্র॥

প্র নূ মহিত্বং বৃষভস্য বোচং যং পূরবো বৃত্রহণং সচন্তে।

বৈশ্বানরো দস্যুমগ্নির্জঘন্বাঁ। অধূনোৎ কাষ্ঠা অব

শম্বরং ভেৎ ॥ ৬ ॥

পদবিভাগ। প্র নু মহি-ত্বম্ বৃষভস্য বোচম্, যম্ পূরবঃ বৃত্র-হনম্ সচন্তে বৈশ্বানরঃ দস্যুম্ অগ্নিঃ জঘন্বান্ অধূনোৎ কাষ্ঠাঃ অব শম্বরম্ ভেৎ।

অন্বয়।[১] বৃষভস্য (উদকবর্ষণকারীর=উদকবর্ষী বৈশ্বানরের) মহিত্বম্ (মাহাত্ম্য) নূ (=নু=শীঘ্র) প্রবোচম্ (কীর্তন করিতেছি) যম্ বৃত্রহণম্ (যে বৃত্রহন্তা বৈশ্বানরকে) পূরবঃ (মনুষ্যগণ) সচন্তে (বর্ষণের জন্য সেবা করে), বৈশ্বানরঃ অগ্নিঃ (বৈশ্বানর অগ্নি=মধ্যমাগ্নি বিদ্যুৎ) দস্যুম্ (দস্যুকে=বৃষ্টি-

---

অসি অধিপতির্ভবসি। তথা বরিবঃ অসুরৈরপহৃতং ধনং যুধা যুদ্ধেন দেবেভ্যঃ চকর্থ দেবাধীনমকার্ষীঃ ॥ ৫ ॥

১ **যাস্ক**। প্রব্রবীমি তন্মহিত্বং মাহাভাগ্যং বৃষভস্য বর্ষিতুরপাম্। যঃ পূরবঃ পূরয়িতব্যা মনুষ্যা বৃত্রহণং মেঘহনং সচন্তে বর্ষকামাঃ। দস্যু-র্দস্যতেঃ ক্ষয়ার্থাদুপদস্যন্ত্যস্মিন্ রসা উপদাসয়তি কর্মাণি। তমগ্নির্বৈশ্বানরো

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

প্রতিরোধক মেঘ) শম্বরম্ (মেঘকে) জঘন্বান্ (পুনঃ পুনঃ তাড়না করিয়া) ভেৎ (বিদীর্ণ করিয়াছেন) [এবং] কাষ্ঠাঃ (উদকরাশি) অবাধূনোৎ (নিম্নাভিমুখী করিয়াছেন বা বর্ষিত করিয়াছেন)। [দুর্গাচার্য ও সায়ণের মতে 'অব' উপসর্গ 'ভেৎ' ক্রিয়াপদের সঙ্গে সম্বন্ধযুক্ত। অবভেৎ। অধূনোৎ]।

অনুবাদ। উদকবর্ষী বৈশ্বানরের মাহাত্ম্য আমি এখনই কীর্তন করিতেছি, যে বৃত্রহন্তা বৈশ্বানরকে মানুষেরা বর্ষণের জন্য সেবা করে। বৈশ্বানর অগ্নি (বিদ্যুৎ) দস্যু মেঘকে বারবার তাড়না করিয়া বিদীর্ণ করিয়াছেন এবং জলরাশিকে বর্ষিত করিয়াছেন।

দ্রষ্টব্য। যাস্কের মতে—এই মন্ত্রে বৈশ্বানর=মাধ্যমিক অগ্নি বিদ্যুৎ (নিঃ ৭।২২-২৩ দ্র.)।

বৈশ্বানরো মহিম্না বিশ্বকৃষ্টির্ভরদ্বাজেষু যজতো বিভাবা।

শাতবনেয়ে শতিনীভিরগ্নিঃ পুরুণীথে জরতে সূনৃতাবান্ ॥৭॥

পদবিভাগ। বৈশ্বানরঃ মহিম্না বিশ্ব-কৃষ্টিঃ ভরৎ-বাজেষু যজতঃ বিভা-বা শাত-বনেয়ে শতিনীভিঃ অগ্নিঃ পুরু-নীথে জরতে সূনৃতা-বান্।

অন্বয়। বৈশ্বানরঃ (বৈশ্বানর) মহিম্না (মহত্ত্বের দ্বারা) বিশ্বকৃষ্টিঃ (সকল মানুষের মধ্যে নিবাসকারী) ভরদ্বাজেষু (পুষ্টিকর-অন্নযুক্ত যজ্ঞে) যজতঃ (যষ্টব্য/যজনীয়) বিভাবা (বিশেষরূপে প্রকাশয়িতা/দীপ্তিমান্) সূনৃতাবান্

ঘ্নন্নবাধুনোদপঃ কাষ্ঠা অভিনৎ শম্বরং মেঘম্॥ অথাসাবাদিত্য ইতি পূর্বে যাজ্ঞিকাঃ॥ (নি. ৭।২৩)॥

সায়ণভাষ্য। অত্র বৈশ্বানরশব্দেন মধ্যমস্থানস্থো বৈদ্যুতোঽগ্নিরভিধীয়তে। পূরবঃ ইতি মনুষ্যনাম। পূরবঃ মনুষ্যাঃ বৃত্রহণম্ আবরকস্য মেঘস্য হন্তারং যং বৈশ্বানরং সচন্তে বর্ষার্থিন সেবন্তে তস্য বৃষভস্য অপাং বর্ষিতুর্বৈশ্বানরস্য মহিত্বং মাহাত্ম্যং নু ক্ষিপ্রং প্র বোচং প্রব্রবীমি। কিং তদিত্যত আহ। অয়ং বৈশ্বানরঃ অগ্নিঃ দস্যুং রসানাং কর্মণাং বা উপক্ষপয়িতারং রাক্ষসাদিকং জঘন্বান্ হতবান্। তথা কাষ্ঠাঃ অপো বৃষ্ট্যুদকানি অধূনোৎ অধোমুখ্যান্যপাতয়ৎ। শম্বরং তন্নিরোধকারিণং মেঘম্ অব ভেৎ অবাভিনৎ॥ ৬॥

১ **সায়ণভাষ্য।** বৈশ্বানরঃ অগ্নিঃ মহিম্না মহত্ত্বেন বিশ্বকৃষ্টিঃ। কৃষ্টিঃ ইতি মনুষ্যনাম। বিশ্বে সর্বে মনুষ্যা যস্য স্বভূতাঃ স তথোক্তঃ। ভরদ্বাজেষু পুষ্টিকরহবির্লক্ষণান্নবৎসু যাগেষু যদ্বা এতৎসংজ্ঞেষু ঋষিষু যজতঃ যষ্টব্যঃ বিভাব

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(প্রিয়সত্য বাক্‌যুক্ত) অগ্নিঃ (অগ্নি) শাতবনেয়ে পুরুনীথে (অগ্নিসম্বন্ধি শতস্তবযুক্ত সমবেত সঙ্গীতে) শতিনীভিঃ (শত=বহু। বহুস্তবের দ্বারা) স্তূয়তে (স্তুত হন)।

অনুবাদ। মহত্ত্বের দ্বারা সকল মানুষের মধ্যে নিবাসকারী, পুষ্টিকর অন্নযুক্ত যজ্ঞে যজনীয়, দীপ্তিমান্, প্রিয় সত্যবাকৃযুক্ত বৈশ্বানর অগ্নিদেব বহুস্তবযুক্ত সমবেত সঙ্গীতে বহুস্তবের দ্বারা স্তুত হন।

শব্দ। **বিশ্বকৃষ্টিঃ**—কৃষ্টি=মনুষ্য (নিঘ. ২।৩)। সকল মনুষ্য যাঁহার স্বভৃত তিনি। **ভরদ্বাজেষু**—ভোক্তাকে ভরণ করে বা পোষণ করে তাদৃশ বাজ বা অন্ন যাহাতে। **শাতবনেয়ে**—শত অর্থাৎ বহু যজ্ঞকে বা স্তবকে কামনা করেন=শতবনি=অগ্নি। শতবনি সম্বন্ধযুক্ত—শাতবনেয়। সায়ণের মতে শতবনির পুত্র শাতবনেয়। **পুরুনীথে**—নীথ=নেতা, সঙ্গীত। বহুর নেতা অগ্নি। বহুদ্বারা গীত সঙ্গীত=সমবেত সঙ্গীত। পুরুণীথ=পুরুনীথ। ন-স্থানে ণ (প.।৮।৪।৩)। **শতিনীভিঃ**—শতিনঃ=শত। পাদটীকা দ্রষ্টব্য ॥

সায়ণের মতে—'শাতবনেয়ে শতিনীভিঃ পুরুণীথে জরতে'=শত সংখ্যক যজ্ঞকে সম্ভজনা করেন যিনি সেই শতবনির পুত্র শাতবনেয়ের যজ্ঞে এবং বহুর নেতা পুরুণীথ নামক রাজার যজ্ঞে অগ্নি বহুস্তবের দ্বারা স্তুত হন।

বিশেষেণ প্রকাশয়িতা স্নূনৃতাবান্। স্নূনৃতা প্রিয়া সত্যা বাক্ তদ্‌যুক্তঃ। এবম্ভূতঃ অগ্নিঃ শাতবনেয়ে। শতসংখ্যাকান্ ক্রতূন্ বনতি সম্ভজতে ইতি শতবনিঃ তস্য পুত্রঃ শাতবনেয়ঃ। তস্মিন্ পুরুণীথে বহূনাং নেতরি এতৎ-সংজ্ঞকে রাজনি চ শতিনীভিঃ বহুভিঃ স্তুতিভিঃ জরতে স্তূয়তে ॥ ৭ ॥

শব্দ। **শাতবনেয়**—অগ্নের্ঢক্=আগ্নেয় (পা. ৪।২।৩৩)। অগ্নিদেবতা বিষয়ে=আগ্নেয়। অগ্নিশব্দাদ্ ঢক্ প্রত্যয়ো ভবতি সাস্য দেবতেত্যস্মিন্ বিষয়ে—(কাশিকা)। সুতরাং শতবনি শব্দের উত্তর ঢক্ প্রত্যয় করিলে শাতবনেয় শব্দের অর্থ হইবে শতবনি বিষয়ে। সায়ণ পুত্রার্থে ঢক্-প্রত্যয়ে শব্দটি নিষ্পন্ন করিয়া অর্থ করিয়াছেন—শতবনির পুত্র—ইন্‌সর্বধাতুভ্যঃ ইতি ইন্‌প্রত্যয়ঃ। শতবনিশব্দঃ। 'ইতশ্চানিঞঃ' (পা. ৪।১।১২২) ইতি ঢক্ (সা.)। **বিশ্বকৃষ্টিঃ**—dwelling among all men; kind to all men—R. V. (M. W.)। **ভরদ্বাজেষু**—ভরন্তি পোষয়ন্তি ভোক্তৄনিতি ভরন্তঃ। তাদৃশা বাজা যেষু। (সা.)। **পুরুনীথ**—নীথ leading or a leader; music (M. W.)। পুরুনীথ—Song for many voices; choral song (M. W.)। **শতিনীভিঃ**—শতিন্ Consisting of hundreds; শতিনীভিঃ (indl.) in a hundred manners—R. V. (M. W.)। শতশব্দাৎ মত্বর্থীয় ইনিঃ। ঋন্নেভ্যো ঙীপ্ (পা ৪।১।৫) ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

১ মণ্ডল : ১১ অনুবাক : ৬০ সূক্ত

দেবতা—অগ্নি। **ঋষি**—নোধা। **ছন্দ**—ত্রিষ্টুপ্।

বিনিয়োগ—প্রাতরনুবাকের আগ্নেয় ক্রতুতে এবং আশ্বিনশস্ত্রে এই সূক্তের বিনিয়োগ হয় (আ. শ্রৌ. ৪।১৩)।

বহ্নিং যশসং বিদথস্য কেতুং সুপ্রাব্যং দূতং সদ্যোঅর্থম্।
দ্বিজন্মানং রয়িমিব প্রশস্তং রাতিং ভরদ্ ভৃগবে মাতরিশ্বা ॥১॥

পদবিভাগ। বহ্নিম্ যশসম্ বিদথস্য কেতুম্ সুপ্র-অব্যম্ দূতম্ সদ্যঃ-অর্থম্ দ্বি-জন্মানম্ রয়িম্-ইব প্র-শস্তম্ রাতিম্ ভরৎ ভৃগবে মাতরিশ্বা।

অন্বয়। মাতরিশ্বা (মাতরিশ্বা বায়ু) ভৃগবে (ভৃগুর জন্য=সোমসম্পাদক মাধ্যমিক জ্যোতি ভৃগুর জন্য) বহ্নিম্ (হবির্বহনকারী) যশসম্ (যশস্বী) বিদথস্য কেতুম্ (যজ্ঞের ধ্বজা বা প্রকাশয়িতা) সুপ্রাব্যম্ (শোভনরক্ষাকারী) দূতম্ (দেবদূত) সদ্যো অর্থম্ (সদ্য গমনশীল=অগ্নিতে আহুতি দানমাত্রই দেবোদ্দেশ্যে গমনকারী) দ্বিজন্মানম্ (দ্বিজন্মা=দুই অরণিকাষ্ঠজাত অথবা দ্যাবাপৃথিবীজাত) রয়িম্ ইব প্রশস্তম্ (ধনের ন্যায় প্রখ্যাত) রাতিম্ (দানকে/মিত্রকে=অগ্নিরূপ মিত্রকে) ভরৎ (আহরণ করিলেন)।

সায়ণভাষ্য। বহ্নিং হবিষাং বোঢ়ারং যশসং যশস্বিনং বিদথস্য কেতুং যজ্ঞস্য প্রকাশয়িতারং সুপ্রাব্যং সুষ্ঠু প্রকর্ষেণ রক্ষিতারং দূতং দেবৈর্হবির্বহনলক্ষণে দূত্যে নিযুক্তং সদ্যোঅর্থং যদা হবীংষি জুহ্বতি সদ্যস্তদানীমেব হবির্ভিঃ সহ দেবান্ গন্তারম্। যদ্বা। সদ্যঃ অর্থম্ অরণং গমনং যস্য তম্। দ্বিজন্মানং দ্বয়োর্দ্যাবা-পৃথিব্যোররণ্যোর্বা জায়মানং রয়িমিব ধনমিব প্রশস্তং প্রখ্যাতম্ এবম্ভূতমগ্নিং মাতরিশ্বা বায়ুঃ ভৃগবে এতৎসংজ্ঞকায় মহর্ষয়ে রাতিং ভরৎ মিত্রমহরৎ। অকরোদিত্যর্থঃ। 'রাতিনা সম্ভাষ্য' (আপ. গৃ. ১২।১৪) ইত্যত্র রাতির্মিত্রমিতি কপর্দিনোক্তম্। রাতিঃ পুত্র ইত্যেকে। এতদর্থপ্রতিপাদকং মন্ত্রান্তরং চ ভবতি—'রাতিং ভৃগূণামুশিজং কবিক্রতুম্ (ঋ. ৩।২।৪) ইতি ॥ ১ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অনুবাদ। মাতরিশ্বা বায়ু সোমসম্পাদক মাধ্যমিক জ্যোতি ভৃগুর জন্য হবির্বহনকারী, যশস্বী, যজ্ঞের কেতু, সুরক্ষক, দেবদূত, দেবোদ্দেশ্যে সদ্যগামী, দ্বিজন্মা, ধনের ন্যায় প্রখ্যাত অগ্নিরূপ মিত্রকে আহরণ করিলেন।

শব্দ। **ভৃগবে**—যাস্ক বলেন, ভৃগুগণ মাধ্যমিক দেবতা যাঁহারা সোমনিষ্পাদক অর্থাৎ অন্তরিক্ষে অবস্থানকারী সোম বা উদকপ্রস্তুতকারী জ্যোতিঃপুঞ্জ। (নি. ১১।১৯)। ভৃগু মনুষ্যঋষিও হইতে পারেন। সায়ণ বলেন—মাতরিশ্বা বায়ু ভৃগু ঋষির জন্য অগ্নিকে মিত্র করিলেন। **মাতরিশ্বা**—মাতৃশব্দের অর্থ অন্তরিক্ষ যেহেতু অন্তরিক্ষ বা আকাশ সকল বস্তুর নির্মাতা। বায়ু মাতরিশ্বা—অন্তরিক্ষে অপ্রতিহত গতি অথবা শীঘ্রগতিযুক্ত। (নি. ৭।২৬)॥ বর্ষণকর্মের জন্য এবং জীবের কারণে মাতরিশ্বা বায়ু বৈশ্বানরকে অর্থাৎ পার্থিব অগ্নিকে দ্যুলোক হইতে আহরণ করেন (ঋ. ৬।৮।৪) এইরূপ মন্ত্র আছে।

সুপ্রাব্যম্—সুষ্ঠু (সু) ও প্রকৃষ্টরূপে (প্র) রক্ষাকারী (অব্য)। সু+প্র+অব্যম্। **সদ্যঃ অর্থম্**—সদ্য = তৎক্ষণাৎ। অর্থম্ = গমনকারী। ঋ ধাতু (গতি অর্থে)+থন্ = অর্থ। **বিদথস্য** -বিদথঃ = যজ্ঞ (নিঘ. ৩।১৭)।

অস্য শাসুরুভয়াসঃ সচন্তে হবিষ্মন্ত উশিজো যে চ মর্তাঃ।

দিবশ্চিৎ পূর্বো ন্যসাদি হোতাঽঽপৃচ্ছ্যো বিশ্‌পতির্বিক্ষু

বেধাঃ॥ ২॥

পদবিভাগ। অস্য শাসুঃ উভয়াসঃ সচন্তে হবিষ্মন্তঃ উশিজঃ যে চ মর্তাঃ দিবঃ চিৎ পূর্বঃ নি অসাদি হোতা আ-পৃচ্ছ্যঃ বিশ্‌পতিঃ বিক্ষু বেধাঃ।

মাতরিশ্বা। সর্বনির্মাণহেতুত্বাৎ মাতা অন্তরিক্ষম্। শ্বসিতিরত্রগতিকর্মা। মাতরি অন্তরিক্ষে শ্বসিতি গচ্ছতীতি মাতরিশ্বা। শ্বন্নুক্ষন্…ইত্যাদৌ নিপাতনাৎ রূপসিদ্ধিঃ। যদ্বা। মাতরি অন্তরিক্ষে শু আশু অসতি গচ্ছতীতি মাতরিশ্বা। 'অন গতিদীপ্ত্যাদানেষু' ইত্যস্মাৎ ঔণাদিকো ডন্‌প্রত্যয়ঃ। এতচ্চ যাস্কেনোক্তম্ (নি. ৭।২৬) ॥ (সা.) ॥ মাতরি+শু (গতি অর্থে)+অন্ = মাতরিশ্বন্।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অন্বয়।[১] হবিষ্মন্তঃ (হবিযুক্ত) উশিজঃ (কাময়মান দেবগণ) যে চ মর্তাঃ (এবং আর যারা মরণধর্মা মনুষ্যগণ) উভয়াসঃ (উভয়ে) অস্য শাস্থঃ (এই অগ্নির শাসন / অথবা শাসনকর্তা অগ্নির) সচন্তে (সেবা করে) ; আপৃচ্ছ্যঃ (পূজ্য) বিশ্‌পতিঃ (জনপালক) বেধাঃ (বিধাতা=মাতরিশ্বার দ্বারা ধারিত / অথবা অভিমত ফলকর্তা) হোতা (দেবগণের আহ্বাতা / হোমনিষ্পাদক অগ্নি) দিবঃ চিৎ (দ্যুলোক হইতে / অথবা দ্যুলোক হইতেও প্রাচীন / অথবা আদিত্যের উদয়ের পূর্বে উষাকালে প্রজ্বালিত হইয়া অগ্নিহোত্র হোমের জন্য) বিক্ষু (অন্নকামী মনুষ্যগণের মধ্যে / যজমানগণের মধ্যে) নি অসাদি (আসিয়া স্থাপিত হন / অধ্বর্যুগণ কর্তৃক অগ্ন্যাধারে স্থাপিত হন)।

অনুবাদ। হবিযুক্ত কাময়মান দেবগণ আর যারা মর্ত্যের মানুষ উভয়ে এই অগ্নির শাসনকে সেবা করে ; পূজ্য জনপালক বিধাতা হোতা দ্যুলোক হইতে অন্নকামী মানুষদের মধ্যে উষার পূর্বেই আসিয়া আসন গ্রহণ করেন। [মাতরিশ্বা বায়ু অগ্নিকে দ্যুলোক হইতে আহরণ করেন পূর্বমন্ত্রে উল্লিখিত]।

দ্রষ্টব্য। অন্বয় অংশে ভাষ্যমত ও ব্যাখ্যা দ্রষ্টব্য।

শব্দ। **আপৃচ্ছ্যঃ**—আ+প্রচ্ছ ধাতু জ্ঞানেচ্ছা অর্থে। যাঁহার কুশল জিজ্ঞাসা বা কামনা করা হয় ; পূজ্য।

---

১ **বেঙ্কট।** অস্য শাসনম্ উভয়ে সেবন্তে হবিষ্মন্তঃ উশিজঃ দেবাঃ। যে চ মর্তাঃ। সোঽয়ম্ দিবঃ অপি প্রত্নঃ হোতা আপ্রষ্টব্যঃ বিশাং স্বামী নৃষু স্থাপিতো মাতরিশ্বনা বিধাতা ইতি ॥ ২ ॥

সায়ণভাষ্য। শাস্থঃ শাসিতুঃ অস্য অগ্নেঃ উভয়াসঃ উভয়েঽপি দেবা মনুষ্যাশ্চ। যদ্বা। স্তুতিভিঃ স্তোতারো যজ্ঞৈর্যজমানাশ্চ ইমমগ্নিং শাসিতারং সচন্তে সেবন্তে। উশিজঃ কাময়মানা দেবাঃ হবিষ্মন্তঃ হবিষা যুক্তাঃ যে চ মর্তাঃ মরণধর্মাণো যজমানাঃ। যদ্বা। উশিজঃ ইতি মেধাবিনাম। উশিজঃ মেধাবিনঃ স্তোতারঃ হবিষ্মন্তঃ হবির্যুক্তাঃ মর্তাঃ যজমানাঃ। কিঞ্চ অয়ং হোতা হোমনিষ্পাদকোঽগ্নিঃ দিবশ্চিৎ আদিত্যাদপি পূর্বঃ উষঃসু বর্তমানো ভূত্বা অগ্নিহোত্রহোমার্থং বিক্ষু যজমানেষু ন্যসাদি অধ্বর্যুণা অগ্ন্যায়তনে ন্যধায়ি স্থাপ্যতে। কীদৃশো হোতা। আপৃচ্ছ্যঃ আপ্রষ্টব্যঃ পূজ্য ইত্যর্থঃ। বিশ্‌পতিঃ বিশাং প্রজানাং পালয়িতা বেধাঃ বিধাতাভিমতফলস্য কর্তাঃ ॥ ২ ॥

শাস্থঃ। শাসু অনুশিষ্টৌ ॥ উশিজঃ। বশঃ কিৎ ॥ মর্তাঃ। মৃঙ্ প্রাণত্যাগে ॥ আপৃচ্ছ্যঃ। প্রচ্ছ জ্ঞীপ্সায়াম্ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

তং নব্যসী হৃদ আ জায়মানমস্মৎ সুকীর্তির্মধুজিহ্বমশ্যাঃ।

যমৃত্বিজো বৃজনে মানুষাসঃ প্রযস্বন্ত আয়বো জীজনন্ত ॥ ৩॥

পদবিভাগ। তম্ নব্যসী হৃদঃ আ জায়মানম্ অস্মৎ সু-কীর্তিঃ মধু-জিহ্বম্ অশ্যাঃ যম্ ঋত্বিজঃ বৃজনে মানুষাসঃ প্রযস্বন্তঃ আয়বঃ জীজনন্ত।

অন্বয়। যম্ (যাঁহাকে=যে অগ্নিকে) বৃজনে (সংগ্রামে=জীবনসংগ্রামে) ঋত্বিজঃ মানুষাসঃ (ঋতুতে ঋতুতে কালে কালে যজ্ঞকারী ঋত্বিক্ মানুষগণ) প্রযস্বন্তঃ আয়বঃ (অন্নযুক্ত মনুষ্যেরা) জীজনন্ত (উৎপন্ন করেন=যজ্ঞের জন্য এবং অন্নপাকের জন্য উৎপন্ন করেন) তম্ (সেই) মধুজিহ্বম্ (মধুজিহ্ব অগ্নিকে) অস্মৎ (আমাদের) হৃদঃ আ জায়মানম্ (হৃদয় হইতে উৎসারিত / উৎপন্ন) নব্যসী সুকীর্তিঃ (নবতর সুন্দর কীর্তন) অশ্যাঃ (ব্যাপ্ত করুক)।

অনুবাদ। যে অগ্নিকে জীবনসংগ্রামে ঋত্বিক্ মানুষেরা এবং অন্নবান্ মানুষেরা কর্মসাধনের জন্য উৎপন্ন করেন সেই মধুজিহ্ব অগ্নিকে আমাদের হৃদয় হতে উৎসারিত নবতর সংগীত ব্যাপ্ত করুক।

শব্দ। **নব্যসী** (বৈদিক)=নবীয়সী। নবতর। **অশ্যাঃ**—ব্যাপ্তি-অর্থক অশ্ ধাতু লিঙ্ বৈদিক রূপ। **জীজনন্ত**—প্রাদুর্ভাবার্থক জন্ ধাতুর লুঙের রূপ।

সায়ণভাষ্য। নব্যসী নবতরা সুকীর্তিঃ সুষ্ঠু কীর্তয়িত্রী অস্মৎ অস্মাকং স্তুতিঃ হৃদঃ হৃদ্যবস্থিতাৎ প্রাণাৎ জায়মানম্ উৎপদ্যমানম্। অগ্নির্হি বায়োরুৎপদ্যতে বায়ুশ্চ প্রাণ এব। যঃ প্রাণঃ স বায়ুঃ ইত্যাম্নানাৎ। মধুজিহ্বম্ মাদয়িতৃজ্বালম্। এবম্ভূতং তম্ অগ্নিম্ আ অশ্যাঃ আভিমুখ্যেন ব্যাপ্নোতু। বৃজনে সংগ্রামে প্রাপ্তে সতি আয়বঃ মনুষ্যাঃ যম্ অগ্নিং জীজনন্ত যজ্ঞার্থমুদপাদয়ন্। কীদৃশা মনুষ্যাঃ। ঋত্বিজঃ। ঋতৌ কালে যষ্টারঃ মানুষাসঃ মনোঃ পুত্রাঃ। প্রযস্বন্তঃ হবির্লক্ষণান্নোপেতাঃ ॥ ৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

উশিক্ পাবকো বসুর্মানুষেষু বরেণ্যো হোতাঽধায়ি বিক্ষু।

দমূনা গৃহপতির্দম আঁ অগ্নির্ভুবদ্ রয়িপতী রয়ীণাম্ ॥ ৪ ॥

পুস্তকালয় গুরুকুল কাংড়ী বিশ্ববিদ্যালয়

পদবিভাগ। উশিক্ পাবকঃ বসুঃ মানুষেষু বরেণ্যঃ হোতা অধায়ি বিক্ষু দমূনাঃ গৃহ-পতিঃ দমে আ অগ্নিঃ ভুবৎ রয়ি-পতিঃ রয়ীণাম্।

অন্বয়।[১] উশিক্ (কাময়মান) পাবকঃ (শোধক) বসুঃ মানুষেষু (মনুষ্যগণের মধ্যে নিবাসকারী) বরেণ্যঃ (বরণীয়) হোতা (হোতা অগ্নি) বিক্ষু (অন্নকামী মনুষ্যগণের মধ্যে / যজ্ঞকামীদের মধ্যে) অধায়ি (স্থাপিত হন) ; দমূনা (দানমনা) রয়ীণাম্ রয়িপতিঃ (ধনসমূহের অধিপতি) গৃহপতিঃ অগ্নিঃ (গৃহপতি অগ্নি) দমে (গৃহে / যজ্ঞগৃহে) আ ভুবৎ (অবস্থান করেন)।

অনুবাদ। কাময়মান পাবক মানুষের মধ্যে বাসকারী বরণীয় হোতা অগ্নি অন্নকামী মানুষের মধ্যে থাকেন ; সর্বধনের অধিপতি দানমনা গৃহপতি অগ্নি গৃহে থাকেন।

শব্দ। দমূনাঃ—শব্দটি নিঘণ্টুতে পাওয়া যায় (নিঘ. ৪।১)। শব্দটি অনবগত। এই কারণে যাস্ক বিভিন্ন প্রকারে শব্দটির ব্যাখ্যা করিয়াছেন। তিনি বলেন, দমূনাঃ=দমমনাঃ। দমে অর্থাৎ অক্রূরতায় মন যাহার=অক্রূরমনাঃ। অথবা, দানমনাঃ=দানে মন যাহার। অথবা, দমে অর্থাৎ গৃহে যাহার মন=দমমনাঃ। অথবা, দান্তমনাঃ=দান্তে অর্থাৎ জিতেন্দ্রিয় পুরুষে যাহার মন। (নি. ৪।৪)। সায়ণ বলেন, দম ধাতু উপশমার্থক। সুতরাং দমূনাঃ (রাক্ষসাদি) শত্রুদমনে মন যাহার। উণাদি সূত্রানুযায়ী—সপ্তশিখা অগ্নি। **বিক্ষু**—বিশ্ (মানুষ) শব্দের সপ্তমীর বহুবচনের রূপ (মনিয়ের উইলিয়ম্‌স্) ॥

---

১ **বেঙ্কট।** কাময়িতা শোধয়িতা মানুষেষু বাসয়িতা।

সায়ণভাষ্য। উশিক্ কাময়মানঃ পাবকঃ শোধকঃ বসুঃ নিবাসয়িতা বরেণ্যঃ বরণশীলঃ। এবম্ভূতঃ হোতা অগ্নিঃ বিক্ষু যজ্ঞগৃহং প্রবিষ্টেষু মানুষেষু যজমানেষু অধায়ি স্থাপ্যতে। স চ অগ্নিঃ দমূনাঃ রক্ষসাং দমনকরেণ মনসা যুক্তঃ গৃহপতিঃ গৃহাণাং পালয়িতা চ সন্ দমে যজ্ঞগৃহে রয়িপতিঃ ধনাধিপতিঃ আ ভুবৎ আ সমন্তাদ্ ভবতি। ন কেবলমেকস্য রয়েঃ, অপি তু সর্বেষামিত্যাহ রয়ীণাম্ ইতি। যদ্বা। রয়ীণাং মধ্যে উৎকৃষ্টং যদ্ধনং তস্য পতিরিত্যর্থঃ ॥ ৪ ॥

দমূনাঃ দমমনা বা, দানমনা বা, দান্তমনা বা। অপি বা দম ইতি গৃহনাম তন্মনাঃ স্যাৎ। মনো মনোতেঃ ॥ নি. ৪।৪॥ দময়তি রাক্ষসাদিকমিতি দমূনাঃ। দম উপশমে। দমেরূনসিঃ (উ. ৪ ৬৭৪) ইতি ঔণাদিক উনসিপ্রত্যয়ঃ ॥ (সা.) ॥ সপ্তার্চির্দমূনাঃ (উণাদি) ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

তং ত্বা বয়ং পতিমগ্নে রয়ীণাং প্র শংসামো মতিভির্গোতমাসঃ।

আশুং ন বাজম্ভরং মর্জয়ন্তঃ প্রাতর্মক্ষূ ধিয়াবসুর্জগম্যাৎ ॥ ৫ ॥

পদবিভাগ। তম্ ত্বা বয়ম্ পতিম্ অগ্নে রয়ীণাম্ প্র শংসামঃ মতি-ভিঃ গোতমাসঃ আশুম্ ন বাজম্-ভরম্ মর্জয়ন্তঃ প্রাতঃ মক্ষু ধিয়া-বসুঃ জগম্যাৎ।

অন্বয়।[১] অগ্নে (হে অগ্নি) গোতমাসঃ বয়ম্ (গোতমগোত্র আমরা) তম্ রয়ীণাম্ পতিম্ (সেই ধনাধিপতি) বাজম্ভরম্ (অন্নের পোষক) ত্বাম্ (তোমাকে) আশুম্ ন মর্জয়ন্তঃ (অশ্বকে যেমন হস্তদ্বারা মার্জনা করে সেইভাবে স্তোত্রদ্বারা মার্জনাকারী আমরা) মতিভিঃ (স্তোত্রসমূহের দ্বারা) প্র শংসামঃ (প্রকৃষ্টরূপে স্তব করি=স্তোত্রের দ্বারা অগ্নির পৃষ্ঠদেশ মার্জনা করি), ধিয়াবসুঃ (কর্মের দ্বারা প্রাপ্তধন অগ্নিদেব) প্রাতঃ মক্ষু (প্রাতঃকালে শীঘ্র) জগম্যাৎ (আগমন করুন)।

অনুবাদ। হে অগ্নি, অশ্বকে যেমন হস্তদ্বারা মার্জনা করে সেইভাবে গোতমগোত্র আমরা ধনপতি অন্নপোষক তোমাকে স্তোত্রের দ্বারা উত্তম স্তব করি। কর্মের দ্বারা প্রাপ্তধন অগ্নি প্রাতঃকালে (আমাদের কর্ম অভিমুখে) শীঘ্র আগমন করুন।

শব্দ। **আশুম্**=অশ্ব (নিঘ. ১।১৪)। **বাজম্ভরম্**—বাজম্=অন্ন। ভরম্=ভর্তা=পোষক। অগ্নি অন্নের পালক ও পোষক। বাজম্ভর শব্দ অগ্নির বৈদিকী সংজ্ঞা (পা. ৩।২।৪৬)॥

---

১ **সায়ণভাষ্য।** গোতমাসঃ গোতমগোত্রাৎপন্নাঃ বয়ম্। নোধসঃ স্তোতুরেকত্বেঽপি আত্মনি পূজার্থং বহুবচনম্। হে অগ্নে, রয়ীণাম্ ধনানাম্ পতিম্ রক্ষিতারম্ তম্ তাদৃশম্ ত্বা ত্বাম্ মতিভিঃ মননীয়ৈঃ স্তোত্রৈঃ প্র শংসামঃ প্রকর্ষেণ স্তুমঃ। কিং কুর্বন্তঃ। বাজম্ভরম্ বাজস্য হবির্লক্ষণান্নস্য ভর্তারং ত্বাম্ মর্জয়ন্তঃ মার্জয়ন্তঃ। তত্র দৃষ্টান্তঃ। আশুম্ ন অশ্বমিব। যথাঽশ্বমারোহন্তঃ পুরুষাঃ তস্য বহনপ্রদেশং হস্তৈঃ নিমৃজন্তি তদ্বৎ বয়মপি অগ্নের্হবির্বহনপ্রদেশং নিমৃজন্তঃ ইত্যর্থঃ। তথা চ অগ্নিসম্মার্জনপ্রকরণে বাজসনেয়িভিরাম্নাতম্—'অথ মধ্যে তূষ্ণীমেব ত্রিঃ সম্মার্ষ্টি যথা যুক্ত্বা প্রেহি বহেতি ব্রজেদেবমেতদগ্নিং যুক্ত্বোপক্ষিপতি প্রেহি দেবেভ্যো হব্যং বহ' ইতি। ধিয়াবসুঃ কর্মণা বুদ্ধ্যা বা প্রাপ্তধনঃ সোঽগ্নিঃ প্রাতঃ শ্বোভূতস্য অহ্নঃ প্রাতঃকালে মক্ষু শীঘ্রম্ জগম্যাৎ আগচ্ছতু ॥ ৫। **বাজম্ভরম্।** অগ্নেরেষা বৈদিকী সংজ্ঞা। সংজ্ঞায়াং…(পা. ৩।২।৪৬) ইতি খচ্ প্রত্যয়ঃ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Forwarded Free Of Cost, and with the Compliments of the Department of Education, Government of India : New Delhi

১ মণ্ডল : ১১ অনুবাক : ৬১ সূক্ত

দেবতা—ইন্দ্র। ঋষি—নোধা। ছন্দঃ—ত্রিষ্টুপ্।

অস্মা ইদু প্র তবসে তুরায় প্রয়ো ন হর্মি স্তোমং মাহিনায়।

ঋচীষমায়াধ্রিগব ওহমিন্দ্রায় ব্রহ্মাণি রাততমা ॥১॥

পদবিভাগ। অস্মৈ ইৎ উ প্র তবসে তুরায় প্রয়ঃ ন হর্মি স্তোমম্ মাহিনায় ঋচীষমায় অধ্রি-গবে ওহম্ ইন্দ্রায় ব্রহ্মাণি রাত-তমা।

অন্বয়। তবসে (প্রবৃদ্ধ / মহান্) তুরায় (বেগসম্পন্ন / ত্বরমাণ / শত্রু-হিংসাকারী) মাহিনায় (গুণে মহৎ) ঋচীষমায় (স্তুতির উপযুক্ত) অধ্রিগবে (অপ্রতিহতগমন) অস্মৈ ইৎ উ ইন্দ্রায় (এই ইন্দ্রের উদ্দেশ্যেই) প্রয়ঃ ন (অন্নের ন্যায়) ওহম্ (বহনীয় / অতিউৎকৃষ্ট) স্তোমম্ (স্তোত্র) · [এবং] রাততমা ব্রহ্মাণি (পূর্ব যজমানগণের দ্বারা অতিশয় প্রদত্ত হবিরন্ন / অথবা অতিদানযুক্ত হবির্দানকর্ম) প্রহর্মি (নিক্ষেপ করি—উৎসর্গ করি)।

অনুবাদ। মহান্ বেগসম্পন্ন গুণে মহৎ স্তুতির উপযুক্ত অপ্রতিহতগমন এই ইন্দ্রের উদ্দেশ্যেই অন্নের মত উত্তম স্তোত্র আর অতিদানেভরা হবিরন্ন উৎসর্গ করি।

শব্দ। **তুরায়**—ত্বরণার্থক তুর ধাতু, অথবা হিংসার্থক তুর্বী ধাতু হইতে তুর শব্দ নিষ্পন্ন। **হর্মি**—হৃঞ্ ধাতুর বৈদিকরূপ। বেদে একবার মাত্র ব্যবহৃত শব্দ। হৃঞ্ ধাতু হরণার্থক। এইস্থলে 'প্র হর্মি' অংশের অর্থ দেবতার উদ্দেশ্যে উৎসর্গ করি (to offer ; present—মনিয়ের উইলিয়ম্স্)। **মাহিনায়**—মাহিন শব্দ পূজার্থক মহ ধাতু হইতে নিষ্পন্ন। **ঋচীষমায়**—ঋচীষম শব্দ অনবগত (নিঘ. ৪।৩)। যাস্ক বলেন—ঋচীষম=ঋচা সমঃ=ঋক্ বা স্তবের অনুরূপ। ইন্দ্রকে যে কোন ঋকের দ্বারা স্তব করা হোক না কেন তাহা ইন্দ্রের গুণকে অতিক্রম করিতে পারে না। ঐশ্বর্যযোগে ইন্দ্র সকল গুণের অধিকারী বলিয়া ইন্দ্র ঋচীষম অর্থাৎ স্তুতিমন্ত্রের সমান ইন্দ্রের গুণ।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অধ্রিগবে—যাস্কের মতে অধ্রিগু শব্দ। সায়ণের মতে অধ্রিগো শব্দ। উভয় শব্দের চতুর্থীর একবচনের রূপ অধ্রিগবে। অধৃতগমন=অন্যের দ্বারা যাহার গতি নিবারিত হয় না; সর্বদাই গমনশীল। অনেকার্থক শব্দ—মন্ত্র; পশুঘাতক; অগ্নি; ইন্দ্র। **ওহম্**—বহ ধাতু অথবা উহির্ ধাতু হইতে নিষ্পন্ন শব্দ। **রাততমা**—দানার্থক রা-ধাতু+তমপ্। রাততমা=রাততমানি।

পদপাঠ। পদপাঠে ইদু=ইং উঁ। এই সূক্তের অন্তর্গত মন্ত্রগুলির মধ্যে যেখানে 'ইদু' আছে সেখানে পদপাঠ 'ইং উঁ' এইরূপ বুঝিতে হইবে।

সায়ণভাষ্য। ইং উ ইতি নিপাতদ্বয়ং পাদপূরণে। 'অথাপি পাদপূরণাঃ কমীমিদ্বিতি' ইতি যাস্কঃ। যদ্বা অবধারণার্থম্। তরসে প্রবৃদ্ধায় তুরায় ত্বরমাণায়। যদ্বা। তূর্বিত্রে শত্রূণাং হিংসিত্রে। মাহিনায় গুণৈর্মহতে ঋচীষমায় ঋচা সমায়। যাদৃশী স্তুতিঃ ক্রিয়তে তৎসমায়েত্যর্থঃ। অধ্রিগবে অধৃতগমনায়। অপ্রতিহতগমনায়েত্যর্থঃ। তথা চ যাস্কঃ—'অধৃতগমনকর্মবন্নিন্দ্রোঽপ্যধ্রিগুরুচ্যতে' (নি. ৫।১১) ইতি। এবম্ভূতায় অস্মৈ ইন্দ্রায় স্তোমং স্তোত্রং প্র হর্মি প্রহরামি করোমীত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ। প্রয়ো ন। প্রয়ঃ ইতি অন্ননাম। যথা বুভুক্ষিতায় পুরুষায় কশ্চিদন্নং প্রহরতি। কীদৃশং স্তোমম্। ওহং বহনীয়ং প্রাপণীয়ং বা। অত্যন্তোৎকৃষ্টমিত্যর্থঃ। ন কেবলং স্তোমম্ কিং তর্হি ব্রহ্মাণি হবির্লক্ষণানি অন্নানি। কীদৃশানি। রাততমা পূর্বৈর্যজমানৈরতিশয়েন দত্তানি। ইন্দ্র স্তুত্যা হবিষা চ পরিচরেমেতিভাবঃ ॥ ১ ॥

শব্দ। **তুরায়।** তুর ত্বরণে। যদ্বা। তুর্বী হিংসার্থঃ। তুর্বতীতি তুরঃ। পচাদ্যচি ছান্দসো বলোপঃ ॥ **হর্মি।** হৃঞ্ হরণে। বহুলং ছন্দসি ইতি শপো লুক্। প্রহর্মি=প্রভরামি (বে)॥ **মাহিনায়।** মহ পূজায়াম্। মহেরিনণ্ চ (উ. ২১৪)॥ **ঋচীষমায়।** ঋচীষম ঋচা সমঃ (নি. ৬।২৩)। অধিক গুণাধ্যারোপেণাপি কৃতা স্তুতির্নাতিরিচ্যতে ইত্যর্থঃ (দে. য.)। তৃতীয়া তৎকৃতার্থেন গুণবচনেন (পা. ২।১।৩০) ইতি সমাসঃ। পৃষোদরাদিত্বাৎ (পা. ৬।৩।১০৯) ঈকারোপজনঃ। সুষমাদিত্বাৎ (প. ৮।৩।৯৮) ষত্বম্ ॥ **অধ্রিগবে।** অধ্রিগুর্মন্ত্রো ভবতি···। অপি বা প্রশাসনমেবাভিপ্রেতং স্যাৎ তচ্ছব্দবত্ত্বাৎ। 'অধ্রিগো শমীধ্বম্···' (মৈ. সং. ৪।১৩।৪; ঐ. ব্রা. ২।৭)। অগ্নিরপি অধ্রিগুরুচ্যতে।···অধৃতগমন্ কর্মবন্। ইন্দ্রোঽপি অধ্রিগুরুচ্যতে। 'অধ্রিগব ওহমিন্দ্রায়' (ঋ. ১।৬১।১)।—[নি. ৫।১১]॥ অধৃতোঽন্যেন অনিবারিতো গৌর্গমনং যস্য স তথোক্তঃ। "গোস্ত্রিয়োরূপ-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অস্মা ইদু প্রয ইব প্র যংসি ভরাম্যাঙ্গূষং বাধে সুবৃক্তি।

ইন্দ্রায় হৃদা মনসা মনীষা প্রত্নায় পত্যে ধিয়ো মর্জয়ন্ত ॥২॥

পদবিভাগ। অস্মৈ ইৎ উ প্রয়ঃ-ইব প্র যংসি ভরামি আঙ্গূষম্ বাধে সু-বৃক্তি ইন্দ্রায় হৃদা মনসা মনীষা প্রত্নায় পত্যে ধিয়ঃ মর্জয়ন্ত।

অন্বয়।[১] অস্মৈ ইৎ উ (এই ইন্দ্রের উদ্দেশেই) প্রয়ঃ ইব (অন্নের ন্যায়) [স্তোত্র] প্রযংসি (প্রদান করিতেছি) বাধে (বলের নিমিত্ত / শত্রুর বাধনসমর্থ) সুবৃক্তি (সুপ্রযুক্ত) আঙ্গুষম্ (আঘোষণীয় স্তোত্র) ভরামি (সম্পাদন করিতেছি)। প্রত্নায় পত্যে ইন্দ্রায় (পুরাণ পুরুষ ইন্দ্রের জন্য / চিরস্বামী ইন্দ্রের জন্য) হৃদা মনসা মনীষা (হৃদয়ের দ্বারা মনের দ্বারা জ্ঞানের দ্বারা) ধিয়ঃ (কর্মসমূহকে / স্তুতিসমূহকে) [স্তোতাগণ] মর্জয়ন্ত (অলঙ্কৃত করিতেছেন)।

অনুবাদ। এই ইন্দ্রের উদ্দেশেই অন্ন উৎসর্গের মত স্তোত্র উচ্চারণ করিতেছি; বলের জন্য সুপ্রযুক্ত আঘোষস্তোত্র সম্পাদন করিতেছি। পুরাণ পুরুষ ইন্দ্রের জন্য হৃদয় মন ও জ্ঞানের দ্বারা স্তোতাগণ স্তোত্রকে অলঙ্কৃত করিতেছেন।

শব্দ। **বাধে** (বৈদিক শব্দ)—বাধঃ=বল (নিঘ. ২।১৪)। বাধ ধাতুর উত্তর ভাবে কেন্ প্রত্যয়ে 'বাধে' শব্দ নিষ্পন্ন। বলের নিমিত্ত। **আঙ্গূষম্**—যে স্তোত্র আঘোষণীয় (=উচ্চৈঃস্বরে উচ্চার্য) তাহা আঙ্গূষ স্তোত্র (নি. ৫।১১)। **সুবৃক্তি**=সুপ্রযুক্ত (নি. ২।২৪)। **প্রত্নায় পত্যে**—প্রত্ন=পুরাণ। পতি=স্বামী। পুরাণ পুরুষের নিমিত্ত। **মনীষা** (বৈদিক)=মনীষয়া। তৃতীয়া বিভক্তির রূপ।

সর্জনস্য' (পা. ১।২।৪৮) ইতি হ্রস্বত্বম্। পৃষোদরাদিত্বাৎ অধ্রুতশব্দস্য অধ্রিভাবঃ॥ **ওহম্**। বহতেঃ কর্মণি ঘঞি ছান্দসং সম্প্রসারণম্। যদ্বা। 'উহির্ অর্দনে' ইত্যস্মাৎ ওহতেঃ পূর্ববৎ ঘঞ্॥ **রাতত্মা**। রা দানে॥

১ **বেঙ্কট।** অস্মৈ এব অন্নমিব স্তোত্রং প্রযচ্ছামি।

সায়ণভাষ্য। অস্মা ইদু অস্মৈ এব ইন্দ্রায়। প্রয়ঃ ইতি অন্ননাম। প্রয় ইব অন্নমিব প্র যংসি প্রযচ্ছামি। তদেব স্পষ্টীক্রিয়তে। বাধে শত্রূণাং

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অস্মা ইদু ত্যমুপমং স্বর্ষাং ভরাম্যাঙ্গূষমাস্যেন ।

মংহিষ্ঠমচ্ছোক্তিভির্মতীনাং সুবৃক্তিভিঃ সূরিং বাবৃধধ্যৈ ॥৩॥

পদবিভাগ। অস্মৈ ইৎ উ ত্যম্ উপ-মম্ স্বঃ-সাম্ ভরামি আঙ্গূষম্ আস্যেন মংহিষ্ঠম্ অচ্ছোক্তিভিঃ মতীনাম্ সুবৃক্তিভিঃ সূরিম্ ববৃধধ্যৈ ।

অন্বয়।[১] অস্মৈ ইদু (এই ইন্দ্রের জন্যই); ত্যম্ (সেই প্রসিদ্ধ) উপমম্ (উত্তম / উপমানহেতুভূত) স্বর্ষাম্ (সুষ্ঠু ধনদাতা / স্ববিদ্) সূরিম্ (বিপশ্চিৎ / জ্ঞানবান্ ইন্দ্রকে) ববৃধধ্যৈ (বর্ধনের জন্য) মংহিষ্ঠম্ অচ্ছোক্তিভিঃ (উত্তম বা অতিপ্রবৃদ্ধ স্বচ্ছবাক্যের দ্বারা) মতীনাম্ সুবৃক্তিভিঃ (স্তুতিসমূহের সুপ্রয়োগের দ্বারা) আস্যেন আঙ্গূষম্ (স্বীয় মুখের দ্বারা আঘোষস্তোত্রকে) ভরামি (সম্পাদন করি / উচ্চারণ করি)।

অনুবাদ। এই ইন্দ্রের জন্যই; সেই উপমানভূত সুষ্ঠু ধনদাতা সূরি ইন্দ্রের বৃদ্ধির জন্য উত্তম স্বচ্ছবাক্যের দ্বারা স্তোত্রের সুপ্রয়োগের দ্বারা স্বীয় মুখে রচিত আঘোষস্তোত্র (=আঙ্গূষস্তোত্র) উচ্চারণ করি।

শব্দ। **উপমম্**—ইহার দ্বারা উপমিত হয় এই অর্থে উপম শব্দ। **স্বর্ষাম্।** সু+অর্ (=ঋ-ধাতু গতার্থক)=স্বর্+সন্ (=ষণ-ধাতু দানার্থক)+বিট্=স্বর্সা=স্বর্ষা। সুষ্ঠু দাতা। স্ববিদ্। [জন সন প্রভৃতি ধাতু বিট্‌যোগে আকারপ্রাপ্ত হয় এবং অন্ত্যবর্ণ ন্ প্রভৃতি লোপ পায়]।

বাধনায় সমর্থং সুবৃক্তি সুষ্ঠু আবর্জকম্ আঙ্গূষং স্তোত্ররূপমাঘোষং ভরামি সম্পাদয়ামি। অন্যেঽপি স্তোতারঃ প্রত্নায় পুরাণায় পত্যে স্বামিনে ইন্দ্রায় হৃদা হৃদয়েন মনসা তদন্তর্বর্তিনান্তঃকরণেন মনীষা মনীষয়া তজ্জন্যেন জ্ঞানেন চ ধিয়ঃ স্তুতীঃ কর্মাণি বা মর্জয়ন্ত মার্জয়ন্তি সংস্কুর্বন্তি ॥ ২ ॥

আঙ্গূষঃ স্তোম আঘোষঃ (নি. ৫।১১)॥ **বাধে**—বাধৃ বিলোড়নে। কৃত্যার্থে তবৈকেন্কেন্যত্বনঃ (পা. ৩।৪।১৪) ইতি ভাবে কেন্প্রত্যয়ঃ॥ **মনীষা।** সুপাং সুলুক্…ইতি তৃতীয়ায়া ডাদেশঃ॥

১ **সায়ণভাষ্য।** অস্মা ইদু অস্মৈ এব ইন্দ্রায় ত্যং তং প্রসিদ্ধম্ উপমম্ উপমানহেতুভূতং স্বর্ষাং সুষ্ঠু অরণীয়স্য ধনস্য দাতারং সূরিং বিপশ্চিতম্ ইন্দ্রম্ ববৃধধ্যৈ বর্ধয়িতুং সুবৃক্তিভিঃ সুষ্ঠু আবর্জকৈঃ। সমর্থৈরিত্যর্থঃ। মতীনাং স্তুতীনাং

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অচ্ছোক্তিভিঃ—অচ্ছ+উক্তি=অচ্ছোক্তি। অচ্ছ=স্বচ্ছ।

বাবৃধধ্যৈ=ববৃধধ্যৈ (পদপাঠ)। বৃদ্ধি-অর্থক বৃধ ধাতুর উত্তর তুমর্থে কধ্যৈ-প্রত্যয়ে নিষ্পন্ন (বৈদিক শব্দ)।

অস্মা ইদু স্তোমং সং হিনোমি রথং ন তষ্টেব তৎসিনায়।

গিরশ্চ গির্বাহসে সুবৃক্তীন্দ্রায় বিশ্বমিন্বং মেধিরায় ॥৪॥

পদবিভাগ। অস্মৈ ইৎ উ স্তোমম্ সম্ হিনোমি রথম্ ন তষ্টা-ইব তৎ-সিনায় গিরঃ চ গির্বাহসে সু-বৃক্তি ইন্দ্রায় বিশ্বম্-ইন্বম্ মেধিরায়।

অন্বয়।[১] অস্মৈ ইদু (ইহার জন্যই), রথম্ ন তষ্টা ইব (রথ=যজ্ঞ; রথ। তষ্টা=সূর্য; সূত্রধর। সূর্য যেমন নিত্য তক্ষণকার্যের দ্বারা যজ্ঞসম্পন্ন করেন / অথবা, রথনির্মাতা সূত্রধর যেমন রথনির্মাণ করে সেইরূপ) তৎসিনায় (সেই অন্নযুক্ত ইন্দ্রের জন্য) স্তোমম্ (শস্ত্ররূপ স্তোত্র=যজ্ঞে প্রযুক্ত মন্ত্র) সম্ হিনোমি (প্রেরণ করি) [তথা] গির্বাহসে (গির্বাহস্=স্তুতিবাক্য যাহাকে বহন করে সেই ইন্দ্রের জন্য) গিরঃ (স্তবমালা) সুবৃক্তি (সুপ্রযুক্ত=সুন্দররূপে প্রয়োগ করি) চ (এবং) মেধিরায় (যজ্ঞকারী ইন্দ্রের জন্য) বিশ্বমিন্বম্ (সর্বব্যাপ্ত সর্বোৎকৃষ্ট যজ্ঞান্নকে) [প্রেরণ করি]।

সম্বদ্ধিভিঃ অচ্ছোক্তিভিঃ স্বচ্ছৈর্বচোভিঃ মংহিষ্ঠম্ অতিশয়েন প্রবৃদ্ধম্। এবং-লক্ষণম্ আঙ্গূষম্ আঘোষম্ আস্যেন মুখেন ভরামি করোমীত্যর্থঃ ॥ ৩ ॥

উপমম্। উপমীয়তেঽনেনেতি উপমঃ ॥ **স্বর্যাম্।** সুপূর্বাৎ অর্তেঃ বিজন্তঃ স্বরূশব্দঃ। বণু দানে। জনসনখনক্রমগমো বিট্ (পা. ৩।২।৬৭)। বিড্‌বনোরনুনাসিকস্যাৎ (পা. ৬।৪।৪১) ইতি আত্বম্। সনোতেরনঃ (পা. ৮।৩।১০৮) ইতি ষত্বম্ ॥ **অচ্ছোক্তিভিঃ।** অচ্ছা উক্তয়ো যেষাম্। অচ্ছ transparent, clear ॥ **ববৃধধ্যৈ।** বৃধু বৃদ্ধৌ ইত্যস্মাৎ অন্তর্ভাবিত-ণ্যর্থাৎ তুমর্থে সেসেন্…(পা. ৩।৪।৯) ইতি কধ্যৈপ্রত্যয়ঃ ॥

[১] **সায়ণভাষ্য।** অস্মৈ এব ইন্দ্রায় শস্ত্ররূপং স্তোত্রং সং হিনোমি প্রেরয়ামি। তত্র দৃষ্টান্তঃ। তৎসিনায়। সিনম্ ইতি অন্নম্। 'সিনমন্নং ভবতি সিনাতি ভূতানি' (নিঃ ৫।৫) ইতি যাস্কঃ। তেন রথেন সিনমন্নং যস্য স তথোক্তঃ।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অনুবাদ। এই ইন্দ্রের জন্যই ; সূর্য যেমন নিত্য উদয়াস্তরূপ কর্মের দ্বারা বজ্ঞকর্মকে (মানুষের জন্য) প্রেরণ করেন সেইভাবে আমি অন্নবান্ ইন্দ্রের জন্য জন্য (ইন্দ্রের যজ্ঞে) মন্ত্র প্রেরণ করি ; আর স্তব যাঁহাকে বহন করে সেই ইন্দ্রের জন্য স্তবমালা প্রয়োগ করি এবং যজ্ঞকারী ইন্দ্রের জন্য বিশ্বব্যাপ্ত যজ্ঞাগ্নিকে প্রেরণ করি।

শব্দ। তৎসিনায়—সিন=অন্ন (নিঘ. ২।৭ ; নি. ৫।৫)। **বিশ্বমিন্বম্—** 'বিশ্ব' শব্দপূর্বক 'ইবি' ধাতু হইতে বিশ্বমিন্ব শব্দ নিষ্পন্ন। নিঘণ্টুতে ইন্বতি (ইবি ধাতু) গত্যর্থক ; ধাতুপাঠে ব্যাপ্তি-অর্থক (ভ্বাদি)। বিশ্বম্ অর্থাৎ সর্ববস্তুকে ব্যাপ্ত করে এই অর্থে বিশ্বমিন্ব।

অস্মা ইদু সপ্তিমিব শ্রবস্যেন্দ্রায়ার্কং জুহ্বা৩ সমঞ্জে।

বীরং দানৌকসং বন্দধ্যৈ পুরাং গূর্তশ্রবসং দর্মাণম্ ॥৫॥

পদবিভাগ। অস্মৈ ইৎ উ সপ্তিম-ইব শ্রবস্যা ইন্দ্রায় অর্কম্ জুহ্বা সম্ অঞ্জে বীরম্ দান-ওকসম্ বন্দধ্যৈ পুরাম্ গূর্ত-শ্রবসম্ দর্মাণম্।

অন্বয়।[1] বীরম্ (বীর) দানৌকসম্ (দাননিলয়) গূর্তশ্রবসম্ (প্রশংসনীয় অন্নযুক্ত অথবা প্রশংসাশ্রবণেচ্ছু) পুরাম্ দর্মাণম্ (অসুরপুর বিদারক=মেঘ-

---

তস্মৈ রথস্বামিনে তষ্টেব তষ্টা তক্ষকো রথনির্মাতা রথং ন যথা রথং প্রেরয়তি তদ্বৎ। ইব ইত্যেতৎ পাদপূরণম্। তথা গির্বাহসে গীর্ভিঃ স্তুতিভিরুহ্যমানায় ইন্দ্রায় গিরশ্চ শস্ত্রসম্বন্ধিনীঃ কেবলা ঋচশ্চ সুবৃক্তি শোভনমাবর্জনং যথা ভবতি তথা প্রেরয়ামি। তথা মেধিরায় মেধাবিনে ইন্দ্রায় বিশ্বমিন্বং বিশ্বব্যাপকং বিশ্বৈর্ব্যাপ্তং সর্বোৎকৃষ্টং হবিশ্চ সং হিনোমীত্যনুষঙ্গঃ ॥ ৪ ॥

শব্দ। বিশ্বমিন্বম্—ইবি ব্যাপ্তৌ। বিশ্বমিন্বতি ব্যাপ্নোতীতি বিশ্বমিন্বম্ (সা)॥ ইন্বতি গতিকর্ম (নিঘ. ২।১৪)। বিশ্বমিন্বা বিশ্বমাভিরেতি যজ্ঞে। (নি. ৮।১০)॥

১ **বেঙ্কট।** অস্মৈ এব অশ্বমিব অন্নেচ্ছয়া ইন্দ্রায় স্তোত্রং বাচা সংশ্লেষয়ামি। বীরম্ দাননিলয়ম্ অসুরপুরাণাং দারয়িতারং বন্দিতুম্ উদ্‌গূর্ণান্নম্ সম্ অঞ্জে ইতি ॥ ৫ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বিদারক) [ইন্দ্রকে] বন্দধ্যৈ (বন্দনা করিবার জন্য) অস্মৈ ইদু ইন্দ্রায় (এই ইন্দ্রের উদ্দেশ্যে) সপ্তিম্ ইব (অশ্বের ন্যায়) শ্রবস্যা (অন্নকামী হইয়া) জুহ্বা (জিহ্বার দ্বারা) অর্কম্ (ঋক্‌মন্ত্র) সম্ অঞ্জে (সমলঙ্কৃত বা উচ্চারণ করি)।

অনুবাদ। অশ্বের মত অন্নকামী হইয়া বীর দাননিলয় প্রশস্যঅন্নবান্ মেঘবিদারক ইন্দ্রকে বন্দনা করিবার জন্য এই ইন্দ্রের উদ্দেশ্যে বাক্যের দ্বারা বা বাগিন্দ্রিয়ের দ্বারা ঋক্‌মন্ত্র উচ্চারণ করতেছি।

শব্দ। সপ্তিম্ ইব—সপ্তি=অশ্ব (নিঘ. ১।১৪)। অশ্ব বহুভোজী। অশ্বের ন্যায় অন্নকামী। **দানৌকসম্**—ওকস্=নিবাস। দানের বাসস্থান। দাননিলয় ইন্দ্র। **গূর্তশ্রবসম্**—গূর্ত শব্দ শব্দার্থক গৄ ধাতু হইতে নিষ্পন্ন। প্রশংসা ইচ্ছুক বা প্রশংসনীয় শ্রব অন্ন বা খ্যাতি যাহার। **শ্রবস্যা**—কচ্ প্রত্যয়ান্ত শ্রবস্ শব্দ—শ্রবস্য পদের তৃতীয়ার একবচনের বৈদিকরূপ। **অঞ্জে**—অঞ্জ্ ধাতু ব্যক্তি ম্রক্ষণ কান্তি ও গতি অর্থক। **জুহ্বা**—তৃতীয়ার একবচনের বৈদিকরূপ। **বন্দধ্যৈ**=বন্দিতুম্—তুমর্থে কধ্যৈপ্রত্যয়। **পুরাম্ দর্মাণম্**—পুর=অসুরপুর। অসুর = মেঘ (নিঘ. ১।১২)। **দর্মাণম্**—বিদারণার্থক দৃ ধাতু হইতে দর্মন্ শব্দ।

সায়ণভাষ্য।[২] সায়ণের মতে সম্ অঞ্জে=একীকরণ করি। সপ্তিমিব= অশ্বকে যেমন রথের সঙ্গে একীকরণ করা হয় সেইরূপ। সপ্ ধাতু সমবায়ার্থক। সপ্তি=অশ্ব রথের সঙ্গে সমবেত বা সংযুক্ত হয়, একীকৃত হয়।

---

২ **সায়ণভাষ্য।** অস্মৈ এব ইন্দ্রায় অর্কং স্তুতিরূপং মন্ত্রং শ্রবস্যা শ্রবস্যয়া অন্নেচ্ছয়া অন্নলাভায়েত্যর্থঃ। জুহ্বা আহ্বানসাধনেন বাগিন্দ্রিয়েণ সমঞ্জে সমক্তং করোমি। একীকরোমীত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ। সপ্তিমিব। যথা অন্নলাভায় গন্তুকামঃ পুমানশ্বং রথেনৈকীকরোতি তদ্বৎ। একীকৃত্য চ বীরং শত্রুক্ষেপণকুশলং দানৌকসং দানানামেকনিলয়ং গূর্তশ্রবসং প্রশস্যান্নং পুরাম্ অসুরপুরাণাম্ দর্মাণম্ বিদারয়িতারং এবংগুণবিশিষ্টমিন্দ্রং বন্দধ্যৈ বন্দিতুং স্তোতুং প্রবৃত্তোঽস্মীতি শেষঃ॥ সপ্তিমিব ষপ সমবায়ে। সমবৈতি রথেনৈকীভবতীতি সপ্তিরশ্বঃ। শ্রবস্যা শ্রবস্‌শব্দাৎ সুপ আত্মনঃ ক্যচ্… ইতি অকারপ্রত্যয়ঃ।…সুপাং সুলুক্…ইতি তৃতীয়ায়া ডাদেশঃ। জুহ্বা …তৃতীয়ৈকবচনে উদাত্তস্বরিতযোর্যণঃ…ইতি স্বরিতত্বম্। অঞ্জে অঞ্জু ব্যক্তিম্রক্ষণকান্তিগতিষু। ব্যত্যয়েন আত্মনেপদম্। বন্দধ্যৈ বদি অভিবাদন-স্তুত্যোঃ। তুমর্থে সেসেন্…ইতি কধ্যৈপ্রত্যয়ঃ। গূর্তশ্রবসম্ গৄ শব্দে।… বহুলং ছন্দসি ইতি উত্বম্। হলি চ ইতি দীর্ঘম্। গূর্ত শ্রবো যস্য। দর্মাণম্ দৄ বিদারণে। অন্যেভ্যোঽপি দৃশ্যন্তে ইতি মনিন্॥ ৫॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অস্মা ইদু ত্বষ্টা তক্ষদ্ বজ্রং স্বপস্তমং স্বর্যং[১] রণায়।

বৃত্রস্য চিদ্ বিদদ্ যেন মর্ম তূজন্নীশানস্তুজতা কিয়েধাঃ ॥৬॥

পদবিভাগ। অস্মৈ ইৎ উ ত্বষ্টা তক্ষৎ বজ্রম্ স্বপঃ-তমম্ স্বর্যম্ রণায় বৃত্রস্য চিৎ বিদৎ যেন মর্ম তুজন্ ঈশানঃ তুজতা কিয়েধাঃ।

অন্বয়।[১] ত্বষ্টা (ত্বষ্টা সূর্য) অস্মৈ ইদু (এই ইন্দ্রের জন্যই) স্বপস্তমম্ (অতি শোভনকর্মযুক্ত) স্বর্যম্ (সুষ্ঠু প্রেরণীয় বা শব্দযুক্ত) বজ্রম্ (বজ্র) রণায় (যুদ্ধের জন্য=মেঘের সঙ্গে যুদ্ধের জন্য) তক্ষৎ (সৃষ্টি করেন); তুজন্ (হিংসাকারী / আক্রমণকারী) ঈশানঃ (ঐশ্বর্যবান্) কিয়েধাঃ (বলবান্) [ইন্দ্র] বৃত্রস্য চিৎ (বৃত্র মেঘের) মর্ম (মর্মস্থান) তুজতা যেন (হিংসিত হইয়া যে বজ্রের দ্বারা) বিদৎ (ভেদ করেন)।

অনুবাদ। ত্বষ্টা সূর্য এই ইন্দ্রের জন্যই অতিশোভন কর্ম ও শব্দযুক্ত বজ্রকে মেঘের সঙ্গে যুদ্ধের জন্য সৃষ্টি করেন; আক্রমণকারী ঐশ্বর্যবান্ বলবান্ ইন্দ্র বজ্রাঘাতে বৃত্রমেঘের মর্মস্থান ভেদ করেন।

শব্দ। **স্বপস্তমম্**=সু+অপঃ+তমম্। অপঃ=কর্ম (নিঘ. ২।১)। অতিশয় শোভন কর্ম যাঁহার তাঁহাকে। **স্বর্যম্**। সু+ঋ+ণ্যৎ; অথবা স্বৃ+ণ্যৎ=স্বর্য। ঋ-ধাতু গত্যর্থক; স্বৃ-ধাতু শব্দ ও উপতাপ (সন্তাপ) অর্থক। **কিয়েধাঃ**—পরবর্তী ১২ মন্ত্র দ্রষ্টব্য।

---

১ **সায়ণভাষ্য।** ত্বষ্টা বিশ্বকর্মা অস্মা ইদু অস্মৈ এবেন্দ্রায় বজ্রং বর্জকমায়ুধং রণায় যুদ্ধার্থং তক্ষৎ তীক্ষ্ণমকরোৎ। কীদৃশং বজ্রম্। স্বপস্তমম্ অতিশয়েন শোভনকর্মাণং স্বর্যং সুষ্ঠু শত্রুষু প্রের্যং যদ্বা স্তুত্যম্। তুজন্ শত্রূন্ হিংসন্ ঈশানঃ ঐশ্বর্যবান্ কিয়েধাঃ বলবান্ এবংগুণবিশিষ্ট ইন্দ্রঃ বৃত্রস্য চিৎ আবরকস্যাসুরস্য মর্ম মর্মস্থানং তুজতা হিংসতা যেন বজ্রেণ বিদৎ প্রাহার্ষীদিত্যর্থঃ ॥ ৬ ॥

স্বপস্তমম্। শোভনং অপঃ কর্ম যস্যাসৌ। অতিশয়েন স্বপাঃ স্বপস্তমঃ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অস্যেদু মাতুঃ সবনেষু সদ্যো মহঃ পিতুং পপিবাঞ্চার্বন্না।

মুষায়দ্ বিষ্ণুঃ পচতং সহীয়ান্ বিধ্যদ্ বরাহং তিরো

অদ্রিমস্তা ॥৭॥

পদবিভাগ। অস্য ইৎ উ মাতুঃ সবনেষু সদ্যঃ মহঃ পিতুম্ পপি-বান্ চারু অন্না মুষায়ৎ বিষ্ণুঃ পচতম্ সহীয়ান্ বিধ্যৎ বরাহম্ তিরঃ অদ্রিম্ অস্তা।

অন্বয়। অস্য ইদু (ইঁহারই অর্থাৎ ইন্দ্রেরই) মাতুঃ (সকলবস্তুর নির্মাণস্থান অন্তরিক্ষলোকের সম্বন্ধযুক্ত) সবনেষু (সকল যজ্ঞে) মহঃ পিতুম্ সদ্যঃ পপিবান্ (উদকরূপ অন্নকে সদ্যপ্রাপ্ত হইয়া ইন্দ্র পান করিলেন) চারু অন্না (শোভন অন্নসমূহ = অন্তরিক্ষে প্রাপ্ত সেই শোভন উদকরূপ অন্নসমূহ) পচতম্ (পরিপক্ব) [করিবার জন্য] বিষ্ণুঃ (সর্বব্যাপ্ত বিষ্ণু সূর্য) মুষায়ৎ (অপহরণ করিয়া অথবা করিয়াছেন = সূর্যরশ্মিদ্বারা পৃথিবী হইতে উদক আহরণ করিয়াছেন) সহীয়ান্ (অভিভবকারী=মেঘরূপ শত্রু পরাভবকারী) অদ্রিম্ অস্তা (বজ্রনিক্ষেপকারী= ইন্দ্র) বরাহম্ তিরঃ (মেঘকে = বিষ্ণুকর্তৃক অপহৃত অন্নরূপ মেঘকে প্রাপ্ত হইয়া) বিধ্যৎ (বিদ্ধ করিলেন / ভেদ করিলেন)।

অনুবাদ। এই ইন্দ্রের অন্তরিক্ষলোকের সকল যজ্ঞে ইন্দ্র উদকরূপ অন্নকে সদ্য প্রাপ্ত হইয়া পান করিলেন; উদকরূপ যে শোভন অন্নকে বিষ্ণু সূর্য পরিপাকের জন্য অপহরণ করিয়াছেন সেই উদকপূর্ণ মেঘকে প্রাপ্ত হইয়া বজ্রক্ষেপক পরাভবকারী ইন্দ্র তাহাকে বিদীর্ণ করিলেন।

শব্দ। **বরাহ** মেঘ (নিঘ. ১।১০)। **মহঃ** উদক (নিঘ. ১।১২)। সায়ণের মতে প্রশস্ত। **মুষায়ৎ**—মুষ ধাতু অপহরণার্থক। **অস্তা**—নিক্ষেপকারী। ক্ষেপণার্থক অস্ ধাতু+তৃন্। বৈদিকশব্দ।

সায়ণভাষ্য। ইৎ উ ইত্যেতৎ নিপাতদ্বয়ং পাদপূরণম্। যদ্বা অবধারণার্থম্। মাতুঃ বৃষ্টিদ্বারেণ সকলস্য জগতো নির্মাতুঃ মহঃ মহতঃ অস্য যজ্ঞস্য সবনেষু অবয়বভূতেষু প্রাতঃসবনাদিষু ত্রিষু সবনেষু পিতুম সোমলক্ষণমন্নং সদ্যঃ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অস্মা ইদু গ্নাশ্চিদ্ দেবপত্নীরিন্দ্রায়ার্কমহিহত্য ঊবুঃ।

পরি দ্যাবাপৃথিবী জভ্র উর্বী নাস্য তে মহিমানং পরি ষ্টঃ ॥৮॥

পদবিভাগ। অস্মৈ ইৎ উ গ্নাঃ চিৎ দেব-পত্নীঃ ইন্দ্রায় অর্কম্ অহি-হত্যে ঊবুঃ পরি দ্যাবাপৃথিবী জভ্রে উর্বী ন অস্য তে মহিমানম্ পরি স্তঃ।

অন্বয়।[১] অস্মা ইদু ইন্দ্রায় (এই ইন্দ্রের উদ্দেশে) অহিহত্যে (মেঘ-বিদারণকালে) গ্নাঃ চিৎ দেবপত্নীঃ (বাক্‌শক্তি এবং উদকপালিকাশক্তি দেবীগণ) অর্কম্ (স্তোত্র / অন্ন / ঋক্‌মন্ত্র) ঊবুঃ (বিস্তার করিয়াছিলেন); [ইন্দ্র] উর্বী দ্যাবাপৃথিবী (বিস্তৃত দ্যু ও পৃথিবীকে) পরি জভ্রে (স্বতেজে অতিক্রম

পপিবান্। যদাহগ্নৌ হূয়তে তদানীমেব পানং কৃতবানিত্যর্থঃ। তথা চারু অন্না চারূণি শোভনানি ধানাকরম্ভাদিহবির্লক্ষণান্যন্নানি ভক্ষিতবানিতি শেষঃ। কিঞ্চ বিষ্ণুঃ সর্বস্য জগতো ব্যাপকঃ পচতম্ পরিপক্বমসুরাণাং ধনং যদস্তি তৎ মুষায়ৎ অপহরৎ। সহীয়ান্ অতিশয়েন শত্রূণামভিভবিতা অদ্রিম্ অস্তা অদ্রের্বজ্রস্য ক্ষেপকঃ। এবম্ভূত ইন্দ্রঃ তিরঃ প্রাপ্তঃ সন্ বরাহং মেঘং বিধ্যৎ অতাড়য়ৎ ॥ ৭ ॥

মহঃ মহতঃ। অৎ-শব্দলোপশ্ছান্দসঃ। যদ্বা। মহৎ ইত্যেতৎ পিতুবিশেষণম্। মহঃ প্রশস্তং পিতুমিত্যর্থঃ॥ **পপিবান্।** পিবতের্লিটঃ ক্বসুঃ॥ **চারু।** সুপাংসুলুক্...ইতি বিভক্তের্লুক্। **মুষায়ৎ।** মুষ স্তেয়ে॥ **বরাহম্।** বরাহো মেঘো ভবতি বরাহারঃ। বরমাহারমাহার্ষীঃ ইতি চ ব্রাহ্মণম্ (নি. ৫।৪)। বরাহঃ মেঘনাম (নিঘ. ১।১০)॥

১ **সায়ণভাষ্য।** অস্মৈ এব ইন্দ্রায় অহিহত্যে অহের্বৃত্রস্য হননে নিমিত্তভূতে সতি গ্নাশ্চিৎ গমনস্বভাবা অপি স্থিতাঃ দেবপত্নীঃ দেবানাং পালয়িত্র্যো গায়ত্র্যাদ্যা দেবতাঃ অর্কম্ অর্চনসাধনং স্তোত্রম্ ঊবুঃ সমতন্বত চক্রুরিত্যর্থঃ। স চ ইন্দ্রঃ উর্বী বিস্তৃতে দ্যাবাপৃথিবী দ্যাবাপৃথিব্যৌ পরি জভ্রে স্বতেজসা পরিজহার অতিচক্রামেত্যর্থঃ। তে দ্যাবাপৃথিব্যৌ অস্য ইন্দ্রস্য মহিমানং ন পরিষ্টঃ ন পরিভবতঃ ॥ ৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

করিয়াছিলেন); অস্য (ইন্দ্রের) মহিমানম্ (মহিমা) তে (তাহারা=দ্যু ও পৃথিবী) ন পরিস্তঃ (প্রাপ্ত হয় না)।

অনুবাদ। মেঘবিদারণকালে এই ইন্দ্রের উদ্দেশে বাক্ ও উদকপালিকা-শক্তি দেবীগণ স্তোত্র বা অন্ন বিস্তার করেন; ইন্দ্র দ্যুলোক ও ভূলোক স্বীয়তেজে অতিক্রম করেন; দ্যু ও পৃথিবী ইন্দ্রের মহিমা প্রাপ্ত হয় না।

শব্দ। গ্নাঃ—গম্ ধাতু হইতে নিষ্পন্ন (নি. ৩।২০)। অনেকার্থক শব্দ—স্ত্রী; জল; বাক্ (নি. ১০। ৪৭; নিঘ. ১।১১)। **উবুঃ**—বিস্তারার্থক বে-ধাতুর লিট্ বহুবচনের রূপ। **পরি জভ্রে।** হরণার্থক হৃ-ধাতুর লিট্ আত্মনেপদ প্রথমপুরুষ একবচন। **জভ্রে**=জহ্রে। **পরিষ্টঃ**=পরি স্তঃ। বিদ্যমানার্থক অস্-ধাতু লট্ প্রথমপুরুষ দ্বিবচন। **অর্ক**—দেবতা, মন্ত্র, অন্ন, বৃক্ষ (নি. ৫ ৪)।

অস্যেদেব প্র রিরিচে মহিত্বং দিবস্পৃথিব্যাঃ পর্যন্তরিক্ষাৎ।

স্বরাডিন্দ্রো দম আ বিশ্বগূর্তঃ স্বরিরমত্রো ববক্ষে রণায় ॥৯॥

পদবিভাগ। অস্য ইৎ এব প্র রিরিচে মহি-ত্বম্ দিবঃ পৃথিব্যাঃ পরি অন্তরিক্ষাৎ স্ব-রাট্ ইন্দ্রঃ দমে আ বিশ্ব-গূর্তঃ সু-অরিঃ অমত্রঃ ববক্ষে রণায়।

অন্বয়। অস্য ইৎ এব (ইহারই) মহিত্বম্ (মাহাত্ম্য) দিবঃ পৃথিব্যাঃ অন্তরিক্ষাৎ পরি (দ্যুলোক ভূলোক ও অন্তরিক্ষলোক হইতে) প্র রিরিচে (অধিক হয়); স্বরাট্ (স্বদীপ্ত) ইন্দ্রঃ (ইন্দ্র) দমে আ (গৃহে সর্বত্র) বিশ্বগূর্তঃ (সর্বজন-প্রশংসাভাজন বা সর্বগামী বা সর্বকর্মে উৎসাহযুক্ত) স্বরিঃ (শোভন গতি/শত্রুদমনে সুযোগ্য) অমত্রঃ (যাহার মাত্রা বা পরিমাণ নাই=মহান্ / অথবা যুদ্ধে গমনকুশল) রণায় (যুদ্ধের জন্য=মেঘের সঙ্গে যুদ্ধকে) ববক্ষে (অনুশাসন করিতে ইচ্ছা করেন / অথবা বহন করিতে ইচ্ছা করেন)।

অনুবাদ। ইন্দ্রের মাহাত্ম্য দ্যুলোক ভূলোক ও অন্তরিক্ষলোক হইতে অধিক। স্বদীপ্ত ইন্দ্র গৃহে সর্বত্র সর্বকর্মে উৎসাহযুক্ত, শোভনগতি, মহান্; তিনি সর্বদা মেঘের সঙ্গে যুদ্ধ ইচ্ছা করেন।

সায়ণভাষ্য।[১] সায়ণের মতে অন্বয়—'দমে স্বরাট্'=দময়িতব্য বিষয়ে স্বীয় তেজে রাজমান। 'আ ববক্ষে'=প্রাপ্ত হন।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শব্দ। **ববক্ষে**—অভ্যস্ত বচ্ ধাতু অথবা বহ্ ধাতুর রূপ। (তুলনীয়—নি. ৩।১৩)। **রিরিচে**—রিচির্ ধাতু বিরেচনার্থক। লিট্।

অস্যেদেব শবসা শুষন্তং বি বৃশ্চদ্ বজ্রেণ বৃত্রমিন্দ্রঃ।

গা ন ব্রাণা অবনীরমুঞ্চদভি শ্রবো দাবনে সচেতাঃ ॥১০॥

পদবিভাগ। অস্য ইৎ এব শবসা শুষন্তম্ বি বৃশ্চৎ বজ্রেণ বৃত্রম্ ইন্দ্রঃ গাঃ ন ব্রাণাঃ অবনীঃ অমুঞ্চৎ অভি শ্রবঃ দাবনে স-চেতাঃ।

অন্বয়।[1] অস্য ইৎ এব (ইন্দ্রেরই) শবসা (বলের দ্বারা) শুষন্তম্ (শোষণকারী) বৃত্রম্ (বৃত্র মেঘকে) ইন্দ্রঃ (ইন্দ্র) বজ্রেণ (বজ্রাঘাতে) বি বৃশ্চৎ (ছেদন করিলেন); গাঃ ন (সূর্যের কিরণরাশির মত অথবা গাভীর ন্যায়) ব্রাণাঃ (বৃত্রের দ্বারা আবৃত) অবনীঃ (জলরাশিকে) অভি শ্রবঃ দাবনে

---

১ **সায়ণভাষ্য।** অস্যেদেব। ইৎ ইতি পাদপূরণঃ। অস্যৈবেন্দ্রস্য মহিত্বং মাহাত্ম্যং প্র রিরিচে অতিরিচ্যতে। অধিকং ভবতীত্যর্থঃ। অত্রোপসর্গো ধাত্বর্থস্য নিবৃত্তিমাচষ্টে। যথা প্রস্মরণং প্রস্থানমিতি। কুতঃ সকাশাৎ প্ররিরিচে ইত্যত আহ। দিবঃ দ্যুলোকাৎ পৃথিব্যাঃ ভূলোকাৎ অন্তরিক্ষাৎ দ্যাবাপৃথিব্যোর্মধ্যে বর্তমানাদন্তরিক্ষলোকাচ্চ। পরি উপর্যর্থঃ। ত্রীন্ লোকানতীত্যোপরি প্ররিরিচে ইত্যর্থঃ। দমে দময়িতব্যে বিষয়ে স্বরাট্ স্বেনৈব তেজসা রাজমানঃ বিশ্বগূর্তঃ বিশ্বস্মিন্ সর্বস্মিন্ কার্যে উদ্‌গূর্ণঃ সমর্থঃ। যদ্বা বিশ্বং সর্বমায়ুধং গূর্তং উদ্যতং যস্য স তথোক্তঃ। স্বরিঃ শোভনশত্রুকঃ। শোভনে শত্রৌ হন্তব্যে সতি হন্তা বীর্যবত্তম ইতি গম্যতে। যথা 'অকবারিং দিব্যং শাসমিন্দ্রম্' (ঋ. ৩।৪৭।৫) ইতি। অকুৎসিতারিমিতি হি তস্যার্থঃ। অমত্রঃ যুদ্ধাদিষু গমনকুশলঃ। মাত্রয়া ইয়ত্তয়া রহিতো বা। 'অমত্রোঽমাত্রো মহান্‌ভবত্যভ্যমিতো বা' (নি. ৬।২৩) ইতি যাস্কঃ। এবম্ভূতঃ ইন্দ্রঃ রণায় রণং যুদ্ধম্ আ ববক্ষে আবহতি মেঘান্ প্রাপয়তি। মেঘৈঃ পরস্পরযুদ্ধং কারয়িত্বা বৃষ্টিং চকারেতি ভাবঃ। যদ্বা। যুদ্ধায় স্বকীয়ান্ ভটান্ গময়তি ॥ ৯ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(অন্নদানের প্রতি লক্ষ্য রাখিয়া) সচেতাঃ (চেতনাবান্ ইন্দ্র) অমুঞ্চৎ (মুক্ত করিলেন=বর্ষণ করিলেন)।

অনুবাদ। ইন্দ্র তাঁহার নিজ বলের দ্বারা শোষণকারী মেঘকে বজ্রাঘাতে ছেদন করিলেন ; অন্নদানের প্রতি লক্ষ্য রাখিয়া চেতনাবান্ ইন্দ্র সূর্যকিরণের মত মেঘাবৃত জলরাশিকে মুক্ত করিলেন।

সায়ণভাষ্য।[১] সায়ণের মতে—শেষ অংশের অর্থ—হবির্দাতা যজমানের জন্য কর্মফলভূত অন্ন দান করেন।

শব্দ। অবনীঃ=নদী (নিঘ. ১।১৩)। এইস্থলে 'জলরাশি'। **ব্রাণাঃ**—বরণার্থক বৃ-ধাতু।

অস্যেদু ত্বেষসা রন্ত সিন্ধবঃ পরি যদ্ বজ্রেণ সীমযচ্ছৎ।

ঈশানকৃদ্ দাশুষে দশস্যন্ তুর্বীতয়ে গাধং তুর্বণিঃ কঃ ॥১১॥

পদবিভাগ। অস্য ইৎ উ ত্বেষসা রন্ত সিন্ধবঃ পরি যৎ বজ্রেণ সীম্ অযচ্ছৎ ঈশান-কৃৎ দাশুষে দশস্যন্ তুর্বীতয়ে গাধম্ তুর্বণিঃ কঃ।

অন্বয়। অস্য ইৎ উ (এই ইন্দ্রেরই) ত্বেষসা (দীপ্ত বলের দ্বারা) সিন্ধবঃ (নদীসমূহ) রন্ত (স্ব স্ব স্থানে ক্রীড়া করে) যৎ (যাহা হইতে) [এই ইন্দ্র] বজ্রেণ সীম্ (এই নদীসমূহকে বজ্রের দ্বারা) পরি অযচ্ছৎ (সর্বতোভাবে নিয়মিত করিলেন), ঈশানকৃৎ (ঐশ্বর্যবান্ ইন্দ্র) তুর্বণিঃ (ক্ষিপ্রপ্রদাতা) তুর্বীতয়ে দাশুষে (ক্ষিপ্র হবি উৎসর্গকারী যজমানের জন্য) গাধম্ (অগভীর) কঃ (করিলেন) [=নদীবক্ষ অগভীর করিলেন]!

---

১ **সায়ণভাষ্য**। অস্যৈবেন্দ্রস্য শবসা বলেন শুষন্তম্ শুষ্যন্তম্ বৃত্রম্ ইন্দ্রঃ বজ্রেণ বি বৃশ্চৎ ব্যচ্ছিনৎ। তথা গাঃ ন চৌরৈরপহৃতা গাব ইব ব্রাণাঃ বৃত্রেণ আবৃতাঃ অবনীঃ রক্ষণহেতুভূতাঃ অপঃ অমুঞ্চৎ অবর্ষীৎ। তথা দাবনে হবির্দাত্রে যজমানায় সচেতাঃ তেন যজমানেন সমানচিত্তঃ সন্ শ্রবঃ কর্মফলভূতমন্নম্ অভি আভিমুখ্যেন দদাতীতি শেষঃ ॥ ১০ ॥
ব্রাণাঃ—বৃঞ্ বরণে। কর্মণি লটঃ শানচি 'বহুলং ছন্দসি' ইতি যকোলুক্। শানচো ঙিত্বাদ্ গুণাভাবে যণাদেশঃ ॥ (সা) ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অনুবাদ। এই ইন্দ্রেরই দীপ্ত বলের সহায়তায় সকল নদী স্বস্থানে ক্রীড়া করে; ইন্দ্র তাঁহার বজ্রের দ্বারাই সকল নদীকে নিয়মিত করেন; ক্ষিপ্র প্রদাতা ঐশ্বর্যবান্ ইন্দ্র তাঁহার উদ্দেশে ক্ষিপ্র হবির্দানকারী যজমানের জন্য (গমনাগমনের জন্য নদীবক্ষ) অগভীর করেন।

শব্দ। **গাধম্**—গাধ=অগভীর (নি. ৪।২৪)। **সিন্ধবঃ**=নদীসমূহ (নিঘ. ১।১৩)। **রন্ত**—ক্রীড়ার্থক রম ধাতু লঙ্, বহুবচন বৈদিকরূপ। **কঃ**—কৃ-ধাতু লুঙ্ বৈদিকরূপ। **সীম্**—সর্বতোভাবে। অথবা, পদপূরণ (নি.১।৭)।

সায়ণভাষ্য। সায়ণের মতে সিন্ধবঃ=সমুদ্র বা নদী। তুর্বীতয়ে=তুর্বীতি ঋষি। উদকে নিমগ্ন ঋষির জন্য। গাধম্=অবস্থানযোগ্য স্থান (ধিষ্ণ্যপ্রদেশ)।

অস্মা ইদু প্র ভরা তূতুজানো বৃত্রায় বজ্রমীশানঃ কিয়েধাঃ।

গোর্ন পর্ব বি রদা তিরশ্চেষ্যন্নর্ণাংস্যপাং চরধ্যৈ ॥১২॥

পদবিভাগ। অস্মৈ ইৎ উ প্র ভর তূতুজানঃ বৃত্রায় বজ্রম্ ঈশানঃ কিয়েধাঃ গোঃ ন পর্ব বি রদ তিরশ্চা ইষ্যন্ অর্ণাংসি অপাম্ চরধ্যৈ।

সায়ণভাষ্য। অস্যৈবেন্দ্রস্য ত্বেষসা দীপ্তেন বলেন সিন্ধবঃ সমুদ্রাঃ। যদ্বা। গঙ্গাদ্যাঃ সপ্ত নদ্যঃ রন্ত স্বে স্বে স্থানে রমন্তে। যৎ যস্মাৎ অয়মিন্দ্রঃ বজ্রেণ সীম্ এনান্ সিন্ধূন্ বজ্রেণ পরি অযচ্ছৎ পরিতো নিয়মিতবান্। অপি চ ঈশানকৃৎ বৃত্রাদিশত্রুবধেনাত্মানমৈশ্বর্যবন্তং কুর্বন্ ইন্দ্রঃ দাশুষে হবির্দত্তবতে যজমানায় ফলং দশস্যন্ প্রযচ্ছন্ তুর্বণিঃ তূর্ণসম্ভজনঃ। 'তুর্বণিস্তূর্ণবনিঃ (নি. ৬।১৪) ইতি যাস্কঃ। যদ্বা। তুর্বিতা শত্রূণাং হিংসিতা। এবম্ভূত ইন্দ্রঃ তুর্বীতয়ে এতৎসংজ্ঞায় উদকে নিমগ্নায় ঋষয়ে গাধম্ অবস্থানযোগ্যং ধিষ্ণ্যপ্রদেশ কঃ অকার্ষীৎ ॥ ১১ ॥

রন্ত—রমু্ক্রীড়ায়াম্। ছান্দসে লঙি বহুবচনে… ॥ **কঃ**—করোতের্লুঙি… (সা.) ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অন্বয়।[১] [হে ইন্দ্র] অস্মৈ ইৎ উ বৃত্রায় (এই বৃত্রের উদ্দেশ্যেই) তূতুজানঃ (ত্বরমাণ বা ক্ষিপ্রকারী হইয়া) ঈশানঃ (সকলের ঈশ্বর) কিয়েধাঃ (অপরিমিত বলশালী) [ত্বম্ তুমি] বজ্রম্ প্র ভর (বজ্র প্রহার কর) ; অপাং চরধ্যৈ (ভূমিতে জলের বিচরণের নিমিত্ত) অর্ণাংসি (জলরাশি) ইষ্যন্ (ইচ্ছা করিয়া / গতিযুক্ত করিয়া) তিরশ্চা (তির্য্যগ্‌গামী বজ্রের দ্বারা) গোঃ পর্ব ন (গরুর পর্ব বা অবয়বের ন্যায়) [বৃত্রম্—বৃত্রকে] বি রদা (কর্তন কর)।

অনুবাদ। হে ইন্দ্র, সর্বেশ্বর অপরিমিত বল তুমি, এই বৃত্র মেঘকে লক্ষ্য করিয়া ক্ষিপ্রতার সঙ্গে বজ্রাঘাত কর ; পৃথিবীতে জলের গমনের জন্য উদক ইচ্ছা করিয়া তির্য্যক বজ্রের দ্বারা গো অবয়ব কর্তনের মত বৃত্রকে কর্তন কর।

শব্দ। **কিয়েধাঃ** (নিঘ. ৪।১) পদ অনবগত। ইহা ইন্দ্রের অথবা বৃত্রের বিশেষণ। 'কিয়ৎ' শব্দপূর্বক অথবা 'ক্রমমাণ' শব্দপূর্বক ধারণার্থক 'ধা' ধাতু হইতে নিষ্পন্ন, ইহা যাস্ক বলেন (নি. ৬।২০)। ইন্দ্র কিয়ৎপরিমাণ অর্থাৎ অবিজ্ঞাতপরিমাণ বলের ধারয়িতা=অপরিমিত বলশালী। কিয়ৎধা=কিয়েধা। অথবা ইন্দ্রের অভিমুখে অগ্রসর হইতেছে এইরূপ ক্রমমাণ শত্রুসৈন্যের (=মেঘের) ধারয়িতা বা নিরোধক ইন্দ্র। ক্রমমাণ ধা=কিয়েধা। অথবা বৃত্র অপরিমিত উদকের ধারণকর্তা বা ক্রমমাণ হইয়া অর্থাৎ আকাশে বিচরণশীল হইয়া উদকের ধারণকর্তা। ইহা দুর্গাচার্য সম্মত ব্যাখ্যা। **গোঃ ন পর্ব বি রদা**—কসাই যেমন গরুর দেহ পর্বে পর্বে কাটে সেইভাবে বৃত্রের অবয়ব কর্তন কর (রদ=বিলেখন= ভেদন)।

তূতুজানঃ—পূর্বে ১।৩।৬ মন্ত্র দ্র.। **ইষ্যন্**—ইষ্ ধাতু ইচ্ছার্থক (তুদাদি); গত্যর্থক (দিবাদি); নিত্যতা-অর্থক (ক্র্যাদি.)। যাস্ক ইচ্ছার্থক ধরিয়া এবং সায়ণ গত্যর্থক ধরিয়া অর্থ করিয়াছেন। **চরধ্যৈ**—গত্যর্থক চর-ধাতু.। তুমর্থে অধ্যৈ-প্রত্যয় (বৈদিক)। বিচরণের নিমিত্ত।

---

১ **যাস্ক।** অস্মৈ প্রহর তূর্ণং ত্বরমাণো বৃত্রায় বজ্রমীশানঃ। কিয়েধাঃ কিয়দ্ধা ইতি বা ক্রমমাণধা ইতি বা। গোরিব পর্বাণি বিরদ মেঘস্য। ইষ্যন্নর্ণাংস্যপাং চরণায়॥ নি. ৬।২০ ॥—কিয়তোঽপ্যবিজ্ঞায়মানপরিমাণস্য বলস্য ধারয়িতা (স্ক); ক্রমমাণং বাভিমুখং পরবলং ধারয়তি নিরুণদ্ধীতি (নিঘ. ভাষ্য—দে. য.—নিঘ. ৪।১)। কিয়দপ্যুদকমপরিমাণং ধারয়তি ; ক্রমমাণো বা ধারয়তি (দু.—নি. ৬।২০)॥ যথা গোবিকর্তা গোঃ পর্ব অবয়বং বিরদেৎ তদ্বৎ বিরদ বিকৃন্ত মেঘমিত্যর্থঃ (স্ক—নি. ৬।২০)॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অস্মেদু প্র ব্রূহি পূর্ব্যাণি তুরস্য কর্মাণি নব্য উক্‌থৈঃ।

যুধে যদিষ্ণান আয়ুধান্যৃঘায়মাণো নিরিণাতি শত্রূন্ ॥১৩॥

পদবিভাগ। অস্য ইৎ উপ্র ব্রূহি পূর্ব্যাণি তুরস্য কর্মাণি নব্যঃ উক্‌থৈঃ যুধে যৎ ইষ্ণানঃ আয়ুধানি ঋঘায়মাণঃ নি-রিণাতি শত্রূন্।

অন্বয়।[১] যৎ (যখন) যুধে (যুদ্ধের জন্য) ঋঘায়মাণঃ (অতি উৎসাহযুক্ত/হিংসাকারী ইন্দ্র) আয়ুধানি (আয়ুধসমূহকে=বজ্রসমূহকে) ইষ্ণানঃ (পুনঃ পুনঃ

সায়ণভাষ্য। তূতুজানঃ ইতি ক্ষিপ্রনাম (নিঘ. ২।১৫)। তূতুজানঃ ত্বরমাণঃ। যদ্বা। শত্রূন্ হিংসন্। ঈশানঃ ঈশ্বরঃ সর্বেষাং কিয়েধাঃ কিয়তোঽনবধৃতপরিমাণস্য বলস্য ধাতা। যদ্বা। ক্রমমাণং শত্রুবলং দধাত্যবস্থাপয়তীতি কিয়েধাঃ। হে ইন্দ্র এবম্ভূতস্ত্বম্ অস্মৈ বৃত্রায় বজ্রং প্র ভর ইমং বৃত্রং বৃত্রেণ প্রহরেত্যর্থঃ। প্রহৃত্য চ অর্ণাংসি বৃষ্টিজলানি ইষ্যন্ তস্মাৎ বৃত্রাৎ গময়ম্ ত্বম্ অপাং চরধ্যৈ তাসামপাং চরণায় ভূপ্রদেশং প্রতি গমনায় তস্য বৃত্রস্য মেঘরূপস্য পর্ব পর্বাণ্যবয়বসন্ধীন্ তিরশ্চা তির্যগবস্থিতেন বজ্রেণ বি রদ বিলিখ ছিন্ধীত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ। গোর্ন। যথা মাংসস্য বিকর্তারো লৌকিকাঃ পুরুষাঃ পশোরবয়বানিতস্ততো বিভজন্তি তদ্বৎ। অত্র নিরুক্তম্—অস্মৈ···চরণায় (নি. ৬।১০) ইতি ॥ ১২ ॥

রদ বিলেখনে (ভ্বাদি.)। বিলেখনং ভেদনম্ (মাধবীয়া ধাতুবৃত্তিঃ) ॥

১ **সায়ণভাষ্য।** উক্‌থৈঃ শস্ত্রৈঃ নব্যঃ স্তুত্যো য ইন্দ্রঃ অস্মেদু অস্যৈব তুরস্য যুদ্ধার্থং ত্বরমাণস্যেন্দ্রস্য পূর্ব্যাণি পুরাণানি কর্মাণি এতৎকৃতানি বলকর্মাণি হে স্তোতঃ প্র ব্রূহি প্রশংস। যৎ যদা যুধে যোধনায় আয়ুধানি বজ্রাদীনি ইষ্ণানঃ আভীক্ষ্ণ্যেন প্রেরয়ন্ শত্রূন্ ঋঘায়মাণঃ হিংসংশ্চেন্দ্রঃ নিরিণাতি অভিমুখং গচ্ছতি। তদানীং প্র ব্রূহীতি পূর্বেণ সম্বন্ধঃ। পূর্ব্যম্ ইতি পুরাণনাম (নিঘ. ৩।২৭) ॥ ১৩ ॥

ইষ্ণানঃ—ইষ আভীক্ষ্ণ্যে (ক্র্যাদি)। পৌনঃপুন্যং ভৃশার্থো বাঽঽভীক্ষ্ণ্যম তদ্বিষয়ায়াং ক্রিয়ায়ামিত্যর্থঃ (মাধবীয়া ধাতুবৃত্তিঃ) ॥

নব্যঃ (ind.)—recently. lately, anew (M. W.) ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

প্রেরণ করিয়া) শত্রূন্ (শত্রু অভিমুখে—বৃত্রমেব অভিমুখে) নিরিণাতি (গমন করেন) [তখন হে স্তোতা] অস্য ইৎ উ তুরস্য (এই ক্ষিপ্র ইন্দ্রের) পূর্ব্যাণি কর্ম্মাণি (পূর্বকৃত সকল বলকর্ম) নব্যঃ উক্‌থৈঃ (নূতন স্তোত্রের দ্বারা) প্র ব্রূহি (কীর্তন কর)।

অনুবাদ। যখন যুদ্ধের জন্য অতি উৎসাহী ইন্দ্র বজ্রকে বারবার ক্ষেপণ করিয়া শত্রু অভিমুখে গমন করেন, তখন হে স্তোতা, এই ক্ষিপ্র ইন্দ্রের পূর্বের সকল বলকার্য নূতন স্তবে কীর্তন কর।

শব্দ। **নব্যঃ**—অব্যয়। সম্প্রতি, নূতন। সায়ণ বলেন, স্তুতি-অর্থক ণু-ধাতু হইতে নব্যঃ। যে ইন্দ্র 'স্তুত্য' তাঁহার কীর্তন কর। **ইষ্ণানঃ**—ইষ্ ধাতু আভীক্ষ্ণ্য অর্থে। আভীক্ষ্ণ্য=পৌনঃপুণ্য ; নিত্যতা। **নিরিণাতি**—রী-ধাতু গতি ও রেষণার্থক। রেষণ=বৃকধ্বনি। সুতরাং ইন্দ্র বৃত্র অভিমুখে বৃকের ন্যায় শব্দ করিতে করিতে নিয়ত গমন করেন—এইরূপ অর্থ সঙ্গত। **ঋঘায়মাণম্**—পূর্বে ১।১০।৮ মন্ত্র দ্র. ॥

অস্যেদু ভিয়া গিরয়শ্চ দৃল্‌হা দ্যাবা চ ভূমা জনুষস্তুজেতে।

উপো বেনস্য জোগুবান ওণিং সদ্যো ভুবদ্ বীর্যায়

নোধাঃ ॥১৪॥

পদবিভাগ। অস্য ইৎ উ ভিয়া গিরয়ঃ চ দৃল্‌হাঃ দ্যাবা চ ভূম জনুষঃ তুজেতে উপো বেনস্য জোগুবানঃ ওণিম্ সদ্যঃ ভুবৎ বীর্যায় নোধাঃ।

অন্বয়।[১] অস্য ইদু (এই ইন্দ্রেরই) ভিয়া (ভয়ে) গিরয়ঃ চ দৃল্‌হাঃ (পর্বত-

১ **সায়ণভাষ্য।** অস্যৈবেন্দ্রস্য ভিয়া পক্ষচ্ছেদভয়েন গিরয়ঃ পর্বতা অপি দৃল্‌হাঃ নিশ্চলাঃ স্বস্বদেশেঽবতিষ্ঠন্তে। জনুষঃ প্রাদুর্ভূতাদস্মাদেবেন্দ্রাৎ ভীত্যা দ্যাবা ভূমা চ দ্যাবাপৃথিব্যাবপি তুজেতে। তুজির্হিংসার্থোঽপ্যত্র কম্পনে দ্রষ্টব্যঃ। কম্পেতে ইত্যর্থঃ। কিঞ্চ বেনস্য কান্তস্যাস্য ওণিং দুঃখস্যাপনায়কং রক্ষণম্ উপো জোগুবানঃ অনেকৈঃ সূক্তৈঃ পুনঃপুনরুপশব্দয়ন্ উপশ্লোকয়ন্নিত্যর্থঃ। এবম্ভূতঃ নোধাঃ ঋষিঃ সদ্যঃ তদানীমেব বীর্যায় ভুবৎ বীর্যবান্ অভবৎ ॥ ১৪ ॥
নোধা ঋষির্ভবতি নবনং দধাতি ॥ নি. ৪।১৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সকল স্থির নিশ্চল) জনুষঃ (জাত ইন্দ্র হইতে অর্থাৎ ইন্দ্র বা বজ্র বিদ্যুৎ প্রাদুর্ভূত হইলে ইন্দ্রের ভয়ে) দ্যাবা ভূমা চ (দ্যুলোক এবং পৃথিবী) তুজতে (কম্পিত হয়); উপো বেনস্য (কান্ত ইন্দ্রের নিকট) জোগুবানঃ (পুনঃপুনঃ স্তবকারী) নোধাঃ (নোধা ঋষি=নব নব স্তোত্র রচনাকারী নোধা ঋষি) বীর্যায় (সামর্থ্যের জন্য) ওণিম্ (দুঃখনাশক রক্ষণ বা পালন) সদ্যঃ ভুবৎ (সদ্য প্রাপ্ত হইলেন) [**অথবা**—বেনস্য ওণিম্ উপো জোগুবানঃ নোধাঃ সদ্যঃ বীর্যায় ভুবৎ=কান্ত ইন্দ্রের দুঃখনাশক রক্ষণ অনেক সূক্তের দ্বারা পুনঃপুনঃ উচ্চারণ করিয়া নোধা ঋষি সদ্য বীর্যবান্ হইলেন। (সায়ণ)।]॥

অনুবাদ। এই ইন্দ্রের ভয়ে পর্বত স্থির থাকে ; ইন্দ্রের প্রাদুর্ভাবে দ্যুলোক ও পৃথিবী কম্পিত হয় ; কান্ত ইন্দ্রের উদ্দেশ্যে পুনঃপুনঃ স্তবকারী নোধা ঋষি বীর্য প্রার্থনা করিয়া সদ্য ইন্দ্রের রক্ষণ প্রাপ্ত হইলেন।

শব্দ। জনুষঃ—প্রাদুর্ভাব-অর্থক জন্ ধাতু হইতে নিষ্পন্ন। **জোগুবানঃ**—অব্যক্ত শব্দার্থক গুঙ্ ধাতু হইতে নিষ্পন্ন (যঙ্ লুগন্ত)। পুনঃ পুনঃ শব্দকারী= স্তব উচ্চারণকারী। **ওণিম্**—অপনয়নার্থক ওণ্ ধাতু হইতে নিষ্পন্ন। যাহা দ্বারা দুঃখের অপনয়ন হয় ; রক্ষণ, পালন॥ **নোধাঃ**—নব অর্থাৎ স্তোত্রকে ধারণ করেন=নোধস্। নোধাঃ ঋষি (নি. ৪।১৬)॥

উপো=উপ+উ। উ-কার নিরর্থক (স্কন্দস্বামী নিরুক্তভাষ্য ৪ ১৬ দ্র.)। **বেনস্য**। কান্তি-অর্থক বেন্ ধাতু হইতে নিষ্পন্ন। বেন্ নৈরুক্ত ধাতু নিঘ. ২।৬ ; নি. ১০।৩৮)। **ভুবৎ**। ভূ ধাতু লেট্ বিভক্তি (বৈদিক)। **ভিয়া**—ভী-শব্দ তৃতীয়ার একবচন।

অস্মা ইদু ত্যদনু দায্যেষামেকো যদ্ বব্নে ভূরেরীশানঃ।

প্রৈতশং সূর্যে পস্পৃধানং সৌবশ্ব্যে সুষ্বিমাবদিন্দ্রঃ ॥১৫॥

পদবিভাগ। অস্মৈ ইৎ উ ত্যৎ অনু দায়ি এষাম্ একঃ যৎ বব্নে ভূরেঃ ঈশানঃ প্র এতশম্ সূর্যে পস্পৃধানম্ সৌবশ্ব্যে সুষ্বিম্ আবৎ ইন্দ্রঃ।

অন্বয়। এষাম্ (এই সমস্ত কিছুর) একঃ (এক প্রভু) ভূরেঃ (বহুবিধ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ধনের) ঈশানঃ (স্বামী) অস্মৈ ইদু (এই ইন্দ্রের উদ্দেশ্যেই) [তিনি] যৎ ববনে (যে স্তোত্র যাচ্ঞা করেন) ত্যৎ (সেই প্রসিদ্ধ স্তোত্র) অনু দায়ি (কর)। ইন্দ্রঃ (ইন্দ্র) সূর্যে সৌবশ্ব্যে (সূর্যে অবস্থিত থাকিয়া শোভন অশ্বযুক্তের কর্ম সংগ্রামে নিযুক্ত) পস্পৃধানম্ (স্পর্ধাকারী=মেঘের সহিত যুদ্ধে স্পর্ধাকারী) সুষ্বিম্ (সোমাভিষবকারী=উদকসৃষ্টিকারী) এতশম্ (সূর্যাশ্বকে=রশ্মিকে) প্র আবৎ (প্রকৃষ্টরূপে রক্ষা করিয়াছিলেন)।

অনুবাদ। এই সমস্ত কিছুর একমাত্র প্রভু, বহুবিধ ধনের ঈশ্বর এই ইন্দ্রের উদ্দেশে, তিনি যে স্তোত্র কামনা করেন সেই স্তোত্র রচনা কর। সূর্যে অবস্থিত থাকিয়া মেঘের সঙ্গে সংগ্রামে নিযুক্ত উদকসৃষ্টিকারী সূর্যরশ্মিকে ইন্দ্র রক্ষা করেন বা সামর্থ্য যোগান।

শব্দ।[১] **এষাম্**—এই সকলের। সায়ণের মতে স্তোতাগণের সম্বন্ধযুক্ত (যে স্তোত্র)। **সৌবশ্ব্য**—স্বশ্ব=শোভন অশ্বযুক্ত=সূর্য। শোভন অশ্বযুক্তের কর্ম বা সংগ্রাম=সৌবশ্ব্য (স্ক্—ঋগ্‌ভাষ্য ৬৷৩৩৷১)। সায়ণের মতে—স্বশ্ব নামক রাজার পুত্র সৌবশ্ব্য। **এতশম্**—সূর্যের রশ্মি বা অশ্ব। সায়ণের মতে এতশ ঋষি। **সুষ্বিম্**—অভিষবার্থক ষু- ধাতু হইতে নিষ্পন্ন। **ববনে**—যাচনার্থক বন-ধাতুর লিট্ (বৈদিক)। **দায়ি**—অদায়ি। দা-ধাতু লুঙ্ (বৈদিক)। **ভূরেঃ**—ভূরি (বহু) শব্দের ষষ্ঠীর একবচন। **পস্পৃধানম্**—কানচ্-প্রত্যয়ান্ত স্পর্ধ ধাতুর রূপ (বৈদিক)। **আবৎ**—অব্-ধাতু অনেকার্থক। পূর্বে ১।৪।১ মন্ত্রে "উতয়ে" শব্দ দ্রষ্টব্য।

সায়ণভাষ্য।[২] দ্বিতীয় অংশের ভাষ্য—ইন্দ্র স্বশ্বপুত্র সূর্যে স্পর্ধমান সোমাভিষবকারী এতশ ঋষিকে রক্ষা করিয়াছিলেন।

---

১ সৌবশ্ব্যম্ স্বশ্বস্য কর্ম সংগ্রামম্। স্বশ্বঃ শোভনাশ্বযুক্তঃ (স্ক. —ঋগ্‌ভাষ্যে—ঋ. ৬।৩৩।১)।

২ **সায়ণভাষ্য**। একঃ এক এব শত্রূন্ জেতুম্ সমর্থঃ ভূরেঃ বহুবিধস্য ধনস্য ঈশানঃ স্বামী যৎ স্তোত্রং ববনে যযাচে এষাং স্তোতৃণাং সম্বন্ধি। যদ্বা। বিভক্তিব্যত্যয়ঃ। এতৈঃ ত্যৎ ত্যৎপ্রসিদ্ধং স্তোত্রম্ অস্মৈ ইন্দ্রায় অনু দায়ি অকারীত্যর্থঃ। উত্তরার্ধস্যেয়মাখ্যায়িকা। স্বশ্বো নাম কশ্চিৎ রাজা। স চ পুত্রকামঃ সূর্যমুপাসাঞ্চক্রে। তস্য চ সূর্য এব পুত্রো বভূব। তেন সহ এতশনাম্নো মহর্ষের্যুদ্ধং জাতমিতি তদেতদিহোচ্যতে। অয়ম্ ইন্দ্রঃ সৌবশ্ব্যে স্বশ্বপুত্রে সূর্যে পস্পৃধানম্ স্পর্ধমানম্ সুষ্বিম্ সোমানাম্ অভিষোতারম্ এতশম্ এতৎসংজ্ঞকমৃষিং প্র আবৎ প্রারক্ষৎ ॥ ১৫ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

এবা তে হারিযোজনা সুবৃক্তীন্দ্র ব্রহ্মাণি গোতমাসো অক্রন্।

ঐষু বিশ্বপেশসং ধিয়ং ধাঃ প্রাতর্মক্ষু ধিয়াবসুর্জগম্যাৎ ॥১৬॥

পদবিভাগ। এব তে হারি-যোজন সু-বৃক্তি ইন্দ্র ব্রহ্মাণি গোতমাসঃ অক্রন্ আ এষু বিশ্ব-পেশসম্ ধিয়ম্ ধাঃ প্রাতঃ মক্ষু ধিয়া-বসুঃ জগম্যাৎ।

অন্বয়।[১] হারিযোজন (হে দুইঅশ্বযুক্ত রথস্বামী ইন্দ্র) গোতমাসঃ (গোতম-গোত্র-উৎপন্ন ঋষিগণ) সুবৃক্তি ব্রহ্মাণি (সুন্দর স্তোত্রসমূহ) তে (তোমার জন্য) অক্রন্ (করিয়াছেন); এষু (এই স্তোতাগণের মধ্যে) বিশ্বপেশসম্ ধিয়ম্ (বহুবিধরূপযুক্ত কর্ম / ধন / প্রজ্ঞা) আ ধাঃ (ধারণ কর / স্থাপন কর); প্রাতঃ (প্রাতঃকালে) ধিয়াবসুঃ (কর্ম বা প্রজ্ঞাদ্বারা প্রাপ্তধন ইন্দ্র) মক্ষু (শীঘ্র) জগম্যাৎ (আগমন করুন)।

অনুবাদ। হে হারিযোজন ইন্দ্র, গোতম ঋষিরা সুন্দর স্তোত্রে তোমার স্তব করিতেছেন; এই স্তোতাদের মধ্যে বিশ্বরূপ প্রজ্ঞাকর্মধন স্থাপন কর; ধিয়াবসু ইন্দ্র প্রাতঃকালে শীঘ্র আসুন।

শব্দ। **এবা**=এব। **হারিযোজনা**—হরিদ্বয়ের (=দুই অশ্বের) যোজন, তাহার স্বামিত্বের সম্বন্ধযুক্ত=হারিযোজন। হে ইন্দ্র (সম্বোধনে)। **অক্রন্**—কৃ-ধাতু লুঙ্ (বৈদিক)। **ধাঃ**—ধা-ধাতু লোটর্থে লুঙ্ (বৈদিক)। **সুবৃক্তি ব্রহ্মাণি**—সুপ্রযুক্ত বা সুশোভন স্তোত্রসমূহ। সুবৃক্তি শব্দ ব্রহ্মাণি শব্দের বিশেষণ এবং বহুবচনের রূপ (বৈদিক)।

---

১ **সায়ণভাষ্য।** হর্যোঃ অশ্বয়োঃ যোজনং যস্মিন্ রথে স তথোক্তঃ। তস্য স্বামিত্বেন সম্বন্ধী হারিযোজনঃ। হে হারিযোজন ইন্দ্র, গোতমাসঃ গোতম-গোত্রোৎপন্না ঋষয়ঃ সুবৃক্তি সুষ্ঠু আবর্জকানি অভিমুখীকরণকুশলানি ব্রহ্মাণি স্তুতিরূপাণি মন্ত্রজাতানি তে তব এব অক্রন্ অকৃষত। এষু স্তোতৃষু বিশ্বপেশসং বহুবিধরূপযুক্তং ধিয়ং ধাঃ। ধিয়া লভ্যত্বাৎ ধীঃ ধনমুচ্যতে। যদ্বা। ধীশব্দঃ কর্মবচনঃ। পশ্বাদিবহুবিধরূপং ধনম্, অগ্নিষ্টোমাদিকং বহুবিধরূপং কর্ম বা আধাঃ। ধেহি স্থাপয়। প্রাতঃ ইদানীমিব পরেদ্যুরপি প্রাতঃকালে ধিয়াবসুঃ বুদ্ধ্যা কর্মণা বা প্রাপ্তধনঃ ইন্দ্রঃ মক্ষু শীঘ্রং জগম্যাৎ অস্মদ্রক্ষণার্থম্ আগচ্ছতু ॥ ১৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Forwarded Free Of Cost, and with the Compliments of the Department of Education, Government of India, New Delhi

6935

১ মণ্ডল ঃ ১১ অনুবাক ঃ ৬২ সুক্ত

দেবতা—ইন্দ্র। **ঋষি**—নোধা। **ছন্দঃ**—ত্রিষ্টুপ্।

প্র মন্মহে শবসানায় শূষমাঙ্গূষং গির্বণসে অঙ্গিরস্বৎ।

সুবৃক্তিভিঃ স্তুবত ঋগ্মিয়ায়ার্চামার্কং নরে বিশ্রুতায় ॥১॥

পদবিভাগ। প্র মন্মহে শবসানায় শূষম্ আঙ্গূষম্ গির্বণসে অঙ্গিরস্বৎ সুবৃক্তি-ভিঃ স্তুবতে ঋগ্মিয়ায় অর্চাম অর্কম্ নরে বি-শ্রুতায়।

অন্বয়।[১] শবসানায় (নিজেকে সমধিক বলবিশিষ্ট বলিয়া মনে করেন যিনি সেই ইন্দ্রের উদ্দেশে) গির্বণসে (স্তবের দ্বারা তুষ্ট হইয়া যিনি অধিক দান করেন সেই ইন্দ্রের উদ্দেশে) অঙ্গিরস্বৎ (অঙ্গিরাঋষির ন্যায়) শূষম আঙ্গূষম্ (সুখকর স্তোত্র বা স্তোত্রের দ্বারা) প্র মন্মহে (আমরা উত্তমরূপে ধারণ করি/বা স্তব করি); সুবৃক্তিভিঃ (উত্তম স্তবের দ্বারা) স্তুবতে (স্তবকারী ঋষির জন্য) [যিনি পূজনীয় হন সেই] ঋগ্মিয়ায় (অর্চনীয়) নরে (সর্বজনের নেতা) বিশ্রুতায় (প্রখ্যাত ইন্দ্রের উদ্দেশে) অর্কম্ (ঋক্‌মন্ত্র) অর্চাম (আমরা উচ্চারণ করি)।

সায়ণভাষ্য। শবসানায়। শব ইতি বলনাম (নিঘ ১।৯)। তদিবাচরতে। যথা বলং শত্রূন্ হন্তি তথা শত্রূণাং হন্তেত্যর্থঃ। গির্বণসে গীর্ভিঃ স্তুতিলক্ষণৈর্বচোভিঃ সম্ভজনীয়ায়। 'গির্বণা দেবো ভবতি, গীর্ভিরেনং বনয়ন্তি' ইতি যাস্কঃ (নি. ৬।১৪)। এবম্ভূতায়েন্দ্রায়। শুষমিতি সুখনাম (নিঘ. ৩.৬)। শুষম্ সুখহেতুভূতম্। আঙ্গূষঃ স্তোম অঘোষঃ (নি. ৫।১১) ইতি যাস্কঃ। আঙ্গূষম্ স্তোত্রম্ অঙ্গিরস্বৎ অঙ্গিরস ইব প্র মন্মহে বয়ং স্তোতারঃ প্রকর্ষেণাবগচ্ছামঃ।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অনুবাদ। যিনি সমধিক বলবিশিষ্ট, যিনি স্তবে তুষ্ট হইয়া অধিক দান করেন সেই ইন্দ্রের উদ্দেশে অঙ্গিরা ঋষির মত সুখকর স্তোত্রের দ্বারা স্তব করি। স্তবকারী ঋষির উত্তম স্তবের দ্বারা অর্চনীয় নেতা প্রখ্যাত ইন্দ্রের উদ্দেশে ঋক্‌মন্ত্রে স্তব করি।

শব্দ। সকল শব্দ পূর্বে ব্যাখ্যাত।

প্র বো মহে মহি নমো ভরধ্বমাঙ্গূষ্যং শবসানায় সাম।

যেনা নঃ পূর্বে পিতরঃ পদজ্ঞা অর্চন্তো অঙ্গিরসো গা

অবিন্দন্ ॥২॥

পদবিভাগ। প্র বঃ মহে মহি নমঃ ভরধ্বম্ আঙ্গূষ্যম্ শবসানায় সাম যেন নঃ পূর্বে পিতরঃ পদ-জ্ঞাঃ অর্চন্তঃ অঙ্গিরসঃ গাঃ অবিন্দন্।

অন্বয়। বঃ (তোমরা = ঋত্বিক্‌গণ অথবা পুত্রপৌত্রাদিগণ) মহে শবসানায় (মহান্ অতিবল ইন্দ্রের উদ্দেশে) আঙ্গূষ্যম্ সাম (আঘোষযোগ্য মন্ত্র বা রথন্তর সামগান) মহি নমঃ (মহৎ স্তোত্র/অন্ন) প্র ভরধ্বম্ (প্রকৃষ্টরূপে সম্পাদন কর/দান কর) যেন (যে ইন্দ্রের দ্বারা) নঃ (আমাদের) পূর্বে পিতরঃ অঙ্গিরসঃ (পূর্ব

অবগত্য চ সুবৃক্তিভিঃ সুষ্ঠু-আবর্জকৈঃ স্তুত্যাভিমুখীকরণসমর্থৈঃ স্তোত্রৈঃ স্তুবতে স্তোত্রং কুর্বতে ঋষয়ে ঋগ্মিয়ায় য ইন্দ্র ঋগ্মিয়োঽর্চনীয়ো ভবতি। যদ্বা। কর্মণি কর্তৃপ্রত্যয়ঃ। ঋষিণা স্তূয়মানায়েত্যর্থঃ। নরে সর্বেষাং নেত্রে। যদ্বা। নরে যজমানে। বিশ্রুতায় ষষ্ঠ্যব্যতয়া বিশেষেণ প্রখ্যাতায়। এবম্ভূতায় তস্মৈ অর্কং মন্ত্ররূপং স্তোত্রম্। অর্কো মন্ত্রো ভবতি যদেনেনার্চন্তি (নি. ৫।৪) ইতি যাস্কঃ। অর্চাম পূজয়াম। উচ্চারয়ামেত্যর্থঃ ॥ ১ ॥

আঙ্গূষম্ আঙ্গূষেণ স্তোমেন। প্রমন্মহে প্রকর্ষেণ স্তুম ইত্যর্থঃ (স্ক)।

নরে। নৃশব্দাৎ চতুর্থ্যেকবচনে গুণশ্ছান্দসঃ ॥ (সা) ॥

শবসানায়। শবসানম্ বলায়মানম্ (নি, ১০।৩) ॥ সুবৃক্তিভিঃ। সুবৃক্তি excellent praise (M. W.)।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পিতৃপুরুষ অঙ্গিরাঋষিগণ) পদজ্ঞাঃ (মার্গজ্ঞাতা—আত্মাকে যাঁহারা জানেন) অর্চন্তঃ (ইন্দ্রকে অর্চনা করিয়া/পূজানিরত) গাঃ (জ্যোতিঃ) অবিন্দন্ (প্রাপ্ত হইয়াছিলেন)।

অনুবাদ। হে ঋত্বিকগণ, তোমরা অতিবল মহান্ ইন্দ্রের উদ্দেশে বিপুল অন্ন ও আঘোষযোগ্য সামগান উত্তমরূপে সম্পাদন কর, যে ইন্দ্রের দ্বারা আমাদের পূর্বপুরুষ অঙ্গিরোগণ জীবনের উৎকৃষ্ট পথকে জেনে পূজানিরত হয়ে জ্যোতি লাভ করেছিলেন। [অথবা যে ইন্দ্রের সহায়তায় পূর্বে গমনকুশল পিতৃগণ ও মাধ্যমিক দেবতা অঙ্গিরোগণ ইন্দ্রকে অর্চনা করে' উদকপ্রাপ্ত হয়েছিলেন]।

শব্দ। **গাঃ**—গো শব্দের অর্থ পৃথিবী, রশ্মি, বাক্, উদক ও গরু। বৈদিক ঋষিগণ জ্যোতির সাধনার জন্য সর্বশক্তিমান্‌কে পূজা করেন। অথবা মাধ্যমিক দেবগণ উদকের সাধনা করেন। **পদজ্ঞাঃ**—পথকে জানেন=পদজ্ঞ। মাধ্যমিক দেবগণ উদকসৃষ্টির পথ জানেন। স্কন্দস্বামী বলেন, কৃৎস্ন জগতের আশ্রয়ত্বহেতু কারণাত্মাই এই স্থলে 'পদ'। সেই আত্মাকে যাঁহারা জানেন তাঁহারা পদজ্ঞাঃ। **পিতরঃ অঙ্গিরসঃ**—মাধ্যমিক দেবগণ। যাস্ক বলেন, নৈরুক্তগণের মতে অঙ্গিরোগণ, পিতৃগণ, ভৃগুগণ অথর্বগণ প্রভৃতি মাধ্যমিক দেবগণ বর্ষণকর্মে নিযুক্ত। পিতৃগণ অগ্নিপ্রভৃতি দেবতারই প্রকারভেদ। তবে মনুষ্য ঋষিগণের মধ্যেও এই সকল নাম প্রসিদ্ধ আছে (নি. ১১।১৯)। সুতরাং মন্ত্রের ব্যাখ্যা উভয় অর্থেই সম্ভব।

সায়ণভাষ্য। সায়ণের মতে শেষ অংশের অর্থ—যে ইন্দ্র পণিনামক অসুরগণের দ্বারা অপহৃত গোসমূহ উদ্ধার করিয়াছিলেন, আমাদের পিতৃবিশেষ পূর্বপুরুষ অঙ্গিরোগণ সেই গোসমূহের পথ জানিয়া ইন্দ্রকে পূজা করতঃ গোসমূহকে লাভ করিয়াছিলেন। [ইহার ব্যাখ্যা এইরূপ হইতে পারে—পাণিনামক অসুর=মেঘ। গোসমূহ=রশ্মিসমূহ। অঙ্গিরোগণ=মাধ্যমিক জ্যোতি সমূহ]।

সায়ণভাষ্য। হে ঋত্বিজঃ বঃ যূয়ম্ মহে মহতে শবসানায় বলমিবাচরতে। অতিবলায়েত্যর্থঃ। উত্তরবাক্যে যচ্ছব্দশ্রুতেঃ তচ্ছব্দাধ্যাহারঃ। এবম্ভূতায় তস্মৈ ইন্দ্রায় মহি মহৎ প্রৌঢ়ং নমঃ স্তোত্রং প্র ভরধ্বং প্রকর্ষেণ সম্পাদয়ত। কিং তৎ স্তোত্রমিত্যাহ। আঙ্গূষ্যং সাম আঘোষযোগ্যং রথন্তরাদিসাম। তন্নিষ্পাদ্যতামিত্যর্থঃ। 'অভিত্বাশূর' (ঋ, ৭।৩২।২২) ইত্যাদিষু ঋক্ষু যদ্‌গানং তস্য সামেত্যাখ্যা। তথা চোক্তং—'গীতিষু সামাখ্যা' (জৈ. সূ. ২।১।২৬) ইতি।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ইন্দ্রস্যাঙ্গিরসাং চেষ্টৌ বিদৎ সরমা তনয়ায় ধাসিম্।

বৃহস্পতির্ভিনদদ্রিং বিদদ্ গাঃ সমুস্রিয়াভির্বাবশন্ত নরঃ ॥৩॥

পদবিভাগ ॥ ইন্দ্রস্য অঙ্গিরসাম্ চ ইষ্টৌ বিদৎ সরমা তনয়ায় ধাসিম্ বৃহস্পতিঃ ভিনৎ অদ্রিম্ বিদৎ গাঃ সম্ উস্রিয়াভিঃ বাবশন্ত নরঃ।

অন্বয়। ইন্দ্রস্য (ইন্দ্রের = ইন্দ্রের দ্বারা) চ (এবং) অঙ্গিরসাম্ (মাধ্যমিক দেবতা অঙ্গিরোগণের = তাহাদের দ্বারা) ইষ্টৌ (প্রেরিত হইলে) সরমা (সরণশীলা মাধ্যমিকা বাক্ বা মেঘগর্জন) তনয়ায় (পুত্রের জন্য = পার্থিব অগ্নির জন্য) ধাসিম্ (অন্নকে) বিদৎ (লাভ করিলেন) বৃহস্পতি (বৃহতের পাতা = জগতের বা উদকের পালয়িতা সূর্য বা ইন্দ্র) অদ্রিম্ (মেঘকে) ভিনৎ (ভেদ করিলেন/ বধ করিলেন) বাবশন্ত নরঃ (শব্দকারী বা গর্জনকারী নেতা মরুদ্গণ) সম্ উস্রিয়াভিঃ (রশ্মিগণের সহিত) গাঃ (উদককে) বিদৎ (প্রাপ্ত হইলেন)।

অনুবাদ। ইন্দ্র ও মাধ্যমিক দেবতা অঙ্গিরোগণের দ্বারা প্রেরিত হয়ে মাধ্যমিকা বাক্ সরমা পুত্র অগ্নির জন্য (পার্থিব অগ্নির জন্য) অন্নকে প্রাপ্ত হলেন; অন্নপালক বৃহস্পতি সূর্য (বা ইন্দ্র) মেঘ ভেদ করলেন ; গর্জনকারী নেতা মরুদ্গণ রশ্মিগণের সঙ্গে মিলিত হয়ে উদকরাশি প্রাপ্ত হলেন।

শব্দ। **অঙ্গিরসাম্**—অঙ্গিরোগণ বৃষ্টিসম্পাদক মাধ্যমিক দেবতা। ইহা নৈরুক্তগণ বলেন। পূর্বে আলোচিত। ঐতিহাসিক মতে ঋষি। **সরমা**—সরমা শব্দ সরণার্থক সৃ-ধাতু হতে উৎপন্ন। সরমা = সরণশীল মেঘগর্জন বা মাধ্যমিকা বাক্। ইহা নৈরুক্তগণ বলেন। ঐতিহাসিক মতে সরমা দেবশুনী।

তনয়ায়—পুত্রের জন্য। অগ্নির জন্য। অগ্নি মরুদ্গণের সঙ্গে (অন্নসহ) আগমন করেন (ঋ. ১।১৯।১)।

যেন ইন্দ্রেণ নঃ অস্মাকং পিতরঃ পিতৃবিশেষাঃ পূর্বে পূর্বপুরুষাঃ অঙ্গিরসঃ পণিনাম্নাসুরেণাপহৃতানাং গবাং পদজ্ঞাঃ মার্গজ্ঞাঃ সন্তোহত এব অর্চন্তঃ তং পূজয়ন্তঃ গা অবিন্দন্ অলভন্ত ॥ ২ ॥

বঃ প্রথমার্থে দ্বিতীয়া। **পদজ্ঞাঃ** পদানি জানন্তীতি। **অবিন্দন্** বিদ্লৃ লাভে। (সা.) ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ধাসিম্—অন্ন (নিঘ. ২।৭)। **ইষ্টৌ**—ইষ ধাতু গত্যর্থক। ইষ্টি প্রাপ্তি।

বৃহস্পতি—বৃহতঃ পতিঃ। বৃহৎ=মহৎ। মহৎ জগৎ বা বিশাল উদক-রাশির পতি বা পালক=সূর্য বা ইন্দ্র।

গাঃ—গোশব্দ অনেকার্থক জলরাশিকে। ভাষ্যমতে গোসমূহকে।

উস্রিয়াভিঃ—উস্রিয়া শব্দ রশ্মি ও গাভী উভয়-অর্থবোধক।

বাবশন্ত নরঃ—শব্দার্থক বাশৃ ধাতু হতে বাবশান্ শব্দ নিষ্পন্ন। শব্দকারী. গর্জনকারী। নরঃ=দেবগণ ; পৃথিবীতে উদক আনয়ন কার্য করেন মরুদ্‌গণ! উদকের নেতা গর্জনকারী মরুদগণকে এই স্থলে 'নরঃ' রূপে উল্লেখ করা হয়েছে।

সায়ণভাষ্য। এই বিষয়ে একটি আখ্যান আছে। পণিগণের দ্বারা গোসমূহ অপহৃত হইলে ইন্দ্র দেবশুনী সরমাকে তাহা খুঁজিয়া বাহির করিবার জন্য প্রেরণ করিলেন, মনুষ্যলোকে যেমন ব্যাধ মৃগ অন্বেষণের জন্য কুকুর ছাড়িয়া দেয় সেইরূপ। সরমা তখন ইন্দ্রকে বলিলেন, আমাদের শিশুদের জন্য যদি গাভীর ক্ষীর প্রভৃতি দাও তবে যাইব। ইন্দ্র স্বীকৃত হইলে সরমা গাভীর সংবাদ আনিয়া ইন্দ্রকে জানাইয়াছিলেন। তখন ইন্দ্র অসুর হত্যা করিয়া গো লাভ করিয়াছিলেন। সেই কাহিনী এখানে বলা হইয়াছে।

সায়ণভাষ্য। অত্রেদমাখ্যানম্। সরমা নাম দেবশুনী। পাণিভির্গোষপহৃতাসু তদ্‌গবেষণায় তাং সুরমামিন্দ্রঃ প্রাহৈষীৎ। যথা লোকে ব্যাধো বনান্তর্গত-মৃগান্বেষণায় শ্বানং বিসৃজতি তদ্বৎ। সা চ সরমা এবমবোচৎ। হে ইন্দ্র অস্মদীয়ায় শিশবে তদ্‌গোসম্বন্ধি ক্ষীরাদ্যন্নং যদি প্রযচ্ছসি তর্হি গমিষ্যামীতি। স তথেত্যব্রবীৎ। তথা চ শাট্যায়নকম্—অন্নাদিনীং তে সরমে প্রজাং করোমি যা নো গা অন্ববিন্দঃ' ইতি ততো গত্বা গবাং স্থানমজ্ঞাসীৎ। জ্ঞাত্বা চাস্মৈ ন্যবেদয়ৎ। তথা নিবেদিতাসু গোষু তমসুরং হত্বা তা গাঃ স ইন্দ্রোলভতেতি। অয়মর্থোঽস্যাং প্রতিপাদ্যতে॥ ইন্দ্রস্য অঙ্গিরসাম্ ঋষীণাং চ ইষ্টৌ প্রেষণে সতি সরমা দেবশুনী তনয়ায় স্বপুত্রায় ধাসিম্ অন্নং বিদৎ অবিন্দৎ। ধাসিঃ ইত্যন্ননাম (নি. ২।৭)। তথা গোষু নিবেদিতাসু বৃহস্পতিঃ বৃহতাং দেবানাং অধিপতি-রিন্দ্রঃ অদ্রিম্ অত্তারমসুরং ভিনৎ অবধীৎ। তেনাপহৃতাঃ গাঃ বিদৎ অলভত। ততঃ নরঃ নেতারো দেবাঃ উস্রিয়াভিঃ গোভিঃ সহ। উস্রিয়া ইতি গোনাম। সং বাবশন্ত ভৃশং হর্ষ শব্দং অকুর্বন্। যদ্বা। গোভিঃ সাধনভূতাভিস্তদীয়ং ক্ষীরাদিকমকাময়ন্ত সমগচ্ছন্তেত্যর্থঃ ॥ ৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ইন্দ্র ও অঙ্গিরোগণের প্রেরণে দেবশুনী সরমা নিজপুত্রের জন্য অন্নকে প্রাপ্ত হইলেন। সরমাকর্তৃক গো বিষয়ে জানিলে পর বৃহৎ দেবগণের অধিপতি ইন্দ্র ভক্ষক অসুর অদ্রিকে বধ করিলেন। তাহার দ্বারা অপহৃত গাভীসমূহ লাভ করিলেন। তাহার পর নেতা দেবগণ গাভীসহ অত্যন্ত হর্ষযুক্ত শব্দ করিলেন। অথবা গাভীগণের ক্ষীরাদি কামনা করিয়াছিলেন।

স সুষ্টুভা স স্তুভা সপ্ত বিপ্রৈঃ স্বরেণাদ্রিং স্বর্যো৩ নবগ্বৈঃ।

সরণ্যুভিঃ ফলিগমিন্দ্র শক্র বলং রবেণ দরয়ো দশগ্বৈঃ ॥৪॥

পদবিভাগ। সঃ সু-স্তুভা সঃ স্তুভা সপ্ত বিপ্রৈঃ স্বরেণ অদ্রিম্ স্বর্যঃ নব-গ্বৈঃ সরণ্যু-ভিঃ ফলি-গম্ ইন্দ্র শক্র বলম্ রবেণ দরয়ঃ দশ-গ্বৈঃ।

অন্বয়। ইন্দ্র (হে ইন্দ্র) শক্র (হে শক্র/শক্তিমান) সঃ [ত্বম্] (সেই তুমি) সপ্তঃ বিপ্রৈঃ (সপ্ত ঋষিগণের দ্বারা) সুষ্টুভা (শোভন স্তবের দ্বারা) সঃ [ত্বম্] (সেই তুমি) স্তুভা (স্তোত্রের দ্বারা) স্বরেণ (শব্দের দ্বারা/বজ্রের দ্বারা) অদ্রিম্ (অদ্রিমেঘকে), সরণ্যুভিঃ (সদা গতিশীল) নবগ্বৈঃ (নব নব গতিসম্পন্ন বা নবম মাসে সিদ্ধিপ্রাপ্ত আঙ্গিরা ঋষিগণের দ্বারা=রশ্মিগণের দ্বারা) [এবং] দশগ্বৈঃ (দশমমাসে সিদ্ধিপ্রাপ্ত ভৃগু ঋষিগণের দ্বারা=রশ্মিগণের দ্বারা) স্বর্যঃ (স্তুত্য হইয়া) ফলিগম্ (ফলিগ মেঘকে) বলম্ (বল মেঘকে) রবেণ (শব্দের দ্বারা) দরয়ঃ (বিদারিত কর/বা ভীত কর)।

অনুবাদ। হে ইন্দ্র, হে শক্র, তুমি (দ্যুলোকের) সপ্ত বিপ্রগণের শোভন স্তবস্তুতির দ্বারা যুক্ত হয়ে বজ্রাঘাতে (বা শব্দাঘাতে) অদ্রিমেঘকে, সদা গমনশীল নব নব গতিসম্পন্ন নবম মাসে ফলদাতা অঙ্গিরা দেবরশ্মিগণের দ্বারা স্তুত হয়ে ফলিগ মেঘকে এবং দশম মাসে ফলদাতা ভৃগু দেবরশ্মিগণের দ্বারা স্তুত হয়ে বলমেঘকে বিদারিত কর।

তাৎপর্য।[১] সূর্যের রশ্মিগণ সর্বদাই কর্মে নিযুক্ত এবং কর্মের বিভাগ অনুযায়ী বিভিন্ন প্রকারের রশ্মির কর্মও বিভিন্ন প্রকার। কেহ সোম বা উদক আহরণ করেন, কেহ বা বৃষ্টিকারক। পৃথিবী হতে রশ্মিগণের দ্বারা উদক আহরণমাত্রই তাহা বর্ষিত হয় না। আকাশে সঞ্চিত থাকে। এ বিষয়ে বেদের মন্ত্র

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

আছে। তাহা পূর্বে আলোচিত হয়েছে। অঙ্গিরাগণ সূর্যরশ্মিরূপে বিশিষ্ট কর্ম করেন। তাঁহারা সোম বা উদককে পরিস্কৃত করেন এবং নবমমাসে ফলদান করেন, এইরূপ মন্ত্র আছে (ঋ. ১০।১০৮।৮)। অঙ্গিরাগণ ইন্দ্রের সখারূপে বৃষ্টির কারক (ঋ. ১।৭২।৯ মন্ত্রের স্কন্দস্বামী ব্যাখ্যা)। অঙ্গিরোগণ নবনবগতি সম্পন্ন এবং নবমমাসে ফলদাতা। এই কারণে তাঁহারা নবগ্বাঃ (যাস্ক—নিরুক্ত ১১।১৯।দ্র.)। ভৃগুরশ্মিগণ দশমমাসে ফলদাতা। এই কারণে তাঁহারা দশগ্বাঃ। বেদে বিভিন্নপ্রকার মেঘের বিভিন্ন নাম দেখা যায়। যে মেঘ কেবল উদক ভক্ষণ করে (অত্তা) তাহার নাম অদ্রি। এই অদ্রি মেঘকে ইন্দ্র বজ্রাঘাতে বিদীর্ণ করেন ও উদকদান করেন। ফলিগ মেঘ স্বচ্ছ উদককে আশ্রয় করে। এই উদক ফল বা অন্নসৃষ্টির সহায়ক। ইন্দ্রের শব্দের আঘাতে অর্থাৎ মেঘগর্জনেই বর্ষণ করে। বল-মেঘ বর্ষণের উদ্দেশ্যে আকাশ আবৃত করে। এই মেঘের সময় বর্ষাকালের শেষভাগে। অনেক সময় অতিবর্ষণ হয় এই বল মেঘের দ্বারা। বলি অর্থাৎ অতিদানে উন্মুখ উদকবান্ মেঘের কাহিনী পুরাণে বলিরাজের আখ্যান। পৃথিবীর উত্তরার্ধে ভাদ্রমাসে অতিদানের ফলেই বলিকে সুতলে অর্থাৎ পৃথিবীর দক্ষিণার্ধে (=অষ্ট্রেলিয়া প্রভৃতি অঞ্চলে) বর্ষণের জন্য সূর্য প্রেরণ করে থাকেন।

শব্দ।[১] **সপ্ত**—স্কন্দস্বামীর মতে ভরদ্বাজ, কশ্যপ, গোতম, অত্রি, বিশ্বামিত্র, জমদগ্নি, বসিষ্ঠ—এই সপ্ত ঋষি।

বিপ্রৈঃ—বিপ্র শব্দে অগ্নি ইন্দ্র প্রভৃতি দেবতা বুঝায়। সুতরাং বিপ্রৈঃ= দেবগণ বা জ্যোতিগণের দ্বারা এইরূপ অর্থ হইতে পারে। **নবগ্বৈঃ**—নবগ্ব= নবনবগতিসম্পন্ন রশ্মিগণ (ঋ. ১।৩৩।৬; ১০।১০৬, ১০।১০৮।৮; নি. ১১।১৯); নবমমাসে সিদ্ধিপ্রাপ্ত; সর্বদা শ্রমবর্জিত গতি যাহাদের=অঙ্গিরসঃ দেবরশ্মিগণ। ভাষ্যমতে মনুষ্য অঙ্গিরাঋষিগণ। **দশগ্বৈঃ**—দশগ্ব=দশমমাসে সিদ্ধিপ্রাপ্ত বা ফলদাতা ভৃগুদেবরশ্মিগণ। ভাষ্যমতে মনুষ্য ভৃগুঋষিগণ। **স্বরেণ**—স্বর=শব্দ (নিঘ. ১।১১) অথবা বজ্র (স্ক)। স্বৃ ধাতু শব্দার্থক এবং উপতাপ অর্থক। **সরণ্যুভিঃ**—সরণ্যু=সরণশীল। ইন্দ্রের বা সূর্যের সখিত্বহেতু রশ্মিগণ সর্বদাই সরণশীল। গত্যর্থক সৃ-ধাতু হতে নিষ্পন্ন। অদ্রিম্, ফলিগম্, বলম্—নিঘণ্টুতে মেঘনামের মধ্যে পঠিত (নিঘ. ১।১০)। **দরয়ঃ**=অদরয়ঃ (=ভীত কর) অথবা অদারয়ঃ (বিদারিত কর) ণিজন্ত দৃ-ধাতু (ভ্বাদি) ভয় অর্থে 'দরয়তি'; বিদারণ অর্থে দারয়তি (ক্র্যাদি)।

সায়ণভাষ্য।[২] অঙ্গিরাগণ দুই প্রকার যাঁহারা যজ্ঞ করিয়া নবমমাসে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সিদ্ধিপ্রাপ্ত হইয়াছিলেন তাঁহারা নবগ্বাঃ। যাঁহারা দশমমাসে সিদ্ধিপ্রাপ্ত হইয়াছিলেন তাঁহারা দশগ্বাঃ। এই উভয়বিধ সিদ্ধিপ্রাপ্ত মেধাতিথি অঙ্গিরস প্রভৃতি সপ্ত মেধাবী ঋষিগণের উদাত্ত প্রভৃতি স্বরে উচ্চারিত শোভন স্তোত্রের দ্বারা স্তুত্য হে শক্তিমান্ হে ইন্দ্র, তুমি বজ্রের আঘাতে হননযোগ্য আদরণীয় ফলদায়ী বৃষ্টিজলযুক্ত মেঘকে নিজ শব্দের দ্বারা ভীত করিলে। অর্থাৎ তোমার শব্দ শ্রবণমাত্রই মেঘ ভীত হয়। অথবা, অদ্রি পর্বত, ফলিগ মেঘ এবং বলাসুর তোমার শব্দ শ্রবণমাত্রই ভীত হয়।

---

১ **স্কন্দ।** সপ্ত সপ্তভিঃ। 'সপ্তর্ষয়ো ভরদ্বাজঃ কশ্যপো গৌতমোঽত্রিঃ। বিশ্বামিত্রো জমদগ্নির্বসিষ্ঠঃ সপ্তমঃ স্মৃতঃ' ইতি। নবগ্বৈঃ নবা সর্বদৈব শ্রমবর্জিতা গতির্যেষাং তে নবগ্বাঃ। নবনীতে বা গতিরভিলাষো যেষাং তে নবগ্বাঃ। অঙ্গিরসঃ। সরণ্যুভিঃ সরণকামৈঃ। সখিত্বাৎ সর্বত্র ত্বয়া সহ সরণকামৈঃ ইত্যর্থঃ। দশগ্বৈঃ দশভির্মাসৈঃ সিদ্ধিং গতত্বাৎ দশগ্বা ভৃগব উচ্যন্তে। স্বর্য ইত্যেতেন চাস্য সম্বন্ধঃ। ভৃগুভিশ্চ স্তুত্যঃ। যস্ত্বং সুষ্টুভা স্তুত্যঃ... সোঽদ্রিং ফলিগং বলং মহতা শব্দেনৈব ব্যদারয়ঃ। অথবা স্বরেণ স্বর্যঃ ইত্যেতাবপি স্বৃ শব্দোপতাপয়োবৃচনৌ। যস্ত্বং স্বর্য উপতাপয়িতা শত্রূণাং সুষ্টুভা স্তুতিমাত্রেণ চ স্তুতঃ সন্ সপ্তর্ষিভিরঙ্গিরোভির্ভৃগুভিশ্চ সহ স্বরেণ শত্রূণামুপতাপয়িত্রা বজ্রেণ রবেণ শব্দেন চ মহতা অদ্রিং ব্যদারয় ইতি ॥ ৪ ॥

দরয়ঃ—দৄ বিদারণে (ক্র্যাদি)। দৄ ভয়ে (ভ্বাদি)। ভয়ে দরয়তি। অন্যত্র দারয়তি (মাধবীয়া ধাতুবৃত্তিঃ)॥ **নবগ্বৈঃ**—নবভিঃ গূঃ গমনং যেষাং তে নবগ্বাঃ (সা.)। **ফলিগম্**—ফলি উদকং গচ্ছতীতি ফলিগঃ (সা.)॥

২ **সায়ণভাষ্য।** অঙ্গিরসো দ্বিবিধাঃ। সত্রযাগমনুতিষ্ঠন্তো যে নবভির্মাসৈঃ সমাপ্য গতাস্তে নবগ্বাঃ। 'নবগ্বা নবগতয়ো নবনীতগতয়ো বা' (নি. ১১/১৯) ইতি যাস্কো ব্যাচক্ষ্যৌ। যে তু দশভির্মাসৈঃ সমাপ্য জগ্মুস্তে দশগ্বাঃ। তাদৃশৈরুভয়বিধৈঃ বিপ্রৈঃ মেধাবিভিঃ সরণ্যুভিঃ সরণং শোভনং গতিমিচ্ছদ্ভিঃ সপ্ত সপ্তসংখ্যাকৈঃ। সপ্তহত্র মেধাতিথিপ্রভৃতয়োঽঙ্গিরসো দৃশ্যন্তে। এবম্ভূতৈরঙ্গিরোভিঃ সুষ্টুভা শোভনস্তোভযুক্তেন স্বরেণ উদাত্তাদিশ্রব্যস্বরোপেতেন। যদ্বা। মন্দ্রমধ্যমাদিস্বরেণ স্তুভা স্তোত্রেণ স্বর্যঃ সুষ্ঠু প্রাপ্যঃ। যদ্বা। শব্দনীয়ঃ স্তুত্য ইত্যর্থঃ। হে শক্র শক্তিমন্ ইন্দ্র এবম্ভূতঃ সঃ ত্বম্ অদ্রিম্ আদরণীয়ং বজ্রেণ ছেত্তব্যমিত্যর্থঃ। ফলিগম্। প্রতিফলং প্রতিবিম্বম্। তদস্মিন্নস্তীতি ফলি স্বচ্ছমুদকম্। তদ্গচ্ছতি আধারত্বেনেতি ফলিগঃ। যদ্বা।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

গৃণানো অঙ্গিরোভির্দস্ম বি বরুষসা সূর্যেণ গোভিরন্ধঃ।

বি ভূম্যা অপ্রথয় ইন্দ্র সানু দিবো রজ উপরমস্তভায়ঃ ॥৫॥

পদবিভাগ। গৃণানঃ অঙ্গিরঃ-ভিঃ দস্ম বি বঃ উষসা সূর্যেণ গোভিঃ অন্ধঃ বি ভূম্যাঃ অপ্রথয়ঃ ইন্দ্র সানু দিবঃ রজঃ উপরম্ অস্তভায়ঃ।

অন্বয়। দস্ম (হে দর্শনীয়/শত্রুনাশক ইন্দ্র) গৃণানঃ (স্তবযুক্ত হইয়া) অঙ্গিরোভিঃ (অঙ্গিরোগণের দ্বারা=ইন্দ্রের সখা বৃষ্টিধারক অঙ্গিরাদেবগণের দ্বারা স্তবযুক্ত হইয়া=তুষ্ট হইয়া বর্ষণ করিয়া) সূর্যেণ উষসাগোভিঃ (সূর্যের সহিত আগত উষাকালীন রশ্মিগণের সহিত) বি বঃ (আলোকে প্রকাশিত করিলে); অন্ধঃ (অন্নকে) বি অপ্রথয়ঃ (বিশেষরূপে বিস্তার করিলে); ইন্দ্র (হে ইন্দ্র) ভূম্যাঃ (ভূমি বা পৃথিবী হইতে) সানু (সম্যক্ উচ্ছ্রিত বা উর্ধ্বগত) উপরম্ (মেঘকে) দিবঃ রজঃ (অন্তরিক্ষলোকে) অস্তাভয়ঃ (স্তম্ভিত করিলে)।

অনুবাদ। হে দস্ম, তোমার বৃষ্টিকারক সখা অঙ্গিরোগণের দ্বারা স্তুত হয়ে বর্ষণ করে' তুমি সূর্যের সঙ্গে আগত উষার আলোকে জগৎকে প্রকাশিত করলে; অন্নকে সর্বত্র বিস্তার করলে; হে ইন্দ্র, ভূমি থেকে উর্ধ্বগত মেঘকে অন্তরিক্ষলোকে স্তম্ভিত করলে।

শব্দ। **অঙ্গিরোভিঃ**—অঙ্গিরাগণ ইন্দ্রের সখা বৃষ্টির কারক। পূর্বে আলোচিত হইয়াছে। **উষসা গোভিঃ** উষাকালীন রশ্মিকে গোরশ্মি বলা হয় [অরুণ্যোগাব উষসাম্—(নিঘ. ১।১৫]। **অন্ধঃ**=অন্ন (নিঘ. ২।৭)। **অপ্রথয়ঃ**—প্রথ্ ধাতু বিস্তারার্থক। লঙ্ মধ্যমপুরুষের একবচন। **সানু**—

ব্রীহ্যাদি ফলম্। তদস্মিন্ সতি ভবতীতি ফলি বৃষ্টিজলম্। তদ্গচ্ছতীতি ফলিগঃ। এবম্ভূতং বলং মেঘং রবেণ আত্মীয়েন শব্দেন দরয়ঃ অভায়য়ঃ। ত্বদীয়শব্দশ্রবণমাত্রেণ মেঘো বিভেতীত্যর্থঃ। যদ্বা। অদ্রিঃ পর্বতঃ অত্যতেঽস্মিন্ পটলাদিকমিতি। ফলিগো মেঘঃ (নিঘ. ১।১০)। বলোঽসুরঃ। দেবা বৈ বলে গাঃ পর্যপশ্যন্ (ঐ. ব্রা. ৬।২৪) ইত্যাদৌ অসুরে প্রযুক্তত্বাৎ। এতে ত্রয়োঽপি ত্বদীয়শব্দশ্রবণমাত্রেণাবিভয়ুরিত্যর্থঃ॥ সঃ ইত্যেকঃ পাদপূরণঃ ॥ ৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যাহা সম্যক্ উর্ধ্বগত তাহা সানু (নি, ২।২৪)। **উপরম্**—মেঘ (নিঘ. ১।১০), **দিবঃ রজঃ**—অন্তরিক্ষলোক। রজঃশব্দে 'লোক' বঝায় (নি. ৪ ১৯), **অস্তাভয়ঃ**—স্তম্ভ্ ধাতু স্তম্ভনার্থক।

তাৎপর্য। মেঘ হইতে বৃষ্টিপ্রদান, অন্নবিস্তার, পৃথিবীকে আলোকিত করা, পুনরায় মেঘ সৃষ্টিকরা এই সকলই ইন্দ্রকর্ম।

সায়ণভাষ্য। হে দর্শনীয় ইন্দ্র অথবা শত্রুর উপক্ষপয়িতা ইন্দ্র, অঙ্গিরা ঋষিগণের দ্বারা স্তুত হইয়া উষা ও সূর্য কিরণের দ্বারা অন্ধকারকে বিশেষরূপে নাশ কর। তথা হে ইন্দ্র, তুমি পৃথিবীর সানুপ্রদেশ বিশেষরূপে বিস্তীর্ণ কর অর্থাৎ বিষমপ্রদেশ সমতল কর। তথা অন্তরিক্ষলোকের মূলপ্রদেশ স্তম্ভিত কর অর্থাৎ অন্তরিক্ষলোকের মূল যেরূপ দৃঢ় আছে সেইরূপ করিয়াছ।

তদু প্রযক্ষতমমস্য কর্ম দস্মস্য চারুতমমস্তি দংসঃ।

উপহ্বরে যদুপরা অপিন্বন্ মধ্বর্ণসো নদ্য১শ্চতস্রঃ ॥৬॥

পদবিভাগ। তৎ উঁ প্রযক্ষ-তমম্ অস্য কর্ম দস্মস্য চারু-তমম্ অস্তি দংসঃ উপ-হ্বরে যৎ উপরাঃ অপিন্বৎ মধু-অর্ণসঃ নদ্যঃ চতস্রঃ।

শব্দ। বি বঃ বিবৃতমকার্ষীঃ। গোভিঃ রশ্মিভিঃ (স্ক)॥ অন্ধঃ ইতি অন্ননাম (নিঘ. ২ ৭)॥ তমোঽপ্যন্ধ উচ্যতে নাস্মিন্ ধ্যানং ভবতি (নি. ৫।১)॥ সানু সমুচ্ছ্রিতং ভবতি। সমুন্নুন্নমিতি বা (নি. ২।২৪)।

উপরম্ মেঘনাম (নিঘ. ১।১০)। রজঃ লোকা রজাংসি উচ্যন্তে (নি. ৪।১৯)। অস্তভায়ঃ স্তভ্নাতিঃ প্রতিবন্ধার্থঃ (স্ক)॥ বঃ বৃঞ্ বরণে। লুঙি…(সা)॥

সায়ণভাষ্য। হে দস্ম দর্শনীয় শত্রূণামুপক্ষপয়িতর্বা ইন্দ্র ত্বম্ অঙ্গিরোভিঃ ঋষিভিঃ গৃণানঃ স্তূয়মানঃ সন্ উষসা সূর্যেণ চ সহ গোভিঃ কিরণৈঃ অন্ধঃ অন্ধকারং বি বঃ ব্যবৃণো ব্যনাশয় ইত্যর্থঃ। তথা হে ইন্দ্র ত্বং ভূম্যাঃ পৃথিব্যাঃ সানু সমুচ্ছ্রিতপ্রদেশং বি অপ্রথয়ঃ বিশেষেণ বিস্তীর্ণমকরোঃ। বিষমামিমাং সমীকৃতবানিত্যর্থঃ। তথা দিবঃ অন্তরিক্ষস্য রজঃ রজসো লোকস্য উপরম্ উপ্তং মূলপ্রদেশম্ অস্তভায়ঃ অস্তভ্নাঃ। যথান্তরিক্ষলোকস্য মূলং দৃঢ়ং ভবতি তথাকার্ষীরিত্যর্থঃ ॥ ৫ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অন্বয়।[১] তৎ উ (আর তাহাই) অস্য দস্মস্য (এই দর্শনীয় ইন্দ্রের) প্রযক্ষতমম্ (উৎকৃষ্ট পূজ্যতম) কর্ম (কর্ম) চারুতমম্ (কল্যাণতম) দংস (কর্ম) অস্তি (হয়) যৎ (যাহা/যখন) উপহ্বরে (সোমপানের পর/অন্তরিক্ষে) মধ্বর্ণসঃ (মধুর উদকযুক্ত) নদ্যঃ (শব্দকারী) উপরাঃ (মেঘসমূহকে) চতস্রঃ [দিশঃ প্রতি] (চতুর্দিকে) অপিন্বন্ (ক্ষারিত করিলেন/সেচন করিলেন)।

অনুবাদ। আর তাহাই এই দর্শনীয় ইন্দ্রের পূজ্যতম কল্যাণতম কর্ম যাহা সোমপানের পর (=পৃথিবী হইতে রস আকর্ষণের পর) মধুর উদকযুক্ত শব্দকারী মেঘকে চতুর্দিকে বর্ষণ করে।

সায়ণভাষ্য।[২] ইন্দ্র পৃথিবীর সম্বন্ধযুক্ত স্থানে স্থাপিত মধুর উদকপূর্ণ প্রধান যে চারিটি নদীকে জলে সিক্ত করিলেন তাহা এই দর্শনীয় ইন্দ্রের অতিপূজ্য ও অতি শোভন কর্ম।

---

১ **স্কন্দ।** তৎ উ উকার এবার্থে। তদেব প্রযক্ষতমম্ যক্ষ পূজায়াম্। প্রকর্ষেণ পূজ্যতমম্ অস্য ইন্দ্রস্য কর্ম দস্মস্য শত্রূণামুপক্ষপয়িতুঃ চারুতমম্ শোভনতমম্ অস্তি দংসঃ। উপহ্বরে হ্বরতিরত্তিকর্মা (নিঘ. ২।৮)। হ্বরো ভক্ষঃ। তস্য সমীপে। হবির্ভক্ষণানন্তরং সোমপানান্তরং চেত্যর্থঃ। অথবা উপহ্বরোঽন্তরিক্ষপ্রদেশঃ তত্র। যৎ উপরাঃ মেঘনামৈতৎ (নিঘ. ১।১০)। অপিন্বৎ অন্তর্ণীতণ্যর্থোঽত্র পিন্বির্দ্রষ্টব্যঃ। অপিন্বয়ৎ অসেচয়ৎ। ক্ষারিতবান্ ইত্যর্থঃ। কীদৃশীঃ। মধ্বর্ণসঃ মধুরোদকাঃ নদ্যঃ শব্দকারিণীঃ চতস্রঃ চতুসংখ্যাকাঃ। অথবা চতস্রো দিশঃ প্রতি। চতসৃষ্বপি দিক্ষিত্যর্থঃ ॥ ৬ ॥

২ **সায়ণভাষ্য।** দস্মস্য দর্শনীয়স্য অস্য ইন্দ্রস্য তদ্ তদেব কর্ম প্রযক্ষতমম্ অতিশয়েন পূজ্যম্। দংসঃ ইতি কর্মনাম। দংসঃ তদেব কর্ম চারুতমম্ অতিশয়েন শোভনম্। কিং তদিত্যত আহ। অয়মিন্দ্রঃ উপহ্বরে উপহ্বর্তব্যে গন্তব্যে পৃথিব্যাঃ সম্বন্ধিনি সমীপদেশে উপরাঃ উপ্তাঃ স্থাপিতাঃ মধ্বর্ণসঃ মধুরোদকাঃ চতস্রঃ নদ্যঃ প্রধানভূতা গঙ্গাদিনদীঃ অপিন্বৎ অসিঞ্চদিতি যৎ এতৎ কর্ম তদন্যেন কর্তুমশক্যত্বাৎ পূজ্যমিত্যর্থঃ ॥ ৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

দ্বিতা বি বব্রে সনজা সনীড়ে অযাস্যঃ স্তবমানেভিরর্কৈঃ।

ভগো ন মেনে পরমে ব্যোমন্নধারয়দ্ রোদসী সুদংসাঃ ॥৭॥

পদবিভাগ। দ্বিতা বি বব্রে সন-জা স-নীড়ে অযাস্যঃ স্তবমানেভিঃ অর্কৈঃ ভগঃ ন মেনে পরমে বি-ওমন্ অধারয়ৎ রোদসী সু-দংসাঃ।

অন্বয়।[১] স্তবমানেভিঃ অর্কৈঃ (মন্ত্রের দ্বারা স্তুত ইন্দ্র / অথবা অঙ্গিরাপ্রভৃতি দেবরশ্মিগণের মন্ত্রের দ্বারা স্তুত হইয়া) অযাস্যঃ (মুখ্যপ্রাণ/পরাক্রমশালী ইন্দ্র/ অথবা যে ইন্দ্রকে স্তবভিন্ন অন্যপ্রকার যত্নের দ্বারা প্রাপ্ত হওয়া যায় না সেই অযাস্য ইন্দ্র / অথবা গমনকুশল ইন্দ্র। সনজা (চিরবিদ্যমান) সনীড়ে (সমানস্থানে সৃষ্টিকালে উৎপন্ন / সমান নিবাসস্থানযুক্ত) [এইরূপ দ্যু ও পৃথিবীকে] দ্বিতা (দুভাগে বিভক্ত / দুইপ্রকার সত্তায়) বি বব্রে (বিভাগ করিলেন / প্রকাশিত করিলেন); ভগঃ ন মেনে (ভগঃ=সূর্য। মেনে=রাত্রি ও উষা। সূর্য যেমন রাত্রি ও উষাকে ধারণ করেন সেইরূপ) সুদংসাঃ (শোভনকর্মা ইন্দ্র) পরমে ব্যোমন্ (পরম ব্যোমে) রোদসী (দ্যু ও পৃথিবীকে) অধারয়ৎ (ধারণ করেন)। [অথবা—মননীয় উৎকৃষ্ট আকাশে সূর্যের ন্যায় দ্যাবাপৃথিবীকে ধারণ করেন (সায়ণ)]॥

১। **স্কন্দ।** দ্বিতাশব্দো দ্বিধাশব্দস্যার্থে। বি বব্রে অনেকধাঽপি সম্ভক্তবান্। সনজা চিরজাতে দ্যাবাপৃথিব্যৌ সনীড়ে সমানস্থানে সৃষ্টিকালোৎপন্নে। অযাস্যঃ অযাস্যো নামাঙ্গিরসোঽভিপ্রেতঃ।...অযাস্যো অঙ্গিরসো নবগ্বাঃ (ঋ. ১০।১০৮।৮) ইতি দর্শনাৎ। স্তবমানেভিঃ প্রথমার্থে তৃতীয়ৈষা। ইন্দ্রং স্তবন্ অর্কৈঃ মন্ত্রৈঃ। ইন্দ্রপ্রসাদাদিত্যর্থঃ। অথবা আনেতুমশক্যত্বাদযাস্য ইন্দ্র এবোচ্যতে। স্তবমানেভিরিতি তু কর্মণি শানচ্ প্রত্যয়ো দ্রষ্টব্যঃ। মন্ত্রৈঃ স্তূয়মান ইন্দ্র উভে অপি দ্যাবাপৃথিব্যৌ সম্ভজতে ইত্যর্থঃ। ভগঃ ন মেনে। ভগ আদিত্যঃ। মেনে স্ত্রিয়ৌ রাত্র্যুষসাবিহাভিপ্রেতে। যথা আদিত্যো রাত্র্যুষসোঃ তদায়ত্বাৎ তৎস্থিতেঃ। এবম্ পরমে ব্যোমন্ স্থানে কারণাত্মাখ্যে। অধারয়ৎ রোদসী সুদংসাঃ সুকর্মা ইন্দ্রঃ। কৃৎস্নস্য হি জগতো ধারণং ধর্মায়ত্তম্। ধর্মাধর্মৌ বৃষ্টিদ্বারকত্বাদিন্দ্রায়ত্তৌ ॥ ৭ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অনুবাদ। মন্ত্রের দ্বারা স্তুত হয়ে পরাক্রমশালী ইন্দ্র চিরবিদ্যমান সমানস্থান নিবাসযুক্ত (=আকাশরূপ সমানস্থানে নিবাসযুক্ত) দ্যু ও পৃথিবীকে দুইভাবে প্রকাশিত করলেন। সূর্য যেমন রাত্রি ও উষাকে ধারণ করেন সেইভাবে ইন্দ্র দ্যু ও পৃথিবীকে পরম ব্যোমে ধারণ করেন।

বেঙ্কট। দ্বৈধম্ বি বব্রে চিরজাতে একাধারে দ্যাবাপৃথিবী স্তূয়মানৈঃ স্তোত্রৈরিন্দ্রঃ গমনকুশলঃ। ভগঃ ইব অহোরাত্রে পরমে ব্যোম্নি অন্তরিক্ষে দ্যাবাপৃথিব্যৌ ধারয়তি সুকর্মা ॥ ৭ ॥

সায়ণভাষ্য। অযাস্যঃ। যাসঃ প্রযত্নঃ। তৎসাধ্যো যাস্যঃ। ন যাস্যোঽযাস্যঃ। যুদ্ধরূপৈঃ প্রযত্নৈঃ সাধয়িতুমশক্য ইত্যর্থঃ। কথং সাধ্যতে ইত্যত আহ। স্তবমানেভিঃ স্তোত্রং কুর্বদ্ভিঃ পুরুষৈঃ অর্কৈঃ স্তুতিরূপৈর্মন্ত্রৈঃ স্তূয়মানঃ সন্নিন্দ্রঃ সুসাধ্যঃ ভবতি। যদ্বা। অযাস্যঃ পঞ্চবৃত্তির্মুখ্যপ্রাণঃ। স হি আস্যাৎ মুখাৎ অয়তে গচ্ছতি নিষ্ক্রামতি। তদুপাসকোঽপ্যাঙ্গিরা উপচারাৎ অযাস্য উচ্যতে। তথা চ ছন্দোগৈরাম্নাতং—'তং হাযাস্য উদ্গীথমুপাসাংচক্রে এতমু এবাযাস্যং মন্যন্ত আস্যাদ্যদয়তে তেন' (ছা. উ. ১।২।১২) ইতি। অথবা। অয়মাস্যে মুখে বর্ততে ইত্যযাস্যঃ। তথা চ বাজসনেয়কং—'তে হোচুঃ ক্ব নু সোঽভূদ্যো ন ইত্থমসক্তেত্যয়মাস্যেঽন্তরিতি সোঽযাস্য আঙ্গিরসোঽঙ্গানাং হি রসঃ (বৃ. উ. ১।৩।৮) ইতি। পূর্ববদুপাসকোঽপি অযাস্যঃ। তেন ঋষিণা স্তবমানেভিঃ গুণিনিষ্ঠগুণাভিধানলক্ষণাং স্তুতিং কুর্বদ্ভিঃ অর্কৈঃ মন্ত্রৈঃ করণভূতৈঃ স্তূয়মানঃ সন্ সনজা। সনা ইতি নিপাতো নিত্যার্থঃ। নিত্যজাতে সর্বদা বিদ্যমানস্বভাবে ইত্যর্থঃ। প্রথমভাববিকারবাচিনা জনিনা দ্বিতীয়ো ভাববিকারঃ সত্তা লক্ষ্যতে। যথা 'ঔৎপত্তিকস্তু শব্দস্যার্থেন সম্বন্ধঃ' ইতি। 'ঔৎপত্তিকমিতি নিত্যং ব্রূমঃ' (শাবরভাষ্য ১।১.৫) ইতি হি তদ্ভাষ্যম্। সনীলে সমানং নীলম্ ওকো নিবাসস্থানং যয়োস্তে। সংলগ্নে ইত্যর্থঃ। এবংবিধে দ্যাবাপৃথিব্যৌ দ্বিতা দ্বিধা বি বব্রে বিবৃতে অকরোৎ ভেদেনাস্থাপয়দিত্যর্থঃ। মেনে মননীয়ে পরমে উৎকৃষ্টে ব্যোমন্ বিবিধরক্ষণে নভসি বর্তমানঃ ভগঃ ন সূর্য ইব সুদংসাঃ শোভনকর্মেন্দ্রঃ রোদসী দ্যাবাপৃথিব্যৌ অধারয়ৎ অপোষয়ৎ। যদ্বা। মেনা ইতি স্ত্রীনাম। তথাচ যাস্কঃ—'মেনা গ্না ইতি স্ত্রীণাং মেনা মানয়ন্তি এনাঃ' (নি. ৩২১) ইতি। স্ত্রীরূপমাপন্নে রোদসী ইন্দ্রোঽপুষ্যদিত্যর্থঃ ॥ ৭ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

তাৎপর্য। কৃৎস্ন জগৎধারণ ইন্দ্রের ধর্মায়ত্ত। বর্ষণকর্মের দ্বারাই শোভনকর্মা ইন্দ্র সমস্ত জগৎ ধারণ করেন। আর ইন্দ্রই মুখ্যপ্রাণ অযাস্য=আঙ্গিরস, কারণ তিনিই অঙ্গসকলের রস (বৃ. উ. ১।৩।৮)।

শব্দ। **অযাস্যঃ।** যাস=প্রযত্ন। প্রযত্নের সাধ্য যাস্য। ন যাস্য=অযাস্য। যুদ্ধরূপ প্রযত্নের দ্বারা যাঁকে পাওয়া যায় না=অযাস্য ইন্দ্র। যে ইন্দ্রকে স্তবস্তুতি ভিন্ন অন্যপ্রকার প্রযত্নের দ্বারা পাওয়া যায় না। ভাষ্যমতে অযাস্য শব্দে অঙ্গিরসকেও বোঝায়। অযাস্য=মুখ্যপ্রাণ যা আস্যে (মুখে) থাকে—অয়ম আস্যে মুখে বর্ততে=অযাস্যঃ। পঞ্চবৃত্তিযুক্ত মুখ্যপ্রাণ। আস্যাৎ (মুখ হতে) অয়তে (গমন করে, নিষ্ক্রান্ত হয়) এই অর্থেও অযাস্য=অঙ্গিরা, কারণ অঙ্গিরা ঋষি মুখ্যপ্রাণকেই উদ্গীথরূপে উপাসনা করেছিলেন (ছাঃ উ. ১।২ দ্র.)। [কিন্তু অনেকে মনে করেন ছান্দোগ্য উপনিষদে বর্ণিত ঋষির নাম আযাস্য এবং তিনিও মুখ্যপ্রাণের উপাসনা করেছিলেন।] অযাস্যো অঙ্গিরসো নবগ্বাঃ (ঋ. ১০।১০৮।৮)। **মেনে।** স্কন্দস্বামীর মতে 'মেনে' (মেনা শব্দের প্রথমা বিভক্তির দ্বিবচন) শব্দে রাত্রি ও উষাকে বোঝাচ্ছে। সায়ণের মতে মেনে=মননীয়া; অথবা দ্যু ও পৃথিবী।

সনাদ্ দিবং পরি ভূমা বিরূপে পুনর্ভুবা যুবতী স্বেভিরেবৈঃ।
কৃষ্ণেভিরক্তোষা রুশদ্ভির্বপুর্ভিরা চরতো অন্যান্যা ॥৮॥

পদবিভাগ। সনাৎ দিবম্ পরি ভূম বিরূপে পুনঃ-ভুবা যুবতী স্বেভিঃ এবৈঃ কৃষ্ণেভিঃ অক্তা উষাঃ রুশৎ-ভিঃ বপুঃ-ভিঃ আ চরতঃ অন্য-অন্যা।

অন্বয়। [এই ইন্দ্রের ইচ্ছায়] সনাৎ (চিরকাল) দিবম্ (দ্যুলোক) [এবং] ভূমা (ভূলোক / সর্বভূতজাতকে) পরি (পরিক্রমা করিয়া / লক্ষ্য করিয়া) বিরূপে (বিষমরূপে=শুক্ল ও কৃষ্ণ দুই বিপরীতরূপে) পুনর্ভুবা (পুনঃ পুনঃ প্রতিদিন জাত) যুবতী (দুইজন যুবতী=সকল কর্মের মিশ্রণকারিণী জরারহিতা) অক্তা (রাত্রিদেবী) কৃষ্ণেভিঃ বপুর্ভিঃ (কৃষ্ণবর্ণ রূপের দ্বারা) [এবং] উষাঃ (উষাদেবী) রুশদ্ভিঃ বপুর্ভিঃ (দীপ্ত শুক্লবর্ণ রূপের দ্বারা) অন্যান্যা

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(একে অন্য হইতে পৃথক্ থাকিয়া / একে অন্যের পরে) স্বেভিঃ এবৈঃ (স্বীয় গমনের দ্বারা) আ চরতঃ (আবর্তন করেন / বিচরণ করেন)।

অনুবাদ। ইন্দ্রের ইচ্ছায় চিরকাল দ্যুলোক ও ভূলোক পরিক্রমা করে' শুক্ল ও কৃষ্ণ দুই বিপরীত রূপে পুনঃ পুনঃ জাত দুই যুবতী—রাত্রি কৃষ্ণবর্ণরূপে এবং উষা শুক্লবর্ণরূপে, একে অন্যের পরে স্ব স্ব গমনের দ্বারা বিচরণ করেন।

তাৎপর্য। ইন্দ্র কেবল দ্যাবাপৃথিবীকেই নয়, রাত্রি উষা ও অন্য ভূতজাত সকলকে ধারণ করেন।

দ্রষ্টব্য। এই সূক্তের দেবতা ইন্দ্র। সুতরাং সকল মন্ত্রেই ইন্দ্রের প্রাধান্য থাকা আবশ্যক। কিন্তু এই মন্ত্রে ইন্দ্রের উল্লেখ নাই। ভাষ্যকারগণ মনে করেন সর্বজগৎ ইন্দ্রের আয়ত্ত বলিয়া এই মন্ত্রে ইন্দ্রই রাত্রি ও উষা ধারণ করেন ইহা বুঝাইতেছে।

শব্দ। **স্বেভিঃ।** স্ব (নিজ) শব্দের তৃতীয়ার বহুবচন (সর্বনাম, স্ত্রীলিঙ্গের রূপ)। **এবৈঃ**—গমনার্থক ই-ধাতু হইতে নিষ্পন্ন 'এব' শব্দের তৃতীয়ার বহুবচনের রূপ।

সায়ণভাষ্য। বিরূপে শুক্লকৃষ্ণতয়া বিষমরূপে পুনর্ভুবা পুনঃ পুনঃ প্রতিদিবসং জায়মানে যুবতী তরুণ্যৌ রাত্র্যুষসোঃ সর্বদৈকরূপ্যাৎ। এবম্ভূতে রাত্র্যুষসৌ দিবং দ্যুলোকং ভূম ভূমিং চ সনাৎ চিরকালাদারভ্য স্বেভিরেবৈঃ স্বকীয়ৈর্গমনৈঃ পরিচরতঃ পর্যাবর্তেতে। অয়মেবার্থঃ স্পষ্টীক্রিয়তে। অক্তা রাত্রিঃ কৃষ্ণেভিঃ অন্ধকাররূপৈর্বর্ণৈরুপলক্ষিতা উষাঃ চ রুশদ্ভিঃ দীপ্যমানৈঃ বপুর্ভিঃ স্বশরীরভূতৈস্তেজোভিরুপলক্ষিতা অন্যান্যা পরস্পরব্যতিহারেণ আ চরতঃ আবর্তেতে। হে ইন্দ্র এতৎসর্বং ত্বয়ৈব কার্যতে ত্বদধীনত্বাৎ সর্বাসাং দেবতানামিত্যর্থঃ ॥ ৮ ॥

স্কন্দ। ইয়মৃক্ স্বরূপেণৈব রাত্র্যুষঃকর্মকীর্তনমাত্ররূপত্বাদ্ রাত্র্যুষোদেবতাং প্রাপ্নোতি। ঐন্দ্রং চেদং সূক্তম্। অতো যত্তচ্ছব্দাবধ্যাহৃত্য পূর্বয়র্চা একবাক্যতা যোজ্যা পরয়া বা। যে বিরূপত্বাদিগুণে রাত্র্যুষসৌ দিবং ভূতজাতমন্যোন্যং চ প্রত্যাগচ্ছতস্তে অপ্যধারয়ৎ, ন কেবলে রোদসী—ইত্যেবং পূর্বয়ৈকবাক্যতা। পরয়া তু যে বিরূপত্বাদিগুণে রাত্র্যুষসৌ দিবং ভূতজাত-মন্যোন্যং চ প্রত্যাগচ্ছতস্তাভ্যাং সহেতি ॥ ৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সনেমি সখ্যং স্বপস্যমানঃ সূনুর্দাধার শবসা সুদংসাঃ।

আমাসু চিদ্ দধিষে পক্কমন্তঃ পয়ঃ কৃষ্ণাসু রুশদ্ রোহিণীষু ॥৯॥

পদবিভাগ। সনেমি সখ্যম্ স্ব-অপস্যমানঃ সূনুঃ দাধার শবসা সু-দংসাঃ আমাসু চিৎ দধিষে পক্কম্ অন্তঃ পয়ঃ কৃষ্ণাসু রুশৎ রোহিণীষু।

অন্বয়। স্বপস্যমানঃ (শোভনকর্মবৎ আচরণকারী / শোভনকর্মইচ্ছাকারী) শবসা (নিজ বলের দ্বারা) সুদংসাঃ (সুকর্মযুক্ত) সূনু (বলপুত্র ইন্দ্র) সনেমি সখ্যম্ (চিরপুরাতন সখ্যকে) দাধার (ধারণ করেন); [তুমি] আমাসু চিৎ অন্তঃ (ইন্দ্রের=তোমার আধিপত্যের মধ্যে নিশ্চিতরূপে অবস্থিত) পক্কম্ (অভিব্যক্ত) কৃষ্ণাসু পয়ঃ (কৃষ্ণবর্ণের মধ্যে রাত্রিকে) রোহিণীষু রুশৎ (আরোহণ বা উদয়ের মধ্যে / অথবা উদয়কালীন রক্তবর্ণের মধ্যে দীপ্যমান শ্বেতবর্ণকে) দধিষে (ধারণ কর)।

অনুবাদ। শোভনকর্মেচ্ছু, নিজ বলের দ্বারা সুকর্মযুক্ত বলপুত্র ইন্দ্র চিরপুরাতন সখ্যকে ধারণ করেন; (হে ইন্দ্র, তুমি) তোমার আধিপত্যের মধ্যে নিশ্চিতরূপে অবস্থিত কৃষ্ণবর্ণের মধ্যে রাত্রির ও উদয়কালীন রক্তবর্ণের মধ্যে দীপ্যমান শ্বেতবর্ণের অভিব্যক্তিকে ধারণ কর।

তাৎপর্য। পূর্বমন্ত্রে রাত্রি ও উষার একের পর অন্যের আবর্তন বর্ণিত হইয়াছে। সেই রাত্রি ও উষার প্রকাশ বা অভিব্যক্তি যে ইন্দ্রের আধিপত্যের অন্তর্গত তাহা এই মন্ত্রে বলা হইল। ইন্দ্র রাত্রি ও উষার সখ্য ত্যাগ করেন না।

শব্দ। **সনেমি**=পুরাণনাম (নিঘ ৩।২৭)। চিরপুরাতন (স্ব)। **স্বপস্যমানঃ**—সু+অপস্ (=কর্ম)=স্বপস্=শোভনকর্ম। শোভনকর্ম ইচ্ছা করে যে। **আমাসু**—অমঃ=মুখ্যপ্রাণ (ছান্দোগ্য উপনিষদ্—৫.২।৬)। মুখ্যপ্রাণ= ইন্দ্র। অমা-ই এই যাহা কিছু সব, তিনিই জ্যেষ্ঠ শ্রেষ্ঠ রাজা অধিপতি। এই অমা-তে যাহা আছে তাহা 'আমা'=আধিপত্য। ইন্দ্রের আধিপত্য= আমা। [অমা হি তে সর্বং ইদং স হি জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠো রাজাঽধিপতিঃ (ছা. উ. ৫ ২ ৬)]। পুনরায় 'অমা'=গৃহ (নিঘ. ৩।৪)। ইন্দ্রের গৃহ অর্থাৎ অমা-তে অবস্থিত যাহা কিছু তাহা 'আমা'। পুনরায় 'অমা'=যাহার পরিমাণ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

নাই। অপরিমিত [অমা অনির্মিতং ভবতি (নি. ৫।১]। ইন্দ্রের অপরিমাণ আশ্রয় বা জগতের মধ্যে=আমাসু। অথবা আমাসু=অপরিপক্কের মধ্যে। আম=অপরিপক্ক (স্কন্দ ও সায়ণভাষ্য দ্রষ্টব্য)। **পক্বম্**=অভিব্যক্ত [সসং ন পক্বম্ (ঋ. ১০।৭৯।৩)—অভিব্যক্ত বৈদ্যুতাখ্য জ্যোতিঃ—স্বপনশীলং মাধ্যমিকং জ্যোতিঃ বৈদ্যুতাখ্যং পক্বম্ অভিব্যক্তম্ (দ্র.—নি. ৫।৩)]। ভাষ্যমতে—পক্বম্=পরিপক্ক; ভক্ষণযোগ্য (স্ক./সা)। **পয়ঃ**=রাত্রি (নিঘ. ১।৭); উদক (নিঘ. ১।১২); অন্ন (নিঘ. ২।৭); দুগ্ধ (নি, ১০।১৬)। ভাষ্যকারগণ 'দুগ্ধ বা ক্ষীর' অর্থে গ্রহণ করিয়াছেন। **রোহিণীষু**—লোহিতবর্ণের মধ্যে। অথবা উদয়কালের সময়ে=উষাকাল। উষাকালে সূর্য লোহিতবর্ণ। **রুশৎ**= দীপ্যমান শ্বেতবর্ণ। দিনের প্রকাশ।

স্কন্দভাষ্য। শোভনকর্মা, নিজবলের দ্বারা সুকর্মা বলপুত্র ইন্দ্র চিরন্তন সখ্য ধারণ করেন অর্থাৎ রাত্রি ও উষার সখ্য পরিত্যাগ করেন না। অপক্ক হইলেও বর্ষণের দ্বারা পক্ক কর এবং পক্ককে (অর্থাৎ ভক্ষযোগ্যকে) কৃষ্ণাগাভী ও রোহিতবর্ণা গাভীর মধ্যে শ্বেতবর্ণ ক্ষীররূপে ধারণ কর।

সায়ণভাষ্য। শোভনকর্মার মত আচরণযুক্ত, বলের পুত্র অতিবলবান্, শোভনযাগাদিকর্মযুক্ত ইন্দ্র যজমানের পুরাতন সখ্যকে ধারণ পোষণ করেন। অপরিপক্ক গো মধ্যে দুগ্ধ ধারণ কর (মন্ত্রের অন্য অংশ স্কন্দস্বামীর অনুরূপ)।

স্কন্দ। সনেমি চিরন্তনম্ সখ্যম্ স্বপস্যমানঃ শোভনানি কর্মাণি যেষাং তে স্বপসঃ তদ্বদাচরন্ স্বপস্যমানঃ। সূনুঃ পুত্রঃ দাধার ধারয়তি শবসা বলেন সুদংসাঃ সুকর্মা। ইন্দ্রঃ রাত্র্যুষোভ্যাং সহ পূর্বপ্রবৃত্তং সখ্যং ন জহাতীত্যেবমিহ ব্যাখ্যাতব্যম্। পরোঽর্ধর্চঃ প্রত্যক্ষকৃতো ভিন্নং বাক্যম্। আমাসু চিৎ আমমপক্বম্। অপক্বাস্বপি অভক্ষযোগ্যাস্বপি সতীষিত্যর্থঃ। দধিষে বৃষ্টিদ্বারেণ ত্বং ধারয়সি পক্বম্ ভক্ষযোগ্যম্ অন্তঃ মধ্যে পয়ঃ ক্ষীরম্ কৃষ্ণাসু অপি গোষু রুশৎ দীপ্তম্। শুক্লমিত্যর্থঃ। রোহিণীষু রোহিতাসু চ ॥৯॥

সায়ণভাষ্য। স্বপস্যমানঃ। স্বপঃ শোভনং কর্ম। তন্নিবাচরন্ শবসা শবসো বলস্য সূনুঃ পুত্রঃ। অতিবলবানিত্যর্থঃ। সুদংসাঃ শোভনযাগাদি-কর্মযুক্তঃ। এবম্ভূত ইন্দ্রঃ সখ্যং যজমানানাং সখিত্বং সনেমি পুরাণং দাধার ধারয়তি পোষয়তীত্যর্থঃ। সনেমীতি পুরাণনাম। 'প্রবয়াঃ সনেমি' (নি. ৩।২৭।৪) ইতি পাঠাৎ। কিঞ্চ আমাসু চিৎ আর্দ্রাসু অপরিপক্বাসু গোষু চ অন্তঃ মধ্যে পক্বং পরিপক্বং পয়ঃ দধিষে ধারয়সি। তথা কৃষ্ণাসু কৃষ্ণবর্ণাসু রোহিণীষু লোহিতবর্ণাসু চ গোষু তদ্বিপরীতং রুশৎ দীপ্যমানং শ্বেতবর্ণং পয়ঃ দধিষে ॥ ৯ ॥

২

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সনাৎ সনীড়া অবনীরবাতা ব্রতা রক্ষন্তে অমৃতাঃ সহোভিঃ।
পুরূ সহস্রা জনয়ো ন পত্নীর্দুবস্যন্তি স্বসারো অহ্রযাণম্ ॥১০॥

পদবিভাগ। সনাৎ স-নীড়াঃ অবনীঃ অবাতাঃ ব্রতা রক্ষন্তে অমৃতাঃ সহঃ-ভিঃ পুরু সহস্রা জনয়ঃ ন পত্নীঃ দুবস্যন্তি স্বসারঃ অহ্রযাণম্।

অন্বয়। সনাৎ (চিরকাল) সনীড়াঃ (সমাননিবাসস্থানযুক্ত / সমতুল্যগুণযুক্ত) অবাতাঃ (অনায়াসগামী) অমৃতাঃ (অমরণধর্মা দেবরশ্মিগণ) সহোভিঃ (উদকরাশির সহিত) ব্রতা (কর্মের দ্বারা=বর্ষণরূপ কর্মের দ্বারা) অবনীঃ (নদীসমূহকে) রক্ষন্তে (রক্ষা করেন); পুরূ (সদা পুনরাবর্তনশীল) সহস্রা স্বসারঃ পত্নীঃ (বিপুল জলরাশির পালিকাশক্তিসমূহ) অহ্রযাণম্ (অলজ্জিতগমন=সুপ্রকাশ / প্রশস্তগমন ইন্দ্রকে) জনয়ঃ ন (জায়াগণের ন্যায়) দুবস্যন্তি (পরিচর্যা করেন অর্থাৎ বর্ষণের দ্বারা জলরাশিকে নদীরূপে প্রবাহিত করিয়া ইন্দ্রকে প্রীত করেন)।

অনুবাদ। চিরকাল ইন্দ্রের সহনিবাসী অনায়াসগামী অমরণধর্মা দেবরশ্মিগণ উদকবর্ষণরূপ কর্মের দ্বারা সকল নদীকে রক্ষা করেন। সদা পুনরাবর্তনশীল জলরাশির পালিকাশক্তিসমূহ সুপ্রকাশ ইন্দ্রকে মনুষ্যজায়াগণের ন্যায় পরিচর্যা করেন (=বর্ষণের দ্বারা জলরাশিকে নদীরূপে প্রবাহিত করিয়া ইন্দ্রকে প্রীত করেন)।

শব্দ। **সনীড়াঃ**—ইন্দ্রের সমান নিবাসস্থান যাঁহাদের। [closely united or related, kindred, akin—R. V. (M. W.)। সমানমিন্দ্রাখ্যং স্থানং যাসাং তাঃ সনীড়াঃ (স্ক.)]। **অবনীঃ**—নদী (নিঘ. ১।১৩); পৃথিবী (নিঘ. ১।১); অঙ্গুলি (নিঘ. ২।৫; নি. ৩।৯)। সায়ণ 'অঙ্গুলি' অর্থ গ্রহণ করিয়াছেন। **অবাতাঃ**—বিঘ্নহীন গমন; অথবা বাতরহিত বা বায়ুরহিত [unattacked, untroubled, windless—R. V. (M.W.)]। অথবা গমনরহিত (সা.)॥ **সহোভিঃ**—সহঃ=উদক (নিঘ. ১।১২); বল (নিঘ. ২।৯)। **পুরূ**—পুনরাবর্তনশীল; বহু [very much or many; abundunt, frequent, ever-recurring—R. V. (M. W.)]। পদপাঠে পুরূ=পুরু। **স্বসারঃ**—রশ্মিসমূহ (ঋ. ১।১৬৪।৩ নি. ৫।৬); বাক্‌সমূহ (নি. ১০।৫);

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জলরাশি (ঋ. ১০।১২০।৮)। **জনয়ঃ ন**—জায়াসমূহের ন্যায় (নি. ৮।১০)। মনুষ্যজায়া যেমন পতিকে সেবা দ্বারা তুষ্ট করে সেইরূপ দেবপত্নীগণ জলের পালিকাশক্তিসমূহ জলরাশিকে নদীরূপে প্রবাহিত করিয়া জগৎ পালন করেন এবং ইন্দ্রকে প্রীত করেন। [জনয়ঃ ন পতিভ্যো ইব জায়া (নি. ৮।১০)। **পত্নীঃ**—পূর্বে ১।২২।৯ মন্ত্র দ্রষ্টব্য। **অহ্রুযাণম্**—'অহ্রুষাণ' শব্দ অনবগত। যাস্ক বলেন, ইহার অর্থ 'অহ্রীতযান' অর্থাৎ যাহার গমন লজ্জারহিত। শ্লাঘ্যগমন। সুপ্রকাশ। প্রশস্তগমন। [অহ্রুযাণোঽহ্রীতযানঃ (নি. ৫।১৫)]। লজ্জার্থক হ্রী ধাতু হইতে উৎপন্ন শব্দ।

সায়ণভাষ্য। চিরকাল হইতে (=সনাৎ) সমাননিবাসস্থানযুক্ত গমনরহিত= (অবাতাঃ) অর্থাৎ একই হস্তে অবস্থিত অঙ্গুলিসকল (=সনীড়াঃ অবনীঃ) বহু অসংখ্য (=পুরুসহস্রা) ইন্দ্রসম্বন্ধযুক্ত কর্মসমূহ (=ব্রতা) পুনঃ পুনঃ করণের দ্বারাও আলস্যরহিত হইয়া (=অমৃতাঃ) নিজবলে পালন করে (=সহোভিঃ রক্ষন্তে) এবং পালিকাশক্তি স্বয়ং সরণশীল অঙ্গুলিসকল (=স্বসারঃ পত্নীঃ) লজ্জারহিত প্রগল্ভ্য ইন্দ্রকে (=অহ্রুযাণম্) দেবগণের পত্নীর ন্যায় (=জনয়ঃ ন) পরিচর্যা করে (=দুবস্যন্তি) অর্থাৎ অঙ্গুলিসকল অঞ্জলিবদ্ধ হইয়া ইন্দ্রকে প্রীত করে।

সনাযুবো নমসা নব্যো অর্কৈর্বসূযবো মতয়ো দস্ম দদ্রুঃ।

পতিং ন পত্নীরুশতীরুশন্তং স্পৃশন্তি ত্বা শবসাবন্ মনীষাঃ ॥১১॥

পদবিভাগ। সনা-যুবঃ নমসা নব্যঃ অর্কৈঃ বসু-যবঃ মতয়ঃ দস্ম দদ্রুঃ পতিম্ ন পত্নীঃ উশতীঃ উশন্তম্ স্পৃশন্তি ত্বা শবসা-বন্ মনীষাঃ।

সায়ণভাষ্য। সনাৎ চিরকালাদারভ্য সনীড়াঃ সমাননিবাসস্থানাঃ অবাতাঃ। বাতং গমনং তদ্রহিতাঃ একপাণ্যবস্থানাৎ। 'অবনয়ঃ' ইতি অঙ্গুলিনাম। এবম্ভূতাঃ অবনীঃ অঙ্গুলয়ঃ পুরু পুরূণি বহুনি সহস্রাণি অসংখ্যাতানি ব্রতা ব্রতানি ইন্দ্রসম্বন্ধিনী কর্মাণি অমৃতাঃ পুনঃপুনঃ করণেঽপ্যালস্যরহিতাঃ সত্যঃ সহোভিঃ আত্মীয়বলৈঃ রক্ষন্তে পালয়ন্তি। অপি চ স্বসারঃ স্বয়মেব সরন্ত্যোঽঙ্গুলয়ঃ পত্নীঃ পালয়িত্র্যঃ অহ্রুযাণম্ লজ্জারহিতং প্রগলভ্যমিত্যর্থঃ। যদ্বা। অহ্রীতযানং প্রশস্তগমনমিন্দ্রং জনয়ো ন। জনয়ঃ ইতি দেবানাং পত্ন্য উচ্যন্তে—'দেবানাং বৈ পত্নীজনয়ঃ' ইতি শ্রুতেঃ। তা ইব দুবস্যন্তি পরিচরন্তি। অঞ্জলিবন্ধনেন ইন্দ্রং প্রীণয়ন্তীত্যর্থঃ ॥ ১০ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অন্বয়।[১] দস্ম (হে দর্শনীয় ইন্দ্র) সনায়ুবঃ (চিরকামী) বস্যুবঃ (ধনকামী) মতয়ঃ (আমাদের স্তুতিসমূহ) নব্যঃ অর্কৈঃ (নূতন বা নবতর মন্ত্রসমূহের দ্বারা রচিত) [এবং] নমসা (নমস্কারযুক্ত এবং অন্নযুক্ত হইয়া) দদ্রুঃ (যাইতেছে=তোমার নিকট যাইতেছে); শবসাবন্ (হে বলবান্ ইন্দ্র) উশতীঃ পত্নীঃ (কাময়মানা পত্নীগণ) উশন্তম্ পতিম্ ন (যেমন কাময়মান পতিকে) [স্পর্শ করে বা আলিঙ্গন করে বা প্রাপ্ত হয়/ভজনা করে সেইরূপ] মনীষাঃ (স্তুতিসমূহ) ত্বা (তোমাকে) স্পৃশন্তি (স্পর্শ করে/প্রাপ্ত হয়)।

অনুবাদ। হে দর্শনীয় ইন্দ্র, চিরকামী ধনকামী আমাদের স্তবমালা নূতন মং রচিত হয়ে এবং নমস্কার যুক্ত হয়ে তোমার কাছে যাচ্ছে; হে বলবান্ ইন্দ্র, কামনাযুক্তা পত্নীগণ কাময়মান পাতকে যেমন আলিঙ্গন করে তেমনি আমাদের এই স্তব তোমাকে স্পর্শ করে।

সায়ণভাষ্য।[২] সায়ণের মতে মন্ত্রের প্রথম অংশের অর্থ—হে দর্শনীয় ইন্দ্র, শস্ত্রমন্ত্রের দ্বারা নমস্কারের দ্বারা যে তুমি স্তুত্য হও সেই তোমাকে সনাতন অগ্নিহোত্রাদি কর্ম ইচ্ছাকারী ধনকামী মেধাবীগণ বহুপ্রয়াসে প্রাপ্ত হয়।

শব্দ। **সনায়ুবঃ**—সনা=সনাতন (অব্যয়)। নিত্য কামনা করে এই অর্থে 'সনায়ু' শব্দের বহুবচনের রূপ। **বস্যুবঃ**—বসু=ধন। নিজের জন্য ধন ইচ্ছা করে, এই অর্থে 'বস্যু' শব্দের বহুবচনের রূপ। বস্যুবঃ=দস্যুবঃ (পাদপাঠ)। **দদ্রুঃ**—গত্যর্থক দ্রা-ধাতু (অদাদি) লিট্ বহুবচনের রূপ।

---

১ নমসা নমস্কারেণ নব্যঃ স্তুত্য অর্কৈঃ মন্ত্রৈশ্চ (স্ক)। নমসা নব্যঃ অর্কৈঃ নবতরা নমস্কারেণ অন্নৈশ্চ (বে)। সনায়ুবঃ চিরকামাঃ বস্যুবঃ ধনকামাঃ মতয়ঃ অস্মদীয়াস্তুতয়ঃ। চিরং ধনমিচ্ছন্ত্যোঽস্মদীয়াঃ স্তুতয় ইত্যর্থঃ। দদ্রুঃ গচ্ছন্তি ত্বাং প্রতি। গত্বা চ পতিম্ ন পত্নীঃ উশতীঃ উশন্তম্ স্পৃশন্তি ত্বা। মনীষাঃ মনসৈষণীয়াঃ। অত্যন্তোৎকৃষ্টা ইত্যর্থঃ। স্তুতিবচনো বা মনীষাশব্দঃ (স্ক)॥

২ **সায়ণভাষ্য।** হে দস্ম দর্শনীয়েন্দ্র অর্কৈঃ শস্ত্ররূপৈর্মন্ত্রৈঃ নমসা নমস্কারেণ যস্ত্বং নব্যঃ স্তুত্যোভবসি। সনায়ুবঃ সনাতনমগ্নিহোত্রাদি নিত্যং কর্ম আত্মন ইচ্ছন্তঃ বস্যুবঃ বসু ধনমাত্মন ইচ্ছন্তো ধনকামা বা মতয়ঃ মেধাবিনঃ ত্বাং দদ্রুঃ বহুনা প্রয়াসেন জগ্মুঃ। হে শবসাবন্ বলবন্ ইন্দ্র। তৈঃ প্রযুক্তাঃ মনীষাস্তুতয়ঃ ত্বা ত্বাং স্পৃশন্তি প্রাপ্নুবন্তি। তত্র দৃষ্টান্তঃ। উশতীঃ উশত্যঃ কাময়মানাঃ পত্নীঃ পত্ন্যঃ উশন্তং কাময়মানং পতিং ন। যথা পতিং সম্ভজন্তে তদ্বৎ ॥ ১১ ॥

মতয়ঃ। মন জ্ঞানে। মন্যন্তে ইতি মতয়ঃ স্তোতারঃ (সা.)॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সনাদেব তব রায়ো গভস্তৌ ন ক্ষীয়ন্তে নোপ দস্যন্তি দস্ম।

দ্যুমাঁ অসি ক্রতুমাঁ ইন্দ্র ধীরঃ শিক্ষা শচীবস্তব নঃ শচীভিঃ ॥১২॥

পদবিভাগ। সনাৎ এব তব রায়ঃ গভস্তৌ ন ক্ষীয়ন্তে ন উপ দস্যন্তি দস্ম দ্যু-মান্ অতি ক্রতু-মান্ ইন্দ্র ধীরঃ শিক্ষ শচী-বঃ তব নঃ শচীভিঃ।

অন্বয়। দস্ম (হে দর্শনীয় ইন্দ্র) তব গভস্তৌ (তোমার দুই হস্তে) সনাৎ এব (চিরকাল ধরিয়া অবস্থিত) রায়ঃ (ধনসমূহ) ন ক্ষীয়ন্তে (বিনষ্ট হয় না) ন উপ দস্যন্তি (ক্ষয়ও হয় না); ইন্দ্র (হে ইন্দ্র) দ্যুমান্ অসি (তুমি হও দীপ্তিমান্) ক্রতুমান্ (কর্মবান্) ধীরঃ (প্রজ্ঞাবান্/বুদ্ধিমান্); শচীবঃ (হে কর্মবান্ ইন্দ্র) তব শচীভিঃ (তোমার কর্মসমূহের দ্বারা) নঃ (আমাদিগকে) [ধন] শিক্ষ (দান কর)।

অনুবাদ। হে দর্শনীয় ইন্দ্র, তোমার দুই হাতে চিরকাল ধরে যে ধন আছে তা বিনষ্ট হয় না, ক্ষয়ও হয় না। হে ইন্দ্র, তুমি দীপ্তিমান্, কর্মবান্ ও ও প্রজ্ঞাবান্। হে কর্মবান্ ইন্দ্র, তোমার কর্মের দ্বারা আমাদের ধন দাও।

শব্দ। গভস্তৌ দুই বাহু (নিঘ. ২।৪)।

সায়ণভাষ্য। হে দস্ম, দর্শনীয় ইন্দ্র, তব গভস্তৌ তব হস্তে সনাৎ এব চিরকালাদারভ্য স্থিতানি রায়ঃ ধনানি ন ক্ষীয়ন্তে ন বিনশ্যন্তি, ন উপ দস্যন্তি চ। স্তোতৃভ্যো দত্তেঽপি ত্বদ্‌হস্তগতং ধনম্ উপক্ষয়ং ন প্রাপ্নোতি, অপি তু বধ তে। হে ইন্দ্র, ধীরঃ বুদ্ধিমান্ ত্বম্ দ্যুমান্ দীপ্তিমান্ লোকরক্ষণহেতুভূত-কর্মযুক্তোঽসি। হে শচীবঃ কর্মবন্ ইন্দ্র, তব শচীভিঃ ত্বদীয়ৈঃ কর্মভিঃ নঃ অস্মভ্যং ধনম্ শিক্ষ দেহি ॥ ১২ ॥

ন উপ দস্যন্তি ন অপি ক্ষয়ং সমীপী ভবন্তি (স্ক)। ন চ ন্যূনী ভবন্তি (বে.)॥ ধীরঃ প্রজ্ঞাবান্ (স্ক)॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সনায়তে গোতম ইন্দ্র নব্যমতক্ষদ্ ব্রহ্ম হরিযোজনায়।

সুনীথায় নঃ শবসান নোধাঃ প্রাতর্মক্ষূ ধিয়াবসুর্জগম্যাৎ ॥১৩॥

পদবিভাগ। সনা-যতে গোতমঃ ইন্দ্র নব্যম্ অতক্ষৎ ব্রহ্ম হরি-যোজনায় সু-নীথায় নঃ শবসান নোধাঃ প্রাতঃ মক্ষু ধিয়া-বসুঃ জগম্যাৎ।

অন্বয়।[১] ইন্দ্র (হে ইন্দ্র) সনায়তে (চির কাময়মান তোমার জন্য) হরিযোজনায় (হরিযোজন—হরি=অশ্ব। রথে দুই অশ্ব যোজনাকারী তোমার জন্য) সুনীথায় (সুষ্ঠুনেতা অথবা সুস্তুতিযুক্ত তোমার জন্য) গোতমঃ নোধাঃ (গোতম পুত্র নোধা ঋষি) নব্যম্ (নূতন) ব্রহ্ম (স্তোত্র) অতক্ষৎ (রচনা করিয়াছে); শবসান (হে বলবান্ ইন্দ্র) ধিয়াবসু (প্রজ্ঞাধনযুক্ত/বুদ্ধি বা কর্মের দ্বারা প্রাপ্ত ধন) [তুমি] নঃ (আমাদের জন্য) প্রাতঃ (প্রাতঃকালে) মক্ষু (শীঘ্র) জগম্যাৎ (আগমন কর)।

অনুবাদ। হে ইন্দ্র, চিরকাময়মান, রথে অশ্বযোজনকারী, সুষ্ঠুনেতা তোমার জন্য গোতমপুত্র নোধা ঋষি নূতন স্তোত্র রচনা করছে; হে বলবান্ ইন্দ্র, প্রজ্ঞাধন-যুক্ত তুমি আমাদের জন্য প্রাতঃকালে শীঘ্র এস।

সায়ণভাষ্য।[১] সায়ণের মতে 'সনায়তে'='সকলের আদি'; এবং 'নব্যম্ ব্রহ্ম নঃ অতক্ষৎ' এইরূপ অন্বয় হইবে। ইহাতে অর্থ হইবে—(নোধা ঋষি) নূতন স্তোত্র আমাদের জন্য (অর্থাৎ আমরা স্তোত্র পাঠ করিব বলিয়া) রচনা করিয়াছেন। সুতরাং এই স্তোত্রের দ্বারা স্তুত হইয়া…শীঘ্র আসুন।

---

১ **স্কন্দ।** সনায়তে চিরং কাময়মানায় তুভ্যম্। সুনীথায় সুস্তুতয়ে চ। অতক্ষৎ 'তক্ষতি করোতি কর্মা' (নি. ৪,১৯)॥

সায়ণভাষ্য। স ইন্দ্রঃ সনায়তে নিত্য ইবাচরতি সর্বেষামাদ্যো ভবতি। হে শবসান বলবন্ ইন্দ্র হরিযোজনায়। হরী অশ্বৌ রথে যোজয়তীতি হরিযোজনঃ। সুনীথায় সুষ্ঠু নেত্রে। এবম্ভূতায় তস্মৈ তুভ্যং গোতমঃ গোতমস্য ঋষেঃ পুত্রঃ নোধাঃ ঋষিঃ নব্যং নূতনং ব্রহ্ম এতৎসূক্তরূপং স্তোত্রং নঃ অস্মদর্থম্ অতক্ষৎ অকরোৎ। অতোঽস্মাভিরনেন স্তোত্রেণ স্তুতঃ সন্ ধিয়া বুদ্ধ্যা কর্মণা বা প্রাপ্তবসুরিন্দ্রঃ প্রাতঃকালে মক্ষু শীঘ্রং জগম্যাৎ আগচ্ছতু ॥ ১৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

১ মণ্ডল ঃ ১১ অনুবাক ঃ ৬৩ সূক্ত

দেবতা—ইন্দ্র। ঋষি—নোধা। ছন্দঃ—ত্রিষ্টুপ্।

ত্বং মহাঁ ইন্দ্র যো হ শুষ্মৈর্দ্যাবা জজ্ঞানঃ পৃথিবী অমে ধাঃ।

যদ্ধ তে বিশ্বা গিরয়শ্চিদভ্বা ভিয়া দৃল্হাসঃ কিরণা

নৈজন্ ॥ ১ ॥

পদবিভাগ। ত্বম্ মহান্ ইন্দ্র যঃ হ শুষ্মৈঃ দ্যাবা জজ্ঞানঃ পৃথিবী অমে ধাঃ যৎ হ তে বিশ্বা গিরয়ঃ চিৎ অভ্বা ভিয়া দৃল্হাসঃ কিরণাঃ ন ঐজন্।

অন্বয়।[১] ইন্দ্র (হে ইন্দ্র) ত্বম্ মহান্ (তুমি মহান্), যঃ হ (যে তুমি) অমে (ভয় উপস্থিত হইলে=দ্যু ও পৃথিবীর মেঘের দ্বারা সৃষ্ট ভয় উপস্থিত হইলে) জজ্ঞানঃ (সেই সময় জাত হইয়া) শুষ্মৈঃ (নিজ শক্তিবলে) দ্যাবা পৃথিবী (দ্যু ও পৃথিবীকে) ধাঃ (ধারণ করিয়াছিলে) যৎ হ তে (যখন তোমার অথবা যে তোমার) ভিয়া (ভয়ের দ্বারা ভীত হইয়া) বিশ্বা (সর্ববস্তু) গিরয়ঃ চিৎ (এবং পর্বতসমূহ) অভ্বা (অন্য মহান্ বস্তুসমূহ) দৃল্হাসঃ (দৃঢ় হইলেও) কিরণাঃ ন (সূর্যের কিরণের ন্যায়) ঐজন্ (কম্পিত হইয়াছিল) [অথবা—যৎ হ তে বিশ্বা গিরয়ঃ চিৎ অভ্বা ভিয়া দৃল্হাসঃ=যে তোমার মহৎ ভয়ের দ্বারা সর্বভূত ও পর্বত দৃঢ় হইলেও। (স্কন্দ)।]।

অনুবাদ। হে ইন্দ্র, তুমি মহান্, তুমি দ্যাবাপৃথিবীর ভয় উপস্থিত হইলে সেই সময়ে নিজ শক্তিবলে জাত হইয়া তাহাদিগকে ধারণ করিয়া থাক; তোমার ভয়ে সর্ববস্তু গিরিপর্বত এবং যাহা কিছু মহৎ তাহা দৃঢ় হইলেও সূর্যকিরণের মত কাঁপিতে থাকে।

শব্দ। অভ্বা=অভ্বঃ=মহৎ (নিঘ, ৩।৯)। ঐজন্—এজ্ ধাতু কম্পনার্থক।

---

(১) সায়ণভাষ্য। হে ইন্দ্র ত্বং মহান্ গুণৈঃ সর্বাধিকো ভবসি। যো হ যঃ খলু ত্বম্ অমে অসুরকৃতে ভয়ে সতি জজ্ঞানঃ তদানীমেব প্রাদুর্ভূতঃ সন্ শুষ্মৈঃ শত্রূণাং শোষকৈরাত্মীয়ৈর্বলৈঃ দ্যাবা পৃথিবী দ্যাবাপৃথিব্যৌ ধাঃ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সনায়তে গোতম ইন্দ্র নব্যমতক্ষদ্ ব্রহ্ম হরিযোজনায়।

সুনীথায় নঃ শবসান নোধাঃ প্রাতর্মক্ষূ ধিয়াবসুর্জগম্যাৎ ॥১৩॥

পদবিভাগ। সনা-যতে গোতমঃ ইন্দ্র নব্যম্ অতক্ষৎ ব্রহ্ম হরি-যোজনায় সু-নীথায় নঃ শবসান নোধাঃ প্রাতঃ মক্ষু ধিয়া-বসুঃ জগম্যাৎ।

অন্বয়।[১] ইন্দ্র (হে ইন্দ্র) সনায়তে (চির কাময়মান তোমার জন্য) হরিযোজনায় (হরিযোজন—হরি=অশ্ব। রথে দুই অশ্ব যোজনাকারী তোমার জন্য) সুনীথায় (সুষ্ঠুনেতা অথবা সুস্তুতিযুক্ত তোমার জন্য) গোতমঃ নোধাঃ (গোতম পুত্র নোধা ঋষি) নব্যম্ (নূতন) ব্রহ্ম (স্তোত্র) অতক্ষৎ (রচনা করিয়াছে) ; শবসান (হে বলবান্ ইন্দ্র) ধিয়াবসু (প্রজ্ঞাধনযুক্ত/বুদ্ধি বা কর্মের দ্বারা প্রাপ্ত ধন) [তুমি] নঃ (আমাদের জন্য) প্রাতঃ (প্রাতঃকালে) মক্ষু (শীঘ্র) জগম্যাৎ (আগমন কর)।

অনুবাদ। হে ইন্দ্র, চিরকাময়মান, রথে অশ্বযোজনকারী, সুষ্ঠুনেতা তোমার জন্য গোতমপুত্র নোধা ঋষি নূতন স্তোত্র রচনা করছে ; হে বলবান্ ইন্দ্র, প্রজ্ঞাধন-যুক্ত তুমি আমাদের জন্য প্রাতঃকালে শীঘ্র এস।

সায়ণভাষ্য।[১] সায়ণের মতে 'সনায়তে'='সকলের আদি' ; এবং 'নব্যম্ ব্রহ্ম নঃ অতক্ষৎ' এইরূপ অন্বয় হইবে। ইহাতে অর্থ হইবে—(নোধা ঋষি) নূতন স্তোত্র আমাদের জন্য (অর্থাৎ আমরা স্তোত্র পাঠ করিব বলিয়া) রচনা করিয়াছেন। সুতরাং এই স্তোত্রের দ্বারা স্তুত হইয়া···শীঘ্র আসুন।

---

১ **স্কন্দ।** সনায়তে চিরং কাময়মানায় তুভ্যম্। সুনীথায় সুস্তুতয়ে চ। অতক্ষৎ 'তক্ষতি করোতি কর্মা' (নি. ৪.১৯) ॥

সায়ণভাষ্য। স ইন্দ্রঃ সনায়তে নিত্য ইবাচরতি সর্বেষামাদ্যো ভবতি। হে শবসান বলবন্ ইন্দ্র হরিযোজনায়। হরী অশ্বৌ রথে যোজয়তীতি হরিযোজনঃ। সুনীথায় সুষ্ঠু নেত্রে। এবম্ভূতায় তস্মৈ তুভ্যং গোতমঃ গোতমস্য ঋষেঃ পুত্রঃ নোধাঃ ঋষিঃ নব্যং নূতনং ব্রহ্ম এতৎসূক্তরূপং স্তোত্রং নঃ অস্মদর্থম্ অতক্ষৎ অকরোৎ। অতোঽস্মাভিরনেন স্তোত্রেণ স্তুতঃ সন্ ধিয়া বুদ্ধ্যা কর্মণা বা প্রাপ্তবসুরিন্দ্রঃ প্রাতঃকালে মক্ষু শীঘ্রং জগম্যাৎ আগচ্ছতু ॥ ১৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

১ মণ্ডল ঃ ১১ অনুবাক ঃ ৬৩ সূক্ত

দেবতা—ইন্দ্র। ঋষি—নোধা। ছন্দঃ—ত্রিষ্টুপ্।

ত্বং মহাঁ ইন্দ্র যো হ শুষ্মৈর্দ্যাবা জজ্ঞানঃ পৃথিবী অমে ধাঃ।
যদ্ধ তে বিশ্বা গিরয়শ্চিদভ্বা ভিয়া দৃল্হাসঃ কিরণা
নৈজন্॥ ১॥

পদবিভাগ। ত্বম্ মহান্ ইন্দ্র যঃ হ শুষ্মৈঃ দ্যাবা জজ্ঞানঃ পৃথিবী অমে ধাঃ যৎ হ তে বিশ্বা গিরয়ঃ চিৎ অভ্বা ভিয়া দৃল্হাসঃ কিরণাঃ ন ঐজন্।

অন্বয়।[১] ইন্দ্র (হে ইন্দ্র) ত্বম্ মহান্ (তুমি মহান্), যঃ হ (যে তুমি) অমে (ভয় উপস্থিত হইলে = দ্যু ও পৃথিবীর মেঘের দ্বারা সৃষ্ট ভয় উপস্থিত হইলে) জজ্ঞানঃ (সেই সময় জাত হইয়া) শুষ্মৈঃ (নিজ শক্তিবলে) দ্যাবা পৃথিবী (দ্যু ও পৃথিবীকে) ধাঃ (ধারণ করিয়াছিলে) যৎ হ তে (যখন তোমার অথবা যে তোমার) ভিয়া (ভয়ের দ্বারা ভীত হইয়া) বিশ্বা (সর্ববস্তু) গিরয়ঃ চিৎ (এবং পর্বতসমূহ) অভ্বা (অন্য মহান্ বস্তুসমূহ) দৃল্হাসঃ (দৃঢ় হইলেও) কিরণাঃ ন (সূর্যের কিরণের ন্যায়) ঐজন্ (কম্পিত হইয়াছিল) [অথবা—যৎ হ তে বিশ্বা গিরয়ঃ চিৎ অভ্বা ভিয়া দৃল্হাসঃ = যে তোমার মহৎ ভয়ের দ্বারা সর্বভূত ও পর্বত দৃঢ় হইলেও। (স্কন্দ)।]।

অনুবাদ। হে ইন্দ্র, তুমি মহান্, তুমি দ্যাবাপৃথিবীর ভয় উপস্থিত হইলে সেই সময়ে নিজ শক্তিবলে জাত হইয়া তাহাদিগকে ধারণ করিয়া থাক; তোমার ভয়ে সর্ববস্তু গিরিপর্বত এবং যাহা কিছু মহৎ তাহা দৃঢ় হইলেও সূর্যকিরণের মত কাঁপিতে থাকে।

শব্দ। অভ্বা = অভ্বঃ = মহৎ (নিঘ, ৩।৯)। ঐজন্—এজ্ ধাতু কম্পনার্থক।

---

(১) সায়ণভাষ্য। হে ইন্দ্র ত্বং মহান্ গুণৈঃ সর্বাধিকো ভবসি। যো হ যঃ খলু ত্বম্ অমে অসুরকৃতে ভয়ে সতি জজ্ঞানঃ তদানীমেব প্রাদুর্ভূতঃ সন্ শুষ্মৈঃ শত্রূণাং শোষকৈরাত্মীয়ৈর্বলৈঃ দ্যাবা পৃথিবী দ্যাবাপৃথিব্যৌ ধাঃ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বিনিয়োগ।[২] এই সূক্তটি দ্বাদশাহ যাগের দ্বিতীয় ছন্দোমে পঠিত হয়। ইহা মরুত্বতীয় শস্ত্রে পাঠ্য। প্রজাপতির উদ্দেশে বার দিনে সম্পাদ্য সোমযজ্ঞকে দ্বাদশাহ যাগ বলে। দ্বাদশাহের প্রথম ও শেষদিনে অতিরাত্র যজ্ঞের অনুষ্ঠান হয়। অষ্টম, নবম ও দশম এই তিন দিনের অনুষ্ঠানের নাম ছন্দোম। ছন্দোমের দ্বিতীয় দিনে (=অষ্টমাহে) মরুদ্গণের উদ্দেশে এই সূক্তটি পঠিত হয়। ঐদিন 'মহৎ'-শব্দযুক্ত সূক্তসকল পাঠ করা হয়। ইহাতে যজমানের মহত্ত্ব বা ব্যাপ্তি লাভ হয়। ঐতরেয় ব্রাহ্মণ বলিতেছেন—ছন্দোমগুলি পশুস্বরূপ। ছন্দোমে মহৎ শব্দযুক্ত মন্ত্রপাঠের দ্বারা পশুলাভ হয়, যেহেতু অন্তরিক্ষ মহৎ। ইহার তাৎপর্য এই যে, ইহজগতে পশুসম্পদের দ্বারাই মানুষের ব্যাপ্তি লাভ হয়। সুতরাং মহদ্ভাবের সাধনার জন্য, প্রজাপশুলাভের জন্য, ইহলৌকিক ব্যাপ্তির জন্য এই মন্ত্রপাঠের সার্থকতা।

অধারয়ঃ। তাদৃশাদ্ভয়াৎ অমূমুচঃ ইত্যর্থঃ। কিঞ্চ। যৎ হ তে যস্য খলু তব সম্বন্ধিনা ভিয়া ভীত্যা বিশ্বা বিশ্বানি ব্যাপ্তানি যানি ভূতজাতানি গিরয়শ্চিৎ যে চ শিলোচ্চয়াঃ। অভ্বা। মহন্নামৈতৎ। অন্যান্যপি মহান্তি যানি সন্তি। তেঽপি সর্বে দৃল্হাসঃ দৃঢ়া অপি ঐজন্ অকম্পিষত। তত্র দৃষ্টান্তঃ। কিরণা ন। যথা সূর্যরশ্ময় ইতস্ততো নভসি কম্পন্তে তদ্বৎ ॥ ১ ॥

স্কন্দভাষ্য। ত্বম্ মহান্, হে ইন্দ্র, যঃ হ শুষ্মৈ হ-শব্দঃ পদপূরণঃ। যঃ আত্মীয়ৈর্বলৈঃ দ্যাবা পৃথিবী জজ্ঞানঃ জায়মানঃ। জন্মন এব প্রভৃতীত্যর্থঃ। অমে ভয়মিহ অমশব্দেনোচ্যতে। ভয়ে ধাঃ দধাসি। জন্মন এব প্রভৃতি দ্যাবাপৃথিব্যোর্ভয়মুদপীপদ ইত্যর্থঃ। যৎ যস্য ষষ্ঠ্যা অত্র লুক্। হ পদপূরণঃ চার্থে বা। যস্য তে বিশ্বা সর্বাণি ভূতানি গিরয়ঃ চিৎ চিচ্ছব্দশ্চার্থে। পর্বতাশ্চ অভ্বা ভিয়া 'অভ্বঃ' ইতি মহন্নাম (নিঘ. ৩।৩)। মহতা ভয়েন দৃল্হাসঃ গিরীণামিদং বিশেষণম্। দৃঢ়া অপি সন্তো গিরয়ঃ। কিরণাঃ ন ঐজন্। কিরণাঃ ইতি রশ্মিনাম (নিঘ. ১।৫)। এজৃ কম্পনে। যথোদকেঽন্যত্র বা আদিত্যস্য রশ্ময়ঃ কম্পন্তে তদ্বৎ কম্পন্ত ইত্যর্থঃ ॥ ১ ॥

(২) ঐতরেয় ব্রাহ্মণ ৫।২৩ ; আশ্বলায়ন শ্রৌতসূত্র ৮।৭ দ্রষ্টব্য।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

আ যদ্ধরী ইন্দ্র বিব্রতা বেরা তে বজ্রং জরিতা বাহ্বোর্ধাৎ।
যেনাবিহর্যতক্রতো অমিত্রান্ পুর ইষ্ণাসি পুরুহূত পূর্বীঃ ॥ ২ ॥

পদবিভাগ। আ যৎ হরী ইন্দ্র বি-ব্রতা বেঃ আ তে বজ্রম্ জরিতা বাহ্বোঃ ধাৎ যেন অবিহর্যত-ক্রতো অমিত্রান্ পুরঃ ইষ্ণাসি পুরু-হূত পূর্বীঃ।

অন্বয়। ইন্দ্র (হে ইন্দ্র) [তুমি] যৎ (যখন) বিব্রতা (বিবিধপ্রকার কর্মযুক্ত) হরী (হরিদ্বয়কে=তোমার অশ্বদ্বয়কে) [রথে যুক্ত করিয়া] আ বেঃ (আগমন কর) [তখন] জরিতা (স্তোতা/তোমার স্তবকারী=ঋষি) তে (তোমার) বাহ্বোঃ (বাহুদ্বয়ে) বজ্রম্ (বজ্রকে) আ ধাৎ (ধারণ করেন= স্থাপিত করেন) যেন (যাহার দ্বারা=যে বজ্রের দ্বারা) অবিহর্যতক্রতো (হে স্তুতি ও অন্নকামনাযুক্ত ইন্দ্র/অথবা হে প্রেপ্সিতকর্মা ইন্দ্র) পুরুহূত (হে বহু-লোকের দ্বারা আহূত ইন্দ্র) অমিত্রান্ (অমিত্রদিগের=ইন্দ্রের শত্রু মেঘসমূহের) পূর্বীঃ (বহু অথবা চিরন্তন) পুরঃ (পুরসমূহ=অবয়বসমূহ) ইষ্ণাসি (পুনঃ পুনঃ ভেদ করিতে গমন কর/অথবা হিংসা কর বা বধ কর)।

অনুবাদ। হে ইন্দ্র, তুমি যখন নানাকর্মকারী তোমার অশ্ব দুইটিকে রথে যুক্ত করিয়া আগমন কর তখন তোমার দুই বাহুতে স্তবকারী ঋষি বজ্রকে স্থাপিত করেন, যে বজ্রের দ্বারা, হে স্তুতি ও অন্নকামনাযুক্ত ইন্দ্র, হে বহুস্তুত ইন্দ্র, তুমি অমিত্র মেঘদের চিরন্তন পুর বারবার ভেদ করিয়া গমন কর।

তাৎপর্য। এই মন্ত্রে বলা হয়েছে, স্তবকারী ঋষি ইন্দ্রের দুই বাহুতে বজ্রকে স্থাপিত করেন যে বজ্রের সহায়তায় ইন্দ্র মেঘের পুর ধ্বংস করেন। লক্ষণীয় যে, এই মন্ত্রটি ত্রিষ্টুপ্ ছন্দে রচিত। ব্রাহ্মণগ্রন্থে এবং নিরুক্তগ্রন্থে এরূপ বলা হয়েছে যে ছন্দের মধ্যে ত্রিষ্টুপ্ ছন্দ ইন্দ্রের ভাগ অর্থাৎ ত্রিষ্টুপ্ ছন্দ ঐন্দ্রচ্ছন্দ। ত্রিষ্টুপ্ ছন্দের সঙ্গে ইন্দ্রের বজ্রের সম্বন্ধ আছে। ত্রিষ্টুপ্ শব্দের ব্যুৎপত্তি-সাধন বিভিন্নভাবে করা হয়েছে। তার মধ্যে অন্যতম ব্যুৎপত্তি এই—ত্রিষ্টুপ্ ত্রিবৃতের স্তুতি সম্পাদন করে। 'ত্রিবৃৎ' শব্দের অর্থ 'বজ্র', তাহার স্তুতিকারিণী—এই অর্থে 'ত্রিষ্টুপ্' শব্দ নিষ্পন্ন। ত্রিষ্টুপ্=ত্রি+স্তুভ্। ত্রি=ত্রিবৃৎ=বজ্র। বজ্র ত্রিসন্ধিযুক্ত শর। অথবা, বজ্রের উভয় দিক্ ত্রিকোটি অর্থাৎ তীক্ষ্ণ অগ্রভাগ বিশিষ্ট, এই কারণে বজ্রের নাম ত্রিবৃৎ। এই ত্রিবৃতের স্তুতি সম্পাদন করে ত্রিষ্টুপ্ ছন্দ। মন্ত্রে বলা হয়েছে—স্তোতা বজ্রকে ইন্দ্রের দুই বাহুতে অর্থাৎ হস্তে স্থাপন করেন। এর তাৎপর্য—স্তোতা ঈশ্বরীয় শক্তির

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কর্মের সঙ্গে একাত্ম হয়ে গেলেন এবং ত্রিষ্টুপ্ ছন্দের রচিত মন্ত্রের দ্বারা বজ্রে স্তুতি করে' যেন ইন্দ্রের হাতে স্থাপন করলেন, যে বজ্রের দ্বারা ইন্দ্র মেঘবিদার করে বর্ষণ করবেন। [ইন্দ্রভক্তিঃ—ত্রিষ্টুপ্ (নিঃ ৭।১০)। ত্রিষ্টুপ্ স্তোভত্যুত্তর পদা। ...ত্রিবৃদ্বজ্রঃ তস্য স্তোভনীতি বা। যৎ ত্রিরস্তোভৎ তৎ ত্রিষ্টুভ ত্রিষ্টুপ্ত্বম্। ইতি বিজ্ঞায়তে (নি. ৭।১০)।—বজ্রমায়ুধম্, তচ্চ পুনঃ প্রায় ত্রিসন্ধিশরো বণুঃ শৃঙ্গং শল্যমিতি বিজ্ঞায়তে, তস্য স্তোভতীতি স্তুতিঃ। অথবা ঐন্দ্রমেতচ্ছন্দঃ, বজ্রং চেন্দ্রভক্তিঃ, তস্মাদুপপদ্যতে (দ্র.—নি ৭।১২)—ত্রিবৃদ্ বজ্র ইতি। উভয়তস্ত্রিকোটিত্বাৎ ত্রিবৃত্ত্বম্। তস্য স্তোভনী স্তোভতি স্তৌতি। তৎ চ ব্রাহ্মণং দর্শয়তি। অস্তোভদিত্যাদি। যস্মাৎ ত্রিঃ কৃত্য তয়া বজ্রমস্তোবা (স্ক.—নি. ৭।১২)। এতদ্‌সহ ঐতরেয় ব্রাহ্মণ ৩।২৮ দ্রষ্টব্য]।

শব্দ। বিব্রতা = বিব্রতৌ। বেদে দ্বিবচনে ঔকার স্থলে আ-কার হয়। বি = বিবিধ। ব্রত = কর্ম। বিবিধ কর্মযুক্ত (যে দুজন) = বিব্রতা। বেঃ— গত্যর্থক বী-ধাতুর লঙ্ বিভক্তির বৈদিকরূপ। বেঃ আ = আ বেঃ = আগমন কর = হরিদ্বয়কে রথে যুক্ত করিয়া আগমন কর। ধাৎ = অধাৎ। ধারণার্থক ধা-ধাতুর লুঙ্ বিভক্তির বৈদিকরূপ। অবিহৃর্যতক্রতো—অবিহর্যতক্রতু শব্দের সম্বোধনের রূপ। হর্য ধাতু গতি ও কান্তি (ইচ্ছা) অর্থ ব্যক্ত করে। 'পুনঃ পুনঃ কামনা করা' অর্থে ব্যবহৃত হয়েছে (নি. ৭।১৭ দ্র.)। বিহর্যত=

স্কন্দ। আ বেঃ বেতের্গতিকর্মণঃ বিদের্বা জ্ঞানার্থস্যেদং রূপম্। রথে যোক্তুমাগচ্ছসি বেৎসি বেত্যর্থঃ।...বাহ্বোঃ হস্তয়োঃ আ ধাৎ আধত্তে।... অবিহর্যক্রতো। হর্যতিঃ কান্তিকর্মা (নিঘ. ২।৬)। অবিগতো হর্যতঃ কামো যস্য সোঽবিহর্যতঃ কামবান্। ক্রতুরিতি যজ্ঞনাম। অবিহর্যতঃ ক্রতুর্যস্য সোঽবিহর্যতক্রতুঃ। স্তুতীর্হবীংষি চ প্রতি কাময়মানচিত্ত ইত্যর্থঃ।...ইষ্ণাসি। ইষু আভীক্ষ্ণ্যে। হননবিষয়ং চাত্রাভীক্ষ্ণ্যমভিপ্রেতম্। অভীক্ষ্ণ্যং হংসীত্যর্থঃ। পূর্বীঃ পুরামিদং বিশেষণম্। চিরন্তনীঃ পুরঃ ॥ ২ ॥

সায়ণভাষ্য। হে ইন্দ্র, ত্বম্ যৎ যদা বিব্রতা বিবিধকর্মাণৌ হরী ত্বদীয়াশ্বৌ আ বেঃ রথে আগময়সি। রথে যোজয়সীত্যর্থঃ। তদানীম্ তে তব বাহ্বোঃ হস্তয়োঃ জরিতা স্তোতা বজ্রম্ আ ধাৎ স্তোত্রেণ স্থাপয়তি। স্তোত্রে স্তুতে প্রযত্নমন্তরেণ বজ্রং তদ্‌হস্তে দৃশ্যতে ইত্যর্থঃ। হে অবিহর্যতক্রতো প্রেপ্সিত কর্মন্ ইন্দ্র, অমিত্রান্ শত্রূন্ যেন বজ্রেণ ইষ্ণাসি অভিগচ্ছসি। হে পুরুহূত পুরুভির্বহুভির্যজমানৈরাহূত, ত্বম্ পূর্বীঃ বহ্বীঃ পুরঃ অসুরপুরাণি ভেত্তুম্ ভিগচ্ছসীত্যর্থঃ ॥ ২ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অনভিলষিত। অবিহর্যত=অভিলষিত। ক্রতু=কর্ম, যজ্ঞ। ইন্দ্র পুনঃ পুনঃ যজ্ঞ (=মেঘবিদারণরূপ কর্ম) কামনা করেন অন্ন সৃষ্টির জন্য; ইন্দ্র (=সামগ্রিক জাগতিক ইচ্ছা শক্তি) স্তবের দ্বারা (=অনুকূল পরিবেশ সৃষ্টির জন্য প্রশংসা বাক্যের দ্বারা) উৎসাহিত হন। যে কর্ম সকলেরই কাম্য সেই অন্নসৃষ্টিরূপ কর্মই সকলের উৎসাহে ইন্দ্রশক্তির দ্বারা সম্পন্ন হয়। এই ভাবেই জগতের সঙ্গে অন্তরে ও বাহিরে মিলিত হওয়া যায় বলিয়া ইন্দ্রের নাম অবিহর্যতক্রতু। অবিঘ্নিতকর্মা। অমিত্রান্=শত্রুদিগকে। এখানে অমিত্র শব্দে মেঘকে বোঝাচ্ছে, যে মেঘ জলবর্ষণ করে নি। মিত্র=যে মৃত্যুর হাত থেকে রক্ষা করে। মেঘ যখন বর্ষণ করে তখন সে মিত্র হয়, তার পূর্বে অবর্ষী মেঘ অমিত্রের মত। ইন্দ্রশক্তিই মেঘ বিদারণ করে। পূর্বীঃ পুরঃ—চিরন্তন পুরসমূহ যে জল বর্ষিত হবে তার চিরায়ত পুর (বা অবয়ব) হচ্ছে মেঘপুঞ্জ। ইঞ্চাসি —ইষ ধাতুর লট্ মধ্যমপুরুষ। ইষ ধাতু আভীক্ষ্ণ্য অর্থে। আভীক্ষ্ণ্য= পৌনঃপুন্য; নিত্যতা। এখানে ইঞ্চাসি শব্দে 'পুনঃ পুনঃ হনন কর' এরূপ অর্থ বোঝাচ্ছে।

ত্বং সত্য ইন্দ্র ধৃষ্ণুরেতান্ ত্বমৃভুক্ষা নর্যস্ত্বং ষাট্।
ত্বং শুষ্ণং বৃজনে পৃক্ষ আণৌ যূনে কুৎসায় দ্যুমতে সচাহন্॥ ৩॥

পদবিভাগ। ত্বম্ সত্যঃ ইন্দ্র ধৃষ্ণুঃ এতান্ ত্বম্ ঋভুক্ষাঃ নর্যঃ ত্বম্ ষাট্ ত্বম্ শুষ্ণম্ বৃজনে পৃক্ষে আণৌ যূনে কুৎসায় দ্যুমতে সচা অহন্।

অন্বয়। ইন্দ্র (হে ইন্দ্র) ত্বম্ সত্যঃ (তুমি সত্য/সর্বোৎকৃষ্ট/অবিসংবাদী/ সত্যকর্মা।) এতান্ (এই সকল শত্রু মেঘের) ধৃষ্ণু (ধর্ষয়িতা) ত্বম্ (তুমি)

শব্দ। বিব্রতা। ব্রতমিতি কর্মনাম। বিবিধং ব্রতং যয়োস্তৌ। 'সুপাং সুলুক্...' ইতি পূর্বসবর্ণদীর্ঘত্বম্। বেঃ। বী গতিপ্রজনকান্ত্যশনখাদনেষু। অন্তর্ভাবিতণ্যর্থাৎ ছান্দসে লঙি সিপি অদাদিত্বাৎ শপো লুক্। 'বহুলং ছন্দস্যমাঙ্ যোগেঽপি' ইতি অডভাবঃ। ধাৎ। দধাতেঃ ছান্দসে লুঙি 'গাতিস্থা...' ইতি সিচো লুক্। পূর্ববৎ অডভাবঃ। অবিহর্যতক্রতো। হর্যতিঃ প্রেপ্সাকর্মা (নি. ৭।১৭) ইতি যাস্কঃ। হর্য গতিকান্ত্যোঃ। কান্তিরভিলাষঃ। বিহর্যতোঽনভিলষিতঃ। অবিহর্যতোঽভিলষিত ইত্যর্থঃ। তাদৃশঃ ক্রতুঃ কর্ম যস্য স তথোক্তঃ।—(সা.)।—অবাধিতকর্মন্ (বে.)। ইঞ্চাসি। ইষ আভীক্ষ্ণ্যে। অত্র গত্যর্থঃ।—(সা.)॥ ২॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ঋভুক্ষাঃ (মহান্) ত্বম্ (তুমি) নর্যঃ (নরগণের হিতকর) ষাট্ (অভিভবকারী =মেঘের পরাভবকারী); ত্বম্ (তুমি) যূনে (চিরতরুণ/অথবা উত্তম মিশ্রণকারী) দ্যুমতে (দীপ্তিমান্) কুৎসায় (বজ্রের নিমিত্ত) সচা (মিলিত হইয়া=বজ্রের সহায়ভূত হইয়া) শুষ্ণম্ (শুষ্ণ বা শোষয়িতা মেঘকে) বৃজনে (বলে) পৃক্ষে (সংগ্রামে) আণৌ (সম্মুখ সংগ্রামে) অহন্ (বধ করিলে)।

অনুবাদ। হে ইন্দ্র, তুমি সত্য ; এই সব মেঘের ধর্ষয়িতা, তুমি মহান্ তুমি নরহিতকর এবং পরাভবকারী। তুমি উত্তম মিশ্রণকারী (বা চিরতরুণ) দীপ্ত বজ্রের সহায়ভূত হইয়া শোষণকারী মেঘকে বলে সংগ্রামে সম্মুখরণে বধ করিলে।

শব্দ। ঋভুক্ষাঃ—মহান্ (নিঘঃ ৩।৩)। নর্যঃ—নরহিতকর (নি ১১। ৩৬)। ষাট্—পরাভবকারী। অভিভবার্থক সহ ধাতু হইতে নিষ্পন্ন (পা ৩।২। ৬৩)। বৃজনে—বৃজন=বল (নিঘ ২।৯)। পৃক্ষে—সংগ্রামে (নিঘ ২।১৭)। আণৌ—সংগ্রামে (নিঘ ২।১৭)। যূনে—যু ধাতু মিশ্রণার্থক ; যূনি শব্দের রূপ। তরুণ ; মিশ্রণকারী। কুৎসায়—কুৎস=বজ্র (নিঘ ২।২০)। ভাষ্যমতে কুৎস ঋষি। অহন্—বধার্থক হন্ ধাতু, লঙ্ মধ্যমপুরুষ।

সায়ণভাষ্য। হে ইন্দ্র, তুমি সর্বোৎকৃষ্ট, শত্রুগণের ধর্ষয়িতা, ঋভুগণের অধিপতি (অথবা মহান্), নরগণের হিতকর। শত্রুগণের অভিভবিতা। হিংসাযুক্ত বীরযুক্ত সংগ্রামে দীপ্তিমান তরুণ কুৎসের সহায় হইয়া শুষ্ণ নামক অসুরকে বধ করিলে।

সায়ণভাষ্য। হে ইন্দ্র ত্বং সত্যঃ সৎসু ভবঃ সর্বোৎকৃষ্ট ইত্যর্থঃ। এতান্ শত্রূনভিগতঃ সন্ ধৃষ্ণুঃ তেষাং ধর্ষয়িতা তিরস্কর্তা। কিঞ্চ ত্বম্ ঋভুক্ষাঃ ঋভূণামধিপতিঃ। তেষু কৃতনিবাসো বা। যদ্বা। মহন্নামৈতৎ। মহান্ প্রবৃদ্ধোঽসি। নর্যঃ নৃভ্যো হিতঃ। তথা ত্বং ষাট্ শত্রূণামভিভবিতা হস্তেতর্থ্যঃ। কিঞ্চ। বৃজনে ইত্যাদীনি ত্রীণি সংগ্রামনামানি। অত্র পূর্বে বিশেষণে। বৃজনে বর্জনযুক্তে। সংগ্রামে হি বীরাঃ পুরুষা বর্জ্যন্তে হিংস্যন্তে। পৃক্ষে সম্পর্চনীয়ে বীরৈঃ যোদ্ধৃভিঃ প্রাপ্তব্যে। এবংবিধে আণৌ সংগ্রামে দ্যুমতে দীপ্তিমতে যূনে তরুণায় কুৎসায় সচা ত্বং সহায়ো ভূত্বা শুষ্ণং শোষয়িতারমেতৎসংজ্ঞমসুরম্ অহন্ অবধীঃ ॥ ৩।

স্কন্দ। সত্যঃ অবিসংবাদী। ঋভুক্ষাঃ মহান্। ষাট্ অসুরাভিভবনশীলঃ। শুষ্ণম্ নামাসুরম্ বৃজনে বর্জনীয়ে বলনাম বা বৃজনশব্দঃ (নিঘ. ২।৯)। আণৌ সংগ্রামে (তু. নিঘ. ২।১৭)। কুৎসায় কুৎসনায় ঋষেরর্থায় ॥ ৩ ॥

বেঙ্কট। সত্যঃ সত্যকর্মা। ঋভুক্ষাঃ মহান্। নর্যঃ নৃহিতঃ।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ত্বং হ ত্যদিন্দ্র চোদীঃ সখা বৃত্রং যদ্ বজ্রিন্ বৃষকর্মন্নুভ্নাঃ।
যদ্ধ শূর বৃষমণঃ পরাচৈর্বি দস্যূঁর্যোনাবকৃতো বৃথাষাট্ ॥ ৪ ॥

পদবিভাগ। ত্বম্ হ ত্যৎ ইন্দ্র চোদীঃ সখা বৃত্রম্ যৎ বজ্রিন্ বৃষ-কর্মন্ উভ্নাঃ যৎ হ শূর বৃষ-মনঃ পরাচৈঃ বি দস্যূন্ যোনৌ অকৃতঃ বৃথাষাট্।

অন্বয়।[১] ত্বম্ হ (তুমিই) ত্যৎ (তখন) ইন্দ্র (হে ইন্দ্র) সখা (তোমার সখা=বজ্র অথবা মরুদ্গণকে) চোদীঃ (প্রেরণ করিলে=বৃত্র বধের জন্য অথবা বর্ষণের জন্য প্রেরণ করিলে) যৎ (যখন) বজ্রিন্ (হে বজ্রধারী) বৃষকর্মন্ (হে বর্ষণকর্মা=সর্বদা বৃষ্টিকারক) বৃত্রম্ (বৃত্র মেঘকে) উভ্নাঃ (হত করিলে অথবা হত করিয়া উদকে পরিণত করিলে), যৎ হ (যখন) শূর (হে শূর) বৃষমনঃ (হে বর্ষণমনা) বৃথাষাট্ (অনায়াসে পরাভবকারী তুমি) যোনৌ (উদক বা মেঘের বাসস্থান অন্তরিক্ষে অবস্থিত) দস্যূন্ (দস্যু মেঘপুঞ্জকে) পরাচৈঃ (পরাগমনের দ্বারা=ক্ষিপ্রগমনের দ্বারা) বি অকৃতঃ (বিবিধরূপে হত করিলে)।

অনুবাদ। তুমিই তখন হে ইন্দ্র, তোমার সখা মরুদ্গণকে বর্ষণের জন্য প্রেরণ করিলে যখন হে বজ্রী, হে বৃষকর্মা, বৃত্রমেঘকে হত করিলে, যখন হে শূর, হে বৃষমনা, অনায়াসে শত্রুপরাভবকারী তুমি অন্তরিক্ষে দস্যুমেঘকে নানাভাবে হত করিলে।

সায়ণভাষ্য। হে ইন্দ্র, তুমিই সখা কুৎসের সহায় হইয়া প্রসিদ্ধ ধন বা যশ প্রেরণ করিলে। হে বৃষ্টি-উদকসেচনরূপ কর্মযুক্ত, হে বজ্রবান্ ইন্দ্র, সর্বধনের আবরিতা কুৎসের শত্রুকে যখন বধ করিলে এবং হে শূর, হে অভীষ্টবর্ষী ইন্দ্র, অনায়াসে শত্রুপরাভবকারী তুমি যখন বীরযুক্ত সংগ্রামে কুৎসের শত্রুদিগকে পরাঙ্মুখ করিয়া হত করিলে তখন কুৎস সর্বযশ প্রাপ্ত হইল।

দ্রষ্টব্য। সায়ণ সখা শব্দে কুৎসকে বুঝেছেন। কিন্তু ইন্দ্রের সখা মরুদ্গণ, একথা বেদে বলা হয়েছে।

শব্দ। চোদীঃ—প্রেরণার্থক চুদ ধাতুর লুঙ্ বিভক্তির বৈদিক রূপ। উভ্নাঃ—পূরণার্থক উভ ধাতুর রূপ। এই স্থলে বধার্থক (স্কন্দভাষ্য দ্রষ্টব্য)। অথবা, হিংসার্থক তুভ ধাতুর লঙ্ বিভক্তির বৈদিকরূপ—উভ্নাঃ=অতুভ্নাঃ (সায়ণ দ্রষ্টব্য)। পরাচৈঃ—পরাঞ্চনৈঃ (নি. ১১।২৫)=পশ্চাৎ দিকে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

দৃষ্টিপাত না করিয়া গমনের দ্বারা। ক্ষিপ্রগমনের দ্বারা। অকৃতঃ—ছেদনার্থক কৃৎ ধাতুর লঙ্ বিভক্তির বৈদিকরূপ।

দ্রষ্টব্য। চোদীঃ, উভ্নাঃ, অকৃতঃ—বেদে কেবলমাত্র এই মন্ত্রেই এই শব্দগুলি ব্যবহৃত হইয়াছে।

ত্বং হ ত্যদিন্দ্রারিষণ্যন্ দৃল্‌হস্য চিন্মর্তানামজুষ্টৌ।
ব্য১স্মদা কাষ্ঠা অর্বতে বর্ঘনেব বজ্রিঞ্ছ্নথিহ্যমিত্রান্ ॥ ৫ ॥

পদবিভাগ। ত্বম্ হ ত্যৎ ইন্দ্র অরিষণ্যান্ দৃল্‌হস্য চিৎ মর্তানাম্ অজুষ্টৌ বি অস্মৎ আ কাষ্ঠাঃ অর্বতে বঃ ঘনা-ইব বজ্রিন্ শ্নথিহি অমিত্রান্।

অন্বয়। ত্বম্ হ (তুমিই) ইন্দ্র (হে ইন্দ্র) অরিষণ্যান্ (কাহারও দ্বারা হিংসিত না হইয়া/অথবা কাহাকেও হিংসা না করিয়া) মর্তানাম্ (মর্ত্যের মনুষ্যগণের) অস্মৎ (=অস্মাকম্=আমাদের) অজুষ্টৌ (অপ্রীতিকররূপে বর্তমান=সেবা না করিয়া অবস্থানকারী) ত্যৎ (সেই) দৃল্‌হস্য চিৎ (দৃঢ় হইলেও/অথবা বৃষ্টিনিরোধক মেঘেরও) কাষ্ঠাঃ (জলরাশিকে) আ (সর্বত্র)

১। স্কন্দ। ত্যৎ তদা। চোদীঃ বৃত্রবধায় চোদিতবানসি। সখা দ্বিতীয়াবহুবচনস্য স্থানে ইদং প্রথমৈকবচনম্। সখীন্ মরুতঃ। বৃষকর্মন্ বৃষ্টিকর্মক, সর্বদৈব বৃষ্টিকারিন্, ইত্যর্থঃ। উভ্নাঃ উভ উম্ভ পূরণেঽন্যত্র। ইহ তু সামর্থ্যাদ্‌বধার্থঃ। হতবানসি। বৃষমণঃ বৃষ্টিপরমনস্ক। পরাচৈঃ অঞ্চতির্গত্যর্থঃ, পরাগমনৈঃ। তদীয়স্থানপ্রাপ্তিমাত্রেণৈবেত্যর্থঃ। দস্যূন্ যোনৌ স্বস্মিন্নেব স্থানে স্থিতান্। বি অকৃতঃ কৃন্ততের্বধকর্মণ ইদং রূপম্। বিবিধং হতবানসি ॥ ৪ ॥

সায়ণভাষ্য। হে ইন্দ্র, ত্বম্ হ ত্বং খলু সখা কুৎসস্য সহায়ঃ সন্ ত্যৎ তৎ প্রসিদ্ধং ধনং জয়লক্ষণম্ যশো বা চোদীঃ প্রেরিতবান্। অকার্ষীরিত্যর্থঃ। হে বৃষকর্মন্, বৃষ্ট্যুদকসেচনরূপকর্মোপেত, বজ্রিন্ বজ্রবন্ ইন্দ্র, বৃত্রম্ সর্বস্য ধনস্যাবরীতারং কুৎসস্য শত্রুম্ যৎ যদা উভ্নাঃ অতুভ্নাঃ অহিংসীঃ। অপি চ হে শূর শত্রূণাং প্রেরক, বৃষমণঃ কামাভিবর্ষকমনস্ক ইন্দ্র, বৃথাষাট্ অনায়াসেন শত্রূনামভিভবিতা ত্বম্ যৎ হ যদা খলু যোনৌ বীরৈর্মিশ্রণীয়ে সঙ্‌গ্রামে দস্যূন্ কুৎসস্য উপক্ষপয়িতৄন্ অন্যান্ শত্রূন্। পরাচৈঃ পরাগমনৈঃ বি অকৃতঃ পরাঙ্‌মুখা যথা ভবন্তি তথা ব্যচ্ছিনঃ। তদানীং কুৎসঃ সর্বং যশঃ প্রাপ্নোদিত্যর্থঃ ॥ ৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বি বঃ (বিবৃত বা উদ্‌ঘাটিত কর) ; বজ্রিন্ (হে বজ্রী) অর্বতে (ধাবমান অশ্বের জন্য =রশ্মির প্রকাশের জন্য) অমিত্রান্ (অবর্ষণকারী মেঘপুঞ্জকে) ঘনা ইব (দৃঢ়রূপে বজ্রের দ্বারা) শ্নথিহি (আঘাতে বধ কর) ।

অনুবাদ। তুমিই হে ইন্দ্র কাহাকেও হিংসা না করিয়া আমাদের মর্ত্যের জীবের অপ্রীতিকররূপে (অথবা অসেবকরূপে) অবস্থানকারী বৃষ্টিনিরোধক মেঘের জলরাশিকে সর্বত্র বিস্তৃত কর ; হে বজ্রী, ধাবমান সূর্যরশ্মির প্রকাশের জন্য বর্ষণহীন মেঘকে দৃঢ় বজ্রাঘাতে বধ কর।

শব্দ। ত্যৎ=তস্য (সা.)। অরিষণ্যন্—রেষণ=হিংসা। হিংসার্থক রিষ্ ধাতু হইতে নিষ্পন্ন। কাহারও হিংসা না করিয়া, অথবা কাহারও দ্বারা হিংসিত না হইয়া [অরিষণ্যন্ অহিংসন্ (স্ক)। অহিংস্যমানঃ কেনচিদপি (তু—নি. ৮।৩)]। দৃল্‌হস্য=দৃঢ়ের=যে মেঘ বৃষ্টিরোধ করিয়া দৃঢ়রূপে বর্তমান তাহার [দৃল্‌হস্য অপি মেঘস্য বৃষ্টিনিরোধেন (স্ক)]। অজুষ্টৌ—সেবা করে না বা প্রীতিকর হয় না সেইভাবে বর্তমান মেঘের [অজুষ্টৌ অপ্রীতৌ বর্তমানস্য (স্ক)]। আ=সর্বত্র। কাষ্ঠাঃ—অনেকার্থক শব্দ। দিক্, উপদিক্, আদিত্য, জল, আজ্যন্ত অর্থাৎ অশ্বধাবনচক্রের সীমা বা শরপথসীমা (নি, ২।১৫)। অর্বতে—পূর্বে ১।৮।২ মন্ত্র দ্রষ্টব্য। ঘনা ইব—ঘন=দৃঢ়। পূর্বে আলোচিত। বি বঃ=ব্যবৃণোঃ (নি. ১০।৯)=উদ্‌ঘাটিত করিয়াছ। বি—পূর্বক বরণার্থক বৃঞ্ ধাতুর বৈদিকরূপ 'বঃ'।

সায়ণভাষ্য। হে ইন্দ্র, তুমিই দেবত্ববশতঃ এইরূপ স্বভাবযুক্ত যে, তুমি অনুগ্রহের বশে কোন দৃঢ় ব্যক্তিরই হিংসা ইচ্ছা কর না। তথাপি স্তবকারী আমাদের শত্রুগণের দ্বারা অপ্রীতি উপস্থিত হইলে আমাদিগের অশ্বের গমনের নিমিত্ত সর্বদিক বিবৃত কর। অর্থাৎ আমাদিগের অশ্বগণ যাহাতে বিনা প্রতিরোধে সর্বদিকে গমন করিতে পারে তাহা কর। উপরন্তু হে বজ্রবান্ ইন্দ্র, অবস্থিত অমিত্রদিগকে কঠিন পর্বতের ন্যায় বজ্রের দ্বারা হত কর। অথবা, ইহার অর্থ—মর্ত্যের মনুষ্যগণের মধ্যে কেহ তোমার অপ্রীতিকর হইলে সেই দৃঢ়শত্রুরও হিংসা ইচ্ছা না করিয়া বর্তমান থাক। যে কুৎস প্রভৃতিতে তোমার প্রীতি আছে তাহার শত্রু বধ কর। অনন্তর প্রিয় আমাদের অশ্বের গমনের নিমিত্ত ইত্যাদি পূর্ববৎ ॥

সায়ণভাষ্য। হে ইন্দ্র, ত্বম্ হ ত্বং খলু ত্যৎ তস্য দৃল্‌হস্য চিৎ দৃঢ়স্য কস্যচিদপি অরিষণ্যন্ রেষণম্ অনিচ্ছন্ এবংস্বভাবো ভবসি। দেবতাত্বেনানুগ্রহীতৃত্বাৎ। তথাপি মর্তানাম্ স্তোতৃণাম্ অস্মাকং শত্রুভিঃ অজুষ্টৌ অপ্রীতৌ সত্যাম্ অস্মৎ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ত্বাং হ ত্যদিন্দ্রার্ণসাতৌ স্বর্মীল্হে নর আজা হবন্তে।

তব স্বধাব ইয়মা সমর্য উতির্বাজেম্বতসায্যা ভূৎ ॥ ৬ ॥

পদবিভাগ। ত্বাম্ হ ত্যৎ ইন্দ্র অর্ণ-সাতৌ স্বঃ-মীলহে নরঃ আজা হবন্তে তব স্বধা-বঃ ইয়ম্ আ স-মর্যে উতিঃ বাজেষু অতসায্যা ভূৎ।

অন্বয়।[১] ত্বাম্ হ (তোমাকেই) ইন্দ্র (হে ইন্দ্র) নরঃ (নরগণ) ত্যৎ (সেই) স্বর্মীল্হে (উদকার্থে মেঘের সহিত সংগ্রামে) আজা (এবং অন্য সংগ্রামে) অর্ণসাতৌ (উদকসম্ভজনকালে=মেঘবধের পর উদকদানকালে) হবন্তে (আহ্বান করেন); স্বধাবঃ (হে অন্নবান্ ইন্দ্র) সমর্যে বাজেষু (অন্নদাননিমিত্ত সংগ্রামে) তব (তোমার) ইয়ম্ উতিঃ (এই পালন) অতসায্যা আ ভূৎ (সততগামী হউক)।

অনুবাদ। তোমাকেই হে ইন্দ্র, উদকের জন্য মেঘের সঙ্গে যুদ্ধের পর বারিদানের সময়ে নরগণ আহ্বান করেন। হে অন্নবান্ ইন্দ্র, অন্নদানের জন্য তোমার এই পালন বিস্তৃত হউক।

সায়ণভাষ্য। হে ইন্দ্র, যুদ্ধে প্রবৃত্ত পুরুষদিগের ধনলাভের নিমিত্ত সংগ্রামে তোমাকেই যুদ্ধকামী পুরুষগণ সহায়রূপে আহ্বান করে। অথবা উদকলাভের জন্য বৃষ্টিনিরোধকারী বৃত্রপ্রভৃতির সঙ্গে যুদ্ধে তোমাকে স্তোতাগণ উৎসাহিত করেন। হে অন্নবান্ অথবা হে বলবান্ ইন্দ্র, সংগ্রামে তোমার এই রক্ষণ আমাদিগের অভিমুখী হউক। সংগ্রামে তোমার এই পালন যোদ্ধগণের দ্বারা প্রাপ্তব্য হয়।

অর্বতে অস্মদীয়াশ্বায় গন্তম্ কাষ্ঠাঃ দিশঃ আ সমন্তাৎ বি বঃ বিবৃতাঃ কুরু। যথা সর্বাসু দিক্ষু অস্মদীয়া অশ্বাঃ প্রতিরোধমন্তরেণ গচ্ছন্তি তথা কুরু ইত্যর্থঃ। কিঞ্চ তত্রত্যান্ অমিত্রান্ হে বজ্রিন্ বজ্রবন্ ইন্দ্র, ঘনা ইব ঘনেন কঠিনেন পর্বতেনেব বজ্রেণ শ্নথিহি শ্নথয় জহীত্যর্থঃ। যদ্বা। মর্তানাং মনুষ্যাণাং মধ্যে যস্মিন্ কস্মিংশ্চিৎ তব অপ্রীতৌ সত্যাং তস্য শত্রোর্দৃঢ়স্যাপি অরিষণ্যন্ রেষণং হিংসনমনিচ্ছন্ বর্তসে। যস্মিংস্তু কুৎসাদৌ প্রীতিরস্তি তস্য শত্রুবধং চকৃষে। অতস্তব প্রিয়াণামস্মাকমর্বতে ইত্যাদি পূর্ববৎ ॥ ৫ ॥

ত্যৎ। সুপাং সুলুক্...ইতি ষষ্ঠ্যা লুক্। অস্মৎ। পূর্ববৎ ষষ্ঠ্যা লুক্। (সা.)।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শব্দ। অর্ণসাতৌ—স্কন্দস্বামী বলেন, অর্ণ=উদক (নিঘ. ১।১২)। সাতি=লাভ ; প্রাপ্তি। অর্ণসাতৌ=উদকদানকালে। সায়ণ বলেন, অর্ণ শব্দ গত্যর্থক ঋ-ধাতু হইতে নিষ্পন্ন। ইহার অর্থ, যুদ্ধে গমনকারী পুরুষদের ধনপ্রাপ্তি যাহাতে। স্বর্মীলহে—স্কন্দ বলেন, স্বঃ=উদক (নিঘ. ১।১২)। মীল্হে=সংগ্রামে (নিঘ. ২।১৭)। উদকের জন্য মেঘের সহিত সংগ্রামে। সায়ণ বলেন, মীল্হ=ধন (নিঘ. ১।১০)। সুষ্ঠু ধন যাহাতে (এইরূপ) আজা (বৈদিক)=আজৌ=সংগ্রামে (নিঘ. ৭।১৭)। অতসায্যা—সততগামী (স্কন্দ)। (যোদ্ধগণের দ্বারা) প্রাপ্তব্য (সা.)। to be got by begging (M. W.)। সাতত্যগমনার্থক অত ধাতুর উত্তর সায্য প্রত্যয়ে (ঔণাদিক) নিষ্পন্ন [অত সাতত্যগমনে। ঔণাদিকঃ সায্যপ্রত্যয়ঃ (সা.)]॥ ভূৎ= অভূৎ। ভূ-ধাতুর লুঙ্ বিভক্তির বৈদিকরূপ। স্বধাবঃ—স্বধা=অন্ন (নিঘ. ২।৭)+বঃ (সম্বোধনে)=হে অন্নবান্। [মতুবসো রু...(পা. ৮।৩।১) ইতি মতুপো রুত্বম্ (সায়ণ)]॥

১। স্কন্দ। ত্বাং হে ইন্দ্র, অর্ণসাতৌ। অর্ণ উদকম্। তৎসম্ভজনবেলায়াম্। মেঘবধোত্তরকালং উদকদানবেলায়ামিত্যর্থঃ। স্বর্মীলহে উদকার্থে চ মেঘেন সহ সংগ্রামে নরঃ মনুষ্যাঃ আজা অন্যস্মিংশ্চ সংগ্রামে হবন্তে। তব হে স্বধাবঃ, ইয়ম আ মর্যাদয়া সমর্যে সংগ্রামে। বাজেষু। সমর্যে ইত্যেতেন চাস্য সম্বন্ধঃ। অন্নার্থো যঃ সংগ্রামঃ তত্রেত্যর্থঃ। অতসায্যা অত সাতত্যগমনে। যদেতদন্নার্থে সঙ্গ্রামে প্রবৃত্তং পালনমেতদক্ষীণং সততগামি ভূৎ ভবতু ॥ ৬ ॥

সায়ণভাষ্য। হে ইন্দ্র অর্ণসাতৌ অর্ণানাং গন্তৃণাং যুদ্ধে প্রবৃত্তানাং পুরুষাণাং সাতির্লাভো যস্মিন্ স্বর্মীল্হে। মীল্হমিতি ধননাম। সুষ্ঠু অরণীয়ং ধনং যস্মিন্। এবম্ভূতে আজা আজৌ সংগ্রামে ত্যং তং প্রসিদ্ধং ত্বামেব নরঃ যোদ্ধুকামাঃ পুরুষাঃ সহায়ার্থং হবন্তে আহ্বয়ন্তি। যদ্বা। অর্ণস উদকস্য সাতির্লাভো যস্মিন্ বৃত্রাদিযুদ্ধে তস্মিন্নিত্যর্থঃ। বৃষ্টিনিরোধকেন বৃত্রেণ সহ বর্ষণার্থং তব যদ্ যুদ্ধং তত্র স্তোতারঃ ত্বাং প্রোৎসাহয়ন্তীতি ভাবঃ। যস্মাদেবং তস্মাৎ হে স্বধাবঃ হে অন্নবন্ বলবন্ বা ইন্দ্র সমর্যে সংগ্রামে তব সম্বন্ধিনী ইয়ম্ ঊতিঃ ত্বদীয়মিদং রক্ষণম্ আ অস্মদাভিমুখ্যেন ভূৎ ভবতু। বাজেষু সংগ্রামেষু যা এষা ঊতিঃ অতসায্যা যোদ্ধৃভিঃ প্রাপ্তব্যা ভবতি ॥ ৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ত্বং হ ত্যদিন্দ্র সপ্ত যুধ্যন্ পুরো বজ্রিন্ পুরুকুৎসায় দর্দঃ।

বর্হির্ন যৎ সুদাসে বৃথা বর্গংহো রাজন্ বরিবঃ পূরবে কঃ ॥৭॥

পদবিভাগ। ত্বম্ হ ত্যৎ ইন্দ্র সপ্ত যুধ্যন্ পুরঃ বজ্রিন্ পুরু-কুৎসায় দর্দঃ বর্হিঃ ন যৎ সু-দাসে বৃথা বর্ক্ অংহোঃ রাজন্ বরিবঃ পূরবে কঃ।

অন্বয়। ত্বম্ হ (তুমিই) ত্যৎ (সেই) ইন্দ্র (হে ইন্দ্র) বজ্রিন্ (হে বজ্রী) সপ্ত পুরুকুৎসায় (সপ্তরশ্মির একত্রীভূত বা সম্ভৃত বজ্রশক্তির সহায়রূপে) যুধ্যন্ (যুদ্ধ করিয়া) পুরঃ (পুরসমূহ=মেঘের পুরসমূহ) দর্দঃ (বিনাশ করিলে) যৎ (যাহা) সুদাসে (কল্যাণদানের জন্য=বর্ষণরূপ কল্যাণদানের জন্য) বর্হিঃ ন (কুশছেদনের ন্যায়) বৃথা (অনায়াসে) বর্ক্ (ছেদন করিলে), রাজন্ (হে রাজা) অংহোঃ (মেঘ হইতে) বরিবঃ (ধন) পূরবে (মানুষের জন্য) কঃ (সৃষ্টি করিলে)।

অনুবাদ। তুমিই সেই হে ইন্দ্র, হে বজ্রী, সপ্তরশ্মির সম্ভৃত বজ্রশক্তির সহায়রূপে যুদ্ধ করিয়া মেঘের পুর বিনাশ করিলে যাহা কল্যাণদান বৃষ্টির জন্য কুশছেদনের মত অনায়াসে ছেদন করিলে; হে রাজা, মেঘ হইতে মানুষের জন্য ধন সৃষ্টি করিলে।

শব্দ ও তাৎপর্য। সপ্ত—এই মন্ত্রের 'সপ্ত' শব্দটির ব্যাখ্যা দুই প্রকারে হইতে পারে—সপ্ত পুরুকুৎসায় অথবা সপ্ত পুরঃ। নিরুক্তকার যাস্ক ঋ. ১।১৬৪।১ মন্ত্রের অন্তর্গত 'সপ্তপুত্রম্' শব্দের ব্যাখ্যায় বলেন, আদিত্য সূর্যের সাতটি রশ্মিই আদিত্যের সপ্ত পুত্র [সপ্তপুত্রম্, সপ্তাদিত্যরশ্ময়ঃ ইতি বদন্তি (নি. ৪।২৬)]। যাস্ক শুক্লযজুর্বেদের ৩৫।৫৫ মন্ত্রের অন্তর্গত 'সপ্ত ঋষয়ঃ' শব্দের ব্যাখ্যায় বলিয়াছেন, আদিত্যের সপ্ত রশ্মি প্রমাদরহিত হইয়া সংবৎসরস্রষ্টা আদিত্যকে রক্ষা করে [সপ্ত রক্ষন্তি সদম্ অপ্রমাদম্ সংবৎসরমপ্রমাদ্যন্তঃ (নি. ১২।৩৭)]। কীভাবে এই সপ্তরশ্মি আদিত্যকে রক্ষা করে তাহা স্পষ্টভাবে বুঝাইবার জন্য যাস্ক অথর্ববেদের ১০।২৬।৯ মন্ত্র উল্লেখ করিয়া বলিয়াছেন, উদকবর্ষী আদিত্যমণ্ডলে সর্বপ্রকার ভৌমরসরূপ উদক নিহিত এবং এই স্থানে সপ্তরশ্মি একত্রীভূত হইয়া অবস্থান করে ও এই বিশাল জগতের রক্ষকরূপে বর্তমান আছে [অত্রাসত ঋষয়ঃ সপ্তসাকং যে অস্য গোপা মহতো বভূবুঃ (অথর্ব ১০।২৬।৯)—অত্রাসত ঋষয়ঃ সপ্ত সহাদিত্যরশ্ময়ো যে অস্য গোপা মহতো

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বভূবুরিত্যধিদৈবতম্ (নি. ১২।৩৮)]। এইরূপ বিচারে সপ্ত পুরুকুৎসায় = সপ্ত আদিত্যরশ্মি যাহা জগৎপালনের জন্য একত্রীভূত হইয়া বজ্রশক্তিরূপে আবির্ভূত হয় এবং মেঘবিদারণ করিয়া উদকদান করে। পুরুকুৎসায়—পুরু = 'বহু অথবা সম্ভৃত একত্রীভূত' এইরূপ অর্থ যাস্কসম্মত। তিনি ঋ. ১।১৪২।১০ মন্ত্রের অন্তর্গত 'পুরুত্মনা তুরীপম্' অংশের অর্থ করিয়াছেন—'সম্ভৃত উদক'। [পুরুত্মনা সম্ভৃতমাত্মনা (নি. ৬।২১)। সম্ভৃত = brought together, collected, accumulated etc.—R.V. (M. W.)]। কুৎসায় = বজ্রের নিমিত্ত। কুৎস = বজ্র (নিঘ. ২।২০)। তাহা হইলে 'সপ্তপুরুকুৎসায়' = সপ্ত রশ্মির সম্ভৃত বা একত্রীভূত বজ্রশক্তির নিমিত্ত' হইতে পারে। অথবা, 'সপ্ত' শব্দ 'পুরঃ' শব্দের সহিত অন্বিত হইবে। সপ্ত পুরঃ = সপ্ত পুরসমূহ = মেঘের সপ্তপুরসমূহ। যাস্ক ঋ. ১০।১২০।৬ মন্ত্রের অন্তর্গত 'আদর্দতে শবসা সপ্তদানূন্' অংশের ব্যাখ্যায় বলেন, সপ্ত জলপ্রদাতাকে অথবা সপ্তদানবকে ইন্দ্র বলের দ্বারা বিদীর্ণ করেন [আদৃণাতি যঃ শবসা বলেন সপ্তদাতৄনিতি বা সপ্তদান-বানিতি বা (নি. ১১।২১)]। এইস্থলে সপ্ত জলপ্রদাতা = সপ্তপ্রকার জলপ্রদান-কারী মেঘের কথা বলা হইয়াছে। সপ্তদানব অর্থও সপ্তপ্রকার দানকারী অর্থাৎ জলদানকারী নমুচি প্রভৃতি মেঘের কথা বলা হইয়াছে। **সুদাসে**—কল্যাণদানের নিমিত্ত। যাস্ক বলেন সুদাস্ = কল্যাণদান [সুদাঃ কল্যাণদানঃ (নি. ২।২৪)]। এইস্থলে কল্যাণদান = বৃষ্টি। ভাষ্যমতে সুদাস রাজার জন্য। **অংহোঃ** = মেঘ, যেহেতু ইন্দ্রকে অংহোমুচ্ বলা হয়। মেঘের দ্বার উন্মোচন করিয়া বর্ষণের দ্বারা ইন্দ্র অংহোমুচ্ বা সঙ্কটত্রাতা। (নি. ৭।২৩)। ভাষ্য-মতে অংহোঃ নামে এক অসুরের (অংহু শব্দ)। কিন্তু নিঘণ্টুতে অসুর = মেঘ (নিঘ. ১।১০)। অংহু = পাপ। বৈদিক শব্দকোষ দ্রঃ। অবর্ষণই পাপ। **পূরবে**—নিঘণ্টুতে পূরবঃ (= পুরু শব্দ) মনুষ্যবাচক (নিঘ. ২।৩)। মানুষের জন্য। ভাষ্যমতে পূরবে = হবির দ্বারা পূরণকারীর (= রাজার) জন্য। **বরিবঃ** = ধন (নিঘ. ২।১০)। **বর্ক্**—বর্জনার্থক বৃজ্ ধাতু অথবা ছেদনার্থক ব্রশ্চ ধাতুর লঙ্ বিভক্তির বৈদিকরূপ। **কঃ**—করণার্থক কৃ-ধাতুর লুঙ্ বিভক্তির বৈদিকরূপ। **দর্দঃ**—বিদারণার্থক দৃ ধাতু লঙ্ বিভক্তির বৈদিকরূপ।

সায়ণভাষ্য। হে ইন্দ্র, তুমি পুরুকুৎস ঋষির জন্য তাহার শত্রুগণের সহিত যুদ্ধ করিয়া তাহাদের সপ্তনগর বিদারিত করিলে। সুদাস রাজার জন্য অংহো নামক অসুরের সম্বন্ধি যত ধন আছে তাহা কুশের ন্যায় ছিন্ন করিলে। তদনন্তর তোমাকে হবির্দ্বারা পূরণকারী সুদাসের জন্য, হে স্বামী ইন্দ্র, ধন সৃষ্টি করিলে।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ত্বং ত্যাং ন ইন্দ্র দেব চিত্রামিষমাপো ন পীপয়ঃ পরিজ্মন্।

যয়া শূর প্রত্যস্মভ্যং যংসি ত্মনমূর্জং ন বিশ্বধ ক্ষরধ্যৈ ॥ ৮॥

পদবিভাগ। ত্বম্ ত্যাম্ নঃ ইন্দ্র দেব চিত্রাম্ ইষম্ আপঃ ন পীপয়ঃ পরিজ্‌মন্ যয়া শূর প্রতি অস্মভ্যম্ যংসি ত্মনম্ ঊর্জম্ ন বিশ্বধ ক্ষরধ্যৈ।

অন্বয়। ইন্দ্র (হে ইন্দ্র) দেব (হে দেব) ত্বম্ (তুমি) নঃ (আমাদের জন্য) ত্যাম্ (সেই) চিত্রাম্ (বিচিত্র) ইষম্ (অন্নকে=সোমরূপ অন্নকে) পরিজ্‌মন্ (সর্বতোগামী) আপঃ ন (জলরাশির ন্যায়) পীপয়ঃ (বর্ধিত কর) যয়া (যে অন্নের দ্বারা) শূর (হে শূর) ত্মনম্ (তুমি নিজকে/আত্মাকে) অস্মভ্যম্ (আমাদের জন্য) উর্জম্ ন (উদকের ন্যায় বা অন্নের ন্যায়) বিশ্বধ ক্ষরধ্যৈ (সর্বদা ক্ষরণের জন্য/সর্বদা কামনাসমূহের ক্ষরণের জন্য) প্রতি যংসি (দান কর/আবদ্ধ কর)।

অনুবাদ। হে ইন্দ্র, হে দেব, তুমি আমাদের জন্য সেই বিচিত্র অন্নকে সর্বতোগামী উদকের মত বর্ধিত কর যে অন্নের দ্বারা, হে শূর, তুমি আমাদের জন্য, উদকের মত সর্বদা ক্ষরণের জন্য, নিজেকে আবদ্ধ কর।

তাৎপর্য। এই জগতের আত্মা জীবের ও জগতের কারণে নিজেকে উৎসর্গ করেছেন। পঞ্চভূতের ফাঁদে নিজেই ধরা দিয়েছেন জীবকল্যাণের জন্য।

শব্দ। পীপয়ঃ—বৃদ্ধি-অর্থক প্যায়ী ধাতুর লুঙ্ বিভক্তির বৈদিকরূপ (পা. ৬।১।২৮) অথবা, পানার্থক পী ধাতু (পীঙ্) লুঙ্ বিভক্তির বৈদিকরূপ। যংসি—স্কন্দস্বামীর মতে বন্ধনার্থক যম ধাতুর, এবং সায়ণের মতে উপরম-অর্থক (=নিবৃত্তি) যম ধাতুর বৈদিকরূপ। ত্মনম্ (বৈদিক)=আত্মানম্। বিশ্বধ=বিশ্বতঃ=সর্বতঃ। ক্ষরধ্যৈ=ক্ষরিতুম্ (ক্ষরণের জন্য)। সঞ্চলনার্থক ক্ষর ধাতুর উত্তর তুম্ অর্থে অধ্যৈ প্রত্যয় (বৈদিক)।

সায়ণভাষ্য। হে বজ্রিন্ বজ্রবন্ ইন্দ্র পুরুকুৎসায় এতৎসংজ্ঞায় ঋষয়ে যুধ ন তদীয়শত্রুভিঃ সহ যুদ্ধং কুর্বাণঃ ত্বম্ এব ত্যৎ তাঃ সপ্ত পুরঃ তদীয়ানি সপ্তসংখ্যানি নগরাণি দর্দঃ ব্যদারয়ঃ অভৈৎসীরিত্যর্থঃ। অপি চ সুদাসে এতৎসংজ্ঞায় রাজ্ঞে অংহোঃ এতৎসংজ্ঞস্যাসুরস্য সম্বন্ধি যৎ ধনমস্তি তৎ বৃথা অনায়াসেন বর্হির্ন বর্হিরিব বর্ক্ অবৃণক্ অচ্ছিন্নঃ ইত্যর্থঃ। তদনন্তরং পূরবে ত্বাং হবিষা পূরয়তে তস্মৈ সুদাসে হে রাজন্ স্বামিন্ ইন্দ্র বরিবঃ ধনং কঃ অকার্ষীঃ ॥ ৭॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অকারি ত ইন্দ্র গোতমেভির্ব্রহ্মাণ্যোক্তা নমসা হরিভ্যাম্ ।

সুপেশসং বাজমা ভরা নঃ প্রাতর্মক্ষূ ধিয়াবসুর্জগম্যাৎ ॥ ৯ ॥

পদবিভাগ। অকারি তে ইন্দ্র গোতমেভিঃ ব্রহ্মাণি আ-উক্তা নমসা হরি-ভ্যাম্ সু-পেশসম্ বাজম্ আ ভর নঃ প্রাতঃ মক্ষু ধিয়া-বসুঃ জগম্যাৎ।

অন্বয়। ইন্দ্র (হে ইন্দ্র) তে (তোমার জন্য) হরিভ্যাম্ (তোমার দুই অশ্বের জন্য) গোতমেভিঃ (গোতমপুত্রদের দ্বারা = আমাদের দ্বারা) নমসা (নমস্কারের দ্বারা অথবা অন্নের দ্বারা) ব্রহ্মাণি আ উক্তা (স্তুতি ও বচনসমূহ)

শব্দ। দর্দঃ দারিতবান্ নাশিতবান্ (স্ক) ॥ বর্ক্ ব্রশ্চূ ছেদনে, ভিন্নবানসি (স্ক) ॥ বৃজীবর্জনে, অচ্ছিন্নঃ (সা) ॥ কঃ কৃতবান্ (স্ক) ॥ ডুকৃঞ করণে, অকার্ষীঃ (সা.) ॥

স্কন্দ। চিত্রাম্ বিচিত্রাম্। ইষম্ সোমলক্ষণমন্নম্। আপঃ পীপয়ঃ অবর্ধয়ঃ। পরিজ্মন্ অজের্গত্যর্থস্যেদং রূপম্। সর্বতো গচ্ছন্। যত্র তত্র বর্তমান ইত্যর্থঃ। অস্মভ্যম্ অস্মদর্থং প্রতি যংসি যমু বন্ধনে। প্রতিবধ্নাসি ত্মনম্ আত্মানম্। উর্জ্ম্ ন। বিশ্বধ ক্ষরধ্যৈ সর্বদা ক্ষরিতুম্ ॥ ৮ ॥

বেঙ্কট। যয়া ইষা শূর ত্বম্ আত্মানম্ অস্মভ্যম্ অন্নম্ ইব সর্বদা কামানাং ক্ষরণায় প্রতিযচ্ছসি।

সায়ণভাষ্য। হে দেব দ্যোতমান ইন্দ্র ত্বং নঃ অস্মাকং চিত্রাং চায়নীয়াং ত্যাং তাম্ ইষম্ অন্নং পরিজ্মন্ পরিতো ব্যাপ্তায়াং ভূমৌ পীপয়ঃ প্রাবর্ধয়ঃ। যথা সর্বা ভূমিরন্নেন পরিপূর্ণা ভবতি তথা কুর্বিত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ। আপো ন। যথা অপো বৃষ্ট্যুদকানি ভূম্যাং বর্ষণেন প্রবর্ধয়সি তদ্বৎ। যদ্বা। ভূমৌ বর্তমানানস্মান্ যথা অপঃ পায়য়সি তদ্বৎ চিত্রামিষমপি পায়য়েতি ভাবঃ। হে শূর ইন্দ্র যয়া ইষা ত্মনম্ আত্মানং জীবম্ অস্মভ্যং প্রতি যংসি প্রযচ্ছসি। তত্র দৃষ্টান্তঃ। বিশ্বধ বিশ্বতঃ সর্বতঃ ক্ষরধ্যৈ ক্ষরিতুম্ উর্জং ন উদকমিব। যথাস্মভ্যং বহুলমুদকং প্রযচ্ছসি তদ্বৎ প্রাণধারণরূপং জীবনমপি প্রযচ্ছসীতি ভাবঃ ॥ ৮ ॥

শব্দ। ত্মনম্—'আঙোঽন্যত্রাপি ছন্দসি দৃশ্যতে' (কা. ৬।৪।১৪১।১) ইত্যাত্মনঃ আকারলোপঃ। সংজ্ঞাপূর্বকস্য বিধেরনিত্যত্বাৎ উপধাদীর্ঘাভাবঃ। (সা.) ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অকারি (কৃত/করা হইয়াছে) ; [সেই তুমি] সুপেশসম্ বাজম্ (সুরূপ অন্ন-বস্ত্র) নঃ (আমাদের জন্য) আভর (আহরণ কর/আনয়ন কর) ; ধিয়াবসুঃ (কর্ম ও প্রজ্ঞার দ্বারা প্রাপ্তধন ইন্দ্র) প্রাতঃ মক্ষু (প্রাতঃকালে শীঘ্র) জগম্যাৎ (পুনঃ পুনঃ আগমন করেন বা করুন)।

অনুবাদ। হে ইন্দ্র, তোমার এবং দুই অশ্বের জন্য গোতমেরা নমস্কারসহ স্তবস্তুতি করিয়াছেন ; তুমি আমাদের জন্য শোভন অন্ন আন। ধিয়াবসু ইন্দ্র প্রাতঃকালে শীঘ্র আগমন করেন।

শব্দ। আ—উক্তা=ওক্তা।

বেঙ্কট। অকারি তে ইন্দ্র গোতমৈঃ। তদেবাহ—ব্রহ্মাণি শাস্ত্রাণি চ উক্তানি নমস্কারেণ তব সহ অশ্বাভ্যাম্। 'আ যদ্‌হরী ইন্দ্র বিব্রতা' (ঋ. ১।৬৩।২) ইত্যশ্বয়োঃ স্তুতিঃ।

সায়ণভাষ্য। হে ইন্দ্র তে তব গোতমেভিঃ গন্তৃতমৈরেতৎসংজ্ঞৈর্ঋষিভিঃ অকারি স্তোত্রং কৃতমিত্যর্থঃ। এতদেব স্পষ্টীকরোতি। ব্রহ্মাণি মন্ত্রজাতানি নমসা হবির্লক্ষণেনান্নেন সহ হরিভ্যাম্ অশ্বাভ্যাং যুক্তায় তুভ্যম্ ওক্তা আভিমুখ্যেন উক্তানি। যদ্বা। মর্যাদায়াম্ আকারঃ। যথাশাস্ত্রং প্রযুক্তানি। স ত্বং সুপেশসম্। পেশ ইতি রূপনাম। বহুবিধরূপযুক্তং বাজম্ অন্নং নঃ অস্মভ্যম্ আ ভর আহর দেহীতি যাবৎ। ধিয়া বুদ্ধ্যা কর্মণা বা প্রাপ্তধন ইন্দ্রঃ প্রাতঃকালে অস্মদ্‌রক্ষণার্থং জগম্যাৎ আগচ্ছতু ॥ ৯ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

১ মণ্ডল ঃ ১১ অনুবাক ঃ ৬৪ সূক্ত

দেবতা—মরুদ্গণ। ঋষি—নোধা। ছন্দ—জগতী (১-১৪); ত্রিষ্টুপ্ (১৫)। বিনিয়োগ—আগ্নিমারুতশস্ত্রে। (আ. শ্রৌ. ৭।৪; ৭।৭)।

বৃষ্ণে শর্ধায় সুমখায় বেধসে নোধঃ সুবৃক্তিং প্র ভরা মরুদ্‌ভ্যঃ।

অপো ন ধীরো মনসা সুহস্ত্যো গিরঃ সমঞ্জে বিদথেষ্বাভুবঃ ॥১॥

পদবিভাগ। বৃষ্ণে শর্ধায় সু-মখায় বেধসে নোধঃ সু-বৃক্তিম্ প্র ভর মরুৎ-ভ্যঃ অপঃ ন ধীরঃ মনসা সু-হস্ত্যঃ গিরঃ সম্ অঞ্জে বিদথেষু আ-ভুবঃ।

অন্বয়। নোধঃ (হে নোধ ঋষি = হে আমার অন্তরাত্মা) বৃষ্ণে (বর্ষণকারী) শর্ধায় (উৎসাহী) সুমখায় (শোভনযজ্ঞ) বেধসে (প্রাজ্ঞ/ফলসাধক) মরুদ্‌ভ্যঃ (মরুদ্গণের উদ্দেশ্যে) সুবৃক্তিম্ (সুন্দর স্তুতি) প্র ভর (উচ্চারণ কর); অপঃ ন (জলরাশি যেমন সকল কিছু ব্যক্ত করে সেইরূপ) ধীরঃ মনসা (ধীযুক্ত মনে) সুহস্ত্যঃ (সুহস্তযুক্ত হইয়া = কৃতাঞ্জলিপুটে) বিদথেষু (যজ্ঞসমূহে) আভুবঃ (মহতী) গিরঃ (স্তুতিসমূহ) সম্ অঞ্জে (আমি সম্যক্ ব্যক্ত করি/সমলঙ্কৃত করি)।

অনুবাদ। হে নোধ (হে আমার অন্তরাত্মা), বর্ষণকারী উৎসাহী শোভনযজ্ঞ প্রাজ্ঞ মরুদ্গণের উদ্দেশে শোভন স্তব উচ্চারণ কর; জলরাশি যেমন সকলকিছু ব্যক্ত করে আমিও সেইভাবে ধীযুক্তমনে কৃতাঞ্জলিপুটে সকলযজ্ঞে মহান্‌স্তোত্রসমূহ সমলঙ্কৃত করি।

সায়ণভাষ্য। অত্র পূর্বার্ধেন স্তুতৌ নোধাঃ প্রের্যতে। হে নোধঃ বৃষ্ণে কামানাং বর্ষিত্রে সুমখায় শোভনযজ্ঞায় বেধসে পুষ্পফলাদীনাং কর্ত্রে। বায়ৌ সতি হি পুষ্পাণি ফলানি চোৎপদ্যন্তে। এবংবিধায় মরুদ্ভ্যঃ। বিভক্তিব্যত্যয়ঃ। মরুতাং মিতরাবিণাম্ শর্ধায় সমূহায় সুবৃক্তিম্ সুষ্ঠু আবর্জকং সুষ্ঠু প্রবৃত্তং বা স্তোত্রং প্র ভর প্রেরয় স্তুহীতি যাবৎ। স্তুতৌ প্রেরিতো নোধা আহ। ধীরঃ ধীমান্ সুহস্ত্যঃ শোভনাঙ্গুলিযুক্তঃ। কৃতাঞ্জলিরিত্যর্থঃ। এবম্ভূতোঽহং মনসা গিরঃ স্তুতিলক্ষণা বাচঃ সমঞ্জে সম্যগ্‌ব্যক্তাঃ করোমি। যা গিরঃ বিদথেষু যজ্ঞেষু আভুবঃ। আঙ্ মর্যাদায়াম্। যথাশাস্ত্রং প্রযুক্তা ভবন্তীতি আভুবঃ। দেবতাভি-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

তে জজ্ঞিরে দিব ঋষ্বাস উক্ষণো রুদ্রস্য মর্যা অসুরা অরেপসঃ।

পাবকাসঃ শুচয়ঃ সূর্যাইব সত্বানো ন দ্রপ্সিনো ঘোরবর্পসঃ ॥২॥

পদবিভাগ। তে জজ্ঞিরে দিবঃ ঋষ্বাসঃ উক্ষণঃ রুদ্রস্য মর্যাঃ অসুরাঃ অরেপসঃ পাবকাসঃ শুচয়ঃ সূর্যাঃ-ইব সত্বানঃ ন দ্রপ্সিনঃ ঘোর-বর্পসঃ।

অন্বয়। তে (সেই মরুদ্‌গণ) দিবঃ (দ্যুলোক হইতে) জজ্ঞিরে (জন্মলাভ করিয়াছেন) ঋষ্বাসঃ (তাঁহারা মহান্) উক্ষণঃ (বর্ষণকারী/সেচনকারী) রুদ্রস্য মর্যাঃ (রুদ্র হতে জাত/রুদ্র পুত্রগণ) অসুরাঃ (প্রাণবন্ত/প্রজ্ঞাবন্ত/শত্রুনিরসনকারী) অরেপসঃ (পাপবর্জিত) পাবকাসঃ (শোধয়িতা) শুচয়ঃ সূর্যা ইব (সূর্যের কিরণরাশির ন্যায় শুদ্ধ ও দীপ্তিসম্পন্ন) সত্বানঃ ন দ্রপ্সিনঃ (বৃষ্টিপ্রদাতা ইন্দ্রের ন্যায় বৃষ্টি-উদকলক্ষণরূপ রসের দ্বারা রসবন্ত) ঘোরবর্পসঃ (ঘোররূপযুক্ত)।

অনুবাদ। সেই মরুদ্‌গণ দ্যুলোক হইতে জন্মলাভ করিয়াছেন, তাঁহারা মহান্; বর্ষণকারী রুদ্রপুত্ররা প্রাণবন্ত, পাপবর্জিত, শোধক সূর্যকিরণের ন্যায় শুদ্ধ ও দীপ্তিসম্পন্ন; বৃষ্টিদাতা ইন্দ্রের ন্যায় উদকরসের দ্বারা রসবন্ত ও ঘোররূপ।

মুখীকরণায় সমর্থাঃ। যজ্ঞযোগ্যৈঃ স্তোত্রৈর্মনঃপূর্বকং মরুদ্‌গণং স্তৌমীতি ভাবঃ। তত্র দৃষ্টান্তঃ। অপো ন। যথা পর্জন্যো যুগপদেব বহুষু প্রদেশেষু বহুশো জলানি বর্ষতি তদ্বৎ ॥ ১ ॥

স্কন্দ। বৃষ্ণ ইত্যাদি গণাপেক্ষমেকবচনম্। শর্ধায় উৎসাহিনে। বেধসে প্রাজ্ঞায়। হে নোধঃ। আত্মনঃ এবায়ং শরীরাত্মনঃ প্রৈষঃ। হে মদীয়শরীরাত্মন্। প্রভর প্রহর উচ্চারয়েত্যর্থঃ। সম্ অঞ্জে অঞ্জিঃ ব্যক্ত্যর্থঃ। আভুবঃ অপঠিতমপি মহন্নামৈতৎ, মহতীঃ ॥ ১ ॥

সায়ণভাষ্য। তে মরুতঃ দিবঃ অন্তরিক্ষাৎ জজ্ঞিরে প্রাদুর্বভূবুঃ। কীদৃশাঃ। ঋষ্বাসঃ দর্শনীয়াঃ উক্ষণঃ সেক্তারঃ। যুবান ইত্যর্থঃ। রুদ্রস্য মর্যাঃ। মর্যশব্দো মনুষ্যবাচী ইহ মরুতাং মর্ত্যত্বাসম্ভবাৎপুত্রা ইত্যস্মিন্নর্থে পর্যবস্যতি। মরুতাং রুদ্রপুত্রত্বং চ মন্ত্রান্তরে স্পষ্টম্—'আ তে পিতর্মরুতাং সুম্নমেতু' (ঋ. ২।৩৩।১) ইতি। অসুরাঃ শত্রূণাং নিরতিসারঃ অরেপসঃ। রেপ ইতি পাপনাম। পাপরহিতাঃ পাবকাসঃ সর্বেষাং শোধকাঃ সূর্যাইব শুচয়ঃ দীপ্তাঃ সত্বানো ন যথা পরমেশ্বরস্য ভূতগণা অতিশয়িতবলপরাক্রমাঃ তৎসদৃশা ইত্যর্থঃ। সত্বান

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যুবানো রুদ্রা অজরা অভোগ্‌ঘনো ববক্ষুরধ্রিগাবঃ পর্বতা ইব।
দৃল্‌হা চিদ্‌ বিশ্বা ভুবনানি পার্থিবা প্র চ্যাবয়ন্তি দিব্যানি
মজ্‌মনা ॥ ৩ ॥

পদবিভাগ। যুবানঃ রুদ্রাঃ অজরাঃ অভোক্‌-হনঃ ববক্ষুঃ অধ্রি-গাবঃ পর্বতাঃ-ইব দৃল্‌হা চিৎ বিশ্বা ভুবনানি পার্থিবা প্র চ্যবয়ন্তি দিব্যানি মজ্‌মনা।

অন্বয়। যুবানঃ (নিত্যতরুণ) অজরাঃ (জরারহিত/অমৃত) অভোগ্‌ঘনঃ (ভজনাহীনদের হন্তা অথবা দানবিমুখদের হন্তা) ববক্ষুঃ (মহান্) অধ্রিগাবঃ (অপ্রতিহতগতি) রুদ্রাঃ (রুদ্রপুত্র মরুদ্‌গণ) পর্বতা ইব দৃঢ়া চিৎ (পর্বতের ন্যায় সকল দৃঢ় বস্তু) [এবং] বিশ্বা ভুবনানি পার্থিবা দিব্যানি (বিশ্বভুবন, পার্থিব ও দিব্য সকলবস্তুকে) মজ্মনা (বলের দ্বারা) প্রচ্যাবয়ন্তি (পরিচালিত করেন)।

অনুবাদ। নিত্যতরুণ, জরারহিত, ভজনাহীনদের হন্তা, মহান্, অপ্রতিহতগতি রুদ্রপুত্র মরুদ্‌গণ—পর্বতের ন্যায় দৃঢ়বস্তু, বিশ্বভুবন এবং পার্থিব ও দিব্য সকলবস্তুকে বলের দ্বারা পরিচালিত করেন।

শব্দ। অভোগ ঘনঃ—যে ভোগ করে না বা দান করে না = অভোক্। তাহার হন্তা (হনঃ = মরুদ্‌গণ)। দানবিমুখদের হন্তা। এইস্থলে জলদানবিমুখ মেঘসমূহের হন্তা বুঝাইতেছে। ববক্ষুঃ —স্কন্দস্বামী বলেন, 'ববক্ষিথ' শব্দটি নিঘণ্টুতে মহৎ নামের মধ্যে পঠিত বলিয়া 'ববক্ষুঃ' শব্দও মহৎশব্দ পর্যায়। বহুবচনের স্থানে (অর্থাৎ ববক্ষবঃ না হইয়া) একবচন হইয়াছে। সায়ণ বলেন, স্তোতৃগণের অভীষ্ট প্রাপ্ত করাইতে ইচ্ছুক। প্রাপণার্থক বহ-ধাতু লিট্।

ইতি ভূতগণা উচ্যন্তে—'অথো যে অস্য সত্বানঃ' (তৈ. সং. ৪।৫।১।৩) ইত্যাদৌ তথা দর্শনাৎ। দ্রপ্সিনঃ বৃষ্ট্যুদকবিন্দুভির্যুক্তাঃ। 'মরুতঃ সৃষ্টাং বৃষ্টিং নয়ন্তি' (তৈ. সং. ২।৪।১০।২) ইতি শ্রুতেঃ। ঘোরবর্পসঃ। বর্প ইতি রূপনাম। ঘোররূপাঃ। শত্রূণাং ভয়ঙ্কররূপা ইত্যর্থঃ। যদ্বা। সত্বানো ন ঘোরবর্পসঃ। যথা ভূতগণা ভয়ঙ্কররূপাস্তদ্বদেতেঽপীত্যর্থঃ ॥ ২ ॥

স্কন্দ। ঋষ্বাসঃ মহান্তঃ। অসুরাঃ প্রাণবন্তঃ প্রজ্ঞাবন্তো বা। দ্রপ্সিনঃ বৃষ্ট্যুদকলক্ষণেন রসেন রসবন্তঃ। সত্বানঃ ষণু দানে। দাতারঃ। যথেন্দ্র-প্রভৃতয়ো দাতারো দ্রপ্সিনঃ তথা দ্রপ্সিন ইত্যেবং যোজয়িতব্যম্ ॥ ২ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

চিত্রৈরঞ্জিভির্বপুষে ব্যঞ্জতে বক্ষঃসু রুক্মাँ অধি

যেতিরে শুভে।

অংসেম্বেষাং নি মিমৃক্ষুঋ´ষ্টয়ঃ সাকং জজ্ঞিরে স্বধয়া দিবো

নরঃ ॥৪॥

পদবিভাগ। চিত্রৈঃ অঞ্জি-ভিঃ বপুষে বি অঞ্জতে বক্ষঃসু রুক্মান্ অধি যেতিরে শুভে অংসেষু এষাম্ নি মিমৃক্ষুঃ ঋষ্টয়ঃ সাকম্ জজ্ঞিরে স্বধয়া দিবঃ নরঃ।

অন্বয়। চিত্রৈঃ (বিচিত্র) অঞ্জিভিঃ (আভরণের দ্বারা) বপুষে (রূপের নিমিত্ত) বি অঞ্জতে (দেহ অলঙ্কৃত করেন) বক্ষঃসু (বক্ষপ্রদেশ) অধি (উপরে) রুক্মান্ (কবচরূপ আভরণ) শুভে (শোভার জন্য) যেতিরে (বন্ধন করেন= সংলগ্ন করেন); এষাম্ (এই মরুদ্‌গণের) অংসেষু (স্কন্ধপ্রদেশে) ঋষ্টয়ঃ (আয়ুধসমূহ) নি মিমৃক্ষুঃ (সুষ্ঠু দীপ্তিলাভ করে); নরঃ (নেতা মরুদ্‌গণ) দিবঃ (দ্যুলোক হইতে) স্বধয়া সাকম্ (নিজ বলের সহিত যুক্ত হইয়া) জজ্ঞিরে (প্রাদুর্ভূ´ত হন)।

অনুবাদ। মরুদ্‌গণ রূপের জন্য বিচিত্র আভরণের দ্বারা দেহ অলঙ্কৃত করেন; বক্ষের শোভার জন্য বক্ষদেশে কবচালঙ্কার ধারণ করেন; এই মরুদ্‌গণের স্কন্ধদেশে আয়ুধ দীপ্তি পায়; নেতা মরুদ্‌গণ দ্যুলোক হইতে নিজবলে প্রাদুর্ভূ´ত হন।

সায়ণভাষ্য। যুবানঃ তরুণাঃ রুদ্রাঃ রুদ্রপুত্রাঃ অজরাঃ জরারহিতাঃ অভোগ্‌ঘনঃ যে দেবান্ হবির্ভির্ন ভোজয়ন্তি তেষাং হন্তারঃ অধ্রিগাবঃ অধৃতগমনাঃ পরৈরনিবারিতগতয়ঃ পর্বতাইব দৃঢ়াঙ্গাঃ এবম্ভূতা মরুতঃ ববক্ষুঃ স্তোতৃণামভিমতং প্রাপয়িতুমিচ্ছন্তি। অপি চ বিশ্বা সর্বাণি ভুবনানি সভাবে প্রাপ্তানি পার্থিবা পৃথিব্যাং ভবানি দিব্যানি দিবি ভবানি চ বসূনি দৃঢ়া চিৎ দৃঢ়ান্যপি মজ্‌মনা। মজ্‌মনেতি বলনাম। মজ্‌মনা শোধকেন বলেন প্র চ্যাবয়ন্তি প্রচালয়ন্তি ॥ ৩ ॥

অভোগ্‌ঘনঃ ভোজয়ন্তীতি ভোজঃ। ন ভোজঃ অভোজঃ। তেষাং হন্তারঃ (সা.) ॥ যাগাদিনা যস্তেষামভোগ্যস্তস্য হন্তারঃ (স্ক)। ববক্ষুঃ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ঈশানকৃতো ধুনয়ো রিশাদসো বাতান্ বিদ্যুতস্তবিষীভিরক্রত।
দুহন্ত্যূধর্দিব্যানি ধূতয়ো ভূমিং পিন্বন্তি পয়সা পরিজ্রয়ঃ ॥ ৫ ॥

পদবিভাগ। ঈশান-কৃতঃ ধুনয়ঃ রিশাদসঃ বাতান্ বি-দ্যুতঃ তবিষীভিঃ অক্রত দুহন্তি উধঃ দিব্যানি ধূতয়ঃ ভূমিম্ পিন্বন্তি পয়সা পরি-জ্রয়ঃ।

অন্বয়। ঈশানকৃতঃ (ঐশ্বর্যের সৃষ্টিকর্তা = জলদানের দ্বারা ঐশ্বর্যের সৃষ্টিকর্তা) ধুনয়ঃ (কম্পয়িতা = মেঘের কম্পয়িতা) রিশাদসঃ (হিংসাকারী = মেঘের হিংসাকারী) [মরুদ্গণ] তবিষীভিঃ (নিজ বলের দ্বারা) বাতান্ (বায়ুসমূহকে) [এবং] বিদ্যুতঃ (বিদ্যুৎসমূহকে) অক্রত (সৃষ্টি করেন); ধূতয়ঃ (মেঘের কম্পয়িতা মরুদ্গণ) উধঃ দিব্যানি (দ্যুলোকের অর্থাৎ আকাশের উধঃ অর্থাৎ মেঘকে) দুহন্তি (দোহন করেন); পরিজ্রয়ঃ (সর্বত্র গমনকারী মরুদ্গণ) পয়সা (মেঘের উদকের দ্বারা) ভূমিম্ (পৃথিবীকে) পিন্বন্তি (সিক্ত করেন)।

অনুবাদ। ঐশ্বর্যের সৃষ্টিকর্তা, মেঘের কম্পয়িতা ও হিংসাকারী মরুদ্গণ নিজ বলের দ্বারা বায়ু ও বিদ্যুৎ সৃষ্টি করেন। মেঘের কম্পয়িতা মরুদ্গণ আকাশের পালান মেঘকে দোহন করেন। সর্বত্রগামী মরুদ্গণ মেঘের উদকের দ্বারা পৃথিবীকে সিক্ত করেন।

শব্দ। ঈশানকৃতঃ—সায়ণের মতে ইহার অর্থ—স্তোতাকে ধনাধিপতি নির্মাণকারী (মরুদ্গণ)। উধঃ = পালান। আকাশ যেন গাভী, মেঘ তার পালান।

'ববক্ষিথ' (নিঘ. ৩।৩) ইতি মহন্নামসু পাঠাৎ ববক্ষিতর্মহত্ত্বার্থঃ। বহুবচনস্য স্থানে একবচনম্। ববক্ষবো মহান্ত ইত্যর্থঃ (স্ক)। বহু প্রাপণে। লিট্…(সা.)॥

সায়ণভাষ্য। বপুরিতি রূপনাম। বপুষে রূপায় শোভার্থং মরুতঃ চিত্রৈঃ নানাবিধৈঃ অঞ্জিভিঃ রূপাভিব্যঞ্জনসমর্থৈরাভরণৈঃ স্বশরীরাণি ব্যঞ্জতে ব্যক্তং কুর্বন্তি। অলঙ্কুর্বন্তীত্যর্থঃ। বক্ষঃসু ভুজান্তরেষু রুক্মান্ রোচমানান্ হারান্ অধি যেতিরে উপরি চক্রিরে। কিমর্থম্। শুভে শোভার্থম্। অপি চ এষাং মরুতাম্ অংসেষু ঋষ্টয়ঃ আয়ুধানি নি মিমৃক্ষুঃ নিমৃষ্টাঃ স্থিতা বভূবুঃ। তৈরায়ুধৈঃ সহিতাঃ নরঃ নেতারো মরুতঃ দিবঃ অন্তরিক্ষাৎ স্বধয়া স্বকীয়েন বলেন সাকং সহ জজ্ঞিরে প্রাদুর্বভূবুঃ ॥ ৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পিন্বন্ত্যপো মরুতঃ সুদানবঃ পয়ো ঘৃতবদ্ বিদথেষ্বাভুবঃ।

অত্যং ন মিহে বি নয়ন্তি বাজিনমুৎসং দুহন্তি

স্তনয়ন্তমক্ষিতম্ ॥৬

পদবিভাগ। পিন্বন্তি অপঃ মরুতঃ সু-দানবঃ পয়ঃ ঘৃত-বৎ বিদথেষু আ-ভুবঃ অত্যম্ ন মিহে বি নয়ন্তি বাজিনম্ উৎসম্ দুহন্তি স্তনয়ন্তম্ অক্ষিতম্।

অন্বয়। সুদানবঃ (শোভনদানযুক্ত) আভুবঃ (মহান্) মরুতঃ (মরুদ্গণ) বিদথেষু (সকল যজ্ঞক্ষেত্রে/যজ্ঞকর্মে) ঘৃতবৎ (ঘৃতবৎ) পয়ঃ (দুগ্ধরূপ) অপঃ (জলরাশিকে) পিন্বন্তি (ক্ষরণ বা সেচন করেন) ; [মানুষেরা বা কৃষকেরা] মিহে (সেচনের জন্য) অত্যম্ ন (অশ্বকে যেমন) বি নয়ন্তি (লইয়া যায়— শস্যক্ষেত্রে বা অন্যত্র ব্যবহার করে) [সেইরূপ] বাজিনম্ উৎসম্ (বলবান্ বা অন্নকারী জলের উৎস মেঘকে) [মরুদ্গণ পৃথিবীভূমিতে বর্ষণের জন্য লইয়া চলেন] ; [সেই মরুদ্গণ] স্তনয়ন্তম্ অক্ষিতম্ (গর্জনলক্ষণযুক্ত অক্ষীণ অর্থাৎ যাহার ক্ষয় নাই এইরূপ প্রভূত উদককে) দুহন্তি (মেঘ হইতে দোহন করেন)।

অনুবাদ। শোভনদাতা মহান্ মরুদ্গণ সকল যজ্ঞে ঘৃতবৎ দুগ্ধরূপ বারিধারাকে সেচন করেন ; মানুষেরা জলসেচনের জন্য অশ্বকে যেমন লইয়া যায়, অন্নের উৎস মেঘকে সেইভাবে মরুদ্গণ বর্ষণের জন্য লইয়া যান; শব্দকারী অক্ষয় বারিধারাকে মেঘ হইতে দোহন করেন।

সায়ণভাষ্য। সায়ণের মতে 'আভুবঃ' = ঋত্বিক্গণ। ইহাতে মন্ত্রের প্রথম অংশের অর্থ হইবে—ঋত্বিক্গণ যেরূপ যজ্ঞে ঘৃতসেক্ করেন মরুদ্গণও সেইরূপ জলবর্ষণ করেন।

সায়ণভাষ্য। ঈশানকৃতঃ স্তোতারমীশানং ধনাধিপতিং কুর্বাণাঃ ধুনয়ঃ মেঘাদীনাং কম্পয়িতারঃ রিশাদসঃ রিশানাং হিংসকানামত্তারঃ। যদ্বা রিশতাং হিংসতামসিতারো নিরসিতারঃ। এবম্ভূতা মরুতঃ তবিষীভিঃ আত্মীয়ৈর্বলৈঃ বাতান্ পুরোবাতাদীন্ বিদ্যুতঃ বিদ্যোতমানাস্তড়িতশ্চ অকৃণ্বত কুর্বন্তি। কৃত্বা চ পরিজ্রয়ঃ পরিতো গন্তারঃ ধূতয়ঃ কম্পয়িতারো মরুতঃ দিবা দিবি ভবানি উধঃ উধঃস্থানীয়ান্যভ্রাণি দুহন্তি রিক্তীকুর্বন্তি। জলরহিতানি কুর্বন্তীত্যর্থঃ। তদনন্তরং ভূমিং পয়সা মেঘান্নির্গতেনোদকেন জলেন পিন্বন্তি সিঞ্চন্তি ॥ ৫ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মহিষাসো মায়িনশ্চিত্রভানবো গিরয়ো ন স্বতবসো রঘুষ্যদঃ।
মৃগা ইব হস্তিনঃ খাদথা বনা যদারুণীষু তবিষীরযুগ্ধ্বম্ ॥ ৭ ॥

পদবিভাগ। মহিষাসঃ মায়িনঃ চিত্র-ভানবঃ গিরয়ঃ ন স্ব-তবসঃ রঘু-স্যদঃ মৃগাঃ-ইব হস্তিনঃ খাদথ বনা যৎ আরুণীষু তবিষীঃ অয়ুগ্ধ্বম্।

অন্বয়। মহিষাসঃ (মহান্) মায়িনঃ (মায়াবান্/প্রজ্ঞাবান্) চিত্রভানবঃ (বিচিত্রদীপ্ত) গিরয়ঃ ন স্বতবসঃ (পর্বতের ন্যায় স্বীয় বল ধারণকারী) রঘুষ্যদঃ (লঘুগামী/শীঘ্রগামী) [হে মরুদ্গণ] যৎ (যখন) [তোমরা] আরুণীষু (অরুণবর্ণ শিখার মধ্যে অবস্থিত থাকিয়া) তবিষীঃ (বলসমূহকে) অয়ুগ্ধ্বম্ (সংযুক্ত কর) [তখন] মৃগাঃ ইব হস্তিনঃ [ইব] (মৃগ ও হস্তিগণ যেমন) [বনসমূহ = বৃক্ষলতাদি ভক্ষণ করে সেইরূপ] বনা খাদথ (বন = উদক। উদক ভক্ষণ কর অর্থাৎ মেঘবিদারণ করিয়া উদক সৃষ্টি কর)।

অনুবাদ। মহান্ প্রজ্ঞাবান্ বিচিত্রদীপ্ত, পর্বতের মত নিজবল ধারণকারী শীঘ্রগামী হে মরুদ্গণ, যখন তোমরা অরুণবর্ণ কিরণরাশির মধ্যে অবস্থিত থাকিয়া সমস্ত শক্তিকে যুক্ত কর তখন মৃগ ও হস্তী যেমন বনের বৃক্ষলতা ভক্ষণ করে সেইভাবে তোমরা মেঘবিদারণ করিয়া উদক ভক্ষণ কর।

সায়ণভাষ্য। সুদানবঃ শোভনদানাঃ মরুতঃ পয়ঃ ক্ষীরবৎ সারবতীঃ অপঃ পিন্বন্তি সিঞ্চন্তি। আভুবঃ। আভবন্তীত্যাভুব ঋত্বিজঃ। তে বিদথেষু যজ্ঞেষু ঘৃতবৎ। যথা ঘৃতং সিঞ্চন্ত্যেবং মরুতোঽপি বৃষ্টিং কুর্বন্তীতি ভাবঃ। তত্র হেতুমাহ। অত্যং ন যথা অশ্বং সাদিনো বিনয়ন্তি যুদ্ধার্থং শিক্ষন্ত্যেবং মরুতঃ বাজিনং বেগবন্তং মেঘং মিহে বর্ষণায় বি নয়ন্তি স্বাধীনং কুর্বন্তীতি ভাবঃ। বিনীয় চ স্তনয়ন্তং গর্জন্তম্ অক্ষিতম্ অক্ষীণম্ উৎসম্। উৎসবন্ত্যস্মাদাপ ইত্যুৎসো মেঘঃ। তং দুহন্তি রিক্তীকুর্বন্তি ॥ ৬ ॥

স্কন্দ। বাজিনম্—বাজঃ (নিঘ. ২।৭) ইত্যন্ননাম। ইহ চ তৎকারণত্বাদ্বৃষ্টিলক্ষণে উদকে প্রবৃত্তম্। বক্ষ্যমাণমেঘস্যেদং বিশেষণং বৃষ্ট্যুদকবন্তম্। উৎসম্ উৎসশব্দোঽত্র মেঘবচনঃ ॥ ৬ ॥

স্কন্দ। মৃগাঃ ইব হস্তিনঃ খাদথ বনা ইবশব্দো হস্তিন ইত্যত্রাপ্যনুষক্তব্যঃ। বনশব্দশ্চ বৃক্ষবচনঃ। যথা মৃগাস্তৃণানি খাদন্তি, যথা চ হস্তিনো বৃক্ষান্ ভঙ্ক্ত্বা খাদন্তি, তদ্বদ্যূয়ং খাদথ। কিম্।...বনম্ (নিঘ. ১'১২) ইতি উদকনাম।...উদকবতো মেঘানিত্যর্থঃ ॥ ৭ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সিংহা ইব নানদতি প্রচেতসঃ পিশা ইব সুপিশো বিশ্ববেদসঃ।
ক্ষপো জিন্বন্তঃ পৃষতীভিঋ্ষ্টিভিঃ সমিৎ সবাধঃ শবসাহিমন্যবঃ॥৮॥

পদবিভাগ। সিংহাঃ-ইব নানদতি প্র-চেতসঃ পিশাঃ-ইব সু-পিশঃ বিশ্ব-বেদসঃ ক্ষপঃ জিন্বন্তঃ পৃষতীভিঃ ঋষ্টি-ভিঃ সম্ ইৎ স-বাধঃ শবসা অহি-মন্যবঃ।

অন্বয়। প্রচেতসঃ (প্রকৃষ্ট জ্ঞান সম্পন্ন/প্রকৃষ্ট চৈতন্য সম্পন্ন মরুদ্গণ) সিংহাঃ ইব (বহু সিংহের ন্যায় = বহু সিংহ একত্র গর্জন করিলে যেরূপ ভীষণ শব্দ উৎপন্ন হয় সেইরূপ) নানদতি (ভীষণ গর্জন করেন/নিনাদ করেন), বিশ্ববেদসঃ (বিশ্বজ্ঞান/বিশ্বধন মরুদ্গণ) পিশাঃ ইব (পিঙ্গলবর্ণ অগ্নির ন্যায়/অথবা শ্বেতবিন্দুযুক্ত হরিণের ন্যায়) সুপিশঃ (সুরূপ), পৃষতীভিঃ (শ্বেতবিন্দু-বাহন যুক্ত হইয়া/নানাবর্ণ মেঘমালা যুক্ত হইয়া) ক্ষপঃ জিন্বন্তঃ (উদকক্ষরণের দ্বারা প্রীতিকর) অহিমন্যবঃ (অহি অর্থাৎ মেঘের প্রতি ক্রোধযুক্ত মরুদ্গণ) সম্ ইৎ (যুগপৎ) ঋষ্টিভিঃ (বিদ্যুৎরূপ আয়ুধযুক্ত) শবসা সবাধঃ (স্বীয় বলের দ্বারা যুক্ত হইয়া মেঘরূপ শত্রুর বাধক অথবা পীড়ক)।

অনুবাদ। উত্তম চৈতন্য মরুদ্গণ বহু সিংহের একত্র গর্জনের ন্যায় অতি নিনাদ করেন ; বিশ্বধন মরুদ্গণ শ্বেতবিন্দু হরিণের ন্যায় সুরূপ ; শ্বেতবিন্দুবাহন নানা মেঘমালাযুক্ত হইয়া উদকক্ষরণের দ্বারা প্রীতিকর ; অহিমেঘের প্রতি ক্রুদ্ধ মরুদ্গণ যুগপৎ বিদ্যুৎরূপ আয়ুধযুক্ত এবং স্বীয়বলে বলীয়ান্ হইয়া মেঘরূপ শত্রুর বাধক।

সায়ণভাষ্য। মহিষ ইতি মহন্নাম। মহিষাসঃ মহান্তঃ। মায়েতি জ্ঞাননাম। মায়িনঃ প্রাজ্ঞাঃ চিত্রভানবঃ শোভনদীপ্তয়ঃ গিরয়ো ন স্বতবসঃ পর্বতা ইব স্বকীয়েন বলেন যুক্তাঃ রঘুষ্যদঃ শীঘ্রগমনা হে মরুত এবম্ভূতগুণ-বিশিষ্টাঃ যূয়ং হস্তিনঃ হস্তবন্তঃ মৃগা ইব গজা ইব বনা বনানি বৃক্ষজাতানি খাদথ ভক্ষয়থ। প্রভঙ্ক্থেতি যাবৎ। যৎ যস্মাৎ আরুণীষু অরুণবর্ণাসু বড়বাসু তবিষীঃ বলানি অযুগ্ধ্বং সংযোজিতবন্তঃ। তস্মাদ্ভবতামিব বাহনস্যাপি প্রবলত্বাৎ তৎসংযুক্তা ভবন্তঃ সর্বং ভুঞ্জন্তীত্যর্থঃ॥ ৭॥

সায়ণভাষ্য। প্রচেতসঃ প্রকৃষ্টজ্ঞানা মরুতঃ সিংহাইব নানদতি ভৃশং শব্দং কুর্বন্তি। যথা সিংহা গিরিগহ্বরেষু গম্ভীরং শব্দং কুর্বন্তি এবং মরুৎসু অপ্যাগতেষু গম্ভীরঃ শব্দ উৎপদ্যতে ইতি ভাবঃ। তথা সুপিশঃ শোভনাবয়বাঃ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

রোদসী আ বদতা গণশ্রিয়ো নৃষাচঃ শূরাঃ শবসাহিমন্যবঃ।

আ বন্ধুরেষ্বমতির্ন দর্শতা বিদ্যুন্ন তস্থৌ মরুতো রথেষু বঃ ॥ ৯ ॥

পদবিভাগ। রোদসী আ বদত গণ-শ্রিয়ঃ নৃ-সাচঃ শূরাঃ শবসা অহি-মন্যবঃ আ বন্ধুরেষু অমতিঃ ন দর্শতা বি-দ্যুৎ ন তস্থৌ মরুতঃ রথেষু বঃ।

অন্বয়। গণশ্রিয়ঃ (হে গণরূপে অবস্থিত অর্থাৎ সপ্তগণে বিভক্তরূপে অবস্থিত মরুদ্গণ) নৃষাচঃ (হে নরগণের সেবক = বৃষ্টিপ্রদানের দ্বারা বা যজ্ঞের দ্বারা মনুষ্যগণের হিতকারী) শূরাঃ (হে শূরগণ) শবসা (স্বীয়বলের দ্বারা) অহিমন্যবঃ (অহি অর্থাৎ অপরের হননের অযোগ্য মেঘের প্রতি ক্রোধযুক্ত) [তোমরা] রোদসী আ বদত (দ্যু ও পৃথিবীর সর্বত্র শব্দ কর); মরুতঃ (হে মরুদ্গণ) বঃ (তোমাদের) [তেজঃ] বন্ধুরেষু রথেষু (রথ = মেঘ। রথের মধ্যভাগে সারথির বসিবার স্থান = বন্ধুর। সুতরাং বন্ধুরেষু রথেষু = মেঘমধ্যে অবস্থিত তোমাদের দীপ্তি বা তেজ) অমতিঃ ন দর্শতা বিদ্যুৎ ন (নির্মল রূপের ন্যায় অথবা রূপবতী নারীর রূপ যেমন দর্শনীয় সেইরূপ বিদ্যুৎরূপে দর্শনীয় হইয়া) আ তস্থৌ (অবস্থান করে)।

অনুবাদ। হে গণশ্রী, হে নৃষাচ, হে শূর মরুদ্গণ, নিজবলে বলীয়ান্ হইয়া অহির প্রতি ক্রুদ্ধ তোমরা দ্যু ও পৃথিবীর সর্বত্র ধ্বনি কর; হে মরুদ্গণ, মেঘরূপ রথে অধিষ্ঠিত তোমাদের তেজ, রূপবতী নারীর রূপের মত বিদ্যুৎরূপে দর্শনীয় হইয়া অবস্থান করে।

